# পদাবলী-সামুখ্য

"ক্ষণমিহ সজ্জন সঙ্গতিরেক। ভবতি ভবার্ণব-ভরণে নৌক।॥"



রায় দীনেশচ**ন্দ্র সেন বাহাদুর** ডি-লিট্

প্রবাধারমণ চৌধুরী বি-এ প্রবর্ত্তক পাবলিশিং হাউস ৬১নং বছবাজার দ্বীট, কলিকাতা।

> প্রিন্টার—শ্রীফণিভূষণ রায় প্রবর্ত্তক প্রিন্টিং ওয়ার্কস্ ৫২া৩, বহুবান্ধার ষ্ট্রীট, কলিকাতা।

বঙ্গদেশের শিক্ষিতা মহিলাগণের
মধ্যে যিনি কীর্ত্তন প্রচার করিয়া
এদেশের শ্রেষ্ঠ সম্পদের প্রতি
পুনরায় তাঁহাদের আন্তরিক
অন্তরাগ ও শ্রুদ্ধা জাগাইয়া
তুলিয়াছেন, জাতীয় জীবনের
সেই অগ্রগামিনী পথপ্রদর্শিকা
স্থর-ভারতী শ্রীমতী অপর্ণা
দেবীর কর-কমলে ম্নেহের সহিত

এই পুস্তকখানি উৎসর্গ করিলাম। শ্রীদীনেশচক্র সেন

## ভূমিকা

এই পুস্তকের শৈষ কয়েক ফর্মা যখন ছাপা হয়, তখন
আমি কলিকাতায় ছিলাম না। শেষের দিকটার পাণ্ড্লিপি
আমি ভাল করিয়া দেখিয়া যাইতে পারি নাই। এজন্ত
সেই অংশে বহু ভুল-ভ্রান্তি দৃষ্ট হইবে। যদি এই
পুস্তকের পুনরায় সংস্করণ করিতে হয়, তখন সেই সকল
ভুল থাকিবে না, এই ভরদা দেওয়া ছাড়া এ সম্বন্ধে আর
কিছু বলা এখন আর আমার পক্ষে সম্ভব নহে।

শ্রীদীনেশচক্র সেন

# সাঙ্কেতিক শব্দ

চ—চণ্ডীদাস
শে—শেখর
ব—বলরাম দাস
রা—রাম বস্থ
ক—কৃষ্ণকমল গোস্বামী
রায়—রায় শেখর
রুদা—রুদাবন দাস

আমার বয়দ যথন ১০ বংসর, তথন আমার পিতার পুতকশালায় চন্ত্রীদাদ ও বিভাপতির একথানি ছাপা পুঁথি আমি পাইয়াছিলাম, ইহা ১৮৭৮ সনের কথা। পিতা ইংরেজীনবীশ ও ব্রাহ্মধর্মে আস্থাবান্ছিলেন। দেকালের ব্রাহ্ম-মতাবলম্বীরা চৈতত্ত-ধর্মের, বিশেষ করিয়া বংশীধারী ক্ষেত্রর বিদ্বেষী ছিলেন। তথাপি আমাদের ঢাকা জেলায় ক্ষফকমল গোস্বামী তাঁহার 'রাই-উন্নাদিনী' ও 'স্বপ্ন-বিলাস' যাত্রায় কৃষ্ণ-প্রেমর যে বত্তা বহাইয়া দিয়াছিলেন, তাহা তথাকার ব্রাহ্মদিগের আদিনায়ও ঢুকিয়াছিল,—পৌত্তলিকের এই বৈপ্লবিক অভিযান তাঁহাদের নিরাকার চৈতত্ত্য-স্বরূপ ব্রহ্ম-বৃহহু ঠেকাইয়া রাখিতে পারে নাই।

আমাদের বাডীতে বৈষ্ণব-ভিথারীরা আনাগোনা করিত এবং

পিতামহাশয় কথনও কথনও সেই ভিথারীদের ম্থে "গুন বজরাজ, বপানতে আজ, দেখা দিরে গোপাল কোথায় লুকালো" ইত্যাদি গান শুনিতে ভালবাসিতেন। আমি সেই কিশোর বয়সে নিবিট হইয়া সারেদের স্বরের সঙ্গে গায়কের কণ্ঠস্বরের আশুর্য্য মিল ও একতান ঝয়ার শুনিয়া মুগ্ধ হইতাম। সারেদ্ধ নানা লীলায়িত ছন্দোবদ্ধে কথনও ভ্রমরগুঞ্জনের মত, কথন অপ্সরী-কণ্ঠ-নিন্দিত স্থরে বিনাইয়া বিনাইয়া—মিট মুছ্ তানে "ঝ-ঝ" করিয়া কাণে মধু ঢালিয়া দিত, সেই সদ্দে "আহা মরি, সহচরি, হায় কি করি, কেন এ কিশোরীর স্থাপ্রর্থা প্রভাত হ'ল"—পদের "রি"গুলি যে কি অভুত সঙ্গত করিত, তাহা আমি বুঝাইতে পারিব না। মনে হইত, যেন কবি রুক্তক্মল কণ্ঠস্বর ও সারেদ্ধের এই অপুর্ব্ধ একতান সঙ্গত করিবার জন্মই এই পঞ্চ 'রি'-রণিত পদটি রচনা করিয়াছিলেন, গানটি যেন সারেদ্ধের মর্মান্ত করুণ স্থ্রের সঙ্গে বিলাপ করিতে থাকেত।

আমি ইহারও পূর্ব্ধ হইতে বৈষ্ণব-পদের অহ্নরাগী হইরাছিলাম আমার অষ্টম বংসর বয়সে একদিন এক বৃদ্ধ বৈরাগী তাঁহার পাঁচ বংসর বয়স্ক শিশু পুত্রকে ক্লফ সাজাইয়া একতারা বাজাইয়া মিলিত-কর্মে "বদি বল ভাম হেঁটে যেতে চরণ গুলায় ধুসর হবে, গোলীগণের নয়নজনে চরণ পাখালিবে।"

গাহিতেছিল, সেই আমার প্রথম মনোহরসাই গান শোনা। আমার মনে হইয়াছিল, স্বর্গের হাওয়া আদিয়া আমার বুক জুড়াইয়া গেল;— কেহ যেন এক মুঠো সোণা দিয়া আমাকে আশীষ করিয়া বলিয়া গেল, "এই তোকে রত্নের সন্ধান দিয়া গেলাম।"

এই ঘটনার কিছুদিন পরে মাণিকগঞ্জের বাজারের অনতিদ্রে দাসোরার থালের কাছে এক চতুর্দশ বংসর-বয়স্কা রমণী গাহিতেছিল—

"কত কৈনে মর্বি লো তুই ভাম অনুরাগে—
নব-জলধররূপ বড় মনে লাগে—
ডেবেছিলি যাবে দিন তোর দোহাগে দোহাগে"—

একটা খোলা জায়গায় বাজারের লোকেরা সতরঞ্চি পাতিয়া আসর তৈয়ারী করিয়া দিয়ছিল; বছ শোতা—কেহ দাঁড়াইয়া, কেহ বিসিয়া গান ভনিতেছিল। আমার সেই আট বৎসর বয়সের কথা এথনও মনে আছে। রমণীর বর্ণ গাঢ় কয়৽, তদপেক্ষা গাঢ়তর কয়৽ কোঁকড়ান কুয়ল পুয় পুয় লমরের মত তাহার পুঠে ও কর্ণান্তে ছলিতেটি ন,—সেই কয়বর্ণের মধ্যে একটা লাবণা ও তাহার ম্বরে একটা শানা-ভোলা আবেশ ছিল, তাহা আমি এখনও ভ্লিতে পারি নাই—কালেংড়া রাগিণীর চ্ডান্ত মিইছ দিয়া সে গাইতেছিল "ভবেছিলি য়বে দিল তেরি নোহাণো—নেহাগো"—এখনও সেই নীল-বরণী নবীনা রমণীর কঠবরের রেশ কথনও কথনও আমার কাণে বাজিয়া উঠে। সে আজ

৬২ বৎসরের কথা; যে তিন ছত্র পদ উদ্ধৃত করিয়াছি, তাহা তথনই গুনিয়াছিলাম, তাহা আর গুনি নাই। কত বড় বড় ঘটনা—স্থ-তু:থ— এই দীর্ঘকাল জীবনের উপর বহিয়া গিয়াছে, তাহাদের স্বৃতি ধৃইয়া মুছিয়া গিয়াছে; কিন্তু সায়ংকালে সরিংস্পৃষ্ট মলগানিলে আন্দোলিত নিবিড়-কেশ্লামশোভিতা নীলোৎপল-নয়নার আকুল কণ্ঠের সেই অসমাপ্ত গীতিকা আমি ভূলিতে পারি নাই। আমার শ্বতিশক্তি প্রথর, কেহ কেহ এরপ মন্তব্য করিতে পারেন; কিন্তু তাহা নহে। ঐ পদে আমার প্রাণ যাহ। চায় তাহা পাইয়াছিল, এজন্ত স্থৃতি তাহ। আঁকড়াইয়া ধরিয়া রাখিয়াছে। আমি শ্বতি অর্থে বুঝি ভালবাদার একটা প্রকাশ; কষ্ট করিয়া রাত জাগিয়া পড়া মুখস্থ করিলে যাহা আয়ত্ত হয় তাহা স্মৃতির ব্যায়ামমাত্র—উহা স্মৃতির স্বরূপ নহে। সন্তান-হারা জননী বিনাইয়া বিনাইয়া মৃত শিশুর জীবনের কত খুঁটি-নাটি কথাই বলিয়া বিলাপ করিয়া থাকেন, শ্রুতিধর কোন স্মার্ত্ত পণ্ডিতেরও হয়ত এত কথা মনে থাকিত না। যাহা ভালবাসা যায়, তাহাই স্বতির প্রকৃত খোরাক, তাহা একবার শুনিলে বা দেখিলে আর ভোলা যায় না।

গোড়ায় স্থ্যুক করিয়াছিলাম চণ্ডীদান-বিছাপতির মৃত্রিত পুস্তকের কথা লইয়া। বাবার আল্মারীতে জন্সনের র্যাম্রার, এডিসনের স্পেক্টেটার ও থিওডোর পার্কারের গ্রন্থাবলীর মধ্যে শিক্ষিত-সমাজের অবজ্ঞাত এই চণ্ডীদাসের পদাবলী কি করিয়া স্থান পাইল? আমি নিশ্চিত বলিতে পারি, বৈষ্ণবগায়কের মুখে ছই একটি 'স্থা-বিলাসে'র গান শুনিয়া প্রীত হইলেও, পিতৃদেব চণ্ডীদাসের পদ কথনও পড়েন নাই—তথাপি চণ্ডীদাসের পদাবলী তাঁহার আল্মারীতে প্রবেশ করিল কি স্ত্রে?

বৈষ্ণব-চূড়ামণি স্বর্গীয় জগবন্ধ ভল্ল মহাশয় এই পুস্তকথানি সম্পাদন করিয়াছিলেন; শিক্ষিত-সমাজে চণ্ডীদাসের এই সর্ব্ধ-প্রথম আবির্ভাব। ভল্ল মহাশয় উত্তর-কালে ত্রিপুরার গভর্পমেন্ট স্থলের প্রধান শিক্ষক ইয়াছিলেন; তথন সেইখানে আমি কতকদিন পড়িয়াছিলাম—কিন্ধ পিতৃদেবের সঙ্গে তাঁহার আলাপ ছিল না। ঢাকা জেলার মন্ত গ্রামবাসী স্বর্গীয় উমাচরণ দাস মহাশয় পিতৃদেবের দ্ব সম্পর্কে আত্মীয় ও ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। উমাচরণ দাসের মত ইংরেজী-সাহিত্যবিৎ পণ্ডিত এবং সঙ্গীতজ্ঞ ব্যক্তি তথন পূর্ববদ্ধে কেই ছিলেন না। ভল্ল মহাশয় তাঁহার সম্পাদিত চণ্ডীদাসের ভূমিকার বিশেষ করিয়া ইহার কথা উল্লেখ করিয়াছেন। তিনি লিথিয়াছিলেন, উমাচরণবাবু তাঁহার অগ্রজ্ঞ-প্রতিম ছিলেন এবং তাঁহার পূর্ব সাহায্য ভিন্ন তিনি পুস্তকথানি সম্পাদন করিতে পারিতেন না। আশ্চর্যের বিষয় এই যে, উমাচরণবাবু সেকালের ইংরেজী-জানা শিক্ষিত-সম্প্রদায়ের শীর্ষস্থানীয় হইলেও, গ্রাম্যক্ষি চণ্ডীদাসের পদাবলী উপহার দিয়া থাকিবেন।

এইভাবে চণ্ডীদাস ওঁ বিদ্যাপতির সঙ্গে আমার প্রথম পরিচয়
এবং পদাবলী-দাহিত্যে আমার প্রথম প্রবেশ। আমি বইথানি আদান্ত
পড়িলাম<sup>8</sup>। ১২।১০ বৎসর বয়সেই আমি বাইরণ ও শেলীর কাব্য,
এমন কি মিণ্টনের প্যারাভাইস লই লইয়াও নাড়াচাড়া করিতাম ।
আমার শিক্ষক পূর্ণচন্দ্র সেন আমাকে বিদ্যাপতির পদ পঞ্জিয়া
ভনাইতেন। তিনি প্রথমতঃ রান্ধ ছিলেন, তার পর উন্টা থোঁজ দিয়া
একবারে গোঁড়া হিন্দু হইয়াছিলেন। তিনি সর্ব্বপ্রথম আমাকে
বলেন—এই বৈষ্ণব-ক্বিদের তাব আধ্যান্থিক জীবনের গৃঢ় রহস্থপ্রণ।
তিনি অবশ্য বৈষ্ণব-ক্বিদের তাব কতকটা উপলক্ষি করিয়াছিলেন,

কারণ "নিজ করে ধরি ছুঁহ কামুক হাত। যতনে ধরিল ধনি আপনাক মাধ" প্রভৃতি পদ পড়িতে পড়িতে তিনি আবিষ্ট হইয়া পড়িতেন। কিন্তু স্থলে ছিলেন তিনি শাক্তের অবতার—সাক্ষাৎ মায়ের মূর্ত্তি; আমরা সকলেই তাঁহার প্রহারে জ্জুরিত হইয়াছি।

কৈশোরাস্তে যথন আমার জীবনে নব অন্থরাগের ছোঁয়াচ লাগিয়াছিল, তথনও বৈষ্ণব পদ আমি ভোগের রাজ্যের অভিধান দিয়া ব্ঝি নাই—ইহা পূৰ্বাব্র কুপায়।

## ২৷ "এ ক্থা কহিবে সই এ কথা কহিবে"

আমি নিবিষ্ট হইয়া চণ্ডীদাদের পদাবলী পড়িতাম।—বটতলার পদকল্পতক কিনিয়া লইলাম। ধীরে ধীরে এই গানটিতে আমার মনে একটা নৃতন রাজ্যের দরজা খুলিয়া গেল:—

> "এ কথা কহিবে সই এ কথা কহিবে, অবলা এমন তপঃ করিয়াছে কবে ? পুরুষ-পরশমণি নন্দের কুমার, কি ধন লাগিয়া ধরে চরণে আমার।

তিনি স্পর্শ-মণি, যাহা ছুঁইয়া ফেলেন, তাহাই সোণা হইয়া যায়;
এমন ধনী তিনি, কুবেরও তাঁহার কাছে ধন প্রার্থনা করেন, সেই কৃষ্ণ
কি ধনের প্রত্যাশায় আমার পা ধরিয়া থাকেন, সধীগণ তোমরা বল,
আমার মত তপস্থা কে করিয়াছে ?—এরপ অসাধনে সিদ্ধি আমি কি
করিয়া লাভ করিলাম!

সাধকের চক্ষে বিখের সকলই ভাগবত-মূর্ত্তি—তাঁহারই প্রকাশ।
স্ত্রী-পূত্র-পরিবার, যাঁহারা নিবিড, স্নেহ দ্বারা আমাকে বাঁধিতেছেন,
তাঁহারা ভাগবত শক্তি, তাঁহারা কি নিত্যই চরণ ধরিয়া আমার দেবার

জন্ম, আমায় সাধিতেছেন না ? এত তপস্থা আমি কি করিয়াছি, তিনি সেবা দিয়া নিরস্তর আমাকে আকর্ষণ করিতেছেন! যিনি বছর মধ্যে কেবল এককে চিনিয়াছেন, এবং শত হস্তের সেবার মধ্যে সেই কর-কমল তুইটির পরশ পাইয়াছেন, তিনিই বলিতে পারেন—

> ''পুরুষ পরশমণি নন্দের কুমার। কি ধন লাগিয়া ধরে চরণে আমার!"

এই পদের পরের পদগুলি এইরূপ:—

"আমি বাই-বাই-বাই বলে' তিন বোল।

কত না চুম্বন দেয়, কত দেহি কোল।

পদ আধ যায় পিরা, চায় পালটিয়া,

বয়ান নিরধে কত কাতর হইয়া।" (চ)

কি অপার্থিব দৃষ্ঠ ! বিদায়কালে চিবৃক ধরিয়া ক্রঞ্জ "যাই" ''যাই'' বলিতেছেন; 'যাই' বলিলেই চলিয়া যাইতে পারেন না, রাধার মুখখানি তাঁহাকে ধরিয়া রাধে। পুনরায় 'যাই' বলিয়া বিদায় চান—প্রতিবারই ফিরিয়া আসিয়া সোহাগ করেন, আধ পা যাইয়া ফিরিয়া ফিরিয়া চান এবং কাতর-দৃষ্টি মুখখানির প্রতি আবদ্ধ করিয়া থামিয়া দাঁড়ান, সে মুখ্ যে কোন কেন্দ্রীয় শক্তি দারা তাঁহাকে পুন: পুন: ফিরাইয়া আনে! এই অসাধনের ধন পাইয়া কি ফেলিয়া যাইতে ইচ্ছা হয় ? কিন্তু যাইতে তো হইবেই; যদি সত্যই অঞ্চলের নিধি হারাইয়া যায়, যদি আবার না দেখিতে পান, তবে বাঁচিবেন কেমন করিয়া ?

"করে কর ধরি পিয়া শপথি দেয় মোরে। পুন দরশন লাগি কভ চাট্ বোলে।"

"রলয়োরভেদ্তাং"—'মোরে'ও 'বোল্লে'র গ্রমিল পাঠক ধরিবেন না। এগুলি গান, কাব্যের নিয়ম এখানে সর্বদা চলে না। তিনি হাতে ধরিয়া শপথ চাহিতেছেন, "আমার হাত ছুইনা বল, আবার বেথা পাৰ"—যে দর্শন সমস্ত সাধনার শেষ সিদ্ধি, সহস্র কটের উপশম, ভবরোগের শ্রেষ্ঠ ভেষজ—সেই দর্শনের জন্ম ভিক্ষা।

সেই সনাতন ভিথারী জীবকে এমনই করিয়া চান। হে মানব! তোমার দেবতা তোমাকে এমনই করিয়া চান, মাতার উৎকণ্ঠার মধ্যে, স্বামীর সোহাগে, শিশুর ব্যাকুলতার মধ্যে সেই চিরস্কন ভিথারী এমনই করিয়া বারম্বার তোমার কাছে হাত পাতিয়া আছেন—তোমার চোধের মায়ার ঢাকনিটা খুলিয়া দেখিতে চাহিলে সেই প্রেম-ভিক্কের এই চিত্রই দেখিতে পাইবে। কবে তোমাকে পাইব—এইজন্ম তিনি কাকুবাদ করিয়া শপথ চাহিতেছেন।

## ৩। কেবা শুনাইল খ্যাম-নাম

চণ্ডীদাদের একটি কবিতা, যাহা সচরাচর চণ্ডীদাদের পদাবলীতে ম্থবদ্ধস্থপ প্রথম স্থান পাইয়া থাকে, এখানে শেইটির উল্লেখ করিব। কেহ কেহ এই পদটির মধ্যে শ্লীলতার অভাব দেখিয়াছেন। এমন লোকও আছেন, যাহাদের কাছে কালীঘাটের কর্দ্ধমাক্ত গঙ্গাজলও পবিত্রতার খনি। আমি বৈষ্ণব-কবিতাগুলি যে ভাবে পড়িয়াছি, যে চক্ষেদেখিয়াছি, তদ্ভাবে ভাবিত লোক ছাড়া আমি সে চক্ষ্ অপরকে দিব কি করিয়া? যাহারা আমার ভাবে এই পদগুলি ব্ঝিবেন না, তাঁহাদিগকে ব্ঝাইবার সাধ্য আমার নাই। তাঁহাদের নিকট আমার এই অন্থরোধ, তাঁহারা যেন শেলী পড়েন, কীট্স্ পড়েন, বৈষ্ণব পদ পড়িয়া তাঁহাদের কোন লাভই হইবে না, অথচ হয় ত এমন কথা বলিয়া ফেলিবেন, যাহাতে অহেতুকভাবে অপরের প্রাণে ব্যথা লাগিতে পারে। আমি "সই কেবা গুলাইল গ্লাম নাম" গান্টির কথাই বলিতেছিলাম।

## পদাবলা-মাধুষ্য

পার্থিব প্রেম এবং ইন্দ্রিয়াজীত প্রেম—এ ছইয়ের মধ্যে একটা তকাৎ থাকিলেও, সাংসারিক প্রেমের মধ্য দিয়া এমন একটা সন্ধিন্ধলে পৌছান যায়—হেথানে যেরপ আকাশ ও পৃথিবী দিয়লয়ে পরস্পরকে ছুইয়া ফেলে, সেইরপ পার্থিব ও অপার্থিব প্রেমের সেথানে দেখাদেখি হয়; সাছের ভালটাকে আশ্রয় করিয়া যেরপ স্বর্গের ছুল ছুটে, এই প্রেম সেই ভাবে অভ্যাজ্য হইতে আনন্দলোক দেখাইয়া থাকে। কোন নামকনায়িকা নাম জপ করিয়াছে, এমন তো বড় দেখা যায় না। তবে যাহাকে ভালবাসা যায়, তাহার নামটি যে মিই লাগে—তাহার উদাহরণ সাধারণসাহিত্যে একেবারে ছুল ভ নহে! বিশ্বমচন্দ্রের কুন্দ নগেন্দ্রের নামটিতে সেইরপ মিইও আবিদ্ধার করিয়া সংগোপনে অভি সন্তর্পণে 'নগ' 'নগ' 'নগেন্দ্র' এই অর্ক্ষ্ট্র শব্দগুলি উচ্চারণ করিয়াছিল। অর্দ্ধোলত কুস্থম-কোরকের আয় এই নাম লইতে যাইয়া তাহার বীড়াশীল কণ্ঠশ্বর কাপিয়া উঠিয়াছিল। বৈফ্রব পদ-মাধুর্যের এথানে একটু আভাষ পাওয়া যায় মাত্র।

কিছ তাগবত-রাজ্যে নামই মুখ-বন্ধ। এ পথের নৃতন পাছ প্রথম প্রথম বিব্রত হইয়া পড়িবেন; নাম করিতে যাইয়া দেখিবেন, সাংসারিক চিন্তার নানা জটিল বৃহ তাঁহাকে ঘিরিয়া ধরিয়াছে,—করাঙ্গুলীর সব্দে মালা ঘ্রিতেছে, কিছ ছই এক মিনিট পরে পরেই অসতর্ক মন সংসারের নানা কথায় নিজকে জড়াইয়া ফেলিয়াছে। তথন তিনি সাবধান হইয়া মনকে তথু নামের মধ্যে আবদ্ধ করিয়া রাখিবার সক্ষ্ম করিবেন। পুনরায় দেখিবেন, সাংসারিক চিন্তা, সন্তানের পীড়া, মোকক্ষমার কথা, অর্থাগমের উপায় প্রভৃতি বিষয় হইতে বিষয়ান্তরে মন চলিয়া যাইতেছে—এ রেন কাঁঠালের আঠা, ছাড়াইতে চাহিলেও ছাড়াইতে পারা যায় না।

কিন্ত দুঢ়সকল-ছারা অসাধ্যসাধন হয়। ধীরে ধীরে মনের আবর্জনা দ্র হইতে থাকে। পৌষের কুয়াশা কাটিয়া গেলে প্রাতঃ- সুর্যোদয়ের মত ক্রমে ক্রমে নামের মহিমা প্রকাশ পায়। এইভাবে মন স্থির হইলে, ইক্রিয়-বিকার থামিয়া গেলে, নাম আনন্দের স্বরূপ হইয়া অপার্থিব-রাজ্যের বাস্তা বহন করে। নামের এই অপরূপ আস্বাদ কতদিনে মাহুষ পাইতে পারে জানি না, ইহা সাধনা ও যুগ-যুগের তপক্তা-সাপেক।

তথন নাম শোনা মাত্র উহা মর্মে প্রবেশ করে, কাণ জুড়াইয়া যায়—প্রাণ জুড়াইয়া যায়। প্রেমিক তথন পৃথিবী ভুলিয়া নামের পোতাপ্রয়ে নক্ষড় বাঁধেন। সেস্থান শুধু নিরাপদ্ ও নিবিম্ম নহে— তাহার মোহিনীতে মন মুগ্ধ ইইয়া যায়।

> "সই, কেবা শুনাইল শ্রাম-নাম। "কাণের ভিতর দিয়া মরমে পশিল গো— আকুল করিল মোর প্রাণ।"

কত তিলোত্তমা, কত রজনী, কত বিনোদিনী ও রাজ-লক্ষীর প্রেমের কথা কবিরা আপনাদিগকে শুনাইয়াছেন, আপনারা সীডাসাবিত্রী-দময়ন্তীর কথা শুনিয়াছেন;—কিন্তু এইরপ না দেখিয়া নামের
"বেড়াজালে" পড়িতে আর কাহাকেও দেখিয়াছেন কি ? শুধু নাম
শোনা নহে, নাম-জপ। "জপিতে জপিতে নাম অবশ করিল গো"—নাম জপ
কারতে করিতে ইন্দ্রিয়শুলির সাড়া থামিয়া যায়—যেরপ হাটের কলরব
দূর হইতে শোনা যায়, কিন্তু হাটের মধ্যে আসিলে আর সে কলরব
শোনা যায় না। জপ করিতে করিতে বহিরিন্দ্রিয়ের ক্রিয়া থামিয়া
যায়—"অবশ করিল গো"—কথায় ইন্দ্রিয়াতীত অবস্থার কথাই আমি
বৃঝিয়াছি।

পার্ধিব প্রেম এবং ইন্সিয়াতীত প্রেম—এ ছ্ইয়ের মধ্যে একটা তকাৎ থাকিলেও, সাংসারিক প্রেমের মধ্য দিয়া এমন একটা সন্ধিন্থলে পৌছান যায়—যেখানে যেরূপ আকাশ ও পৃথিবী দিয়্মলয়ে পরস্পরকে ছুঁইয়া ফেলে, সেইরূপ পার্থিব ও অপার্থিব প্রেমের সেখানে দেখাদেথি হয়; গাছের ডালটাকে আশ্রম করিয়া যেরূপ স্বর্গের ফুল ফুটে, এই প্রেম সেই ভাবে কডরাজ্য হইতে আনন্দলোক দেখাইয়া থাকে। কোন নামকনায়িকা নাম জপ করিয়াছে, এমন তো বড় দেখা যায় না। তবে যাহাকে ভালবাসা যায়, ভাহার নামটি যে মিই লাগে—তাহার উদাহরণ সাধারণ-সাহিত্যে একেবারে ছর্ল ভ নহে! বিশ্বমচন্দ্রের কুন্দ নগেন্দ্রের নামটিতে সেইরূপ মিইর আবিদ্ধার করিয়া সংগোপনে অতি সন্তর্পণে 'নগ' 'নগ' 'নগেন্দ্র' এই অর্দ্ধন্দ্র্ট শকগুলি উচ্চারণ করিয়াছিল। অর্দ্ধোন্দাত কুন্ত্মনকোরকের ত্রায় এই নাম লইতে যাইয়া তাহার ব্রীড়াশীল কণ্ঠস্বর কাপিয়া উঠিয়াছিল। বৈঞ্চব পদ-মাধুর্যের এখানে একটু আভাষ পাওয়া যায় মাত্র।

কিছ ভাগবত-রাজ্যে নামই মৃথ-বন্ধ। এ পথের নৃতন পাছ প্রথম প্রথম বিব্রত হইয়া পড়িবেন; নাম করিতে যাইয়া দেখিবেন, সাংসারিক চিন্তার নানা জটিল বাহ তাঁহাকে ঘিরিয়া ধরিয়াছে,—করাঙ্গুলীর সঙ্গে খালা ঘ্রিতেছে, কিন্তু ছুই এক মিনিট পরে পরেই অসতর্ক মন সংসারের নানা কথায় নিজকে জড়াইয়া ফেলিয়াছে। তথন কিনি সাবধান হইয়া মনকে তথু নামের মধ্যে আবন্ধ করিয়া রাখিবার কর্মা করিবেন। পুনরায় দেখিবেন, সাংসারিক চিন্তা, সন্তানের পীড়া, মোকদমার কথা, অর্থাগমের উপায় প্রভৃতি বিষয় হইতে বিষয়ান্তরে মন চলিয়া যাইতেছে—এ যেন কাঁঠালের আঠা, ছাড়াইতে চাছিলেও ছাড়াইতে পারা য়ায় না।

কিন্ত দৃঢ়সক্ষ-বারা অসাধ্যসাধন হয়। ধীরে ধীরে মনের আবর্জনা দূর হইতে থাকে। পৌষের কুয়াশা কাটিয়া গেলে প্রাতঃ- সুর্যোদয়ের মত ক্রমে ক্রমে নামের মহিমা প্রকাশ পায়। এইভাবে মন স্থির হইলে, ইব্রিয়-বিকার থামিয়া গেলে, নাম আনন্দের স্বন্ধপ হইয়া অপার্থিব-রাজ্যের বার্ত্তা বহন করে। নামের এই অপরূপ আস্বাদ কতদিনে মাহুধ পাইতে পারে জানি না, ইহা সাধনা ও যুগ-যুগের তপন্তা-সাপেক।

তথন নাম শোনা মাত্র উহা মর্মে মর্মে প্রবেশ করে, কাণ জুড়াইয়া যায়—প্রাণ জুড়াইয়া যায়। প্রেমিক তথন পৃথিবী ভূলিয়া নামের পোতার্শ্রমে নম্বড় বাঁধেন। সেস্থান শুধু নিরাপদ্ ও নির্বিদ্ধ নহে— তাহার মোহিনীতে মন মুগ্ধ ইইয়া যায়।

> "সই, কেবা শুনাইল ্ছাম-নাম। "কাণের ভিতর দিয়া মরমে পশিল গো— আকুল করিল মোর প্রাণ।"

কত ভিলোত্তমা, কত রজনী, কত বিনোদিনী ও রাজ-লক্ষীর প্রেমের কথা কবিরা আপনাদিগকে শুনাইয়াছেন, আপনারা সীতাসাবিত্রী-দময়ন্তীর কথা শুনিয়াছেন;—কিন্তু এইরপ না দেখিয়া নামের
"বেড়াজালে" পড়িতে আর কাহাকেও দেখিয়াছেন কি ? শুধু নাম
শোনা নহে, নাম-জপ। "লপিতে লপিতে নাম অবশ করিল গো"—নাম জপ
কারতে করিতে ইন্দ্রিয়শুলির সাড়া থামিয়া যায়—যেরপ হাটের কলরব
দূর হইতে শোনা যায়, কিন্তু হাটের মধ্যে আসিলে আর সে কলরব
শোনা যায় না। জপ করিতে করিতে বহিরিন্দ্রিয়ের ক্রিয়া থামিয়া
যায়—"অবশ করিল গো"-কথায় ইন্দ্রিয়াতীত অবস্থার কথাই আমি
বৃঝিয়াছি।

বন্ধীয় জনসাধারণের সঙ্গে আমাদের এইখানে নাড়ীচ্ছেদ হইয়া গিয়াছে। তাহাদের মনোভাব এখনও এইরূপ অর্থগ্রহণের অমূক্ল আছে, বিদেশী শিক্ষার গুণে আমরা ধনির কাছে থাকিয়াও মণির সন্ধান লইতে ভূলিয়া গিয়াছি।

নাম শুনিয়াই অঙ্গ এলাইয়া পড়িয়াছে, মন বেছ দ্ ইইয়া সেই নামক্ষী ভগবানের দিকে ছুটিয়াছে। তিনি কে, যিনি শুধু নাম দিয়াই আমার মন হরণ করিয়াছেন ? আমার বিদ্রোহী ইক্রিয়গুলি আগুনের মত জালা উৎপাদন করিতেছিল, সেই অগ্নিকুণ্ডে শুধু নামের গুণেই যেন বারি বর্ষিত হইল—সকল জালা, সকল তাপ জুড়াইয়া গেল।

এখন তাঁহাকে কি করিয়া পাইব ? তিনি কে, কেমন করিয়া জানিব ? ফুলের মালা হাতে করিয়া আছি, কাহাকে পরাইব ?

> "নাম-প্রতাপে যার ঐছন করল গো অঙ্গের প্রশে কিবা হয়।"

নাম-জপ শুদ্ধ দৈহিক প্রক্রিয়া ছিল, কিন্তু এই বালুন্তৃপ এক লুকায়িত ফন্তুনদীর অমৃত-উৎসের সন্ধান দিল। নাম শুনিলে মন চকিত হরিণীর স্থায় ইতি-উতি কাহাকে থুঁজিতে থাকে ? হারানিধি হইতেও তিনি প্রিয়ত্ব, পৃথিবীর সমস্ত স্থানে আনন্দের কণিকাও দিতে পারে না—

"না জানি কতেক মধু, শ্রাম-নামে আছে গো— বদন ছাড়িতে নাহি পারে !"

যত বার তাঁর নাম আর্ত্তি করিতেছি, তত বার সাংসারিক স্পাষ্টি ও অবসাদ দূর হইয়া এক অলৌফিক পরমানন্দের আভাষ পাইতেছি, চক্ষু তুইটি অশ্র-সিক্ত হুইতেছে।

তাঁহাকে দেখি নাই, তথু নাম তানিয়াছি, তাহাতেই আমি আপন ভূলিয়াছি—তাঁহার স্পর্শ যেন কিরপ ? সে অমৃত-সায়রে কবে

অবগাহন করিব ? তিনি দর্মজ আছেন, শুনিয়াছি ; কিন্তু ইহা তো একটা শোনা কথা। যেখানে "তাঁহার বসতি", আমি সেইখানেই আছি. তিনি এই মুহূর্ত্তে এইখানেই আছেন, এরপভাবে তাঁহার সভা উপলব্ধি করিলে কি এই নিয়ত-মিথ্যাচার-পূর্ণ সংসারে—এই ক্ষণবিধ্বংসী দেহ লইয়া-এই অসত্য ও ভ্রান্তির কুহক-জালে জীবন কাটাইয়া দিতে পারিতাম! যদি বুঝিতাম, তিনি এই মুহুর্তে আমার কাছে আছেন, তবে কি তাঁহাকে ফেলিয়া—সতাম্বরূপকে ফেলিয়া মরীচিকার পাছে ধাবিত হইতে পারিতাম। প্রিয়ের প্রিয় যিনি, আত্মীয়ের আত্মীয় যিনি, আপনা হইতে আপনার যিনি—যিনি মা হইয়া অক্লান্ত দাসীর স্তায় আমার পরিচর্য্যা করিতেছেন, পুত্র হইয়া ভূত্যের ফ্রায় আদেশ পালন করিতেছেন, স্ত্রী হইয়া স্বীয় মুক্তকেশজালে আমার পায়ের ধুলা ঝাড়িতেছেন, স্থা হইয়া আমার সঙ্গে থেলা করিতেছেন, শত্রু হইয়া আমার দোষ দেখাইতেছেন—আমারই মঙ্গলের জন্স—আমি বারমার ছুটিয়া পলাইতে চাই, তিনি তো তিলাৰ্দ্ধকালও আমাকে ছাড়িয়া থাকিতে পারেন না, কথনও চোথ রাকাইয়া শাসন করিয়া, কথনও পরিচর্য্যা করিয়া— আলিঙ্গন-চুম্বনে মুগ্ধ করিয়া যিনি সতত আমার কাছে আছেন, চোথের আড়াল হইতে দিতেছেন না—তিনি এই মুহুর্ছে এইখানে আছেন, ইহা সত্য সতাই উপলব্ধি করিলে কি আমি গার্হস্থা-ধর্ম এখন যেমন করিয়া করিতেছি, তেমন করিয়া করিতে পারিব ? তথন যে চক্ষু-কর্ণ প্রভৃতি দশ ইন্দ্রিয় মৃদ্ধ হইয়া যাইবে—আনন্দহিল্লোলে মানসপদ্ম বিকশিত হইবে, শরীর কদমকোরকের ভায় ঘন ঘন রোমাঞ্চিত হইবে, তথন কি আমি কুলধর্ম, গৃহধর্ম, দেহধর্ম প্রভৃতি যাহা এখন পালন করিয়া থাকি, তাহা তেমনই ভাবে পালন করিতে পারিব १

## কবি বলিতেছেন :-

"বেধানে বসতি ভার সেধানে ধাকিয়া গো নুবতীধরম কৈছে রয় ?" লা কাণে বাধে, ভাহা অক্টিভভাবে কবি বলিয়া

যে সকল কথা কানে বাথে, তাহা অকুষ্ঠিতভাবে কবি বলিয়া গিয়াছেন, কারণ গ্রাহার দৃষ্টি অস্তমুখী,—

"কছে দ্বিজ চণ্ডীদানে, কুলবতী কুলনাশে ধুবতীর বৌবন যাচায়।"

এই শুদ্ধ অপাপ-বিদ্ধ কথ্ব-প্রেম—ইহা যাহার মনে জুমিয়াছে, পদ্মার চেউএ যেরপ কুল ভাঙ্গিয়া পড়ে, তাহারও তো কুল দেইরপ ভাঙ্গিয়া পড়িয়াছে। কুল-পর্ব্ব, জাতি-সর্ব্ব, পদ-গর্ব্ব, এই সকল তো মত্ত হন্তীর ক্যায় আমার মনের হুয়ারে বাঁধা ছিল—

"দন্ত-শালে মন্ত হাতী, বাঁধা ছিল দিবা রাতি"
আজ ইহাদের সকলের ছুটি; আমি অবরোধে বৈর্ঘ্য ও আত্ম-সংযম পণ
করিয়া বিস্মাছিলাম, আজ সে "বৈর্ঘ্য-শালা হেমাগার" ভালিয়া পড়িয়াছে,
আমি কিছুতেই নিজকে সামলাইতে পারিতেছি না। আমি তাঁহাকে
দেখিয়াছি এবং আঁমার সমস্ত তাঁহাকে নিবেদন করিয়া দিয়াছি।
স্তীলোককে তাহার লজ্জারপ শাড়ী আবরণ করিয়া রাথে—প্রাণ য়ায়
তথ্ লজ্জা ছাড়িতে পারে না, কিন্তু আজ আমি উপযাচক হইয়া আমার
দেহ, মন, য়ৌবন ও লজ্জা তাঁহার চরণে ডালি দিয়াছি: "ব্বতীর বৌবন
যাচায়।" চঙীদাস আর একস্থানে বলিয়াছেন "কাছর পীরিতি—্তিক্ল-শীল
ছাড়া।" সে রাজ্যে ব্রাহ্মণ-শূল, কুলীন-অকুলীন নাই; "শীল", আচারবিচারের নিয়ম নাই।

আমি এই পদের অর্থ যেরূপ ব্ঝিয়াছি, তাহাই লিখিলাম। কিন্তু যিনি অন্তরূপ ব্ঝিবেন, তাঁহাকে জিজ্ঞানা করি, তথু নাম শুনিয়া বিহ্বল হয়, পাগলা-গারদ ছাড়া এরূপ লোক কোথায়ও কি পাওয়া যায় ? আর প্রেম করিয়া দিন-রাত্রি মধু-চক্রের গ্রায় নামকে আশ্রয় করিয়া আনন্দের সন্ধানে ফেরে, এরূপ কে আছে ? কেবল এই পদে নহে, চণ্ডীদাসের বহু পদে শুধু পার্থিব ভাব দিয়া ব্যাখ্যা করিতে গেলে এইরূপ ঠকিতে হইবে।

## ৪। বাঁশীর স্থর

বৈষ্ণব-কবিদের পূর্ব-রাগের একটা বড় অধ্যায় রুষ্ণের বাঁশীটিকে লইয়া। জগতের রন্ধে রুষ্ণে তাঁহার বাঁশী বাজিতেছে। কোন বৈষ্ণব কবি লিথিয়াছেন, বাঁশীর এক রন্ধের স্বরে বনে উপবনে কুস্নের কুঁড়ি ফুটিয়া উঠে, কোনও রন্ধের স্বরে বসন্তাগম হয়, কোন রন্ধের স্বরে ছুল-ফল মন্তিত হইয়া একত ষড় ঋতু দেখা দেয় এবং সকলের উপরে এক রন্ধের স্বর অবিরত জীবকে 'রাধা'-'রাধা' বলিয়া ডাকিতে থাকে। (পদকল্পতক, জ্ঞানদাসের পদ)। আমাদের কাছে সে ডাক পৌছায় না, কারণ ইন্ধ্রিয়ের কলরবে আমাদের কাণ বিধির করিয়া রাখিয়াছে। সেক্ষপীয়র নীলাম্বরের নিস্তর্জতার মধ্যে মানবাত্মার গভীরতম প্রদেশে শ্রুত সেই পরম্গীতি আভাষে শুনিয়া লিথিয়াছিলেন, "Such harmony is in immortal souls; But whilst this muddy vesture of decay doth grossly close it in we cannot hear it."

বাঞ্চালা দেশে এক সময়ে এই বাঁশের বাঁশী মান্থ্যের মনে সমন্ত সংগীতের সার সংগীত শুনাইয়াছিল। বাঞ্চলার রাধালেরা বিনা কড়িডে এই স্থ্রের যন্ত্রটি পাইত, এধানে ঘাটে পথে বাঁশের ঝাড়, একটা মোটা কঞ্চিবা বাঁশের ভগা কাটিয়া বাঁশী তৈরী করিতে জানিত না, এরপ রাধাল বাঞ্চলা দেশে ছিল না।

অবারিত সব্জ ক্ষেত্র, গোচারণের মাঠ, ব্রহ্মপুত্র, পদ্মা, ধলেখরীর ন্থায় বিশালতোয়া নদ-নদী, উদ্ধে অনস্ত আকাশ—এই উদার ও মহান প্রাক্তিক রাজ্যে বাশের বাশীর যে মর্মান্তিক হব উঠিত, তাহা শুনিরা কুল-বধু আঁচলে চোথ মৃছিত, সন্তান-হারা জননীর মর্ম্মে মর্মে বিলাপের উদ্ধান বহিত, সাধকের মন দেবতার পায়ের নৃপুর-ধ্বনি শুনিতে পাইত । সেই হরের মর্মান্তিক করুণা ও বিলাপ শুনিয়া মায়ের কোলে থাকিয়া শিশু রাজে ঘুমাইতে চাহিত না । এখনকার হারমোনিয়াম, ক্লারিওনেট্ এবং পিয়ানোর হুর খাটি বালালীর কাণে তেমন লাগিবে না । পথে যাইতে বালীর হুর শুনিয়া পথিক থমকিয়া দাঁড়াইত—পথ ভূলিয়া যাইত, কলনীর জল কেলিয়া কুলবধু আবার জল আনিতে যাইত, সর্য্যে পশ্চিম গগনে ভূবিয়াও পুনরায় উকি মারিয়া মাঠের দিকে তাকাইতেন । বালালার থাটি কবিরা বহুছানে এই বাঁশের বাশীর উল্লেখ করিয়াছেন। অফিয়নের গানে পাহাড় টলিত, নদীর তুফান থামিয়া যাইত,—বাললার বাঁশী ও সারেন্দের সম্বন্ধেও সেইরূপ অভূাক্তি আছে। "হুরনেহার ও কবর" নামক পল্লী-গীতিকায় সারেন্দের হুরের যে উচ্ছুদিত বর্ণনা আছে, তাহা ঠিক বাললা দেশেরই হুর-ভাণ্ডারের—এই অভ্যুক্তির মধ্যে প্রাণে সাড়া দেওয়ার জনেক কথা আছে।

, বাঁশের বাঁশীর স্থর শুনিয়া 'মহিষাল বঁধু'র নায়িকা রাথাল বালকের রূপ নূতন করিয়া দেখিতে শিখিয়াছিল :—

"আর দিন বাজে বাঁশী না লাগে এমন।
আজিকার বাঁশীতে কেন কাড়ি লয় মন।
লাজেতে হইল কন্থার রক্তরুবা মুধ।
প্রথম ঘৌবন কন্থার এই প্রথম সুধ।

'আঁধা বঁধু'তে সেই স্থরের মহিমা নন্দনকাননজাত ফুল-ফলের শ্রী
 লইয়া অপূর্বে হইয়া আত্মপ্রকাশ করিয়াছে:—

"বনের বাঁশী নয়ত ইহা মনের বাঁশী হয়। ছোটকালের যত কথা জাগায়ে তোলয়। ভূলিতে না পারি বঁধু কেবলই অভাগা।
তোমার বাশী দিল বঁধু ৰুকে বড় দাগা।
কি করিব রাজ্য ধনে কুলে আর মানে।
সরম ভরম ছাড়লাম বঁধু তোমার বাঁশীর গানে।
ভূলি নাই, ভূলি নাই বঁধু তোমার চাঁদ মুথ।
বনে গিরা দেখাইব ছি'ড়িয়া সে বুক।"

বঙ্গদেশের কবিরা হ্রের আনন্দদায়িনী শক্তির কথা গাহিয়াছেন, কিন্তু বাদলাদেশে বাঁশীর যে বর্ণনা আছে—উহা মর্মের নিভূত স্থান হইতে মর্ম্মোচ্ছাসকে টানিয়া হিঁচ্ডাইয়া অঞ্চ ও দীর্ঘণাসের তুফান বহাইয়া দিয়াছে,—অক্ত দেশের কথা থাকুক, এই ভারতবর্ষেরও অক্ত কোথায়ও সেরপ দৃষ্টাস্ত আছে কি না জানি না। পাঠককে আমি অন্থরোধ করিতেছি, তিনি এই খাঁটী বঙ্গীয় হ্রের মহিমা ব্ঝিবার জন্ম যেন "মহিষাল বঁধু", "হুরনেহা ও কবরের কথা" এবং "আঁধা বঁধু" এই তিনটি পল্লী-গীতিকা পাঠ করেন।

চণ্ডীদাস এই বাঁশীর হরে আধ্যাত্মিক আনন্দ যোগ দিয়াছেন। যে হ্মরে পূর্ব্ব হইতেই হ্রধারস সঞ্চিত ছিল, তিনি ভগীরথের ভায় বাঙ্গালা দেশে তাহার জন্ত একটা সন্ধার বাদ তৈরী করিলেন। এ পর্যান্ত ব্রহ্মপুত্র, কংস, ভৈরব, সরস্বতী প্রভৃতি ছিল, গঙ্গার সঙ্গে ইহাদের কি প্রভেদ তাহা জানি না। তথাপি গঙ্গা গঙ্গা-ই, তাহার স্থান স্বতন্ত্র। সেইরপ 'মহিষাল বঁধু' ও 'আঁধা বঁধু'র বাঁশী ও সারেক্ষ সকল বিষয়ে সমকক্ষতা করিয়াও চণ্ডীদাসের বাঁশীর সঙ্গে তাহাদের এক পংক্তিতে স্থান পাইবার দাবী কেহ কেহ মানিয়া লইবেন না—ইহাদের আইনকান্ত্রন। আপনারা তাহাদের থেয়ালের সঙ্গে একমত না হইতে পারেন, কিন্তু সরল বিশাসে হানা দেওয়ার অধিকার কাহারও নাই।

### চণ্ডীদাস গাহিলেন-

"সবার বাঁশী কাণে বাজে, বাঁশী বাজে আমার হিয়ার মাঝে।"

সে স্থর বন্যার মত, দস্থার মত ঘর-দোর ভাঙ্গিয়া প্রবেশ করে।
আমি রাল্লা-ঘরে রাঁধিবার আয়োজন লইয়া বিদিয়াছি—

"বাশীর হরেতে মোর এলাইল রন্ধন।" (চ) তথন হলুদ দিতে যাইয়া ধ'নে দিয়া ফেলিলাম, সর্বে দিতে যাইয়া সুন্ দিলাম, সব ভ্যান্তা হইয়া গেল।

### বাঁণী আর বেজ না---

"থল-সংহতি সরলা—তা কি জান না বাঁশী আমি একে নারী, তায় অবলা" (চ)

আমি সরলা, থলের সজে আমার বাদ, তোমার পাগল-করা স্থরে আমার সকল কাজেই ভূল হয়,—চারিদিক্ হইতে নিন্দা ও বিজ্ঞপের বাণ ব্যিত হয়।

কে সে বিনি বাঁশী বাজাইতেছেন ?

"কে না বাঁশী বায় সখি, সে বা কোন জনা।

স্থর আমার পাগল করে, তিনি যিনিই হউন, আমার সাধ হয়, তার পায়ে নিজকে বিকাইয়া ফেলি।

ক দে তিনি "মনের হরবে" বাঁশী বাজাইতেছেন, আনন্দ-স্বরূপ প্রয়ং পরমানন্দে বাঁশী বাজাইতেছেন, কিন্তু তাঁর পায়ে আমি কি অপরাধ করিয়াছি, দেই স্বরে যে আমার সংসার ভাসিয়া যায়! চোথের জলে পথ দেখিতে পাই না,—

> "অঝোরে ঝরয়ে মোর নয়নের পাণি, বাঁশীর শবদে মুঞি হারাইলোঁ পরাণী।" (চ)

বাশীর স্থরে সংসার টুটিয়া পড়িতেছে। আনন্দময়ের আনন্দের আহ্বান, যে একবার শুনিয়াছে, সে ঘর করিবে কিরুপে ?

> "অস্তরে কুটিল বাঁশী, বাহিরে সরল। পিবই অধর-হুধা উগারে গরল।" (চ)

বাঁশী কৃষ্ণ-মুখামূত পান করিয়া বিষ-উদ্গীরণ করিতেছে—সংসার হইতে আমাকে টানিয়া বাহির করিতেছে। এই ব্রঙ্গপুরে তো আরও অনেক রমণী আছে, কিন্তু বাঁশী কেন শুধু 'রাধা' 'রাধা' বলিয়া আমাকেই ভাকে ?

> "এজে কত নারী আছে, তারা কেহ না পড়িল বাঁধা। নিরমল কুলথানি যতনে রেথেছি আমি, বাঁশী কেন বলে "রাধা-রাধা"! (5)

ভধু আমারই নাম ধরিয়া ভাকে, আমার কুল—রাজার মেয়ে আমি, আমার যে আকাশ-স্পর্ণী উচ্চ কুল, আর তো তাহা থাকে না।

চারিদিকে আনন্দের ভাক পড়িয়াছে—দে ভাক নামের একটা 
"বেড়া-জালে"র স্বষ্ট করিয়াছে, মন-শকরী সেই জালে পড়িয়াছে।
ভাহিনে, বামে, সন্মুথে, পশ্চাতে শুনিতেছি 'রাধা, রাধা'। কে যেন
আনন্দের বেড়া-জাল আমাকে দিয়া ঘিরিয়াছে, আমি পলাইতে পথ
পাইতেছি না।

এই বাঁশীর হুরের কথা শত শত পল্লী-গীতিকায় আছে, বান্ধলা দেশের মেঠো হাওয়ায়—হুরের আকাশে তাহা প্রতিধ্বনির মত অবিরত ধ্বনিত হুইতেছে। মাঝি নৌকা বাহিতে বাহিতে দূর দিকতা-ভূমি হুইতে তাহা শুনিয়া বৈঠা-হাতে মুগ্ধ হুইয়া দাঁড়ায়। কিন্তু চণ্ডীদাদের কবিতায় উহা উর্জালেকর সংবাদ। এই সংসারের সাজানো বাগান ভাদিয়া—শত বাগ-বাগিণীর অদ্ধি-সদ্ধি, তাল-মানের কার্তপ এড়াইয়া উহা হুরের

ব্রন্ধলোকে পৌছিয়া দেয়—তাই কবি "বাঁশের বাঁশী"কে "নামের বেডাজাল" বলিয়াছেন।

> "সরল বাঁশের বাঁশী নামের বেড়াজাল। সবাই শোনরে বাঁশী—রাধার হ'ল কাল। (৮)

রাধার সংসার-বন্ধ ছেদন করিতে উহা অধ্যাত্ম-লোক হইতে আসিয়াছে।
নাম-জপ দ্বারা রাধা ইহলোক হইতে প্রেমলোকে আরু ই ইয়াছেন,
এই জপের পরিবেউনী অতিক্রম করিয়া অমৃতের অধিকারী হইয়াছেন,
তার পরে বাঁশী—অশিষ্ট বাঁশী—ঘবের বউকে নাম ধরিয়া ডাকিয়াছে।
অন্ত এক কবি লিথিয়াছেন—আমার স্থেথর গৃহের উপর "বংশীরব
বন্ধাতি, পড়ে গেল অকমাং"; অপর কোন কবি বংশীরবকে বক্সাঘাতের
সক্ষে তুলনা দিয়াছেন কি না জানি না, কিন্তু ভামানন্দ তাঁহার চিরস্থেষ্য নরোভ্রমের চিত্র স্থাবণ করিতে করিতে রাধার সম্বন্ধে এই গানটি
লিথিয়াছেন। রাজকুমার নরোভ্রমের তরুণ বয়সে সেই আহ্বান,—
প্রাণেশরের বংশীধ্বনি—বক্সাঘাতের মতই পড়িয়া, তাঁহাকে রাজপ্রানাদ
হইতে আনিয়া পথেরু ভিথারী করিয়া দিয়াছিল। রাধার কাছে এই
আনন্দের আহ্বান বক্জাঘাতের মতই নিদারুণ হইয়াছিল। তিনি
ঘর-কর্ণা করিতে সমন্ত আয়োজন গুছাইয়া লইয়াছিলেন, এমন সময়ে
ডাক পড়িল, তথন সব ফেলিয়া না যাইয়া উপায় নাই, প্রাণ-বন্ধু
ভাকিয়াছেন।

#### १। मर्भन

প্রথম দর্শন চিত্রে।

"হাম সে সরলা, অবলা অথলা, ভালমন্দ নাহি জানি, বিরলে বসিয়া, পটেতে লিখিয়া, বিশাখা দেখালে আনি।" (চ) বি দেবেজনাথ লিখিয়াছেন, দুর্শুন-প্রার্থীকে প্রথমে আভাস ঃ

মহর্ষি দেবেন্দ্রনাথ লিথিয়াছেন, দর্শন-প্রার্থীকে প্রথমে আভাস মাত্রে দেখা দিয়া ভগবান প্রলুক করেন। এইজ্যু চিত্র-দর্শনের পরিকল্পনা। দে রূপ নীল-কৃষ্ণ নব মেঘের স্থায়, জগতের সমন্ত বর্ণের প্রধান বর্ণ। যাহা নীলাকাশে, নীলাম্বতে, নীলবনান্তে সর্ব্বিত্র থেলে, সেই ন্ননাভিরাম স্নিগ্ধ কৃষ্ণাভ নীলরণ—ভগবানের প্রতীক। রাধা যেনিকে দৃষ্টিপাত করেন, সেইদিকেই সেই স্মেরাশ্র কমলনেত্র কৃপাময়ের কৃপার আলেখ্য। সেই রূপ সমুদ্রের মত বিশাল এবং জল-বিন্দুর মত কৃষ্ণ, নহং হইতে মহান্, অণু হইতে অনীয়ান্। তিনি অনস্ত আকাশে অনন্ত শক্তির আধার, বহু-রূপ, বহু-শীর্ষ, বহু-প্রহরণধারী, কিন্তু আমার কাছে, আমারই মত কৃষ্ণ; বড়র কাছে বড়, "ভয়ানাং ভয়ং ভীষণং ভীষণানাং", কিন্তু আমার মত কৃষ্ণের কাছে তিনি কৃষ্ণ। বিশাখা যথন চিত্রপট দেখার, তথন আর আর স্থীরা নিষেধ করিয়াছিল,

"বিশাথা যথন দেখায় চিত্রপট। মোরা বলেছিলাম সে বড় লম্পট।" (কৃ)

'লম্পট' কথায় পাঠক চমকিয়া উঠিবেন না; মহাজন-পদাবলীতে ভ্ৰন-পাবন চৈতন্তাদেবকে "কীর্ত্তন-লম্পট" বলা হইয়াছে। ক্লফে সমর্পিতা প্রাণারাধা যথন—

> "কি চিত্র বিচিত্র মরি দেখাইল চিত্র করি, চিত মম নিলে যে হরি !"

বলিয়া স্থীদের প্লা জড়াইয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন—তথ্ন তাহারা বিলাপ করিয়া বলিতেছে,

> "বিনা গুণ প্রথিয়া কেন এমন হ'লি রাই; দোবগুণ তার, না কবি বিচার, কেবল রূপ দেখি রাই ভূলে গেলি।" (কু)

চিত্র-দর্শনের পর ছায়া-দর্শন। যম্না-তীরে নীপ-তরুর উপরে ক্লঞ্চ। যম্না-জলে শিথিপুচ্ছ ও মকর-কুওলের দীপ্তির প্রতিবিদ্ধ ঝল্মল্ করিয়া উঠিয়াছে। রাধা উর্দ্ধে চাহিয়া কৃষ্ণরূপ দেখিতে পারেন নাই—কারণ "দাদা বলাই দলে ছিল" লজ্জায় মুখ উঁচু করিয়া কালো রূপ দেখিতে পারেন নাই। আনত চোপে যম্না-জলে বিষিত ক্লফকে দেখিতে-ছিলেন, তিনি তথন জ্ঞান-হারা। দেই আনন্দময়, চির-স্থন্থ, যিনি রূপের রূপ, স্থার সথা, অন্তরে বাহে জীব নিরস্তর বাঁহাকে খুঁজিতেছে, কথনও শিশুর হাস্ত্যে, রূপসীর রূপে, মাতৃ-অক্লে, ফুলে-পল্লবে—পৃথিবীর সহস্র শোভায়—ধনে, মানে, প্রতিষ্ঠায় বাঁহার সন্ধান করিয়া সহস্রবার ভূল করিয়াছে—অমৃতকুগু-ল্রম কৃপে পড়িয়াছে—দেই রূপের সন্ধানে এ-ঘরে ও-ঘরে ঘুরিয়া ফিরিয়া ব্যর্থকাম হইয়াছে—আজ বছদিন পরে, ম্গ-মুগান্তের শেষে তাঁহাকে প্রথম দর্শন! এ কি অভাবনীয় আনন্দ! চৈতত্যদেব বলিয়াছে—

"সূর্ববে কৃষ্ণের রূপ করে ঝলমল। সে দেখিতে পায় যার আঁখি নিরমল॥"

তিনি তে। সর্ব্বাই আছেন, কিন্তু তাঁহাকে দেখার নির্মাল চক্ষ্ আজ রাধা পাইয়াছেন। যমুনার জলে প্রতিবিদ্বিত রুঞ্চকে দেখিয়া তিনি মুগ-মুগান্তরের কর্ষ্ট ভূলিয়া গেলেন। স্থীরা জলে কল্সী নামাইবেন, রাধিকা বলিতেছেন—

> "চেউ দিও না জলে বলে কিশোরী। দরশনে দাগা দিলে হবে পাতকী।" (গো, ক)

কলসী জলে ড্বাইলে জলে আঁকা ক্লেজর ছায়া তেউ-এ ভাজিরা যাইবে, এজন্ত রাধা নিষেধ করিতেছেন; যিনি যোগীর যোগানল, প্রেমিকের প্রেম-সিদ্ধি, যুগ-যুগ তপস্তার ফলে মুহুর্ত্তের জন্ত তাঁহাকে পাইয়াছিলেন —এই আনন্দে বাধা দিলে পাপ হইবে, রাধা মৃত্স্বরে মিনতি করিয়। ভাহাই বলিতেছিলেন

ভাহার পরের কথা চণ্ডীদাসের পদেই পাওয়া যাইবে।

#### ৬৷ আনন্দ

রাধা তাঁহার মনের অবস্থা কাহাকে বলিবেন? কেই বা তাহা বিখাদ করিবে? কেন অহেতুক দিন-রাত্র অস শিহরিত হয়—আনন্দ হদমে উথলিয়া উঠে, চফুকে দামাল দিব কিরপে? আনন্দ-ঘন অঞ্চ কি করিয়া রোধ করিব? যাহা ভাবি, তাহাতেই হর্ষোজ্জল চক্ষে অঞ্চ বহিয়া যায়। লজ্জায় গুরুজনের কাছে দাঁড়াইতে পারি না—

> "গুরুজন আগে দাড়াইতে নারি। দদা ছল-ছল আঁথি।" (চ)

যেদিকে তাকাই, সেইদিকেই তাঁহার প্রকাশ—পুলকে চিত্ত ভরিয়া যায়:
"পুলকে আকুল, দিকু নেহারিতে, সব শ্যামময় দেখি।" (চ)

কিন্তু একটা সময় আছে, যখন আমি আর আমাতে থাকিতে পারি না। সন্ধায় যখন—

'রবি যায় নিজ পাটে,"

অন্তচ্ডাবলম্বী হর্ষ্য যথন পশ্চিম আকাশে স্বর্ণাক্ষরে কি লিখিয়া যান, কলসীককে স্থীরা যমুনাতীরে যায়, তথন রাধার যে অবস্থা হয়, তাহা অবর্ণনীয়।

> "সখীর সহিতে জলেরে যাইতে সে কথা কহিবার নয়।" (চ)

যম্নায় স্থীদের সঙ্গে যাইবার পথে রাধার মন কেমন করে, তাহা বলিবার নহে। রাধিকা অত্যধিক মনের উচ্ছাসে সে কথা বলিতে পারিতেছেন না, তাহা বলিতে যাইমা ভাবাবেগে কঠরোধ হয়, কেবল মাত্র ছটি কথায় মনের সেই অব্যক্ত অনির্বচনীয় কথা আভাসে ব্রাইতেছেন—

"সে কথা কহিবার নয়।"

চৈতক্সদেব গয়া হইতে ভাগবত পাদ-পদ্ম দর্শন করিয়া নদীয়ায় ফিরিং আদিয়া প্রিয় গদাধরের কাঁধে হেলাইয়া কি দেথিয়াছেন, বলিতে পারেনাই, বলিতে যাইয়া মুর্চ্চিত হইয়া পড়িয়াছেন। রাধা এখানে যাং বলিতেছেন, তাহা নিবিড় ও অম্পষ্ট,—

"সখীর সহিতে জলেরে যাইতে সে কথা কহিবার নয়। যমুনার জল করে ঝল্মল্ তাহে কি পরাণ রয়।" ( চ )

এইখানেই শেষ, যম্নার জল ঝল্মল্ করে, তাহাতে প্রাণে এত ব্যথ
কেন ? এ ব্যথা, আনন্দের ব্যথা—আনন্দের আতিশ্যে বাক্রোধ
যম্নার জলে প্র্যান্তের রক্তিম আভা পড়িয়া ঝল্মল্ করিয়া উঠে, রাধ
কি তাহাই বলিতেছেন ? সক্ষ্যানিলে স্বর্ণচুড় যম্নাতরক উচ্ছু সিত হইয়
উঠে, রাধিকা কি-সেই কথা বলিতেছেন ? যম্নার জলে স্থীদের
নীল শাড়ীর আভা মিশিয়া যে উজ্জ্বল্য থেলিতে থাকে, রাধা কি সেই
কথা বলিতেছেন ? রাধা তে। কিছু খ্লিয়া বলেন নাই; তবে কি সে
ভাব, যাহাতে তাঁর প্রাণ এমন আকুল হয় ?

তরুশাথে স্থিত ময়্রপ্ছালকত ক্ষেত্র প্রতিবিদ্ধ পড়াতে যম্নার জল ঝল্মল্ করিয়া উঠে, তাহাই তিনি দেখিতে যাইতেছেন; যম্নার পথে সেই কণা মনে হওয়াতে রাধার আনন্দে বাক্রোধ হইতেছে। সেই অবর্ণনীয় স্থথের কথা—যম্নার নীল জলে প্রতিবিশ্বিত ক্লফরপের কথা—বলিতে যাইয়া ভাবের উদ্বেলের আতিশয়ে ক্লিট্রি আর কিছু বলিতে পারেন নাই, শুধু বলিতেছেন,

্"ব্যনার জল, করে ঝণ্মল্, তাহে কি পরাণ রর ?" এইভাবে অর্দ্ধ-প্রকাশ—অর্দ্ধ-অপ্রকাশ কণ্ঠের ভাষায় চণ্ডীদাস তাঁহার রাধাকে চিত্রিত করিয়াছেন, এই ন্তন্ধ চিত্র দেখিলে মনে হয় যেন কুবের তাঁহার ভাগুার আগলাইয়া দাড়াইয়াছেন—তাহার বাহু প্রকাশ নাই। কৃষ্ণপ্রেমের এই "অনভিব্যক্ত রত্নোৎপত্তিরিবার্ণবং" ছবির তুলনা নাই।
পরবর্ত্তী কবিরা এই কথার ব্যাখ্যা করিয়া বলিয়াছেন:—

"ভেউ দিও না জলে বলে কিশোরী।

"ঢেউ দিও না জলে বলে কিশোরী। দরশনে দাগা দিলে হবে পাতকী।"

চণ্ডীদাস কথা বলিতে বলিতে থমকিয়া যান; বলিবার থাকে অনেক, কিন্তু বলেন অল্প। পাঠকের মনে ইন্দিতমাত্রে একটা তোলপাড় জাগাইয়া, তিনি অল্প কথায় শেষ করেন। তিনি রুষ্ণ-রূপ মনে মনে ধ্যান করিয়া আবিষ্ট হইয়া পড়েন, তথন অল্প কোন ব্যাথ্যা না দিয়া আপন মনে নিজের শেষ সকল্লের কথা বলিয়া কেলেন—

"কুলের ধরম নারিম্ব রাখিতে, কহিমু তোমার আগে। চঞ্জীদাস কংহ শ্যাম-ফুনাগর সদাই হিরায় জাগে॥"

রাধিকা বলেম নাই, কিন্তু চণ্ডীদাস তাহা বলিয়া দিয়াছেন। সমস্ত পদটি এই:—

কাহারে কহিব মনেরই মরম, কেবা থাবে পরতীত।
( আমার) হিরার মাঝারে মরম-বেদন সদাই শিহরে চিত।
গুরুজন আবে দাঁড়াইতে নারি, সদা ছল-ছল আঁথি।
পূলকে আকুল, দিক্ নেহারিতে সব শ্যামময় দেখি।
স্থীর সহিতে জলেরে যাইতে সে কথা কহিবার নয়।
য়ম্নার জল করে ঝল্মল্ ভাহে কি পরাণ রয়।
( আমি ) কুলের ধরম নারিমু রাখিতে কহিলাম তোমার আগে।
কহে চঙীদাস শ্যাম স্থনাগর সদাই হিরায় জাগে।

এই গীতিটি বাহ্ দৃষ্টে কতকটা অসম্পূর্ণ মনে হইবে, কিন্তু ইহা নিগৃঢ় অর্থব্যঞ্জক।

রাধিকা বলিতেছেন, জাঁহার মনের অবস্থা কেহ বিশ্বাস করিবে না; কিন্তু কি বিশ্বাস করিবে না, তাহা বলেন নাই। গুরুজনের কাছে নাড়াইতে চোথে জন পড়ে বলিয়াছেন; কিছ বে জন পড়ে, তাহা বলেন নাই। সধীর সদে জলে বাইবার সমদে যে অবর্ণনীয় ভাব হয়, তাহা "দে কথা কহিবার নর" বলিয়াই ছাড়িয়া দিয়াছেন, এবং যম্নার জল বল্মল্ করিয়া উঠে, তাহাতে প্রাণ থাকে না কেন, তাহা তে। যোটেই বলেন নাই; আভাব বাহা দিয়াছেন, তাহাও অস্পট; কুলধর্ম যে কেন রাখিতে পারেন না, তাহাও বলেন নাই। যোট কথা, এই কবিতাটিতে অনেক কাক আছে, যাহা পাঠক নিজের মর্ম্ম দিয়া পূর্ব করিবেন। বাহার সে মর্মের আবেগ নাই, তিনি ব্বিতে পারিবেন না। দেকপীয়র লিখিয়াছেন, কবি ও পাগল এক সম্প্রদায়-ভূক। পাগলের কথায় কতকগুলি শব্ম ও উচ্ছাস আছে, কিছু সমন্তটার কোন আর্থ হয় না ("Mere sound and fury, signifying nothing"); বড় কবির কথাও মারে মারে অসম্বন্ধ বলিয়া ঠেকিবে, কিছু ভার্ক তাহার কাকে কাকে গ্রু অর্থ পাইবেন, কাঠুরিয়া বেরুপ কোন খনির কাছে আদিয়া হঠাৎ মাণিক কুড়াইয়া পায়।

আমি সর্বাদাই বলিয়া আসিয়াতি, বিদ্যাপতি ও গোবিন্দদাসের পদে কাব্য-লন্ধী বেরপ নিজ কোঁটা খুলিয়া নানা জহরৎ ও মণিমুক্তা দেখান, চতীদাসের কবিডায় কাব্য-লন্ধীকে তেমন করিয়া পাওয়া যাইবে না । এদানে তিনি রহক্তমন্ধী, ভাবাবিষ্টা,—কাব্যলোকের উর্চ্চে যে ধ্যানলোক, তিনি সেই ধ্যানলোকের দিকেই ইলিত করেন বেশী। তিনি স্বস্ক্রভাষী; কিছু তাঁহার কথার মূল্য খুব বেশী, মহাস্কনের ক্ষি-পাথরে তাহা ধরা পডে।

কৃষ্ণকণ-দর্শনের পর রাধা নিজের আনন্দে নিজে মগা। তিনি জগৎ হইতে খতত্ত হইয়া পড়িয়াছেন, তিনি আনমনা, আবিষ্টা; তিনি একেলা বদিয়া থাকেন, স্বীগণের সৃষ্ধ্ আর ভাল লাগে না। কেহ কিছু বলিলে শুনিয়াও তাহা শোনেন না, খীয় আনন্দে বিভোৱ, ধ্যানমৃষ্টি।
ধ্যানের সার-বন্ধ কৃষ্ণকশ তিনি দেখিয়াছেন, কৃষ্ণ চারিদিকে সেই ক্লপের
সন্ধান করে; আবেশে নীলাভ কৃষ্ণমেঘের দিকে চাহিয়া ধ্যানছ হইয়া
যান—সেই কৃষ্ণবর্গ-মাধুর্ঘ্য তাঁহার নিশ্চল চক্ষ্র তারা যেন ভূবিয়া
যায়। কথনও বা মেঘের কাছে তিনি কাতরোক্তি করিতেছেন; কি
বলিতেছেন, কে বলিবে ? কিন্তু যক্ষ যেরূপ মেঘদ্তের কথা নহে;
এখানে রাধা কৃষ্ণের—কৃষ্ণ-ক্ষপের—কৃষ্ণবর্গের নমশ্ত প্রতীক-স্বরূপ নব
মেঘের উদ্য দেখিয়া ক্রটা হইয়াছেন, তখন যে কথা মুখে আমে, তাহা
পৃথিবীর ভাষা নহে—সে ভাষা দেবলোকের ভাষা। কোন মল্লিনাথের
সাধা নাই যে, সে ভাষার টীকা করে, স্বাহ চৈতক্স তাঁহার জীবন দিয়া
তাহার টীকা করিয়াছেন। রাধা

"আকুল নরনে চাহে নেবলানে কি করে মু' হাত তুলে।" ( চ )।

নেখের দিকে ছ'হাত তুলিয়া ডিনি কি যেন কি কথা বলেন!

এই 'কি জানি কি কথা' বুঝাইতে চাহিন্ন কৃষ্ণকমল তুইটি মর্মানানী গান রচনা করিন্নাছেন, তাঁহার "রাই-উন্নাদিনী" নাটকে তাহা আছে। একটির আরম্ভ এইরূপ:—(মেঘ-সম্বোধনে)

"ওহে তিলেক দীড়াও দীড়াও, হে এমন করে বাওয়া উচিত নয়। বে বার শরণ লয়, নিঠুর বঁধু, তারে কি বধিতে হয় ঃ"

### অপরটি---

"কি ভাবিত্রা মনে গাঁড়িতা ওখানে, একবাত্ত নিক্সকাননে কর পদার্পণ। একবাত্ত আদিরা সমকে দেখিলে কক্ষে, জানবে,—কত মুখে রক্ষে করেছি জীবন।" ( কু) রাধিকার এই ধ্যানাগারের নিজকতায় অপর সকলের প্রবেশ নিষেধ এখানে চাঁপা ফুলের মালা খুলিয়া ফেলিয়া তিনি স্বীয় নিবিড় আলুলায়িত কুম্বলের বর্ণশোভা দেখিতেছেন, সেই শোভায় আবিষ্ট হইয়া পড়িয়াছেন—"নাচলে নগনের তারা।" নবোদিত কুম্বমেঘের স্লিগ্ধ বর্পে কাহার দেহ-প্রভা দেখিয়া মৃত্মুত্ চকু অশ্রাসিক হইতেছে, এবং একদৃষ্টে ময়ুর-ময়ুরীর নীলমণি-পচিত কঠে কাহার বর্ণাভালের সন্ধান করিতেছেন ? এই অনধিগ্যা ধ্যানের কক্ষে চণ্ডীদান প্রবেশ করিয়া রাধার যে চিত্রটি আঁকিয়াতেন, ভাহা এইরপ:—

"রাধার কি হৈল অন্তর-বাণা,

দে যে বসিয়া একলে থাকরে বিরলে
না গুনে কাংর কথা।
এলাইয়া বেণী, ফুলের গাঁথুনি, থলারে দেখরে চুলে।
আকুল নয়নে, চাহে মেঘপানে, কি কহে ছু'হাত তুলে।
বিরতি আংহারে—রাঙ্গা বাদ পরে, যেমন যোগিনী পারা।
সদাই ধেয়ানে চাহে মেঘ পানে, না চলে নয়নের তারা।
এক দিটে করি, মর্থুবাযুরী, কঠ করে নিরীক্ষণে।
চতীদাস কয় নব পরিচয়, কালিয়া বধুর সনে।"

#### हेटाँव भव :--

"সদাই চকল, বসন অঞ্চল সম্বরণ নাহি করে। বসি খাকি খাকি, উঠয়ে চমকি—ভূবণ খসিয়া পড়ে।" ( 5 )

কাহার বাশীর স্থরের আভায শুনিয়া, কাহার নৃপুর-দিঞ্জিত পদ-ম্পর্শের পুনকে, জগতেব প্রতি রেণুতে রেণুতে বিদিত কাহার কৃষ্ণবর্ণের মাধুরিমা লক্ষ্য করিয়া রাধিকা চমকিত হইয়া উঠিতেছেন! চকল শাড়ীর অঞ্চল শরীর-মুক্ত হইয়া মাটীতে লুটাইতেছে এবং ভূবণ ধনিয়া পড়িতেছে, ডিনি ভাহা সংবরণ করিতে পারিতেছেন না। এই উন্মাদভাব লক্ষ্য করিয়া চণ্ডীদাস বলিতেছেন, রাধিকাকে "কোথা বা কোন্ দৈব পাইল দু" পায়েন এই গান গাহিবার সময়ে উর্চ্চে অকুলী নির্দ্দেশ করিয়া আখর দিয়া কিল্লানা করিয়া থাকে, "সে কোন্ দেবতা, রাধিকাকে যিনি এমন করিয়া পাইয়াছেন ?" পরবর্ত্তী সময়ে সে দেবতা নদীয়ার সোণার মাহুমটিকে এমনই করিয়া পাইয়াছিল, এজল্প তাঁহার জীবন-কথার ধারা চণ্ডীদাসের কবিতার টীকা হইয়াছে; নতুবা চণ্ডীদাসের কবিতার এই চিত্র, অক্ষের কাছে মহা-মাণিকোর লায়, সাধারণ পাঠকের নিকট মাটীর ডেলার মত হইয়া পড়িয়া থাকিত।

চণ্ডীদাদের রাধা ও চৈতত্তের মৃত্তি পাশাপাশি রাখিয়া দেখিবেন, একই ছবির ছাট দিক মাত্র।

চণ্ডীদাস লিখিয়াছেন:-

"ঘরের বাহিরে দতে শতবার তিল তিল আসে যায়।
মন উচাইন, নিবাস সখন, করম্ব-কাননে চায়।
রাধার এমন কেন বা হৈল।
সদাই চকল বসন-অকল,—সংবরণ নাহি করে।
বিশি থাকি', উট্যে চমকি', তুলণ থলিবা পতে।"

রাধামোহন চৈত্ত-স্থকে লিথিয়াছেন :-

"আছু হাম কি পেথকু নবনীপ-চল।
কর-তলে করই বরান অবলছ।
পূন: পূন: গড়াগতি করু গর-পছ।
প্রেন পেনে কুলবনে চলই একাল্ল।
ছল-ছল নহনে কমল ফ্রিলান।
নব নব ভাব করত প্রকাশ।"

এক জন "ফুল বনে চলই একান্ত" অপারে কদম্বকাননের দিকে দৃষ্টিপাত করিতেছেন। একজন তিল তিল দণ্ডে দশবার ঘর-বাহির হুইতেছেন,

## পদাবলী-মাধুষ্য

অপরে পুন: পুন: ঘর ও পথে যাতায়াত করিতেছেন। একজন নিক্রদ ইইয়া বসিয়া আছেন, উচ্ছ্ত্রাল শাড়ীর আঁচল সংবরণ করিতেছেন না, অপরে করতল দ্বারা বদন অবলম্বন করিয়া আছেন—ইহা একই চিত্রপট।

#### ৭। অনুবাদ

রাধা ঘর-সংশার আগ লাইয়া ছিলেন—স্থের সরঞ্জাম সকলই আছে; সংসারে দশজনের মত সংসারী সাজিবেন, গৃহস্থালী করিবেন-নববধ রাধার মনে কত সাধ। কিন্তু সহসা কাহার নাম শুনিয়া চমকিয়া উঠিলেন — যিনি তাঁহার আপন হইতেও আপন—এ যে তাঁহার স্বর ! সংসার বাঁহাকে পর করিয়া রাথিয়াছে, তথাপি যিনি প্রাণের প্রাণ, যুগ-যুগাস্তর ধরিয়া রাধা যাঁহাকে চাহিয়াছিলেন, যাঁহাকে পাইবার জন্ম কোন জন্মে কুটারে কোন জন্মে রাজপ্রাধানে, কোনবার সন্ন্যাধীর আর্ল্রমে, কোন-বার মুছাকেরখানায় –কত বার কত রূপে ঘুরিয়া বেড়াইয়াছেন –কখনও দেওড়া-গাছকে বি**ৰতক্ৰ-ভ্ৰমে পূজা করিয়া নিক্ষল হই**য়াছেন, কখনও বা মালতীহার-ভ্রমে সর্পকে গলায় জড়াইয়া দংশনের জ্ঞালায় ছটকট ক্রিয়াছেন—কথনও গলা-ভ্রমে কূপোদকে অবগাহন ক্রিয়া বিষাক্ত भौराप् (मटह लहेश आिंगाहिन, यथन विशादिन नियाहिन-"ভ্রভ্রচনাগ্রি"—দেইখানেই আদক্তির মোহে কাঞ্ন ব্লিগা কাচকে আঁকড়াইয়া ধরিয়াছেন—আজ দেই চির-অভীপিত জীবক্তখন ক্ষের নাম ভনিয়াছেন—তথনই কাণ সেই নাম চিনিল, নাম কাপের ভিতর দিয়া মর্মে প্রবেশ করিল, প্রাণ আপন জনকে চিনিতে পারিল। এইবার খোর খন-সংসার সবে সোণার শিকল গড়াইয়া আনিয়াছে-পায়ে পরাইবে—ঘোর আদক্তি জন্মিয়াছে—এই সংসার কেমন করিয়া ছাড়িবেন ? অপরদিকে থাহার নাম শুনিয়াছেন, তিনি যে জগতের সকল

কিছু হইতে আপন। নাম যে তুর্দান্ত দক্ষার মত দকল আসক্তি, দকল কামনা ভালিয়া-চুরিয়া আদিয়া পড়িয়াছে; হামাগুড়ি দিতে শিবিয়া ত্বস্তু শিশু যেরপ মায়ের সোণার গহনার বাক্ষাটা লইয়া টানাটানি করে, তাহার বড় সাধের আয়না, চিকণী, ফিতা টান দিয়া ফেলিয়া দেয়— মা কিছুতেই তাহাকে রোধ করিয়েত পারেন না—রাধার আজ সেই অবস্থা! মা তাহার মূল্যবান্ অলকারগুলি ক্ষোর করিয়া—কাড়াকাড়ি করিয়া শিশুর হন্ত হইতে রক্ষা করিতে চান, কিন্তু শিশু তাহা ছাড়ে না—নবোদ্যাত ছটি দাত প্রকাশ করিয়া হাসে—সে হাসির মত অবাধ্য অথচ প্রিয়, অভ্যাচারীর জোর এবং বিজয়ীর গর্কের মত সে হাসির ঘূর্ন্ত আনন্দ মাতার অপর সমস্ত চিন্তা। ভূলাইয়া দেয়, আজ রাধার নাম শুনিয়া সেই অবস্থা হইতেছে। সে নাম শুনিবেন না—সংসারের সকল ক্ষেবের বিশ্বকর কুলভঙ্গকারী নাম আর শুনিবেন না; পদ্মার মত উহা ঘর-বাড়ী ভালিতে আসিতেছে; রাধা বিব্রত হইয়া আপনাকে রক্ষা করিতে চেষ্টা ক্রিতেছেন,—

"পাশরিতে চাহি মনে, পাশরা না যায় গো' কি করব, কহবি উপায়।"( চ )

কর্ণ যে একমাত্র কথা শুনিবার জন্ত সহস্র কথা শুনিয়াছে, এবার তাহা শুনিয়াছে, অপর কথা শুনিবে কেন ? প্রাণ বাহাকে খুলিয়া শুত সহস্র বিষয়ের পিছনে পিছনে ছুটিয়াছে, আজ সে তাহা পাইয়া জুড়াইয়াছে, —মরীচিকার পিছনে সে ছুটিবে কেন ? ইক্সিয়গুলি সব বিদ্রোহী হইয়াছে—রাধা বলিতেছেন.—

ধিক্ রহ' আমার ইন্দ্রিয় আদি সব। সদা হে কালিয়া কামু হয় অমুভব।" ( চ )

একান্ত বিপন্না আজ রাধা, তাঁহার সর্বান্ধ গন্ধার আবর্ত্তে ভূবিয়া বায়, এসময়ে নাবিক যেমন নিঃসহায়ভাবে ভগবানের শরণ লয়, রাধা ভেমনি

# পদাবলী-মাধুৰ্য্য

বিশি তাহার সর্কনাশ করিতেছেন—ছর-ছাড়া, গৃহ-ছারা বিশিতেছেন, তাহাকেই ভাকিয়া বলিতেছেন "আমার রাজার কুল রাং, আমার চিরপ্রতিষ্ঠ সতীতের গোরব রাখ, িনংহলারেব মত অজের আমার বৈধ্য ও সংযম রক্ষা কর, আমার কুল-মান রাখ, এই আকাশ-শেশী নামাজিক প্রতিষ্ঠার অট্টালিকা রাখ,—আমার বড় সাধের গৃহস্থালী রাখ।" নাম-দস্ত্য তাহা তনিল না,—সমস্ত দর্গ, অভিমান, রমণার সর্কাশেষ্ঠ ভূষণ, লোকলজ্জা ও বৈর্ঘ্য ভাকিয়া চুরিয়া চুলের মৃটি ধরিয়া রাধাকে বাহির করিল। তথন কোথায় গেল কপিলাবিস্তর রাজপ্রান্দান, কোথায় গেল উত্তর-কোশলের বাজধানী অযোধ্যা, কোথায় গেল নদীয়ার শচীন্দায়ের স্নেহ-নীড ও বিষ্ণুপ্রিয়াব প্রেমকুল, প্রিথেত্ত্বীব রাজপুরী—মৃতিত যতক, করম্ব-হন্ত, যক্ত-স্তেহীন, শিখাশ্যু, সংসারের সর্ক্ত-সংস্কার-মৃক্ত এক মপাশ-বিদ্ধ, অনবন্ধ মৃতি বাহির হইলা, ঘবের বাহিব হইবাব পূর্ব্বে রাধা একবাব সথীদেব মুখের দিকে চাহিয়া বলিয়াছিলেন,

্ 'আছে শুধু প্ৰাণ বাৰ্কি— তাও ৰুঝি যায সখি, কি করব কহবি উপান্ন'? ( গুণা)

আমাৰ সাংসাধিক জীবনেব অবসান হইয়াছে, প্রাণ আছে, কিন্তু তাহা সাংসাধিক প্রথ-ছাথে আর সাড়া দেয় না।' স্থীবা বলিতেছেন— স্থাম একব'র ধাহাকে ধরেন, তাহাকে ছাডেন না, তুমি তাঁক ব পায় ধবিরা বল "আমায় নিও না"

नाम्। नस र म क्य

শাম তো ছাড়িবার নর

প র যদি ধর গিয়া পায় "।

ল'ধা তথন ক্লফেব পাছে ধরিলেন,—সেই চরণ-কমলই পাইলেন, আবে কিছু পাইলেন না। তথন "স্কলই পাইয়াছি", বলিছা সেই চরণ-কমল শিরোধাধা করিছা লইলেন। সে পথে যাইব না বলিয়া পা' কিরাইয়াছি, তব্ও পা' সে পথে গাঁৱাছে; জিহ্বাকে সংযত করিয়া বলিয়াছি, কৃষ্ণনাম লইও না, জিহ্বা দে নাম ছাড়ে নাই; থাহার নাম ভানিব না বলিয়া সম্ম করিয়াছি, কিছ্ব প্রসঙ্গে কেহ তাঁহার কথা উথাপন করিলে কাণ অতর্কিত ভাবে সেই নাম অভিনিবিট হইয়া ভনিয়াছে। সংসার হিরণ্যকশিপুর মত যত উৎকট বাধার স্বান্থ করিয়াছে, রাধিকার প্রাণ প্রহ্লাদের মত প্রবল বেগে সে বাধার্যলি অভিক্রম করিয়াছে.—

"যত নিবারিয়ে তায় নিবার না বায়,
আন পলে ধায় পদ কায় পলে ধায়।
এ ছার বাসনা মোর হইল কি বায়,
যায় নাম নাহি লব লয় দেই নাম ঃ
যে কথা না গুনিব করি অলুমান,
পর-সঙ্গে শুনিতে আপিনি যায় কাণ ঃ
এ ছাড় নামিকা মুক্তি কত কর বন্ধ।
তবু তো দায়ণ নাসা পায় শাম-গন্ধ ঃ
ধিক্ রহ এ ছাড় ইন্সিয় আদি সব।
সদা যে কালিয়া কায় হয় অমুতব।" ( চ )

দশ ইন্দ্রিয় করবেংড়ে তাঁহার পূজা করিতে দাঁড়াইয়াছে। নব মন্ত করী "ব্যমন অকুশ না মানে" রাধিকার মন কিছুতেই দেই ইন্দ্রিয়ের গতি ধিরাইতে পারিতেছে না।

অন্তান্ত কবিদের রাধাকৃষ্ণ মানদ-ব্রদের রাজ-হংস, তাঁহাদের সীলাই বেলী করিয়া চক্ষে পড়ে। কিন্তু চণ্ডীদাদের রাধার নিকট কৃষ্ণ-প্রেম আসিয়াছে বন্তার মত। অপরাপর কবিরা কেহ এই প্রেমকে ঠেকাইয়া রাখিতে চান নাই, কারণ তাহার বেগ এত প্রলয়কর নহে। কিন্তু চণ্ডীদাদের রাধা 'রাগাফুগা' প্রীতির সর্বোচ্চ দুরান্ত—সে দুরান্তে আমর।

শুধু চৈত্ত্ত-দেবে পাই! যখন উহা আদে, তখন ভালিয়া চুরিয়া আদে, সমত বাধা চুর্ণ করিয়া গলার মত সংগীরবে বিজয়-বার্তা ঘোষণা করিতে করিতে আদে।

এখানে একটা অবাস্তর কথা বলিব। বৈশিদ্ধ অত্যন্ত ছু:খনির্ভির জন্ম ইন্দ্রিয়গুলিকে একেবারে নির্মূল করিতে চাহিয়াছিল।
কিন্তু বৈঞ্বেরা বলেন, জগতের কিছুই মিধ্যা বা অব্যবহার্য নহে।
এই ইন্দ্রিয়গুলির যে ছ্র্দিমনীয় শক্তি, তাহা ভগবানের মন্দিরে
পৌছাইবার প্রকৃষ্ট পছা, এ জগতের খড়-কুটো সকলটা দিয়াই
বিশের প্রয়োজন আছে। রাধিকা ইন্দ্রিয়ের ছ্র্দ্মনীয় স্রোভঃ দিয়া
সেই পথে যাইতেছেন, যে পথ দিয়া গেলে ডিকি "অভিমে লাগিবে গিয়া
ভিত্তির গাটো।"

আমি বৈঞ্ব-কবিতা প্রস্কে একস্থানে লিখিমাছিলাম—এই প্লাবলী থেন সম্প্ৰ-ম্থী নদীর প্রোত:—ছই কুলে মন্থ্য-বসতি, জমরগুঞ্জিত পুস্পবন, হাটের কলরব, পথিকের রহজালাপ, গোচারণের মাঠ, শিশুর কাকলী-ম্থরিত মাতৃ-অঙ্গন, স্থাদের থেলাধ্লা,—নদীর যাত্রাপথের ছই দিকে কত দৃষ্ঠ—কত মন্দানিলচালিত, কেতকীকুন্দ-গন্ধামোদিত উপবঁন, কত গোণার ফসলে হাজম্ম দিবলয়ে দিধধ্দের অঞ্চলীলা। গাথিব সকল দৃষ্টই ছ্'ক্লে দেখিতে দেখিতে নৌকার পাছ চলিতে থাকিবেন। কিন্তু হথন মোহনায় পৌছিবেন, তথন দেখিলোন, দ্বে অক্ল-প্রসারিত অনস্থ সাগর, স্থোনে সমন্ত কলকোলাইল থামিয়া দিয়াছে, স্থোনে জগতের সমন্ত রহজের নির্কাক্ ধ্যানম্ত্রি। বৈঞ্ববিরা জগতের কোন কথাই বাদ দেন নাই, কিন্তু সকল কথার সক্ষেই শর্মার্থ-কথার খোগ রাখিয়াছেন; এই সাহিত্য-ধারার স্ক্রিউই সমুদ্রের হাওয়া থেলে, এখানে মোহনা বন্ধ হুইয়া নদী বিলে পরিণত হয় নাই;

অনস্থের সঞ্চে এই যে যোগ—ইহাতে বৈষ্ণব সাহিত্যের সর্ব্বে এক পাবনী-শক্তি বিদ্যমান। এই বৈশিষ্ট্য সাধারণতঃ পৃথিবীর অক্স কোন সাহিত্যে দৃষ্ট হয় না, বৈষ্ণবশদ রস ও রহস্তের সংমিশ্রণে অপূর্ব্ব হইয়াছে। আমরা যতই কেন কুন্ত না হই, অনস্বের সঙ্গে যোগ থাকাতে আমাদের ভবিষ্যৎ সম্ভাবনা অনস্ত ; মাহ্য কোথায় যাইতেছে, এত ইটাইটি—এত ক্লান্তি, এত অবসাদ, এত হুথ-হুংথের পরিণাম কি, তাহা আমরা বলিতে পারিতেছি না। কিন্তু আমাদের এই হুর্গম পথ যে ভবিষ্যতের বহু দৃর পর্যান্ত এবং আমরা যে এই পথের কুন্ততম একাংশ মাত্র পর্যান্ত এবং আমরা যে এই পথের কুন্ততম একাংশ মাত্র পর্যান্ত এবং আমরা যে এই পথের ক্রতেছি। বৈষ্ণব কবিতার প্রতি পৃষ্ঠায় এমন হুই একটি ছত্র পাওয়া যাইবে, যাহাতে সেই অনস্ত পথের আভাস আছে, এই ক্লা এই কবিতা-গুলি রিদক পাঠকের যেমন উপভোগ্য, তাহা হইতে যাহারা বেশী কিছু চাহেন, সেই রপ পাঠকেরও তেমনি বা ততেথিক উপভোগ্য। এই রস-ধারা মর্ত্রের পথেই চলিয়াছে, কিন্তু মনে রাথিতে হুইবে—ইহা বিষ্ণুপদচ্যুতা। জ্বদেব বিধিয়াছেন,—

যদি হরি-শ্বরণে সরসং মনো-যদি বিলাসকলাস্থ কুতৃহলং। মধুরকোমলকাস্থশদাবলীঃ পুণু তমা জগদেব সরস্থতীম্।

যাহারা ভগবংপ্রসঙ্গ শুনিতে চাহিবেন এবং যাহারা পার্থিব প্রেমের আস্বাদ প্রত্যোশা করেন, সেই উভয়বিধ পাঠকের তৃত্তির উপকরণ গীত-গোবিন্দে আছে।

চণ্ডীদাশ ধ্থন নাম-ভণের কথা বলিতেছেন, রাধ্যকে নীলাম্বরী শাড়ী ছাড়াইয়া গৈরিক বাদ পরাইতেছেন, তাঁহাকে দিয়া উপবাদ করাইতেছেন ("বিরতি আহারে, রাজা বাদ পরে"), তথন আম্রা সত্যই সেই পারমার্থিক ইন্ধিত বৃথিয়াছি। এই উপলক্ষে কবি আরও প্রতিই করিয়া বলিয়াছেন "বেদন বোগিনী পারা।" রাধার ভাব-বিহ্বলতা বাড়িয়া যাইতেছে, তিনি জগ ছাড়িতে পারিতেছেন না, নাম—"বদন হাড়িতে নাহি পারে"। কোন কোন স্থানে রাধিকা মন্দিরের পুরোহিতের ক্রায় মন্ত্রণাঠ করিতেছেন,—

"অথিলের নাথ,

তুষি হে কালিয়া,

যোগীর আরাধ্য ধন.

গোপ-গোয়ালিনী,

হাম অতি দীনা

ना जानि डबन शृजन।"

"বঁধু কি আর বলিব আমি,

আমার জীবনে মরণে

জনমে জনমে প্রাণ-বঁধু হইও তুমি,

ভোমার চরণে .

আমার পরাণে

বাধিল প্রেমের ফাসি

সৰ সমপিয়া

এক মন হৈয়া

निक्त हरेनाम नामी" ( ह )

এই গানটি কিছু কিছু পরিবর্তন করিয়া ব্রাহ্মণণ তাঁহাদের ধর্মসঙ্গীত-গুলির মধ্যে স্থান দিয়াছেন। ['বঁধুর' স্থানে 'প্রভো', "জনমে-জনমে"র স্থলে "জীবনে জীবনে'', "ফাঁনি"র স্থলে "ফাঁন'', স্থভরাং দাসীর স্থলে 'দাস'] এই গানটি সম্বন্ধে পরে আরও কিছু লিখিব। এরূপ অনেক পদ আলোচনা করিলে দেখা যাইবে, চণ্ডীদাসের মূল হার কোথায় ? তিনি জগতের ভিতর দিয়া জগদীখরকে দেখিয়াছিলেন,—তিনি পেংন্মন্দিরে তাঁহার সাক্ষাংকার লাভ করিয়া লিখিয়াছেনে,—

"अक्षां वानियां बाहरत त वन,

কেহ না জানরে ভারে.

প্রেমের আরতি বে জন জানত্তে,

त्महे त्म **किनिएड भारत** ।" (5)

এই প্রেম-তীর্থের পথিককে আমাদের এত ভাল লাগে এইজন্ত যে, বিষ্ণুপর্যা যেরূপ গল্প শুনাইতে যাইয়া রাজকুমারদিগকে নীতি-শিক্ষা দিহাছিলেন, চণ্ডীদাসও তেমনই মাছ্যী প্রেমের কাহিনী থারা দুৰ্
করিয়া তাঁহার দেশবাদীকে দর্ক কথার মধ্যে বাহা দার কথা তাহাই
শিখাইয়াছিলেন। ভাল গায়েনের মুখে কীর্জন না শুনিলে বৈক্ষব
কবিগণের পদের অর্থ সমাক বুঝা ফাইবে না। যেরূপ গাছ-গাছড়ার
উপাদানের দক্ষে না মিশাইলে ভেষক সার্থক হয় না, সেইরূপ কীর্জনের
আসরে না গেলে মহাজনগণের স্বরূপ আবিস্কার করা অনেকের পক্ষে
ভ্রুর হইবে।

## ৮। গৌরদাস কীর্ত্তনীয়া

আমি অনেক ভাল ভাল কীর্ত্তনীয়ার কীর্ত্তন শুনিয়াছি। বর্দ্ধমানের বিদিক দাস, কুষ্টিয়ার শিবু, বীরভূমের গণেশ দাস প্রভৃতি প্রশিদ্ধ গায়েনদের কীর্ত্তনে মৃদ্ধ হইয়াছি, কিন্তু নদীয়ার পৌরদাসকে ঘেরুপ দেবিয়াছিলাম, সেরপ আর কোন কীর্ত্তনীয়াকে দেবি নাই। এক সময়ে আমি ইংরেজী ও সংস্কৃত নানা কাবা পাঠে আনন্দ পাইতাম, কিন্তু পান্ধ যেরুপ নানা স্থান দুরিয়া শেষে বাড়ীর ঘাটে নৌকা বাধিয়া সোয়ান্তি পায়, আমি জীবন-সায়াকে সেইরূপ কীর্ত্তনের আনন্দে অন্ত সমন্ত স্থব ভূলিয়া গিয়াছি। দৌর দাস কীর্ত্তনীয়ার মধ্যে যে ভক্তি, প্রেম ও কাব্যের বিকাশ দেবিয়াছি, তাহাতে আমার মন একবারে কীর্ত্তনে মন্ত্রিয়া গিয়াছিল। পৌরদাসের বর্ণ ছিল কালো, দেহ ছিপছিপে, মৃখ-চোবে প্রতিভার কোনই ছাপ ছিল না। পথ দিয়া চলিয়া গেলে ভাহাকে অভি সাধারণ লোক বলিয়া মনে হইত। মৃত্যুর পূর্ব্বে তাহার বয়স হইয়াছিল ৪৮।৪২। এই লোকটি গানের আসরে নামিলে ভাহার রূপ বদলাইয়া যাইত, দে নিজে না কাদিয়া শত শত লোককে অক্রেলে ভাগাইয়া লইয়া যাইত। দে ছিল সংগীতাচার্যা। তাল মান এ সকল ছিল ভাহার আক্রাকারী ভূত্য, কিন্তু প্রেমের

অলৌকিক প্লাবনে মনে হইত, তাহার সন্ধীত-বিদ্যার কোন নিয়ন্ত্র দিকে দে দুক্পাত করে না, অথচ দে যেদিকে একটু হাতের ইদিত করিয়াছে, কি প। বাড়াইয়াছে, সেইদিকেই তাল-মান রাজার ছকুমে নকরের ন্যায় ছুটিয়া গিয়াছে। আথরগুলি তাহার হৃদয়োচ্ছাদ হইতে শত শত স্বৰ্ণদেৱে তাম ফুটিয়া উঠিয়াছে এবং তাহার সাবলীল কঠের বিলাপময় আলাপের পাছে রাগ-রাগিণী পতি-বিরহিতা স্ত্রীর ন্যায় পাগল इरेश इंग्रिटिड्ड। आमि এরপ কীর্ত্তন আর শুনি নাই, তাহার ৪।৫ ঘন্টার কার্ত্তন এক নিমেষের মত কোথা দিয়া চলিয়া গিয়াছে, তাহা বুঝিতে পারিতাম না। গৌরদাস সত্য সতাই এই পুথিবীতে স্বর্গরাজ্য স্থাপন করিবার শক্তি রাখিত। গোষ্ঠ গাহিতে গাহিতে সে প্রাবন্ডে কুষ্ণস্থাদের যশোদার আঁকিনায় আনিয়া উপস্থিত করিত, দে যথন "গগনে হইল বেলা যত শিশু হয়ে মেলা রে—উপনীত নন্দের ভবনে" "কিবা বেণু-বীণা-ৰ'শী রব.কররে রাখাল দব" পাহিত, তথন যেন আকাশ-পটে চিত্রিত স্থরঞ্জিত প্রভাত দৃষ্ঠাকে সকলের প্রত্যাক্ষে উপনীত করিত। ইহার পরে "বাওত ব্যামচন্দ মলিয়া পাগড়ী মাখে" গাহিয়া স্বৰ্ধপ্ৰথম স্থামকে উপস্থিত করাইত। সে রপ-বর্ণনা অপূর্ব। অ্লামের মাথার পর্গ কৃষ্প্রেমের আবেশে বারে বারে ধসিয়া পড়িতেছে,—"পগ নটপট শিরে". তাহার গলায় মতির হারের সঙ্গে "গো-বাধন দড়ি" ঝুলিতেছে—"ক ট চম্পকদল নিশিক" ভাছার বর্ণ। তৎপর অপরাপর সধার বর্ণনা, ভাহাদের প্রভাকের ভিন্ন ভিন্ন क्रभ, किन्न किन्न व्यान्न माना क्रम नामा हिन्द के का होता नकरन এক ডুরিতে বাঁধা, তাহা কুক্সপ্রেমের ডুরি। চিত্তের পুরুলীর স্থায় তাহারা একে একে নন্দের ভবনে উপস্থিত হইয়া দাদা বলাই-এর আগমন প্রতীকা করিতেছে। স্থবলের সঙ্গে ক্ষেত্র অনেক তর্ক-বিতর্ক চইয়া গিয়াছে। হ্বল বলিতেছে, "এই বুন্দাবনে তো সকলেরই মা আছেন. ভোমার মা ইহাদের উপরে গেলেন কি করিয়া ? আমরা ভো মায়ের নিবেধ না মানিয়াই আসিয়াছি। ভোমাকে ছাড়া আমরা ধাকিতে পারি না—

> যথন মায়ের কাছে খুমিয়ে থাকি, তথন খণনে কৃষ্ণ কৃষ্ণ বলো ডাকি।

সতাই ইহার। ক্লফ-প্রেমে তক্ময়। ক্লফ বলিলেন, "দেখ 'আমি চুড়া বেলে ধড়া পরে বনে রছেছি—সে ভোনাদেরই আক্ত—মায়ের আদেশের প্রতীক্ষায়। আমার মা যে আমাকে ছাড়া তিলাগ্ধও থাকিতে পারেন না—ইহার উপায় কি ? যদি আমি না বলিয়া চলিয়া গেলে মা মার। যান, তবে ভাই কি করিব ? সত্যি সত্যি বল্ছি—

> একদিন নবনী পেরেছিলেম লুকাইরে। মরিতেছিলেন মা মামার না দেখিরে। (শে)

স্থবল ছাড়িবার পাত্র নহে। স্থাদের বিশাস তাহারা রুঞ্জে ফেরপ ভালবাদে, মা যশোদাও তাহাকে সেরপ ভালবাদিতে পারেন না। দে বলিতেছে—

"জানি রে তোর মারের প্রেম বত ভালবাদে,

সামান্ত ননীর লাগি বেঁধেছিল গাছে !"

তোর ছ'ধানি কোমল কর স্পর্শ করিতে আমরা আশকায় মরি, পাছে আমাদের কঠোর স্পর্শে তাহা ব্যথিত হয়, কোন্প্রাণে মা যশোদা সেই কোমল হাত ছ'থানি দড়ি দিয়া বেঁধেছিলেন? সেই দড়ির দাগ এখনও তোর হাতে আছে, একটুখানি ননীর জল্প এত বড় শান্তি দিলেন, সেই বাঁধার দাগ আমাদের বুকে শেলের মত বিঁধিয়া আছে!

বমল জজুন যে দিন পড়েছিল গাঁগ, সে দিন তোর মা নকরাৰী আছিল কোবার ? ভিনি এত বড় হুটো অর্জুন গাছের সক্ষে তো দড়ি দিয়া শিশুটিকে বাধিয়া গেলেন, কিন্তু যথন সে হুটো গাছ ভোর ঘাড়ে পড়িন, তথন নন্দরাণী কোথায় ছিলেন—আমরাই তো ভোকে আসিয়া বাঁচাইয়াছিলাম !"

এই তর্ক-বিতর্কে মা যশোদার আদিনা ম্থরিত হইয়া উঠিল।
সথারা কাঁদিয়া বিভার হইডেছে, রাণীকে বলিডেছে—"আমরা তোমার
গোপালকে চারিদিকে ঘিরিয়া থাকি, 'সকল রাখাল মিলি, মাঝে থাকে বনমানী'
কাছর পায়ে একটি কুশাকুর ফুটিলে আমাদের প্রাণে বিবিধ।" তাহারা
যশোদাকৈ অনেক অন্থনয় বিনয় করিল—ক্রফের দিকে চাহিয়া সজল চকে
বিলল, আমাদের মত "বিনি কড়িতে হেন নকর কোখা পাবি?" সে সকল
উচ্ছেসিত আবেদন নিবেদনে যশোদার মন কভকটা গলিয়া গেল। তিনি
কৃষ্ণকে সাজাইতে বসিলেন—বিবিধ অলকারে ক্লফের অঙ্গ ঝলুমল্ করিতে
লাগিল, কৌটা খুলিয়া অলকা-ভিলকা পরাইলেন, চন্দনের ফোটায় যেন
"ক্পালে চাদের উদয়" হইল। সমস্ত দেবতাকে ডাকিয়া রাণী কায়্কেকে
কাননে রক্ষা করিবার অঞ্চল প্রার্থন। করিতে লাগিলেন।

এইবার স্থাদের সক্ষে কৃষ্ণ গোঠে বাহির হইবেন। বাণী কাছর পায়ে নুপুর পরাইতে পরাইতে ভাবাবেশে সাঞ্চনেত্র হইলেন; কিছু পায়ে আল্তা পরাইবার সময়ে আর নিজকে সামলাইতে পারিলেন না, তথন কাদিয়া বিবসা পাগলিনীর স্থায় রাণী আজিনায় বসিয়া প্রজিলেন এবং বলিলেন—"আমি কিছুতেই আজ গোণালকে গোঠে বাইতে দিব না। তোরা যদি জোৱ করুবি, তবে মাত্রধের দায়িক হবি।"

সধান্তা মাধায় হাওঁ দিয়া বসিয়া পড়িল।

এই সময়ে তাহানিগের মনে নৃতন আশার সঞ্চার করিয়া আকাশে বলরামের শিপ্তা বাজিয়া উঠিল। যাদা বলাই আসিতেছেন, স্বভরাং যশোদা ভাঁহার সংশ আঁটিয়া উঠিতে পারিবেন না। বাকশী-পানে
মন্ত বলাই আসিতেছেন; কবি বলিতেছেন, বলাই-এর বাকণী বিশুদ্ধ
কৃষ্ণপ্রেম, ভিনি একটু ভোত্লা, (নিত্যানন্দ একটু ভোত্লা ছিলেন,
কবিরা বলরামে তাহাই আরোপ করিয়াছেন), টলিতে টলিতে বলাই
আসিতেছেন, শিঙাম কানাই-এর নাম একটু ঠেকিয়া ঠেকিয়া
আসিতেছেন, 'কা-কা কানাই' বলিতে বলিতে আসিতেছেন, ভাঁহার
ম্থপলু কৃষ্ণ-প্রেমাশ্রতে ভাসিয়া যাইতেছে। মা রোহিণী বেখানে বেটি
সাজে, তাই দিয়া বলাইকে সাজাইয়া দিয়াছেন।

"গলে বনমালা হাতে তাড়-বালা, শ্ৰবণে কুণ্ডল সাজে।
ধব-ধব-ধব ধবলী বলিয়া ঘন ঘন শিঙা বাজে।
কিবা) নব নটবর নীলাম্বর লক্ষে কম্পে জাপুয়ে।
মদে মাতল কুপ্পর-গতি উলটি পালটি চাপুরে।"

এই হুদর্শন শুক্রবাস্তি বিরাট্ দেহ বলদেবের পদভরে ধরিত্রী কম্পিত হইতেছে। মাতাল বলাই বলিতেছেন, "বির বহ ধরনী"—পৃথিবীকে এই ভাবে আখাস দিয়া আসিতে আসিতে বুন্দাবনের প্রাতঃ-সূর্যাকরে প্রতিবিধিত স্বদেহের বিরাট্ ছায়া দেখিয়া তিনি মনে করিলেন, সভাই রন্দাবন দখল করিতে কোন প্রবল আগন্ধক অভিযান করিয়া আসিয়াছে, তখন মত্ত বলাই ছায়াকে জিল্পাসা করিতেছে "তুই কে, পরিচয় দে দু আমি কা-কা কানাই—এর দাদা, জানিস্ আমি কত বড়!" বলাই বলিল না, যে তাঁহার হলকর্বণে জগৎ উল্টিয়া যাইতে পারে, সে বড় বড় অফ্রকে অবলীলাক্রমে বধ করিয়াছে। বুন্দাবনে সমন্ত রাজসিক দর্শ ভাসিয়া গিয়াছে, কৃষ্ণপ্রেম ছাড়া সেখানে গৌরব করিবার কিছু নাই। তাই সে পরম দর্শে নিক্ষ ছায়াকে বলিতেছে, "জানিস্ আমি তাই কানাই—এর দাদা", এই শক্ষব বাব্যের উচ্চারশ্বাল তাহার অমরপুঞ্জর কায় ক্ষ্মল-

রুষণ জ্র-মূগল কুঞ্চিত হইল। তাঁহার হতের আন্দোলন ও মূধ-ভঙ্গী ছায়ায় প্রতিবিধিত হইল। তথন শক্রুর উত্তেজনা ভ্রম করিয়া বলদেব সত্যই রাগিয়া গেলেন।

> "আপন তমু ছারা হেরি, রেবাবেশ হই, হ'হ'পথ ছোড়াই বলি—অঙ্গুলি ঘন দেই। কর পাঁচনি ককে দাবি, রাঙ্গা ধূলি গায় মাথে, কা-কা কা-কা কানাইয়াবলি ঘন ঘন ভাকে।"

এই মন্ততা, এই শ্বলিত পদ, বিভ্রান্ত বাক্, নিজের ছায়ার সহিত লড়াই, স্বদর্শন বলাই-এর গতিবিধি সম্ভই রুফপ্রেমের ছাপ-মারা ;এজয় প্রফুটিত খেতপদ্ম যেরপ জলের উপর ভাসে, সেইরপ তাঁহার মূর্ষ্টিত আঁকা রুফ-প্রেম সমন্ত উদ্ভান্ত ব্যবহারের মধ্যে ফুটিয়া উঠিয়াছে। তোত্লার কানাই বলিতে কা-কা কানাই ও ধবলী বলিতে ধব-ধব-ধব ধবলী বলিতে যাইয় মৃথে লালা পড়িতেছে, কবি তাহার মধ্যেও অপরপ সৌন্ধঃ আবিকার করিয়াছেন।

"বলাই-এর মুধ যেন বিধুরে, বুক বহি পড়ে মুধের নাল বেন খেত কমলের মধুরে।"

বলদেবকে দেখিয়া যশোদা ভীত হইলেন, এবার আর কৃষ্ণকে রাথা যাইবে না। তিনি মিনতি করিয়া বলিলেন, "গোপাল অতি শিশু, কোন বোধ-সোধ নাই—সে কাপড়খানি পর্যান্ত পরিতে শিবে নাই, নন্দালয়ে আসিবার পথে কাপড় খসিয়া পড়িলে সে ধমকিয়া শিড়ায়, এদিকে কাপড় পড়িয়া পিয়া তাহার ন্পুরসহ পা ত্'থানি বেড়ীয় মত জড়াইয়া ধরিয়াছে, ইাটিতে পারে না, তখন ত্'হাতে চক্ ঢাকিয়া রাআয় দিড়াইয়া কাদিতে থাকে, এমন অসহায় অবহায় আমি কত বার খুঁজিয়া পাইয়া ভাহাকে বাড়ী লইয়া আসিয়াছি, তোরা এমন শিশুকে বিপথস্ল পোঠে লইয়া য়াইবি কোন প্রাণে ?"

যশোদার এই বাৎসল্য অতুলনীয়। কংস-ধ্বংসকারী, বক-কিশ্মির-कालीय-विध्वश्मी, भूकनावाकमीव खनमङ् आन-लायनकाती, यमनार्व्ह्रानार-পাটক পরম পুরুষবরকে তিনি যে চক্ষে দেখিয়াছেন, তাহা মাত-স্নেহের প্রতীক। মাতা জগজ্জাী বীর পুত্রকেও শিশু বলিয়াই মনে করেন। যিনি জগতে মহাবিপ্লব ঘটাইয়া শক্তিশালী সাম্রাজ্য স্থাপন করিয়াছেন, তিনিও মায়ের কাছে শিশু, তাঁহার ক্ষ্ণা-তৃষ্ণা ও আধি-ব্যাধি দুর করিবার কথাই শুধু তিনি দিনরাত চিন্তা করেন। যদি মুহুর্ত-কালের জন্ম তিনি পুত্রের শৌর্য-বীর্য্যের কথা স্মরণ করেন, তখন জ্গংপালনকারী রদ-ভোষ্ঠ বাংদল্য আর তাঁহার মনে স্থান পাইতে পারে না। ভগবানের পালনী-শক্তির মুর্ত্ত প্রকাশ সম্ভানের প্রতি মমতার অবসান হইলে জগং-রকার প্রধান আর্র্য ভারিয়া পড়ে. কুটীরের প্রধান অবলম্বন শালের খুঁটিটীর অন্তিত্বের বিলোপ হয়। বৈষ্ণব কবিরা দেরপ রস-ভন্ন করেন নাই। একদিন মাত্র ফশোদা মৃহর্টের জন্ম বিন্দুর মধ্যে প্রতিবিধিত ষড়ৈশ্বর্যাশালী বিশ্ব-রূপের প্রকাশ বুঝিতে পারিয়া স্নেহ-রিক্তা ও বিশ্বিতা হইয়া জগৎ অন্ধকার দেপিয়াছিলেন; তাঁহার ক্রোড়ের অতি কুত্র শিশুটির মধ্যে বিশ্ব-শক্তির স্বরূপ দেখিয়া তিনি অধীর হইয়া পড়িয়াছিলেন, এজন্ত বাল-গোপাল হা করিয়া মাতাকে যাহা দেখাইয়া চমংকৃত করিয়াছিলেন, সে রূপ তিনি তথনই अप्रयम क विरागत ।

গৌরদাদের মূথে এই গোষ্ঠ শুনিতে শুনিতে ভগবানকে কিরপে সধ্য-ভাবে পাওয়া যায়, তাহা আমি আভাদে বৃত্তিয়াছিলাম। জগৎ উাহার গীলাত্বপ, সম্পূর্ণকপে তাহার উপর নিজকে ছাড়িয়া দিয়া, তাহাকে প্রাণাপেক্ষা ভালবাদিয়া, তাঁহার সহিত সম্পূর্ণকপে বৈষমা-ভাব-বিশ্বিত হইয়া কিরপে দেই স্বর্গীয় গীলায় যোগ দেওয়া যায়, গোষ্ঠ-

গানে তাহ। বুঝিয়াছিলাম। এই সধারা কৃষ্ণকে কথনই মান্ত করে নাই— ( "আমরা সামান্ত ভেবে কথন মান্ত করি নাই" (কৃ), "কত নেরেছি গরেছি, কানে করেছি, व्यक्ति", निष्क कलि शहेश छेहा छान नाशित छेक्छिहे छाहात मूत्र দিয়াছি "আপনি খেলে খাওয়ালেছি"। এটি ব্ঝিতে হইবে, বুলাবনের পুজার বিধি সম্পূর্ণ স্বতন্ত্র রক্ম। এখানে ভক্তি-শ্রদ্ধা রদাতলে গিয়াছে, এখন মনের উপর আইন-কায়নের জোর-জবর্দ্ধন্তি নাই, স্বেচ্ছায় তাঁহাকে সর্বান্থ দিয়া ঠিক নিজের মত ভাবিলে, তবে লীলায় যোগদান করার অধিকার হয়। যদি স্থারা প্রতিদিন প্রত্যুবে উঠিয়া গলা-সান করিয়া, নিত্য-নৈমিত্তিক সন্ধ্যা-তর্পণাদি সমাধাপুর্বাক অবপ্রতাবে গ্রামৃত্তিকার ছাপ पिया, नৈবেভ मालारेया शृकाय विमया गारेठ, তবে कि তাহার। ক্রফের থেক হইতে পারিত? রাধার পা ধরিয়া কৃষ্ণ মান ভালাইতেছেন কিংবা স্থারা তাঁহাকে উচ্ছিষ্ট খাওয়াইতেছেন-এক্থা বৈধী ভক্তির শান্তে নাই; গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায় বলিতেছেন—''দব অবিধি ন'দের বিধি'--- যাহা কিছু অশান্ত্রীয় তাহাই নদীয়ার শান্ত। ভক্তি ও প্রেমের রাজ্যে ইহার অধিক স্বাধীন মন্ত অন্ত কোন ধর্ম-সম্প্রদায় (मश्राहेट भातिघाट्म विनया जानि ना। ठछीनांन व्याहेघाट्न, সম্পূর্ণরূপে তচ্চিস্তাশীল, তদধিকৃত, তরায় ভয়-লাজ-শরা-বিরহিত ও একাস্কভাবে সমতাপর না হইলে কৃষ্ণপ্রেম-লাভ হয় না। এজন্ত িনি রাধার প্রেম-বর্ণনাকালে অলকার-শান্ত্রোক্ত সমস্ত উপমান ও ৈপ্রকা অগ্রাহ্ করিয়াছেন--

> ভালু কমনে বলি দেহ হেন নহে, হিষে কমল মরে, ভালু রথে রহে। কুহ্ম-মধূপে বলি সেহ নহে তুল, না আমিলে এমর আপেনি না বার কুল।

চাতক জলদে বলি সে নহে তুলনা,
সময় না হৈলে না দেয় এক কণা।

কি ছায় চকোর-চার ছহ' সম নহে,

অভুবনে হেন নাই, চতীদাস কহে।"(5)

একজন মরিয়া যায়, অপর ক্থে থাকে, এ আবার কেমন প্রেম ? একজন আদিলে মিলন হইবে, দে ন। আদিলে অপরে তাহার স্বস্থান ছাড়িয়া একট্ও নড়িবে না, দেই প্রসাদাকাক্ষীর আবার প্রেমের বড়াই কোথায় ? একজন বিন্দু-কুপার জন্ম প্রতীক্ষা করিয়া থাকিবেন, অপরে ঠিক ঘড়ি ধরিয়া তাহার হবিধাহুদারে যৎকিঞ্চিৎ দিবেন, তথন না হইলে দিবেন না, এতাে রাজবাড়ীর অতিথিশালার বরাদ-মাদিক ভিকাদান, এথানে প্রেম কোথায় ? আর একজন অত্যূর্জে বিদিয়া শীয় অপূর্ক বৈভব লইয়া দর্শ করিবে, অপর ব্যক্তি ক্তৃত্তম ভিকৃর স্থায় তাহার কথা-প্রসাদের আকাক্ষ। করিয়া থাকিবে, ছই জনের পদ-পার্থক্য এতটা হইলে, সম-জ্ঞান না হইলে প্রেম কোথায় পাওয়া যাইবে ?

বৈষ্ণব পদে ভক্ত ও দেবতার মধ্যে এক তিল ব্যবচ্ছেদ-রেখা নাই।
ক্ষপতে বাঙালীর মত আর কোন জাতি ভগবানকে এত আপনার
করিয়া দেখিতে সাহদী হন নাই। কৃষ্ণ কথনও যশোদার হাতে, কথনও
রাধিকার পদতলে, কথনও স্বাদের মার-ধরের মধ্যে কত লাখনা
পাইতেছেন—দেই অবাধ, সম্পূর্ণরূপ একান্মবোধ দারা পরিলোধিত
কেত্রে প্রেমের পূর্ণ বিকাশ হইয়াছে। যাহাকে সর্কায় দিয়াও
কিছু চাম না, ভাহার কাছে দর্শহারীর দর্শ থাকিবে কিরুপে? তিনি
ভাহাকে কি দিবেন?—দে তথু ভাহাকেই চায়। কি ভয় দেখাইবেন?
দে তথু ভাহার বিরহকে ভয় করে—এরপ লোকের কাছে ভগবান
পরাজিত।

সধারা যখন বিপন্ন, তখনও তাহারা পরম বিখাদে ক্ষের মৃথের দিকেই চাহিয়া আছে, তাহাদের বিপদের জ্ঞান নাই, প্রেমের বলে তাহারা নির্ভয় হইয়া গিয়াছে, "আনন্দং ব্রহ্মণো বেস্তা ন বিভেতি কদাচন।" অপোগও শিশু মায়ের কাঁধে মাথা রাখিয়া চুর্গম পথে চলিয়াছে, চারিদিকে ব্যাত্রগর্জন, আকাশে কৃষ্ণদৈত্যের মত রাশি রাশি মেঘের ক্রক্টা, শিশু নিশ্চিম্ব, সে কোন ভয়ই পাইতেছে না, ভয়-ভাবনা সমন্ত তাহার মায়ের, মাত্রক্রাড়ের তুর্গ আশ্রয় করিয়া সেপ্রেমের জােরে নির্ভয়—স্থার। কৃষ্ণ-প্রেমে সেইরূপ নির্ভয়, তাহারা কংস-চরের ভয় রাথে না।

গৌরদাদের কীর্ত্তন যে অপূর্ব্ব বৈকুঠ রচনা করিত, তাহাতে বিছুকালের জন্ত আমি পার্থিব সমন্ত কথা তুলিয়া হাইতাম, তাহাতে রন্দাবন-লীলাজনে ভাগবত তত্ব এমনিভাবে প্রকটিত হইত। চৈতন্ত্র-চিরিতামৃত প্রভৃতি গ্রন্থেরও পদাবলীর যে সকল স্থানের অর্থ আমি বহুকাল হাতড়াইয়া পাই নাই, এই মূর্ব কীর্ত্তনীয়ার গান তাহা আমাকে স্পষ্টভাবে ব্যাইয়া পিত। গান করিবার সময়ে যেন সে ভাগবত উন্থানের একটি ভাবকরসুক্ষের মত হইয়া যাইত, তাহার আখরে ও হন্তের ভন্নীতে যে লীলার কথা ফুটিয়া উঠিত, সেরুপ মূর্ত্ত মহাকার্য—িব্যা সদ্বীত আমি আর কথনও তুনি নাই। অন্ত দেশ হইলে, এই গৌরদাদের জন্তু কঙ্ক কি না হইত। সে কথা বলিয়া কাল নাই। কিন্তু বিলাতের অন্তঃ ক্ষেপ্ত বিদ্বা জীবন-চরিত-সাহিত্যের স্কৃষ্টি করিয়া যাহাদের ওপনীর্ভন করিয়া বড় বড় গ্রন্থ লিখিতেছি, ও নব নব দৌধ নির্দাণ করিতেছি, তাহাদের মধ্যে কয় জন যে গৌরদাদের গা ঘেঁবিয়া গাড়াইতে পারেন, তাহা বলিতে পারি না। তবে বহু সর্মীতে শতদল পদ্ধ ও বনাস্থে মন্ত্রিকা, কুন্দ ও মালতী ফুটিয়া অনাদরে গুলাইয়া ঝরিয়া পড়ে, তাই বলিয়া ভাহাদের

মৃল্য যে জগতের কোন মৃল্যবান্ বস্ত অপেকা অল্প তাহা কথনই স্বীকার করিব না, আমাদের দৃষ্টিশক্তির প্রসার অল্প, সেইজন্য বিরাট জ্যোতিছ-গুলিকে আমরা কুল্ত কুল্র বিন্দুর মত দেখিয়া থাকি।

তুই এক মাদ পরে পরেই গৌর দাদ আমার বাড়ীতে কীর্ত্তন গাহিত। তাহার দল দহ দে আমার আমন্ত্রণে বাড়ীতে আদিত। এই উপলক্ষে প্রতিবারই আমার ৪০।৫০ টাকা থরচ হইত। এ টাকা ব্যয় আমার দার্থক ছিল। লোকে দাচ্ছিলিং, শিমলা শৈলে বা ওয়াল্টারে ঘুরিয়া আমার দরেতিক আমার মনোতকর জঙ্কনা পাতাগুলি করিয়া পাছতেছে এবং দব্দ পল্লব দেখা দিয়াছে এবং স্বর্গীয় কুস্থমের কুঁড়ি কুটিতেছে—তাহার সমাগমে আমার মনের মধ্যে এই ঋতৃ-পরিবর্ত্তন কলা করিতাম। দে আমাকে মর্জ্যলোক হইতে স্বর্গলোকে দইয়া যাইত। আমার স্থী-পুত্র-পরিবার, কালিদাদের কবিতা আমাকে যে স্থপ দিয়াছে, ততাধিক আনক্ষ দিয়াছে গৌরদাদের কবিতা।

মনে আছে, একদিন গৌরদাস রুপাভিসারের একট। পান গাহিতেছিল, দেই একটি গান গাহিতে তাহার পুরা তিনটি ঘণ্টা লাগিয়াছিল, কিন্তু এই সময়ট। যে কি ভাবে গিয়াছিল, তাহা আমি বৃক্তিতে পারি নাই। রাধা দেই গানটিতে প্রক্রাঞ্চর চোধের ভঙ্গীর কথা বলিতেছিলেন, তাহার দেই নমনের নৃত্য রাধার সর্বাঞ্চনাচাইতেছিল—দেই নৃত্যের আসর রাধার দেহ—কত ছলে, কত অমৃতাম্বালী আগরে, ফ্রের সমস্ত ভাতার থালি করিয়া সেই চক্ষের নৃত্য চলিতেছিল! সে যে কি আনন্দে কীর্তনটি ভানিয়াছিলাম, ভাহা আর কি বলিব, বোধহয় বক্সপাত হইলে তথন দেই শব্দ আমার কাণে পৌছিত না! যে কঠ ভগবান শ্বঃ নারদ বা তুষ্কর সীতি-যত্মের

উপাদানে গড়িয়াছিলেন, তাহা তিনি অকালে ভাদিলেন কোন্প্রাণে ? গোলাপটি কেনই ফোটে, কেনই বা করিয়া পড়ে কে বলিবে ? কোন বিশিষ্ট কীর্ত্তনীয়ার দলের একটি লোক সেই সময়ে উপস্থিত ছিলেন, তিনি বলিলেন—গৌরদাসের কীর্ত্তনের সমকক্ষতা করিতে পারে, এরপ লোক এ যুগে কেহ নাই। বাহারা আছেন, তাহাদের মধ্যে যিনি সর্ক্ষপ্রেষ্ঠ, তিনিও গৌরের পায়ের কাছে বদিয়া অনেক বংসর কীর্ত্তন শিখিতে পারেন।

ভানিয়াছি, গৌরদাস বাঙালাবেশে খোলের ওতাদ ছিল, তাহার মত খোল-বাজিয়ে আর কেই ছিল না। সংগীতাচার্য্য বলিয়াও তাহার খ্যাতি ছিল, এ সকল বিষষ্ আমার অধিকার-বহিভূত; কিন্তু তাহার মত ভাবাবিষ্ট গায়ক আমি আর দেখি নাই। সে কৃষ্ণপ্রেম হরিলুটের মত বিলাইয়া, প্রোতাকে যাত্মত্তে ভূলাইয়া, ঘণ্টার পর ঘণ্টা আসরে মোহাবিষ্ট করিয়া রাখিতে পারিত এবং অঞ্র প্লাবনে সকলকে ভাসাইয়া লইয়া ঘাইবার শক্তি রাখিত।

# men of the

## ৯। হারাই-হারাই।

চণীদাদের রাধা এক ছুর্মভ রক্ত পাইয়াছিলেন, দে রক্ত তিনি কোথায় রাধিবেন, এমন নিরাপদ্ ছান খুঁজিয়া পান নাই। চৈজ্ঞানেৰ বার বার তাঁহাকে পাইতেন, বার বার তাঁহাকে হারাইতেন। রাধা যত ছংখ পাইতেন, যত দ্রেই যাইতেন, ক্ষের মুখবানি মনে পড়িলে ভাহার সমন্ত কট্ট দ্র ইইড,

> বধা তথা বাই, সামি বত দূর চাই, টাদ মুখের মধুর হাসে তিলেকে জুড়াই। (5)

নন্দী ও শাওড়ীর গঞ্জনা, প্রতিবাদীর বিজ্ঞপ-এ সমন্তই সে চামমুখ

মনে পড়িলে তিনি আনন্দে সহিতেন। কিছু কাছ যদি তাঁহার উপর বিশ্বপ হন, তবে তিনি কি করিবেন ? রাধা বলিতেছেন,—

> বঁধু, তুমি বলি মোরে নিদারুণ হও, মরিব তোমার আগে, দাঁডাইয়া রও।"(চ)

যদি কেহ তাঁহার সম্বন্ধে ভাঙচি দেয়, তবে রাধা তাহাকে এই বলিয়া অভিসম্পাত দিতেন—

> "এ হেন বঁধুরে মোর যে জন ভাঙ্গায়, হাম নারী অবলার বধ লাগে তার।" (চ)

কৃষ্ণ-হীনা রাধিকা ফুল-পল্লব-বিরহিত পুশাতক নহে—ততোধিক পরিত্যকা—হর্ষ্যান্তের পর চক্সতারাহীন নীলাম্বর নহে, ততোধিক আধার—ইহা হইতে হুঃপ রাধার কল্পনাতীত, এজল রাধা বলিতেছেন, যে আমার এই স্থাপর ঘরে হানা দিবে—

> "আমার জনয় বেমন করেছে, তেমতি হউক সেঃ"(চ)

ইহা হইতে কট আর নাই। সংসারের আধি-ব্যাধি, শোক, ছংগ, মৃত্যু রাধা অবহেলায় সহিতে পারেন; কিন্তু ক্ষণপ্রেমবঞ্চিতা হইলে তিনি তিলার্দ্ধও সহিতে পারিবেন না, এইজ্ঞ এই অভিশাপ তাঁহার অভিশানের সর্ব্ধাপেকা বড় অভিশাপ। ক্ষণকে একবার রাধা বিলয়ছিলেন, "আমার এই প্রেমের কট তুমি বুঝিবে কেমন করিয়া, কেমন করিয়াই বা তাহা তোমাকে বুঝাইব, আমি প্রার্থনা করি, ঝেন করায়ারের আমি ক্লফ হই এবং তুমি রাধা হও, তোমার সঙ্গে প্রেম করিয়া আমি যেন ছাড়িয়া যাই, তথন তুমি বুঝিবে আমার কট কি ?"

সাধিব মনের সাধা।
মরিরা হইব ক্ষীনক্ষের নক্ষন,
তেরাকে করিব রাধা।

পীরিতি করিছা ছাড়িয়া বাইব,

দীড়াব কদম্-তলে।

ক্রিন্তক হইরা মুরলী বাজাব

যথন যাইবে জলে।

মুরলী শুনিয়া অস্থির হইবে

সহজ কুলের বালা।

চন্তীদাস কহে তথন জানিবে—

শীবিতি কেমন ভালা।

এই তৃঃথের আর কোন উপমা নাই, কারণ তাঁহার পক্ষে কৃষ্ণ-বিচ্ছেদের
মত এমন ত্রস্ত অগহ কট আর কিছুই নাই, এ ক্ষেত্রে তাঁহার উপমা
তিনি স্বয়ং। সাগর শুকাইলে, মহানগরী ধ্বংস হইলে, লন্দ্রীবস্ত লোক
ডিক্ষ্ক হইলে যাহা হয়, কৃষ্ণতাকা রাধিকার উপমা তাহা দ্বারা ব্যক্ত হয়
না, "হে কৃষ্ণ, আমি যে কট পাইতেছি, আমার মত হইলে তাহা বৃদ্ধিরে।
আমার এই 'স্পুনল হয়, সম সেই প্রেম', এই মন বিপ্রবী বাক্যাতীত উপমার
উর্চ্চে যে প্রেমলোক—তাহাতে যে হানা দেয়, "আমার কল্য ব্যনন করেছে,
তেমনি হউক সে।" এইজক্ত জন্মান্তরে কৃষ্ণকে রাধা হইয়া তাহার ব্যথা
বৃদ্ধিতে রাধা প্রার্থনা করিতেছেন, এই পদটিতেও কেহ কেহ
চৈডক্সাব্তারের পূর্ব্ধ স্থাননা বৃদ্ধিতেছেন, ইহা চত্তীদাদের মনে প্রভিবিশ্বিত
চৈডক্স-মৃধ্রির আগমনী গান,—রাধাভাব বৃদ্ধিতে কৃষ্ণ কৈন্দ্রশ্রেশ
জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। চত্তীদাস ও বিভাপতি, এই তৃই পূর্ব্ববর্তী
কবির এইরূপ পদ আছে,—

"হাম সাগরে তেজখ পরাণ,
আন জনমে হব কান,
কামু হোৱৰ যব বাধা;
তব জানৰ বিবহক বাধা।" (5)

কৃষ্ণপ্ৰেমে এত আশবা কেন ?

যে কৃষ্ণ "ৰূপিতে তোমার নাম, কামী ধরি অসুলাম—তোমার বরণের পরি বাস (চ)
প্রভৃতি কত মিষ্ট কথায় রাধাকে দোহাগ করেন, রাধা মান করিলে যিনি
চক্ষে সরিবার ফুল দেখিয়া পায় ধরিয়া মান ভালান, তাতেও মান না
ভালিলে রাধাকুত্তে পড়িয়া মরিতে যান,—বাঁহার প্রেমের অভাব দেখিলে
তিনি জগং আঁধার দেখেন, এবং "রাধা তুনি দে আমার গতি, তোমার
কারণে, বৈকুণ্ঠ ছাড়িয়া গোকুলে আমার ছিতি" (চ) প্রভৃতি পদে তাঁহার
রাধাগত প্রাণের গোরব করেন, কখনও বা "বম্না তারে, নীপহি মূলে"
রাধা পরিত্যক্ত "কৃতির বনওয়ারী", চুড়া এক ঠাই, বালী এক ঠাই—ধূলি ধূসর কছর
গারী পারী" (রাষ)—এত কটেও রাধা নামটি ছাড়িতে পারেন না,
দে রাধার এই আশাছা কেন ? কেন রাধিকা ক্ষেত্র ভাবান্তর কর্মনা
করিয়া "তুনি বঁধু মোরে যদি নিবাকণ হও, মরিব তোমার আগে, গাঁড়াইরা রও"
এইরূপ প্রকাণোক্তি করেন ?

চণ্ডাদাদের রাধা ভগবংপ্রেমের প্রতীক। তিনি সময়ে সময়ে কক্ষসঙ্গ লাভ করিয়া ধল্ল হন, কিন্তু দে প্রেমের মধ্যে একটা না পাওয়ার
আশ্বলা থাকে। যোগীর হৃদয়ে সেই অবাঙ্ মনসাগোচর ভগবান বিহাতের
মত ক্ষণিক প্রভা দিয়া অস্তহিত হন। বৈক্ষব প্রেমিকের মত তাঁহাকে
বাঁধিয়া রাখিবার গৌরব ঘোগী কোথায় পাইবেন ? রাধা-সাহিত্য মিখা।
ইইয়া যাইত, যদি চৈতল্প প্রভু নিজের মধ্যে রাধা-ভাব না দেখাইতেন;
তিনি অনেক সময়ে তাঁহার চোধের ইন্দিতে কৃক্ষসন্দের অপ্রমের অথচ
জটিল, নিগৃচ অথচ ক্রম-প্রকাশিত আনন্ধ আভাবে ব্যক্ত করিয়।
দেখাইতেন। তাঁহারই সঙ্গে লীলা-মাধুরী—কোপ, মান, অভিমান,
খণ্ডিতার নিলাকণ কট, বিরহের অসীম-কাকশ্যম্যিত মাধ্র-ভাব, এ
সমস্তই কণে কণে চৈতল্পের নম্ন-কোণে কৃটিয়া উঠিত। কপ-গোস্বামী

তাহার দান-লীলা-কৌম্দীর ম্থবছে নয়টি রস-মিঞা কিলকিঞ্চিং ভাবের যে চিত্র আভাবে আঁকিয়াছেন, তাহা চৈতক্তের ভাবাবিট অবস্থার চোথের চাহনী হইতে পাওয়া। ক্রফসক পাইয়া যিনি অকুল আনন্দ-সায়রে ঝাপ দিয়াছেন, সেই ভাবের অবসানে তিনি যে অসীম কট পাইয়াছেন, তাহার চিত্র চৈতক্তচরিতামুতে আছে। তিনি গান্তীরায় মুধ ঘ্রিয়া রক্তাক্ত করিয়া ফেলিতেন এবং সারারাত্রি স্বরূপ দামোদর ও রাম রায়ের সঙ্গে বিচ্ছেদের বিকাপগীতি গাহিয়া কটাইতেন।

থিনি অবাঙ্মনসাগোচর, অসীম—অনস্থ, তাঁহাকে জীব কতকণ নিজের কাতে বাঁধিয়া রাখিবার স্পষ্ঠা করিতে পাবে? তাই সিঁড়ি ভাজিয়া উদ্ধানকে উঠিয়া পতনের আশবা একবারে যায় না। জীবের পক্ষে স্থায়ী ভাবে শিবলোকে বাস করা সম্ভব নহে—

> "কুৰ্বজ্ঞপে মৃদ্ধি বখন দেখেন নছনে, তথুন জাবেন কৃষ্ণ আছেন বৃন্দাবনে ; অদৰ্শনে ভাবেন কৃষ্ণ গ্ৰেছেন মধুপুৰী।" ( কু )

### এই বিরহের **অবস্থা**য়

"কংশ গোৱাটাদ, হ'রে দিয়োআন—ছটি চক্ষে ধারা বহে অনিবার, ছঃখে বলে বারবার, বরুপ দেখায়ে একবার, নতুবা এবার মরি।" (ক) বিরহে ভিন্নি কথনও মুক্তিত হটয়া পড়েন; তথন ভক্তমগুলী গাহিতেন,

"পৌর কেন এখন হ'ল,—( শঙ্কশের সাথে ) এই না কৃষ্ণ কথা কহিতেছিল, তোরা দেখে বা লোরো বৃধি আঁপে দৈল।"

হথের সাগর দেখাইয়া—পূর্ণানন্দের আবাদ দিয়া রুক্ষ লুকাইয়া পড়েন। ভাব-রাজ্যে তাঁহার এই লুকোচুরী খেলা গৌর-জীবনে প্রতিফলিত হইয়াছে। রাধিকা তাঁহার সর্বাধ ক্লফের পাল্লে "ক্লফাল নম:" বলিলা ভালি সাজাইয়া দিয়াছেন। বিদ্যাপতির রাধা বলিজেছেন,—

"হাতক দরপণ মাথক কুল,
নরনক অঞ্জন, মৃথক তামুল,
কলরক মৃগমদ, শীমক হার,
দেহক সরবম, কেহক সার,
পাথীক পাথ, মীনক পানী,
জীবক জীবন হাম তুরা জানি।"

অর্থাৎ "তুমি আমার সব, পাবীর পাব। না হইলে উড়িবার শক্তিলোপ পায়, সে মাটাতে পড়িয়া মরে, মংসাকে জল হইতে ডালার তুলিলে সে কতক্ষণ বাচে ? তুমিও আমার কাছে সেইরূপ।" চণ্ডীদাসও লিখিয়াছেন,

"জল বিজু মীন জন্ম কবৰ্থ ৰা জীয়ে"। রাধা নানা উপমায় নিজের প্রেম বুঝাইয়া বলিয়াছেন :---

"জীবক জীবন হাম তুচা জানি" "তুমি আমার জীবনের জীবন, আমি ইহাই জানি।"

এত কথা বলিবার দরকার কি ? দরকার কিছু খিল, "আমার সহছে বুঝাইবার কিছু নাই, তুমি সকলই জান", তোমা-ছাড়া বাধা কায়া-ছাড়া ছায়া—তাহার পৃথক অভিত্ব নাই। "আমার মনের ভাব পরিকার, কিছু তুমি কেমন, তাহা তো এত দিন ধরিয়াও বৃদ্ধিতে পারিলাম না। আমি সকল বিস্কান করিয়াও দোয়াত্তি পাইতেছি না। আমি কাহার হাতে স্কান্থ দিলাম, কে সে বিরাট্ প্রহেশিকা, তাহাকে তো আমি এবনও চিনিতে পারিলাম না!" তাহাকে রাধা কত পাল মন্দ্র দিয়াছন,

"ক্রুর, লম্পট, শঠ,"—এ সেই না চিনার জন্ত, বিদ্যাপতির রাধা এই পদের শেষ ছত্তে আর্ড খরে জিজ্ঞান্ত ইইয়াছেন:-

"মাধৰ, তুহ' কৈছে কছবি মোর" তুমি বল তুমি কেমন? তুমি কে? **এই চির-রহসাময় বিশের কারণস্থর**প ভগবানের সঙ্গে **লীলাচ্চ**লে নানা অভিনয় করিয়াও যে একটা থোঁচার মত সন্দেহ মনে থাকিয়া যায়—এই দন্দেহ, এই আশহা হইতেই মাথুরের উৎপত্তি।

আমি তো তাঁহাকে ভালবাসিয়াছি, সে তো বিন্দুর সিদ্ধুকে ভালবাসা। আমি তাঁহাকে সমগ্রভাবে চাই—দেই যমুনাভীরকুঞে যত অমুতোপম কথা শুনিয়াছিলাম, বংশীধর "শরশিতে চাই তোমার চরণের ধূলি" বলিয়া আমার পায়ে ধরিয়া সেবা করিয়াছিলেন,—মাতরপে, স্থারপে তিনি জীবকে সমগ্রভাবে ভালবাসার স্বপ্ন দেখাইয়া থাকেন। আমি যেন তাঁহার সব.

"ভালিয়া উচ্চল বাতি,

জাগি পোহাইত রাতি.

তিল নাহি যাত্র পিয়া ঘুম", (ব)

ধরিয়া ছুখানি হাতে,

কখন ধরুয়ে মাথে,

ক্ষণে ধরে মাধার উপরে.

ক্ষণে পুলকিত হয়,

ऋत्व औषि युक्त त्रव

বলরাম কি কছিতে পারে গ"

"বিনি কালে কত পুছে, কত না মুখানি মোছে" তুমি মোর প্রাণধন,

তোমা বিনা নাছি আন.

কহে পিরা গদ গদ ভাবে।" (ব)

क्फ इन्स-वर्ष नाना कथा विनश आभारक जुनाईशहितन, क्फ दाखि জার্গিয়া অভিসারের পথে "পত্তি শততে, বিচলিত পত্তে" আমার পদক্ষেপ ভনিবার জয় কাণ পাতিয়া প্রতীকা করিয়াছেন, কত তিমির রঙ্গনীর মেছের ঘটা, পিচ্ছিল বাটে অতি সম্বর্গণে আদিলা আমার আদিনার

এক কোণে অপরাধীর মত দাঁড়াইয়াছেন, সেই প্রেমের কর্নতক আমাকে ব্যাইয়াছিলেন, তাঁহার সকল ফুল-ফল আমারই প্রেমের নৈবেদ্য, আমি ছাড়া তাঁহার আর কেহ নাই—আমারও যেমন তাঁহাকে ছাড়া আর কেহ নাই! কিন্তু তিনি যদি তাহা না হন ? তিনি যে জগদীশর—সমন্ত জগতের, আমার মত তাঁহার শত শত আছে.

"আমার মতন তোমার অনেক রমণী তোমার মত আমার তুমি গুণমণি, বেমন দিনমণির অনেক কমলিনী, কেছা কমলিনীগণের উ একট দিনমণি।"

তবে কি আমি শত শত কোটীর একজন ? এই অবস্থায় রাধা অতি ব্যথা সহকারে বলিতেছেন

"রাধানাথ বলিতে ভর হয় চিতে, তাই গোণীনাথ বলিরা ডাব্দি।"
আমায় যদি বভুর মধ্যে একজন হুইয়া তাহার প্রেমের ভিথারী হুইতে

হয়, তবে তো আমি প্রাণে মরিব,—

"রাধা ভাগের প্রেম নেবে না।"

কাহাকে সর্বন্ধ দিলাম, সে কি সভাই বিরাট্ ? হিমাদ্রির পাদম্বে মাথা ঠেকাইয়া—আমি নগণা—নিলাম হইয়া গেলাম, এত কুলকে সেই বিরাট্ পুরুষ কি মনে রাখিবেন ?" "তুঁছ সম" না হইলে প্রেম হইবে কিরপে ? কুদ্রের ভালবাসার আর গৌরব কি ? মহানের কাছে অধু হইয়া রুপাকণার ভক্ত ভিক্ক সান্ধিব ? বিদ্যাপতির রাধার জ্ঞায় চঞীদানের রাধাও বলিতেছেন:—

আমি তোমার কয়,

"খর কৈন্ধু বাহির, বাহির কৈন্ধু বর, পর কৈন্ধু আপন আপন কৈন্ধু পর। রাতি কৈলাম দিবস দিবস কৈন্ধু রাতি। বুবিতে নারিন্ধু বঁধু তোমার শীরিতি।" নিজের রাজতুল্য স্থানীর ঘর ছাড়িয়া আমি বস্নার তীরে স্থান ক্ত-শুট অনিলবাদিত ক্থই গৃহ বলিয়া জানিয়াছি—দে তোমারই জন্ত, বাহারা আপন তাঁহাদিগকে পর মনে করিয়া তুমি একান্ত পর (পরাংপর) তোমাকে আপন আনে করিয়াছি। দিনের বেলা ঘুমাইয়া কাটাইয়া দিনকে রাত্রি করিয়াছ, তোমার জন্ত দারা রাত্রি কুঞে কুঞে ঘুরিয়া জাগরণ করিয়াছি, রাত্রিই আমার কাছে দিন হইয়াছে। এ তো তোমারই জন্ত, হে মাধব, এত করিয়াও "ব্লিতে নারিছ বঙ্ তোমার পীরিতি" তুমি আমার কাছে রহসাই বহিষা গিয়াছ।

এই সংশয় রাধার সমস্ত যদ্ধণার মূলে। এজন্ত একটা 'হারাই''হারাই' ভাব চঙীদাসের অনেক গানে দৃই হয়। যাহা মতি মূলাবান্,
ভাহা লইমা এজন্ত লোকে সোয়ান্তি পায় না; আঁচলের গেবো খুলিয়া
এজন্ত সে বারংবার দেখে, ভাহা কেউ লইয়। গেল কি না। বিশ্বনাথকে
লইবার জন্ত ভো বিশের সকলেই হাত পাতিয়া আছে।

এই সন্দেহ সর্ব্যাত্তই গ্লভীর প্রেমের লকণ। অপোগও শিশুও তাহার মায়ের কোলে পাছে অপরে উঠে, এজ্ঞ উৎকণ্ডিত থাকে। চণ্ডীলাসের রাধা বলিতেত্ত্বে:— এই ভয় উঠে মনে, এই ভয় উঠে।

না জানি কাছর প্রেম তিলে যেন ছুটে।"

## ১० मबी-मटकायटन

স্থীদের কাছে রাধা কথনও বলিতেছেন, তোমরা আমার নিন্দার কথা শুনিয়া কট বোধ করিতেছ, কিন্তু কাছর কলছ—আমার অলের ভ্যণ, এ নিন্দা আমার সৌভাগা:—

> "কামু-পরিবাদ মনে ছিল সাধ, সকল করিল বিধি"

আমার এই কলকে থাঁহারা আমাকে খুণা করিবেন, আমি তাঁহাদের কাছে বিদায় চাহিতেছি—

"দেখিলে কলম্বীর মুখ কলম হইবে,
এজনার মুখ আর দেখিতে না হবে।
ফিরে ঘরে যাও নিজ বরম লইচা,
দেশে দেশে কিরিব আমি ঘোসিনী হইচা
কালো: মাণিকের মানা তুলে দিব গালে,
কাম্মুঙ্গ-যশ কাণে পরিব কুঙ্জে।
কাম্মু-অমুরাগ-রাঙ্গা বনন পরিব,
কামুত্র কলম্ব ছাই অসেতে মাধিব।"

এথানে গেরুয়া পরা, ভয় মাথা, যোগিনী হওয়া—এ সমন্তই
আধ্যায়িক সম্পদের আভাষ। চণ্ডীদাস যে রেথাপাত করিলেন, কিছু
দিন পরেই তাহা এক হ্বর্ণজ্ঞবি গৌরকান্তি পুরুষ-রূপে দেথা দিল
কৃষ্ণ নামই তাহার কর্পের কুণ্ডল, ক্ষ-অন্ত্রাগেই তাহার রালা বাস এবং
কৃষ্ণ-কলছই সেই তরুণ সন্ধ্যাসীর অক্টের ভম্ম ইইয়াছিল।

এই ক্ষের কলঙ্কের কথা তিনি স্থীদের কাছে এবং আগ্রানিবেদনের অনেক স্থলে উল্লেখ করিয়াছেন—

> "কলস্কী বলিরা ভাকে নব লোকে, তাহাতে নাহিক ছুঃখ, বুঁধু তোমার লাগিয়া কলক্ষের হার পলার পরিতে হব।"

বস্তত: যদিও কৃষ্ণের কালোবর্ণের কথা অনেক পুরাণে উল্লিখিত আছে কিন্তু বাঞ্চলায় এই বর্ণ টি বিশেষ ভাবে ভগবানের আরক হইয়া পড়িয়াছিল। তৈতত্ত্বের পূর্বের মাধবেন্দ্র পূরী কালোমেঘ দেখিলে মূচ্ছিত হইতেন। কৃষ্ণপ্রত্যবিশিত শত শত বাহ্নদেব মৃদ্ধি অত্যাচারীর কুঠারে চূর্ণ-বিচূর্ণ হইয়াছিল; প্রাণপণ করিয়াও এই দকল বিগ্রহ প্রাণীরা রক্ষা করিতে পারেন নাই। বাশ্বলার এক পুকুরে দেখা গিয়াছিল—এক

ভার কৃষ্ণ প্রভাবের বাস্থানবকে কতকগুলি নরক্ষাল জড়াইয়া ছিল,
অত্যাচারীরা বিগ্রহরক্ষাকল্পে যে সকল পূজারী প্রাণান্ত চেটা
করিয়াছিল, তাঁহাদের শবদেহ সহ মৃত্তি পূক্রে ফেলিয়া দিয়াছিল।
মন্দির শ্রীবিগ্রহশৃত্ত হইলে কৃষ্ণ-মৃত্তি জগতের সর্বস্থান হইতে ভক্তদের
চোথে ধাঁধা দিয়া তাঁহাদিগকে মৃগ্ধ করিল, তাঁহাদের প্রাণের দরদে
আঁকা কৃষ্ণমৃত্তি নব মেঘে বিরাজিত হইতেন, নীলাঞ্চলেও সেই রূপ
প্রতিভাত হইত, কালো যম্নার জলে সে রূপ ঝলমল করিয়া উঠিত।
ভক্তপ্রাণে তাঁহাদের মন্দিরের আরাধ্য দেবমৃত্তি বড় দাগা দিয়া
গিয়াছিল; এজন্ত জগতের যেখানে কালো বর্ণ দেখিতেন, সেইখানে
তাঁহারা প্রিয়তম দেবতাটিকে মনে করিতেন। চণ্ডীদাসের রাধা
বলিতেছেন:—

"কালো জল চাল্তে সই কালো প'ড়ে মনে, দিবানিশি দেখি কালা শয়নে বপনে। কালো চুল এলাইয়া বেশ নাহি করি, কালো অঞ্জন আমি নহনে না পরি।"

বিগ্রহ বিচ্যুত হইয়া কুফবর্ণ জগন্ময় পরিব্যাপ্ত হইয়াছিল।

স্থীর প্রতি উক্তির কোন কোনটিতে প্রেমের সর্ব্বোচ্চ কথা উচ্চারিত হইয়াছে:—

> "কামুসে আনমার জাতি, কুল, মান, এ দুটি নয়নের তারা,

> আমার হিলার মাঝারে, হিলার পুতলী নিমিবে নিমিবে হারা।

- ভোরা ক্লবতীঁ তন্ত নিক্ষ পতি, বার বেবা মনে লয়,

আমি ভাবিরা দেখিলাম, তাম বঁধু বিনে

গতি আর কেছ নহ।

কি আর ৰুঝাও

ধরম করম.

মন শতন্ত্র নয়,

কুলবতী হৈয়া,

কুলে দাড়াইয়া,

মোর মত কেবা হয়।

গুরু পরিজন,

वरल कूबहम,

मে वामि हन्सन हुग्रो,

কান্থ-অন্থরাগে

এদেহ স'পেছি,

তিল-তুলদী দিয়া।

পরশী তক্তন

বলে ক্ৰচন,

আমি না বাব তাদের পাড়া.

কহে চঞ্জীদাস

কামুর পীরিভি

काछि-क्न-भोग-ছाড़ा।"

কান্তই আমার জাতি, কুল ও শীল, আমি অন্ত জাতি মানি না, আমার শীল (আচার)ও তিনি। আমার হৃদয়ে তিনি হৃদয়ের বিগ্রহ, পলকে পলকে আমি উাহাকে হারাই—নিরবধি একই চিস্তা। তোমরা কুলে আছ, নিজ নিজ স্থামীকে যথেকা ভঙ্কনা কর, কিন্তু গাইস্থাস্থ আমার কপালে নাই। আমি ভাবিয়া দেখিয়াছি, কুঞ্চই আমার এক-মাত্র অবলম্বন, তিনি

"মোর গতি, তিনি মোর পতি মন নাহি আমান ভায়।"

ধর্মাধর্মের কথা কি বলিতেছ, আমার ও সকল জানিবার ও শিথিবার আর কিছুই নাই, আমার মন স্বতন্তর (স্বাধীন) নহে, মন একান্ত পক্ষে তাঁহার অধীন হইয়া গিয়াছে। তোমাদের কোন উপদেশের অবকাশ নাই, আমি সম্পূর্ণ-রূপে তদ্ধীন। কুলের বধুকে আমার মত এরূপ হইতে দেখিছাছ কি ? কুল থাকিতেও আমি অক্লে ভাসিয়াছি। গুরুজন আমায় কট্জি করেন, তা করিবেনই তো, তাঁদের দোব কি ? সে কট্জি আমার পক্ষে চ্যা-চন্দন, আমি কাছ-অছ্রাপে দেহ মন তাঁহাকে নিবেদন করিয়া দিয়াছি।

প্রতিবাসীর। নিন্দা করে, কঞ্চক—আমি তাহাদের পাড়ায় যাইব না।
চণ্ডীদাস বলিতেছেন, সে কাঞ্প্রেমে পড়িয়াছে, তাহার জাতি-কূল-দীল্
সব গিয়াছে।

এই পদটি থ্ব উচ্চাঙ্গের, কৃষ্ণপ্রেমিকের ধর্ম-কর্ম কিছু থাকে না। চন্ত্রীদাদের আর একটি পদে আচে---

"মরম না জানে ধরম বাধানে, এমন আছতে থারা।
কাজ নাই সনি, তাদের কথার, বাহিবে রহন তারা।
আমার বাহির হুচারে কপাট লেগেছে,
ভিতর হুচার খোলা।"

ধিনি উপিতেকে পাইয়াছেন,—তাহার বহিবিভ্রিয়ের পেলা পামিয়া গিয়াছে। মোহনা পথ্যস্থ ভাক-হাক, কিন্ধু নদী যথন সমূত্রে পাছিয়াছে—তথন তাহার বঁব সমূত্রের রবে মিলিয়া গিয়াছে। তাহার ক্ত্র অক্তিরে দিল্লাছরী বিশাল অলধারার অভিতে মিলিয়াছে, তথন তাঁহার গতি থামিয়াছে—কর্ম সমাধ্র হইয়াছে, ভাল-মন্পের, এ-পথ ও-পথের বিচার চলিয়া গিয়াছে। তথন—"কি আর লিখাও—বব্ধ কর্ম" এবং তথন "ক্তে চঙীদান গাণ-পূলা সম, তোমার চরণ মানি।" প্রাপ্নি-পূল্যে ভেল নাই, ভোমার চরণপারই আমার সব।

"কাত্ম-অত্যাল, এ দেহ স'লেছি, তিল-তুলনী দিয়া",
তিল-তুলনী দিয়া যে দান হয়—তাহা ফিরিয়া লইবার আর অধিকার
থাকে না। রাধা সেই ভাবে তীহার দেহ কৃষ্ণকে স্মর্শণ
করিয়াছেন, দেহ এই ভাবে নিবেদিত হইলে কর্ণ কেবল তীহারই প্রিয়

্কথা শুনিবে, চকু তাঁহার রূপ দুশন করিবে, চরণ তাঁহারই মন্দিরের পথে যাইবে, জিহবা তাঁহারই নামের আখাদ করিবে। সর্কেন্দ্রিয় সহ দেহ তিনি 'কুফায় নমঃ' বলিয়া তাঁহাকে নিবেদন করিয়া দিয়াছেন, তাহার উপর আর তাঁহার কোন সন্ধা নাই। এরপ নিব্যুচ সন্ধে খিনি নিজেকে দান করিতে পারিয়াছেন, তিনি অবশ্য প্রেমের তপ্স্যায় সিন্ধিলাত করিয়াছেন।

ফুতরাং হথন কাছকে ভালবাসি বলিয়া লোকে নিন্দা করে, তথন তাহা রাধার লাপে বর:—

> "সবে বলে মোরে কামু-কলম্বিনী, গরবে ভরষে দে। হামার গরব তুভি বাড়াইলি, অব টুটারব কে।"

#### মাপুর

ক্লফ মথুবাত বিভাছেন, মন্দির খালি, রুলাবন শ্না।
"কৈছনে বাওৰ বম্নাতীর:
কৈছে নেগবেৰ ক্লকুটীর
সঙ্গরি সংক্রি সংক্রি বাই কেগল কুল-খেরী।
কৈছনে কীয়ৰ ভাছি নেগরি।"

সে ফুল-খেল। ফুরাইয়াছে—ভোমার বিশাসকুথের দিকে চাহিছা কেমন করিছা জীবন রাখিব ? আর কাহার সহিত নীলাম্বরতাল সম্ক্যানিলবাহিত যমুনাতীরে হাত-ধ্রাধ্বি করিছা বেড়াইব ?

বৃন্দাবনচক্র চলিং। গিয়াছেন, বৃন্দাবন আঁধার হইয়াছে, এই । প্রসঙ্গের গৌর-চক্রিক।

> "কার ভাবে কিনের অভাবে দৌর আমার এমন হৈল। নববীপচক্র বিনা নববীপ আধার হৈল।"

কাহার জন্ত প্রত্যুবে উঠিয়া সদ্যম্মাতা রাধা মালার জন্ত পুশ্বস্থ ফুল কুড়াইবেন? কাহার শ্রীমুখ অলকা-তিলকা দিয়া সাজাইবেন? চন্দন ঘিয়া কপালে বিন্দু আঁকিয়া দিবেন? কাহার জন্ত ফল-কুলের নৈবেদ্য তৈরী করিবেন? কাহার জন্ত সন্থবিকশিত শতদলের প্রতিটি দল লইয়া স্বত্তে পুশ্পশ্যা তৈরী করিবেন? মিলনপর্ক শেষ হইয়া গিয়াছে। মন্দির ভানিয়া গিয়াছে—বিগ্রহ অপস্কত হইয়াছে।

এমন যে হইবে, কে জানিত ?

''স্বামারে ছাডিয়া পিয়া,

মধুরায় রহল গিয়া---

এও विधि निभिना कत्रम ।"

আমার কর্মে—আমার ভাগো ইহাও লেখা ছিল, আমি রুফ্ড-হারা হইয়া বাঁচিয়া থাকিব γ '

বিদ্যাপতি মাধুরের প্রথম অধ্যায়ে ভগবদ্ভাবে আবিষ্ট হইয়া দিখিয়াছেন,

"হছু হরি কি ইহ দৈব দুরাখা;
সিদ্ধ্ব নিকটে বদি কঠ শুকারব, কো দুর করব পিপাসা ?
চন্দনতর বব সৌরভ ছোড়ব, শশধর বর্রথিব আগি।
চিস্তামশি বদি নিজ গুণ ছোড়ব কি মোর করম জভাগী।
শাওন মাহ দন, বব বিন্দু না বরথব, স্বরতক বাঝ কি ছাদে।
গিরিধর সেবি, ঠাম নাহি পাওব, বিভাগতি রহ ধন্দে।"

এখানে একটু ঐশব্যার ভাব আছে—তিনি এত বিরাই, তাঁহার কাছে আদিয়া বঞ্চিত হইতে হইবে, এমন তো কখনও ভাবি নাই। এই স্বলানিত শব্দে গ্রথিত কাব্যবসপূর্ণ পদটির মধ্যে যেন একটু "বাচঞা মোখা বরমধিভণে নাধ্যে লব্ধ কামা"

্বপদ্ধ পাওয়া যায়। যিনি সিদ্ধুর মত বিরাট তাঁহার কাছে বিশু ্পাইব না, এই আংকেপে দেখা যায়, রাধা যেন ক্লফ-তেশ্রমের কণিকা ভিধারী। শ্রাবণ মাদের ভরা বাদরের অজন্র বর্ষণশীল আকাশের কাছে কণিকামাত্র জলের প্রভাগা নাই, ইহাও ক্রন্কের ঐশ্ব্য-ব্যঞ্জক। স্থরভক্ষ (কর্মরুক্ষ) আমার কাছে বন্ধ্যা হইয়া রহিল, ধর্ম-অর্থ-কাম মোক্ষের দাতা ভগবানকে ক্লাভক বলা হইয়াছে—তিনি কাম্য ফল প্রদান করেন। এখানেও রাধার প্রার্থীর বেশ, রাধা তাঁহার নিকট কাম্যবন্ধর সন্ধানে আসিয়াছেন, এখানে নিক্ষাম অহেতৃক গোপীপ্রেমের আভাষ নাই। শেষ ছত্ত্রে ম্পষ্ট করিয়া বলা ইইয়াছে—সর্ব্ব-শক্তিমান্, সর্ব্থ-ইউ-প্রদায়ী ভগবানকে সেবা করিয়া কোনই ফল পাওয়া গেল না, কবি এ রহত্তের সমাধান করিতে পারিতেছেন না।

√ কিছু কৃষ্ণ যতই বড় ইউন না কেন, গোপী তাঁহার বিরাট্ রূপ দেখিতে চায় না, তাহারা তাহাকে পঞ্চ রসের মধ্য দিয়া দেখিতে চায়;
মাতা রূপে তিনি যেমন আমারই মা, জীরূপে তিনি যেমন আমারই

ত্রী; সেই রূপ তিনি আমারই হইয়া আদিলে, আমি উটার নাগাল পাইতে পারি। তিনি অপুর কাছে সম্পূর্ণরূপে অপু হইয়া ধরা দেন, ব্যবধান থাকিলে গলাগলি ভাব হয় না, বৈষ্ণব প্রেমের আদর্শ ছোট ও ধর্ম হইয়া যায়।

**ह**ेीमांत्र वित्यास्त्रत.

#### "ভোমারই গরবে গরবিনী হাম, রূপদী ভোমার রূপে'

এই ছত্র রুফোর সক্ষের সাক্ষেরাধার তর্মাত্ত আপক। উচাহার রূপ, গুণ, সকলই রুফ হইতে পাওয়া। অগ্নির সক্ষে তাপের, চল্লের সহিত ক্ষ্যোৎস্থার পরস্পারে যে অক্টেন্স সম্পর্ক, রাধার সক্ষের তাহাই; রাধা রুফের ক্লাদিনী শক্তি।

রূপের স্পৃহা, দেহের সঙ্গ-স্থধ, বাহিরের সেবা-স্থতি, হোম, যাগ, যজ্ঞ, বৈধী ভক্তির সমস্ত আয়োজন মাধুরে দুগু। জগলাথ বিগ্রহ অত্যাচারীরা ভালিয়া দিয়াছে। কাশীর বিশ্বনাথ আজ অপস্কৃত। এখন প্রভাবে উঠিয়া বন্দীরা ফ্ললিত খবে কাহাকে জাগাইবে, কাহার জন্ম প্রভাতী গান গাহিবে? ছত্রধারিণী, তাখুল বাহিকা, ব্যজনকারিণীরা কাহার সেবায় নিযুক্ত হইবে? দেবভোগ রাঁধিবার জন্ম স্পকারেরা আর কেন আয়োজন করিবে? মালীরা শত শত মালা হাতে লইয়া গুরু হইয়া আছে। মন্দির আর নাই—যুক্তকুগু নাই, হোমায়ি নিবিয়া গিয়াছে।

তবে কি মাথ্রে গোপীপ্রেমর পরিসমাথি, এখন কি ৩

আক্রেপোক্তি ও অঞ্চতেই গোপীপ্রেম পর্যবিদিত হইল ? ক্রুরতার
অবতার অক্র আদিয়া কি এই ভাবেই বৃন্ধাবনের প্রেমের হাট ভানিয়া
দিয়া গেলেন ? শান্তে অবশুই এ কথা লিখিত আছে, মথ্রা হইতে

রক্ষ আর ফিরিয়া আদেন নাই। কিন্তু বাদালীরা রক্ষের মথ্রা যাওরা

অশ্বীকার করিয়াছেন। তাঁহাদের মতে রক্ষ "বৃন্ধাবনং পরিত্যন্ত্র্য
পাদ্যেকং ন গছতি"। "মাথ্র" তাঁহাদের মতে বৃন্ধাবনের নিত্যলীলায়
প্রোধিত্ত-ভক্কা রসাশ্বাদের জন্ত পরিকল্পিত। রুক্ষকমল লিখিয়াছেন,—

"গোস্বামী-সিদ্ধান্ত মতে স্বরং ভগবান, কুন্দাবন ছাড়ি এক পদ নাহি যান। তবে বে গোপিকার হর এতই বিষাদ। তার হেডু গ্রোবিতভর্কুকা রসাম্বাদ।"

মাথুরের পর শাস্ত্রাহ্নসারে বৈষ্ণবদের সমস্ত কথা শেষ। প্রেম-লীলার তাঁহাদের আর কিছু বলিবার থাকে নাই। যে ছেলেটি একটা বাশের আগা কাটিয়া বাঁলী বানাইত, নেংটির মত ধটি পরিত, কুন্দাবনের মাঠে কুড়াইয়া পাওয়া মহুরের পালক মাথায় দিয়া গোয়াল-বালকদের মধ্যে রাজা সাজিত, বনে বনে ঘুরিয়া বনকুল ও গুলা ফলের মালা গাঁথিয়া গলায় পরিত এবং যশোদার হাতে ননী মাধন থাইত—সেই
পাড়াগেঁয়ে মোড়লের ছেলে হঠাং আবু হোসেনের মন্ত একদিনের মধ্যে
সমন্ত মধ্রামগুলের রাজ্যটা পাইল। আর্যাবর্ত্তের মধ্যে এত বড় সামাজ্য
আর কোথাও ছিল না। যাহাকে বলাইলা একটা শিল্লা ফুকাইয়া "কাজা
কানাইয়া" বলিয়া ভাকিলে সে লালার পিছনে পিছনে ছুটিড, স্থাদের
উচ্ছিই থাইত, স্থারা ছম্ম করিয়া যাহাকে লাখি মারিত কিংবা ধেলার
সময়ে ঘাড়ে চড়িয়া বসিত, যে গয়লা-মেয়েদের সদে লুকাচুরি থেলিত—
সেই টোড়াটা এখন রাজরাজেম্বর—নম্ম মহাল পাড়ি দিয়া সপ্ততল
আট্রালিকায় সে এখন বাস করে; শত শত রক্ষী সোণার লাঠী হাতে
করিয়া তাহার মহালে মহালে পাহারা দেয়; ইস্ত্র, চক্র, বঙ্কণ, এমন ক্রি
রক্ষাও তাহার সহিত দেখা করিতে আসিয়া এতেলা দিয়া প্রতীক্ষা
করেন। বুলা যখন ক্রফের সদে দেখা করিতে গিয়াছিল, তখন মধ্রাবাসিনীরা টিটকারী দিয়া ভালাকে বলিয়াছিল—

"সপ্ততল দর, উপরে সো বৈঠত, তাহা কাহে যাওব নারী"
প্রভাস-যজ্ঞে নন্দ উপানন্দ, এমন কি স্বয়ং মা যশোদা হাবে হাবে ঘুরিয়া,
প্রহরীদের হার। লাঞ্চিত হইয়া যাঁহার দরবারে প্রবেশের পথ শুঁজিয়া
পান নাই, যাঁহার কথা বলিতে যাইয়া রাধিকা কাদিয়া বলিয়াছেন,

"আমরা গ্রাম্য গোপবালিকা, সবহ পশুপালিকা, আহিরিনী কুন্ধপিনী—আমরা কৃষ্ণদেবার কিবা জানি। মধুরানগর-যোবিতা, সবঁহ তারা পণ্ডিতা, ভারা রূপ-ঋণে বেধেছে গো."

এই রাজকুল সম্ভবা ষড়-রসজ্ঞা মধুবাবাসিনীদের খারা তিনি বেটিতা।
"তাবং অলি গুল্পরে, বাই কুল বৃত্তে,

যাবং মালতী নাহি কুটে"

এখন আর তিনি এখানে ফিরিবেন কেন ?

স্বভরাং মাধ্র পালার পরে রাধাক্রফ লীলার সম্পূর্ণ ছেদ হইবার কথা।

কিন্তু এদেশে মহাপ্রভু লীলা করিয়া গিয়াছেন। তৎপূর্বে মাধবেন্দ্র পুরী প্রেমের সেই রাজরাজেখরের মধুকর ডিকার জক্ত থাত কাটিয়া গিয়াছিলেন। এথানে ব্রজের নাম "নিত্য বুলাবন," কৃষ্ণলীলার এথানে অন্ত স্বীকৃত হয় নাই। শাস্ত্র মানিয়া যেথানে অক্যান্ত দেশের বৈষ্ণবেরা সম্পূর্ণ বিরাম-চিহ্ন দিয়াছিলেন, বাকালী তাহা মানিয়া লইল না।

পরে আর একটা অধ্যায়ের স্পৃষ্টি করিয়া পূজার ঘরের হোমানল জালাইয়া রাঝিলেন। এই আহিতায়িকদের পবিত্র অলির নির্বাণ নাই। রাধিকা দেহ-সম্বন্ধ-বিচাত হইয়া চিয়য় রূপে ভগবানকে ফিরিয়া পাইলেন, ইহাই "ভাবস্মেলন"। পূর্বের আমক্ত, রাধাক্ত ও মদনকুজের নিকটে গোলে কফাকে পাওয়া যাইত, "বাহা বেদ্ম সব করতহি রব" সেই গোর্টের পথে নীপতক্রমূলে স্থাদের মধ্যে ভাহাকে পাওয়া ঘাইত; ভাদশ বনের উপাত্তে যম্নাতীরের পূম্পকুক্তে তাঁহার বিলাস হইত, আজা সে দিন ফুরাইয়াছে,

আজ "এজনুল আরুল. ছুকুল কলরব,
কাম কাম কাম করি মূর।
আজ বশোমতী নন্দ, অন্ধসম বৈঠত,
কোকিলা না করতহি গান।
কুম্ম তাজিয়া অলি কিতিতলে শুটই—
তক্ষণৰ মলিন সমান।"

আজ সধাগন, ধেছগন বেণুরব ভূলিতে চলিয়াছে; কারণ তাহাদের

শক্ষাৎ বিপদে মৃত্যান বিমৃচ চিত্ত হইতে সেই স্থপৰপ্লের স্বতিট্কুও মৃছিয়া যাইতেছে। আন,—

"শীতল বমুনা-জল, অনল সমান জেল"

এবং গোপীরা সর্ববিহারা হইয়া যেখা সেধা পড়িয়া আছে—

"বিপধে পড়ল বৈছে মালতী মালা"

আন্ত,-

"অতি শীতন মনরানিন মন্দ্রন্বহন।"
তাহাদের স্পর্শ করিয়া প্রদাহের উৎপত্তি করিতেছে। আন্ধ্র রাধা ক্লফ-রন্ধনত নৃতন আনন্দ সবে আন্ধান করিতে যাইতেছিলেন,—
প্রতিপদের টাদের রেখা যেরূপ বছ আশা দিয়া তিরোহিত হয়, সেইরূপ
তাহার সমস্ত স্থা-স্ভাবনার স্বপ্ন ভাশিয়া গিয়াছে,—

"প্ৰতিপদ চাদ, উদৰ ফৈছে যামিনী, স্থ নৰ ভৈদেল নিৱাশা" তথন রাধ! বলিতেছেন—

"আমি হরি-সালমে পরাণ তাজব, তারে পাওব আন জনমে।" এ জনমে তো পাইলাম না, তাঁকে কমিনা করিয়া মরিব, হয়ত অক্ত জয়ে তাঁহার সঙ্গে মিলন হইবে।

মাধ্রের অনেক গানের উপর পরবর্তী কবিরা তৃলি ধরিয়া, রং ফলাইয়া, মাধ্র লীলায় অপূর্ব্ধ কারুণা ঢালিয়া দিয়াছেন। শ্রোভারা মাধ্র গানে কাঁদিয়া বিভোর হন; কারণ ভগবানের সঙ্গে বিজ্ঞেন—লিবের সঙ্গে জীবের বিরহ, ইহা হইতে মর্যান্তিক আর কি হইতে পারে? বাহাকে খুঁজিতে বাইয়া জয়ে জয়ে কেবলই ভূল করিয়াছি, বিশ্বতর্ক জয়ে সেওড়া গাছের তলায় নৈবেলা সাক্ষাইয়া ভূত-প্রেতের অভ্যাচার সভ্ করিয়াছি, কাঞ্কন-জমে কাচের সন্ধান করিয়া মরিয়াছি, চন্দন-ভক্কয়য়ে কন্টক-লড়া আলিজন করিয়া জক্ষরিত হইয়াছি—সেই সার্ব্বকালীন

লক্ষ্যের একতম লক্ষ্য, সকল আনন্দের সেরা আনন্দ, সকল আইয়ের শেষ আইয় ভগবানকে পাইয়া, তাঁহাকে হারানো, এ যে কত বড় কই, ভাহা বৈঞ্চব কবিরা অক্ষর অক্ষরে লিখিয়া রাখিয়াছেন।

মাপুরের আর একটি গান, এখানে উদ্ধত করিব—

"শীতল তছু অঙ্গ

পরশ-রস-লালসে,

করিলু ধরম-গুণ নালে।

সো যদি মোহে ভেজল, কি কাল ছার জীবনে

আমত সখি গরল করু গ্রামে।

প্রাণাধিকা লো সঞ্জনি, কাঁহে ভোরা রোয়সি,

মরিলে ভোরা করবি এক কাজে।

আমার নীরে নাহি ভারবি, অনলে নাহি দাহবি,

রাখনি ভম্ম এই ব্রহ্মমানে।

হামারি তুন বাহ ধরি,

হুদ্ত করি বাঁধবি

স্থাম-ক্ষৃতি-তক্ত-ত্যাল-ভালে।

প্রতি দিবস শব্দরী, অবশি সেগা আসবি,

শমর বুঝি ভোরা সকলে মিলে।

(ছামারি) ললাট-জদি-বাহমুলে ভাম-নাম লিখবি,

তুলদী-দাম দেওবি গলে।

(হামারি) ত্রবণ-মূলে ভাম-নাম কহবি।" ইত্যাদি,

এই সকল গানে সাধারণ নায়ক-নায়িকার রাজ্য ছাড়িয়া প্রাথ অধ্যাত্ম জগং ছুইয়াছে এবং বৈক্ষবের ঈশিত মৃত্যুর দিকে স্পষ্ট করিয়া ইশারা করিতেছে। ললাট, হৃদি, বাছমূলে ক্ষু-নামের ছাপ, গলায় তুলসীমালা দেওয়া ও মৃত্যুকালে ক্ষুনাম শোনা, ইহা তো মৃম্র্ বৈষ্ণবেরই শেষ ইচ্ছা। কিছু অধ্যাত্মত এধানে ধর্মের জটিল রূপ ধরিয়া দেখা দেয় নাই, অতি ক্রুতিমধুর মর্ম্মুন্সী করিছের অক্ষরে ইহার প্রকাশ। এজন্ত একদিকে সাধক, অপর দিকে সাধারণ পাঠক তুল্যরূপে ইহা উপভোগ করিয়া থাকেন। মনোহর-সাই রাগিণীতে এই সকল গীতি যে কিরূপ হৃদয়গ্রাহী হয়, তাহার অভিজ্ঞতা অনেকেরই আছে।

বৈষ্ণব কবিরা শিক্ষিত সম্প্রদায়ের লোক, তথাপি জনসাধারণই छोशामत नका। श्व छेक द्वान इटेंटि यक्त निम्न द्वान मिथा गाम, ঠাহারা সেইরূপ পরমার্থ-প্রেমের উর্দ্ধলোক হইতে জগতের প্রতি দৃষ্টিপাত করিয়াছেন। এই উদার দৃষ্টির গুণে অঞ্জ জন-সাধারণ তাহাদের কাব্যরদের উপভোগ হইতে বঞ্চিত হয় নাই। অথচ ইহা ধুব আশ্চর্য্যের বিষয় যে, যুগ্যুগাস্তর ব্যাপক দর্শন ও অপরাপর শাস্ত্র-ठकीत भाग इंडेक, किश्वा ठिउन अनुत अनुत श्रामानामा প্রেরণার দরণই হউক, অথবা ক্তির, দরবেশ, বাউল, সহুজিয়া গুরু, কথকঠাকুর প্রভৃতি লোক-শিক্ষকদের সহিত অবিরত সংস্পর্শের ফলেই হউক, বন্ধের সমস্ত বায়ুস্তরে একটা উচ্চ চিম্বার প্রবাহ বিদ্যমান,-বাঙালার মূর্য চাষার হৃদয়েও ফল্ক নদীর মত একটা প্রগাঢ় মন্দ্রামুভৃতি ও রমধারা খেলা করে, তাহা অপর দেশের শিক্ষিতদের মধ্যেও তর্মাভ। এখানে এই নিম্নশ্রেণীর লোকদিগকে আমরা এক হিসাবে শিকিডই বলিব। তাহারা অনেক সময় নিরক্ষর হইলেও, অশিক্ষিত বলিয়া উপেক্ষিত হইবার যোগা নহে। যুগ-যুগের শিকা তাহাদিগকে শিখাইয়াছে-কারণাদ প্রভৃতি সহক্রিয়ারা তাহাদিগকে গুরু তত্ত্ব শিখাইয়াছেন, বন্ধের নৈয়ায়িকেরা তাহাদিগকে শিখাইয়াছেন: এমন কি হটঘোগী তাত্ৰিকেরা তাহাদিগকে যতটা শিখাইয়াছে, এখনকার উচ্চ-শিক্ষিত সম্প্রদায়ের অনেকে তাহা শিখেন নাই।

এই স্কৃতিরাপত সংস্কার ও ভাবপ্রবর্ণতার গুণে বাঙাণার জনসাধারণ কীর্ত্তনগুলিকে সমস্ত হুলয় দিয়া গ্রহণ করিয়াছে। ইহা এক স্কৃতাবনীয় কাও। তাহারা গানগুলির মধ্যে সময়ে মম্ব্রে এরপ সকল 'আথর' দিয়া থাকে, যাহাতে সেগুলি অপূর্বভাবে রুপান্থিত হইয়া মন্দ্রান্তিক কারুণা-পূর্ব হইয়া উঠে। বেখানে রাধিকা বলিতেছেন (পূর্ব্বোদ্ধত গানটি দেখুন) "রাধবি তহু এই এজ নাকে", মূর্ব গায়েণ আথর দিয়া গাইল "আমার এজ হাড়া করিস্ নারে—আমি এজ বড় ভালবাসি, এজে পদরজঃ আছে"—এইরূপ "নীরে নাহি ভারবি" ও "অনলে নাহি দাহবি", এই তুই পদের পরে আথর দিয়া গায়, "আমার আর জলে ভাসাস্না, আমি সদা নরন-জলে ভাসি সধি,—আমার আর পোড়াস্ন।লো সই—আমি বিরহ-আগুলে পোড়াই ইটাদি।

যেখানে তমাল-ভালে বাঁধিয়া রাণার কথা আছে, দেখানে গায়েন আখর দিয়া দল্পর-মত একটি পদ রচনা করিয়া উহার ব্যাখ্যা করিয়াছে—

"বৰি আসিয়া সই, বঁধু গুধার রাই কই,
তথন তোরা বলিশ্ তারে—তোমার বিরহে রাই মরেছে,—
আমরা কেলি নাই, ওই তমাল-ডালে বাঁধা আছে—
দে যে তোমারে দেখাবার লাগি'।
যদি হা-রাধে, হা-রাধে করি', বঁধু উঠে ফুকরি',
তবে আমার সেঁই মৃত তমু বঁধুর চরণেতে দিও ডালি।''

রাষ-শেখরের পদটির এই ভাষ্য মূর্থ গায়েন করিয়াছে; তাহাকে অবশ্র কবির কাব্যের উৎকৃত্ত বোদ্ধা বলিয়া শীকার করিতে হইবে। অবশ্র এই পদ ও আধর কীর্ডনিয়ার মূর্থে না শুনিলে, ইহার সৌন্দর্য্য সমগ্রকারে ধরা পড়িবে না।

কৃষ্ণ মণুরায় ঘাইয়া সব ভ্লিয়াছেন। কিন্তু গোপীকে যত বড় ঐশবর্ষের কথাই ওনাও না কেন, সে ভ্লিবার পাত্র নহে। সে ওর্ প্রাণকেই বড় বলিয়া আনে, ধন-মান তাহার কাছে নগণা। ঐশবর্ষের সত্তে মাধুর্ষের প্রভেদ দেখাইবার জন্মই বৈক্ষব কবির মাধুরের প্রিকল্লনা । মধ্রাবাদিনীর দর্পের উত্তরে গোপী ঝন্ধার দিয়া বলিতেছে "কিসের বড়াই করিদ্ মধ্রাবাদিনি! তোদের মণি-ম্কা-জহরং— এসকলের মধ্যে অব্জের একটা ধৃলি-বেণ্রও দাম নাই।"

এইজন্মই সেই ধৃলির জন্ত সমস্ত ভারতবর্ব বৃন্ধাবনের দিকে চুটিয়াছে, তাহারা মধুরার ঐশর্য্য দেশিতে চায় না। এই রেণুর উপর শত শত মঠ, অট্রালিকা—( তাহাদের শীর্ষে দোণার কলস ) উঠিয়াছে। আরও কতকাল ধরিয়া উঠিবে কে জানে! সেখানে যে প্রাণ-বাধুর পদরভঃ আছে, তার চেয়ে মূল্য কাহার বেশী? কৃষ্ণ যথন তাঁহার সপ্রতল মন্দিরের চূড় হইতে গোপীন্গারবিন্দনি স্ত "জন্ম রাধে, শ্রীরাধে" বাণী শুনিলেন, তথন তিনি ক্রতগতিতে নীচে চুটিয়া আসিলেন—তাঁহার রাজদণ্ড, রাজপরিছেদ, রাজমূকুট কোথায় পড়িয়া রহিল? তিনি পাগলের মত চুটিয়া আসিয়া চীংকার করিয়া বলিলেন "এ নাম কে শুনালে? মথুরার লোক তো সে নাম জানে না, তাহারা তো ঘশ-মানধনের কালাল, তাহারা তো ও নাম জানে না, তাহারা তো ঘশ-মানধনের কালাল, তাহারা তো ও নাম জানে না! কে এই উনর মক্ষ্মির মধ্যে আমার কাণে অমৃত-তুল্য নাম শুনালে?" তথন তাঁহার ধড়া পরিবার অবকাশ হ'ল না; এক পায়ে পায়জামা, অপর পায়ে ধড়ার অবশে, এক হাতে রাজনও, অপর হাত বাঁশী শুলিতেছে। উন্ধান্ধ বেশে ভিনি রাধার কাছে যাইতে চুটিয়াছেন।

রাধা সথীদের মধ্যে; কৃষ্ণ জগরা 'রাধা' দেখিতেছেন, রাধাভাবে তিনি উদ্ভাস্ত। পুরাণে কথিত আছে, এইরূপ ভাবাবেশে প্রচুর্লাদ স্থী
ব্যান্তের গলা জড়াইয়া ধরিয়া বলিয়াছিলেন, "তুমি কি আমার পন্ধপলাশ-লোচন হরি ?" কৃষ্ণ ললিতা সথীকে ধরিয়া উন্মন্ত ভাবে বলিলেন,
'কই কই, প্রেমর্থি ! পরলিয়ে অল শীতন হই—আমি অলে বে আহি, বংগিন না দেখিলে
আমি অলে বে আছি"। ললিতা হাসিয়া, সরিয়া গিয়া বলিল, "এ কি করহে বহু,

ভূমি কারে বলি' কারে ধরহে বঁধু! আমি ডোমার রাই নই, আমি ললিতা, ডোমার প্রেমন্বর্মী রাই নাঁড়িরে ডই,—বঁধু, চোথে লেগেছে কি রাই-রূপের ধাঁধা, তাই জগৎ ভরে দেখছ রাধা-রাধা!" কৃষ্ণ পাগলের মত "কই কই প্রেমন্মী" বলিতে বলিতে পূন্রায় স্থানেবীকে ধরিলেন; সে হাসিয়া সরিয়া যাইতে যাইতে বলিল, "এ কি করহে বঁধু, ভূমি কারে বলি'কারে ধর হে বঁধু! আমি রাই নই, আমি স্থানেবী, ভোমার প্রেমন্মী রাই নাঁড়িয়ে ডই—বঁধু, সবে ঘোরে তেমার চক্রে, ভূমি ঘোর বঁধু রাধা-চক্রে"।

এই সকল ভাব কৃষ্ণক্ষল মহাপ্রভূব বিজ্ঞান্ত প্রেমলীলা হইতে
সঙ্কলন করিয়াছিলেন। পূর্ব্বোক্ত পদে সভাই কৃষ্ণ জগন্ময় রাধা দেখিয়াছিলেন—সে কথা ললিতা বলিয়াছিল। দতাই তিনি উন্মন্তবং রাধাচক্রে
পড়িয়া দিশেহারা হইয়াছিলেন—সে কথা স্থানেবী বলিয়াছিল। তাহার।
ক্ষেক্তর এই প্রেম-ভন্ময়তা ব্ঝিতে পারিয়াছিল, কিছ্ক এখনকার ক্ষাতিবিদ্পশ এই পদে শ্লীলতার অভাব দেখিয়া লক্ষিত। (এইরপে সম্পূর্ণ বিদেশী
ভাবের আয়ন্ত হওয়াতে বাহাদের অরপ নিলাম হইয়া গ্রিয়াছে, তাহার।
বৈক্ষবপদতীর্থে প্রবেশের অন্ধিকারী, "পড়িলে ভেড়ার শৃঙ্গে লাকে
ইয়ার ধার"।

আমি পূর্কে যে প্রেরের উথাপন করিয়াছি, এখন পর্যান্ত ভাছার উত্তর দেওয়া হয় নাই। কৃষ্ণ তো মথুরায় গেলেন; এইখানে কি মুগগুৰলীলার পরিসমাপ্তি ? ডিনি কি সভাই চিরদিনের জন্ম প্রেমের হাঠ
ডাক্সিয়া গেলেন ? আমি বলিয়াছি, বৈক্ষবেরা কৃষ্ণ-লীলার শেব স্থীকার
করেন নাই। মন্দিরের ভিত্ ধ্বসিয়া পড়িল, বিগ্রহ অপহ্রত, সিংহাসন
শৃক্ত হইয়া রহিল। ৻কিছ্ যাহা বাহিরে ছিল, সেই অস্তরের ধনকে ভজ্জ
অস্তরে কুড়াইয়া পাইল। উহার রুপ ভাহাবা নয়নে গাবিয়া রাখিল,
কুদয়নাথকে কুলয়ের অক্তঃশ্রে শভ ছার দিয়া আমন্ত্রণ করিয়া আনিল।

ভাহারা একথা বলিল না যে, কৃষ্ণ চির্নদিনের জ্বন্ত রুম্পাবন ছাড়িয়া পিয়াছেন, বিভাপতির রাধা বলিলেন,

> "ধৰ হরি আওব গোক্ল-পুর ঘরে ঘরে নগরে বাজব জয়-তর।"

বুন্ধাবনে তিনি ফিরিয়া আসিবেন, রাধা নিজের হৃদয়ে তাহার পুর্বাভাস উপলব্ধি করিয়াছেন। এবার বিজয়-বাজনা (জয়-তুর) বাজাইয়া তাঁহাকে বরণ করিবার সময় হইয়াছে। কিন্তু এবার সমন্ত আয়োজন-সন্তার মানদীপুজার উপকরণ।

"পিরা যব আরব এ মঝু-গেছে,
মঙ্গল আচার করব নিজ দেছে।"

তিনি আসিবেন, কিন্তু বহিছার দিয়। আসিবেন না,—এই দেহই শ্রমন্দির হইবে, "human body is the highest temple of God". মঞ্চলাচরণ সমস্তই দেহে করিতে হইবে। বিদেহী, চিন্নয় ক্লফ হৃদয়ে আসিতেতেন,

> "বেদী করব হাম আপন অঙ্গমে। খাড়ু করব তাহে চিকুর বিছানে।"

আমার সমস্ত অন্ধ-প্রত্যন্ত দিয়া তাঁহার বেদী রচনা করিব এবং আমার আলুলায়িত কুন্ধল দিয়া সমার্চ্জনী তৈরী করিয়া তাঁহার পথ পরিকার করিব। আর.

> "আলিপনা দেৱৰ মতিম হার, মঙ্গল-কল্ম কর্ব কুচভার।"

আমার কঠ-বিলম্বিত ফ্রীর্ঘ ম্কার হারই আলিপনা-স্বরূপ হইবে, বাহিরের আজিনায় আলিপনা দেওয়ার প্রয়োজন নাই। বহির্ঘরে উাহার সম্প্রনার্থ মঞ্চল-ঘট স্থাপন করার সরকার নাই, আমার স্থন-যুগ্মই মঞ্জ-ঘট-স্বরূপ হইবে। যাহাকে রাধা বাহিরে পাইয়াছিলেন, চকু বুজিলে তো তাঁহাকে দেখা যাইত না, তিনি না আসিলে তো তাঁহাকে পাওয়া যাইত না; স্বতরাং একবার মনে হইত, তিনি মুঠার মধ্যে, পুনরায় তাঁহার সক্ষেবিরহ হইত, পাছে প্রেম ভালে, এই ভয়ে মান হইত। কিন্তু আজ্ যাহাকে তিনি পাইলেন, তিনি যেমনই বাহিরে, তেমনই ভিতরে; তাঁহাকে চকু মেলিয়৷ বিবে স্প্রকাশরপে দেখা যায় এবং চকু বুজিয়া ধ্যান-ধারণার মধ্যেও তেমন পাওয়া যায়। আজ্ব থতিতা-বিপ্রলক্ষা ও কলহান্তিরাতার পালা শেষ, আজ্ব মাথ্রেয় মর্ঘান্তিক কট্ট আর নাই। এই ভালা-স্ভার অতীত, সর্ব্রেকার চাঞ্লামুক্ত পূর্ণানন্দ্ররপ্রকে তিনি অথক্তভাবে পাইলেন, ভাই বিছাপতির রাধা হর্ষাচ্ছাদে গাহিলেন,

"আন রজনী হাম তাগে পোহাইসু, পেথুন পিরা-মুখ-চন্দ—"
"আজ মঝু দেহ, দেহ করি মানিসু, আজ মঝু দেহ ভেল দেহ।"

আৰু সমন্ত সন্দেহ দূর হইল, মান-অভিমানের পালার উপর যবনিকা-পাত, আৰু নির্দ্ধভাবে তাঁহাকে পাইয়াছি,

"আজ বিহি মোহে, অসুকূল হোরল টুটল সবহি সন্দেহ" স্থান্তরাং

> "সোহি কোৰিল অব লাখ ডাকয়ু, লাখ উদয় করু চন্দ্র, পাঁচ বাণ অব লাখবান হউ, মলয় শবন বহু মন্দ 🗗

তথন একটা কোকিল তাকিলে রাধিকা অন্থির হইয়া পড়িতেন, আন্ধ এই শুভ মিলনরাত্তে লাখ বার কোকিল ভাকুক; পূর্ব্বে কামদেবের একটি সায়ক, আকালে একটি চন্দ্রের আবির্ভাব হইলে "তব কুত্ম-শরত্বং শীতরশ্বিত্বমিন্দোঃ", রাধার পকে অহবার্থ হইত, ইন্মুম্যুবে অরির ক্কালা উৎপদ্ধ করিত, পঞ্চবাণ বক্সসারের মত ঠেকিত, আজ পাঁচবাণ স্থলে লক্ষবাণ পড়ুক, এক চন্দ্রের স্থলে লক্ষ চন্দ্র উদিত হউক, আজ যে ন্তুভ মিলন-রাত্রি। কিছু পূর্ব্বে চন্ত্রীদাস এইরূপ উপলক্ষে লিবিয়াছিলেন,

> "এখন গগনে উদয় করুক চন্দ. মলর পবন বহক মন্দ, কোকিলা আসিয়া করুক গান, অমরা ধরুক মধুর তান।"

চণ্ডীদাদের এই সরল হস্ত্রনর পদটি লইয়া বিছাপতি ভার উপর রং ফলাইতে চেষ্টা করিয়াছেন।

রাধার অবস্থা কৃষ্ণ-বিচ্ছেদে বর্ণনা করিতে যাইয়া কবি লিখিয়াছেন, "নানক দিন্দ গেও, ব্যানক হান"—"ধ্বনী ধরিরা ধনী কত বেবি বৈষ্টত, পুনতহি উঠই না পারা। কাতর দিটি করি, চৌদিশ হেরি হেরি, নামন গলতি কল ধারা"—এই আসন্ত্রান্তর দিটি করি, চৌদিশ হেরি হেরি, নামন গলতি কল ধারা"—এই আসন্ত্রান্তর বাধা বিরহেও নানা চকে, নানা দশায় পড়িয়া 'আধতফু কালিন্দীনীরে,' অবস্থায় পৌছিয়াছিলেন—এইখানেই মাধুর ভাবের শেষ; কিছ বিরহে পুড়িয়া যে ছাই রহিল, গল্প-কথিত ফিনিক্সের মত তাহা হইতে রাধার হলয়ে ক্ষাপ্রেম নৃত্ন অবয়ব ধরিয়া জন্ম পাইল। বাহিরে হারাইয়া তিনি তাহাকে মনের মধ্যে পাইলেন—ইহাই "ভাব-স্ম্মেলন"—বন্ধীয় প্রেম-বিজ্ঞানের শ্রেষ্ঠ কথা—নৃত্ন আবিষ্কার।

কৃষ্ণ এইরপে নৃতনভাবে তাঁহার মনের র্লাবনে আসিবেন, সেথানকার রাধাকুত, কামকুঞ, ছাদশবন ও খ্যামকুত, সকলই মনের; সে বৃলাবনের নাম নিতা বৃলাবন—সেথানে কিছু হারায় না, ডাহা পাওয়ার দেশ। সংীরা বিলাপ করিতেছিল; কিছু অকল্মাং রাধা মনে পুলক অস্কৃত্ব করিলেন, হঠাং দ্রাগত বংশী-রবের মত কে যেন মনের কাণে কাণে একটা শুভ সংবাদ দিয়া গেল। সে সংবাদ-বাহককে রাধা চিনেন না, তথাপি তাহা বিশাস করিলেন। রাধা সধীদেরে ভাকিয়া বলিলেন, "আল কুদিন হদিন ভেল,

আন্ত্র মাধব মন্দিরে আওব তুরিতে, কপাল কহিরা গেল।"

রাধার চিত্ত হর্ষে উচ্চ্বৃসিত হইয়া উঠিল—কৃষ্ণ আসিবেন, কে বলিল!
রাধা বলিলেন "কপাল কহিয়া গেল"—আমার কপাল, আমার ভাগ্যলক্ষী বলিয়া গেলেন। আমি অভ্রাস্ত ভাবে আমার সে সোভাগ্য
বৃঝিয়াছি। বছদিন পরে

"আমার চিকুর কুরিছে, বসন খসিছে, পুলক যৌবন-ভার। বাম অঙ্গ আঁথি, সঘনে নাচিছে, তুলিছে হিয়ার হার !"

কোন দৃত বা সংবাদবাহক বলিয়া যায় নাই; বাঁশী আমাকে 'রাধা'
বলিয়া ভাকে নাই, এই কথা কোন বাহিরের স্ত্র হইতে পাই নাই,
আমি তাঁহার পদের নৃপুর-সিঞ্চনের মধুব শব্দ শুনি নাই—কিন্তু তথাপি
বুঝিয়াছি তিনি আসিতেছেন; নতুবা আমার বেণী-মৃক্ত কুন্তল হঠাৎ
মহাহলাদের সাড়া দিয়া উঠিবে কেন ? আমার হ্যথ-রোমাঞ্চিত দেহ
হইতে অঞ্চল বারংবার খলিত হইয়া পড়িতেছে কেন ? আমার বিরহথিন্ন উপধাস ও জাগবণ-ক্লিপ্ট শরীর নব যৌবনের পুলকে অধীর হইয়া
উঠিবে কেন ? বাম অক্স ও আথির নর্ত্তনেও সেই কথা ব্রাইতেছে।
আক্র সেই আনন্দের তেউ লাগিয়া হৃদ্যের স্পদ্নের সহিত বক্ষবিশ্লিক্ত
মৃক্তাহার ছলিয়া উঠিতেছে।

নিত্যই তো প্রাত:কালে গাছে গাছে কাকগণ কোলাহল করিয়া আহার বাঁটিয়া থায়; বিভাপতি লিখিয়াছেন "কার কাক-মুখে নাহি সংবাদই।" পুরাকালে দ্বগত স্থানীর বিরহে কাজরা রমধীরা হাত জোড় করিয়া কাকের কাছে শত শত বার স্থানীর শুভাশুক্ত-বার্তা জিল্পানা করিতেন। জাকের কি রবের কি অর্থ, তাহা কাক-চরিত্রে লিখিত আছে। রাধাও

প্রতিদিন কত কি জিজ্ঞাস। করিতেন। কিন্তু আজ "পিয়া আসিবার নাম কুনাইতে, উড়িয়া বদিল তার" কাক শুডশুর করিয়া আমার নিকটে উড়িয়া আসিল।

আছ "ম্থের তাত্বল পদিরা পড়িছে, দেবের মাধার ত্ল"—আহেতুক আনন্দে কার সোহালে ম্থের চর্ব্বিত তাত্বল পদিয়া পড়িয়াছে ? শিবমন্দিরে প্রণাম করিতে যাইয়া, হঠাৎ শিবের মাধার আলীকাদী ফুল আমার হাতে আদিয়া পড়িল।

এই স্থলক্ষণগুলি বছদিনের অনাস্থাদিত-স্থের, অপূর্ব্ব-প্রাপ্তির আনন্দের নিশ্চিত স্চক। রাধার অস্করের দেবতা তাঁহাকে এইভাবে সে স্থধ-সংবাদ দিলেন, রুফ সত্যই আসিবেন।

কত বার তিনি তমাল-তরুকে কৃষ্ণ-লমে শিহরিত রোমাঞ্চিত দেহে পাড়াইয়া স্থীকে বলিয়াছিলেন,

> "আমার কেন অঙ্গ হৈল ভারি। আমি যে আর চল্তে নারি।"

রাধাকে আশাস দিতে যাইয়া সথীর। বলিয়াছেন, কৃষ্ণ সভাই
আসিয়াছেন। সে অম ঘুচিলে, রাধা "পেরে নিধি হারাইলাম" বলিয়া
কাদিয়াছেন এবং বলিয়াছেন, "তোরা ভো ঠিকই বলেছিলি কৃষ্ণ
এসেছিলেন, কিন্তু "আমার ভাগো তমাল হ'ল"। কত দিন মেঘকে কৃষ্ণ অম
করিয়া অহেতুক পুলকে তিনি স্কুটা হইয়াছেন, কত প্রলাপোঞ্জি
করিয়াছেন, আজ কৃষ্ণকে দেখিয়াও বিশাস করিতে পারিতেছেন না।
কি জানি, আবার যদি তমাল বা মেঘ হইয়া যান!

উৎকট কুণ্ঠার সহিত বিধাযুক্ত ভাবে রাধা সধীকে জিজ্ঞাসা করিতে-ছেন, কত বার তো তিনি ছলনা করিয়া নব মেঘ হইয়া গিয়াছেন—
কুঞ্জের বাবে এ কে গাঁডারে গ

त्रच त्रच त्रा छ विनास,

প্তকি বারিধর কি পিরিধর, ওকি
নবীন মেথের উদর হ'ল।
নাকি মদন মোহন খরে এল!
প্তকি ইন্দ্রধন্ম হান্ন পেথা—নব জলদের মাঝে,
নাকি চুড়ার উপর মন্ত্র পাথা!
"ও কি বক শ্রেনী যার চলে, নাকি মুক্তমালা দোলে গলে!
প্রকি সৌদামিনী মেথের গার, নাকি শীত বসন দেখা যার!
প্রকি মোথার স্ক্রিন শুকি, নাকি শ্রীত বসন দেখা যার!
প্রকি মোথার স্ক্রিন শুকি, নাকি শ্রীণনাথের বংশীধরনি।"

আকাশে উজীন বলাকা-পংকি দেখিয়া তিনি কত বার ভূল করিয়াছেন, উহা তাঁহার প্রাণনাথের গলার মুক্তামালা; মেঘের অবে ক্ষরিত বিছাকাম দেখিয়া মনে করিয়াছেন, উহা তাঁহার বঁধুর অবের পীতবদন। "দধীরা আজ তোরা ভাল করিয়া দেখিয়া আয়,—সভাই কি তিনি আদিয়াছেন ?"

ভাব-প্রবণতার প্রবল উচ্ছাদে কাব্য উচ্ছ্র্বল হইয়া যায়, কবি উন্নততার সম্পীন হন ৷ রাধা আজ আনন্দ ও নিরানন্দের ছম্মে সেই সন্ধিন্দেল দাড়াইয়াছেন, এই ভ্রান্তি মধুর ও কবিত্ব-পূর্ণ।

কৃষ্ণক্ষমল এই যে চিত্র আঁকিয়াছেন, তাহা তাঁহার শুধু ক্লনা-জাভ নহে। আশ্চর্যোর বিষয়, এই প্রান্তির সমন্তই বাতার হইতে পাওয়া। চৈডক্তও "বিদ্ধনে আলিলই তরণ তমাগ"—("ডমালের বৃক্ষ এক ক্লিউটে দেখিয়া, কৃষ্ণ বলি' তারে যেয়ে ধরে জড়াইয়া")—এবং মেঘকে কৃষ্ণপ্রমে যে সকল কাতরোভিক করিয়াছেন, তাহা চৈডক্তচরিতায়ুভাদি পুতকে পাওয়া যায়। সেই চৈডক্তচরিতায়ুভের শেষ আকরে পাগল গোরাকে কৃষ্ণক্ষমল এইভাবে কাব্যপটে ধরিয়া রাখিয়াছেন; এই চিত্র অপ্লপ্ন ও জালরণের সন্ধিষ্ধলে; যাহার। ইহার আভাষ পাইয়াছেন, তাঁহারা সেই অপ্লই চাহিবেন, আগরন চাহিবেন না।

সমস্ত সন্দেহের নিরসন হইয়াছে, ক্লফ সভাই আসিয়াছেন, তথন বাধা বলিতেছেন :---

"বছদিন পরে বঁধুরা আইলে। দেখা না হইত মরণ হ'লে।"
চণ্ডীদাসের এই পদ বুঝাইতে যাইয়া ক্রঞ্জমল বলিয়াছেন :---

"একবার আসিরা সমকে, দেখিলে বচক্ষে,
( জান্তে ) কত ছুংখে রকে করেছি জীবন।
"ভাল ভাল বঁধু, ভাল তো আছিলে,
ভাল সময় এসে ভালই দেখা দিলে—
আর ক্ষণেক পরে এলে,—দেখা হ'ত না,
তোমার বিরহে সবার হ'ত যে মরণ।"

চণ্ডীদাসের রাধা বলিভেছেন:---

"হু:খিনীর দিন ছু:খেতে গেল, তুমি তো মধুরার ছিলে হে ভাল। আমার এতেক সহিল অবলা ব'লে, ফাটিরা বাইত পাৰাণ হ'লে।"

কোমল জিনিষ অনেক সহিতে পারে, আঘাতে ভালে না, যেমন কালা। যে প্রতিরোধ করিতে চায়, দে না পারিলে ভালিয়া যায়, যেরূপ পাষাণ। আমি অবলা বলিয়াই, এত ছু:ধ সহিয়া বাঁচিয়া আছি।

> "মে সকল কথা রহক দূরে, আজ মদনমোহনে পেলেছি খরে ৷"

যত ছুংৰ পাইয়াছি, তাহা বলিবার দরকার নাই; বলিতে পেলে আনন্দের দিনে, উৎসবের গৃহে বঁধুর নিষ্ঠুরতার কথা ইলিতে আসিবে— এজন্ত রাধা বলিতেছেন, সে প্রসন্ধ এখন থাকুক। "ছংখিনীর দিন ছংখতে পেল, মধুরা-লারে ছিলে তো ভাল।"

যিনি চকুর পলকে আমায় হারাইতেন, তিনি এই যুগ-যুগ-ব্যাপী কাল আমাকে কিরপে ভূলিয়া রহিলেন ? তাঁহার ভালবাদা যেমন অসীম, নিষ্ঠরতাও তেমনই অসীম। আজ আনন্দের দিনে সেই কথার উল্লেখের অবকাশ নাই। যেটুকু পাওয়া গিয়াছে, তাহার তিলমাত্র রসবিশ্বকর কথার এখন অবকাশ নাই।

> "নেত্রপলকে বে নিন্দে বিধাতাকে. এত বাজে দেখা সাজে কি তাহাকে ? वास्त्रीक (नथा र'ल, इ:ल मृत्र (नल, এখন গত কথার আর নাই প্রয়োজন।"

এই 'ভাব-সম্মেলনে' রুক্ষের নিকট রাধ। সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়াছেন। হলয়ের অর্গল বন্ধ করিয়া, তিনি মনোমন্দিরে একান্তে তাঁহাকে পাইয়া, যে-সকল মধুর কথা তাঁহাকে বলিয়াছেন, তাহা বৈদিক যাজিকের হোমকুণ্ডের পার্ষে উচ্চারিত উপনিষদের মন্ত্র 🗸 "বঁধু, তুমি আমার প্রাণ-স্বরূপ। আঁমি ওধু দেহ-মন নহি, আমার সমগু কুলশীল, অভিমান ও সংস্থার আজ তোমাকে সঁপিয়া দিলাম। তুমি অধিল ব্রন্ধাণ্ডের অধিপতি, তা' কি আমি জানি না। আমি তচ্চ গয়লার মেয়ে— "আছিরিনী, কুরুণিনী, প্রামা গোপবালিকা"। এই ইক্সিয়-রূপ পশুগুলিত্রক পরিচর্য্যা করাই আমার কাজ, "মামরা সকলেই প্রপালিকা" "আমরা কুদ্রোবার কিবা জানি ?" তুমি যোগী ঋষির আরাধা—"যোগীজনা: জানন্তি", আমি **ডজন-পূজনের কিবা জানি ? কিন্তু আমার দেহ-মন সমস্তই তোমার** ক্রেম-গন্ধায় ভাদাইয়া<sup>°</sup> দিয়াছি। ভোমার পদচ্যতা গন্ধার ধারাটি শ্বশান সমান উষর মক্ত্মিতে পথ হারাইয়া তোমার পদাল্লয়ে কিরিয়া আসিয়াছে। পড়শীরা আমাকে নাম ধরিয়া ডাকিতে খুণা করে। ভারা सामारक 'कनहिनी' वनिश छारक। किन् छाहारक सामात्र कृ:थ नाहे।

ভোমার নামের সক্ষে আমার কলক-কথার যোগে আমি গৌরব অছভব করি। আমি সতী হই বা অসতী হই, তুমিই জান, আমি লোক-চর্চা গ্রাফ্ করি না। আমি কি মন্দ, কি ভাল তাহা জানি না; আমার পাপ-পুণা, ধর্মাধর্ম সকলই তোমার যুগল পাদপদ্ম।" পরমহংস দেবও ইহার উপরে কিছু বলেন নাই:—

্ব'ধু, তুমি নে আমার প্রাণ,
দেহ মন আদি, তোহাঁরে স'পেছি, জাতি-কুল-গাল-মান,
অথিলের নাথ, তুমি হে কালিয়া, যোগীর আরাধা ধন,
গোপা-গোয়ালিনী, হাম অতি দীনা, না জানি ভঙ্গন-পূজন।
কলঙ্কী বলিয়া ভাকে সব লোকে, তাহাতে নাহিক ছুধ,
বুধ, তোমার লাগিয়া কলঙ্কের হার গলায় পরিতে হুখ।
গাঁরিতি রসেতে ঢালি' তুমু মন, বিয়াছি ভোমার পায়।
তুমি মোর গতি, তুমি মোর পতি, মন নাহি আন ভার।
সতী বা অসতী ভোমাতে বিদিত, ভাল মন্দ নাহি জানি,
কহে চন্তাকাল পাপপুণা মম ভোমার চরণ মানি।"

নিরিবিলি কৃষ্ণকৈ পাইয়। তিনি কত কথাই না বলিতেছেন,—
তাহার প্রতিটি শব্দ, জীবনের জনস্ত তু:য়, সধা-সংকর অনস্ত আনন্দ কত
মধুরাক্ষরা কথায়, কত মন্দান্তিক কারুণাপূর্ণ অশ্রুধারায় ব্যক্ত হইতেছে।
তিনি বলিতেছেন: "বঁধু, তোমায় আমি আর কি বলিব, তোমাকে আরু
যেমন করিয়া পাইয়াছি, সেই প্রাণপতিরূপে যেন তোমার এই মহা
অবদান—এই মানবজন জুরাইয়া না য়য়। জীবনের প্রতি আছে, রস-রূপে,
আনন্দময়-রূপে, বিধানকর্তা-রূপে, আহে-প্রেমে-সংখ্য—রক্ষক-রূপে—
পালক-রূপে যেন সর্বাদা তোমাকে পাই, জীবনের সন্ধি-স্বরূপ যেন তুমি
প্রতি মৃত্ত্ত্র আমার কাছে বে'ক এবং মৃত্যুকালে যেন তোমার মৃত্তি
আমার উর্জাত নেত্র কণীনিকায় উজ্জল হইয়া উঠে। জীবনে-মরণে

क्षि चामात्र दहेशा चामात्र काट्य (धंका अप कीवरन-मत्राल नरह. "ৰদমে ৰদমে প্রাণনাথ হৈও তৃষি"। তোমার সঙ্গে তো আমার এক জন্মের সম্ভব্ধ নহে--এ সংগ্ৰ জন্ম-জন্মের-কোন জন্ম যেন ভোমার কাছ इटेंटि मः मात्र व्याभाटक जुनारेशा ना नरेशा याह । এर भतौ हिका-महन. প্রতারণার রাজ্যে অনেকেই আমাকে পথ ভুলাইতে আদিবে-রূপ, যশ:, মান, এম্বর্যা তুমি ঘাটে ঘাটে রাখিয়াছ-মামার মনের বল ও অফুরাগ পরীক্ষা করিতে। কোন অন্তভ মুহূর্তে যেন তাহারা তোমাকে আডাল করিয়া না দাড়ায়।" রাধিকা বলিতেছেন—"হে জীবনধন, তুমি জীবনে আমার হইও, মরণে আমার হইও—জন্মে জন্মে আমার হইও। তোমার চরণ-পদ্মের সঙ্গে আমার প্রাণের একটা ফাঁসি লাগিয়া গিয়াছে.—যদি মৃহুর্তের জন্ম চরণ দরাইয়া লইয়া যাও, তবে সেই প্রেমের ফাঁসীতে আমার প্রাণ ঘাইবে। তাই আমার সমস্ত তোমাকে নিবেদন করিয়া, একমন হইয়া আমি তোমার চরণের দাসী হইয়াছি। আমার একুলে—স্বামীর কুলে, ওকুলে পিতৃকুলে বৃষভায়ত্ব পুরীতে, তুকুলে—বৃন্দাবনে অবস্থিত এই তুকুলে আমার আর কে আছে ? বিপথে গেলে কে আমায় উদ্ধার করিবে ? ৰবং মারীয় আৰম্ভ করিয়া ভাহারা ভোমার কাছ হইতে আমাকে দুরে লইয়া যায়। এই বিভ্রাম্ব মায়াপুরী হইতে আমাকে কে রকা করিবে ?

! "वंशू! कि जात्र वितव जामि

আমার জীবনে-মরণে মরণে-জীবনে প্রাণনাথ হৈও জুমি।
তোমার চরণে আমার পরাণে বাধিল প্রেমের কাঁদি,
সব সমপ্রিয়া, একমন হইরা নিশ্চর হইলাম লগী %
আমার এক্লে, গুকুলে, ছুকুলে গোকুলে, আর মোর কেবা আছে।
রাধা বলি কেহু গুধাইতে নাই, জানাব কাহার কাছে।

এই ভাবে রাধা একেবারে নিঃৰ ও নিরাল্লয় হইয়া তাঁহার আল্লয় লইয়াছেন। যে আল্লয়ের পূর্বাসংখার তাঁহার ছিল, তাঁহার স্বামিকুল, পিতৃত্ব — তাহা **অধীকার করিয়া** তিনি তাহা ভালিয়া ফেলিয়াছেন।
নিরাশ্রয় নিরবলম্ব হইয়া, তিনি একমাত্র ভগবানকে আঁকড়াইয়া
ধরিয়াছেন।

এ যেন পুষ্পতক্ষ, মাটীকেই একমাত্র আল্লয় মনে করিয়া, বহু শিকড় ছারা তাহাকে আঁকড়াইয়া ধরিয়াছে। তাহার উর্দ্ধে নীলাকাশ, শত শত পাখী কলবৰ কৰিয়া তথায় উডিয়া যাইতেছে: কিন্তু তক্ষ উডিতে চাহিয়া জল ডিকা করে না; তাহার দশদিকে কত পভ, জীব, মানব নানা কামাবস্তর লোভে ছুটাছুটি করিতেছে,—সেই দশ দিকের দশপথ দেখেনা। সে যাহা আরাধনা করে, তাহা সমস্ট মাতকোডে বসিয়া, মাতার নিকট। এইভাবে সকল দিক হইতে মন সরাইয়া আনিয়া তাঁহাকে সমর্পণ করিলে এবং যোগীর মত আত্মন্থ, ধাানন্থ হইয়া তপজা করিতে পারিলে, দর্মসিদ্ধি-লাভ হয়। কাম্যের অধিক ফল অয়াচিতভাবে আসিয়া হাতে পড়ে। যে মাটার আপাত দৃষ্টিতে कान वर्गम्भाहे नाहे-याहा जानहीन ७ नीतम, पारे गांगे हहेएछ दर्भंद महाखी भाषानी कृष्ठियां উঠে किकरभ ? काथा इटेट भागाभ, মল্লিকা, বেলা, কুন্দ এত শোভা এত গন্ধ পায় ? কোথা হইতে ফল্লনী ও নেংড়া আমের গাছ এবং ধর্জুর-তরু ও ইক্লতা অভূরস্ত অমৃত-রদে সমুদ্ধ হয় ? কোথা হইতে চন্দন ভাহার স্থবাদ সংগ্রহ করে ?-এই আত্মন্ত তপ্রসার বলে। উহারা সংসারের নানাদিকের নানা প্রলোভনে আরুট হয় নাই; উহারা ব্রিয়াছে জীব-মানবের গতিশীলতা ভূল পথে লইয়া যায়। তাহারা ব্রিয়াছে, যিনি চারিদিকে এত সম্পদের স্টে করিয়া বিশ্ব-চরাচরে ঝলমল করিয়া প্রকাশ পাইয়াছেন, তিনি এই মৃহুর্জে এইখানেই আছেন। যিনি জীবের নিকট হইতেও নিকট, তাঁহাকে খুঁজিতে অক্তত্র হাইছা লাভ নাই—বরং তাহাতে লোকসান আছে।

বাহিরের ছবি ছায়াবাজির মত, তাহারা ঝাঁটী জিনিব দেখার না। এইজন্ত তরু যেখানে জন্মিয়াছে, দেইখানেই আসন পাতিয়া বিদ্যা তপজা করিতেছে। সে বৃঝিয়াছে, বাড়ী-ঘর নিরাপদ্ নহে, উহা মাধার ভাজিয়া পড়িতে পারে, বজ্পাতে ছাদ ভাজিয়া যায়। গৃহের মধ্যেও সর্পে দংশন করে, আবৃত স্থানে থাকিলেও পীড়া হয়—ইহা সংস্কার ও অভ্যাস মাত্র, বরং পশু-পক্ষীর জীবনই স্বাভাবিক জীবন। ভগবানের চরণপদ্ম ছাড়া আর কোন আল্রমই আল্রয় নহে। এজন্ত তরু আল্রয়ের কর্ম চতুর্দিকে ধাবমান হয় না, সে শুরু লতার মত তাঁহাকেই জড়াইয়া থাকিতে চায়; ভগবানের চরণপদ্মই তাহার সর্ব্ধ আল্রমের মধ্যে ল্রেম্ক আল্রম। আকাশ যথন ঘনঘটাজ্বর হয়, বিত্যুৎক্রণে দিক্ প্রকল্পিত হয়, ভীষণ অজগর যথন ফোন-ফোস করিতে করিতে নেত্রে অগ্রিবর্ধণ করিয়া ছুটিয়া আনে, তখন হয়ত সে তাঁহার রুপালাভ করিতে পারিরে নিরাপদে থাকে, ঘন-বর্ষণে তাহার পত্ত-পদ্ধব আরও সবৃক্র হয়, তাহার শিব-তুল্য দেহ জড়াইয়া ধরিয়া সর্প নিজের বিষের জালা ভূলিয়া যাম—কারণ সে অমৃত্রম্যকে আল্রম করিয়া অমৃত্রম্য হইয়া উঠিয়াছে।

বৈষ্ণবের। জ্ঞানকর্ম চাড়িয়া এজগুই তাঁহাকে আপ্রয় করাই প্রেমিকের শেষ লক্ষ্য বলিয়া নির্দিষ্ট করিয়াছেন এবং সীতা বলিয়াছেন "সর্প্রধান্ পরিভাল্য নামেকং শরণ বল।"

চণ্ডীদানের রাধা এইভাবে সমস্ত আশ্রহ ত্যাগ করিয়াছেন। একুল-ওকুল, এই ছই কুল ত্যাগ করিয়া তিনি একেবারে ক্লমপ্রেমের মাঝ-দরিয়ার ঝাঁপ দিয়াছেন। তিনি ধনিশ্রেষ্ঠ আয়াণ ঘোষের অট্টালিকা ও র্যভাহ্র প্রাসাদ ছাড়িয়া দিয়া, বসনভ্যণ পরিত্যাগপূর্বক একেবারে রিস্তা হইয়া পথে আসিয়া দাড়াইয়াছেন—তথন কাছ-অন্তরাগই তাঁহার এক্মাত্র রাশাবাস, কাছর কলক্ষই এই দিগদরী স্র্যাসিনীর অভত্ম, কাছর নাম-শ্রবণই তাঁহার শ্রুতির মহার্য অলমার—যোগিনীর কুওল; ভিতরে ও বাহিরে তিনি সম্পূর্ণরূপে রুফের হইয়া বলিতেছেন:—

> "সবে বলে মোরে স্থাম-সোহাগিনী, গৌরবে স্তরল দে। হামারি গরব তুহুঁ বাড়ারলি, অব টুটারব কে ?"

আর একটি পদে গৃহে থাকাকালীন তিনি যে কট পাইয়াছেন—
তাহার ইতিহাস দিতেছেন—হে রুক্ষ, আমি স্ত্রীলোক, কি করিয়া
তোমায় মনের ভ্রংথ ব্ঝাইব ? আমার পা আছে, কিন্তু চলিবার সাধ্য নাই,
কোন ছলে তোমার শ্রীমন্দিরের দিকে পা বাড়াইলে লোকে টিট্কারী
দেয়; আমার মৃথ আছে, কিন্তু কিন্তু বলিবার সাধ্য নাই, এজন্তই
লোকে স্ত্রীলোককে "অবোলা" বলে। এক স্থানে চণ্ডীদাস রাধিকার মৃথে
বলিয়ছেন—চোরের মা যেমন ফুকারিয়া কাঁদিতে পারে না, তাঁহার
সেই অবস্থা। আমার চোথ আছে, কিন্তু নয়নভিরাম মৃর্ধি আমার
দেখিবার সাধ্য নাই। ("নিয়াস ফেলিতে না দেয় ঘরে ননদিনী") চোধ মেলিলে
বলে—'কি দেখ্ছ'; চোথের জল ফেলিলে বলে—'কেন কাঁদ্ছ'। বঁধু,
স্ত্রীলোকের মনের তুঃখ মনেই থাকে।

"শুনহে চিকন কালা,
বলিব কি আর, চরণে জ্ঞোমার,
অবলার বত আলা।
চরণ থাকিতে না পারি চলিতে
সদা যে পরের বল,
কোন ছলবলে তব কাছে এলে
লোকে করে অপাবল।
বদন থাকিতে না পারি বলিতে
তেই সে 'অবোলা' নাম,
নরন থাকিতে না পোনে বলিতে
তেই সে 'অবোলা' নাম,
সবা গর্মন

চন্ত্রীদাস কাব্যলোকের উদ্ধে—সরস্বতীর এলাকা ছাড়িয়া তিনি সরস্বতীনাথের রাজ্যে গিয়াছেন। এজন্য উপমা ও উৎপ্রেক্ষায় যেরপ বিছাপতির পদ ঝলমল, সে তুলনাম ইহার কবিতা কতকটা নিরাভরণ—তাহার যোগিনীর বেশ; কিন্তু মর্ম্মের মর্ম্মকথা তিনি যেরপ আবেপে প্রকাশ করিয়াছেন, তাহাতে সর্ব্বত্যাগী আত্মবিশ্বত প্রেমের মৃদ্ধি মহিমান্বিত হইয়া উঠিয়াছে। তাঁহার এক-একটি পদ ক্রদমে ঘা দিয়া মর্ম্মের কথা টানিয়া বাহির করে। পরবর্তী কবিরা তাঁহার পদগুলির মধ্যে আবর-যোজনা করিয়া সেগুলি সমৃদ্ধ করিতে চেট্টা পাইয়াছেন, তাঁহার পদে সেরপ আথর-যোজনার অজন্ম অবকাশ আছে। ধকন বর্ধা-রজনীর একটি বিরহের পদ—ইহা স্বপ্লাধ্যায়-ভুক্ত।

'আমি প্রাণনাথেরে, বুপনে দেখিলাম

সে যে বসিয়া শিয়র-পাশে।

নাসার বেশর

পরশ করিয়া

झेव९ मधुत्र शंकाः।

আমার মরমে পশিল লেহ, স্করে লাগিল দেহ,

শ্রবণে ভরল সেই বাণী ;

দেখিরে তাহার রীত, বে করে আমার চিত,

আমি কি করিব কুলের কামিনী !

( তাহে ) জন্ম পরিমল,

কৃত্ব-কন্তরী পারা। পরশ করিতে

दम छेनिकन,

क्रशंकि हमान.

व्यानिया रहेन्द्र राजा ।

( তথন ) চাতক পাখীরে

চৰিতে বাটুল

মারিলে বেমত হয়.

ৰণন ভাৰিয়া

তেমতি হইল,

चित्र क्षीनारम कत्र।"

এই গানটি গভীর অন্তড্ডি ও প্রিয়সন্ধের আবেশে পূর্ণ, স্বপ্নে রাজ্যপ্রাপ্তির মন্ত। যাহাকে হারাইয়া ফেলিয়াছি, সেই তপন্তার ধনকে বেস্বপ্নে পাওয়া গিয়াছে, সে স্বপ্রটিও কি অভ্তপূর্ক স্বধ্বায়ক। তিনি
আসিয়া শিয়রে বসিলেন এবং হাসিয়া বেশর স্পর্শ করিলেন, তাঁহার
স্পর্শে হদয়ে স্নেহের বান ডাকিয়া উঠিল; রাধার কর্ণে তাঁহার বাদী
বাজিয়া উঠিল এবং তিনি তাঁহার বন্ধে ক্রুদ্ধেহের স্পর্শ অন্তওব
করিলেন; তাঁহার আদরে মন বেরূপ করিতে লাগিল, তিনি কুলকামিনী
হইয়া তাহা মুথ ফুটিয়া কিরপে প্রকাশ করিবেন ? তাঁহার অন্ধ-গছ
চলন-কন্তরী-তুল্য; সেই গছ রাধাকে পাগল করিয়া ফেলিল—কিছ
রসাবেশের এই পূর্ণ মুহুর্ত্তে সহসা ঘুম ভালিয়া গেল। চাডক-পাধী
ইক্রদত্ত মেঘের একবিন্দু বারি পাইবার আশায় ভ্রুন্তর্ভ কঠে ধাবিত
হইতেছিল, এই সময়ে কে তাহার বুকে বাট্ল মারিয়া তাহাকে
মাটীতে ফেলিয়া দিল! স্বপ্ন-ভক্ষে রাধার সেই বাট্লাহত
চাডকের দশা।

এই চিত্ৰে স্বপ্নে-পাওয়া কৃষ্ণদক্ষের স্ববোপলন্ধির প্রগাঢ়ত্ব ও তাঁহাকে হারাইবার মন্মন্ত্রদ ক্ষোভ প্রদর্শিত হইয়াছে।

এই কবিতাটির রসাস্বাদ করিতে করিতে চণ্ডীদাদের সন্মোহন সুরে জ্ঞানদাদের হাদ্তরী বাজিয়া উঠিয়াছিল। তিনি পদটি বাড়াইয়া নিজের ডণিতা দিয়া চালাইয়াছেন—চোরের মত নহে, শিবোর মত, আথরিয়ার মত, টীকাকারের মত—তাহাতে পদটির ভাবের মুর্যালা একটুকুও বর্ক হয় নাই, কিছ কবিছের দৌন্দর্য বাড়িয়াছে। এই কবিছ চণ্ডীদাদের পদ তাহার মনে জাগাইয়া তুলিয়াছিল, উহা তিনি অপর কোন স্থান হইতে কুড়াইয়া পান নাই। এ বেমন গ্লাল্লে গ্লাপ্লার মত।

চণ্ডীদাসের ভাবধারা অন্তুসরণ করিয়া, সেই ধারায় উদ্ভূত হৃদয়োচ্ছাদ দিয়া তিনি চণ্ডীদাসের কবিতাটি সাঞাইয়াছেন।

শ্বামি তৎক্কত যোজনাসহ কবিতাটি এখানে উদ্ধৃত করিতেছি।
"আমি পরাণনাথেরে খণনে দেখিলাম, সে বে বসিরা শিবর পালে,
নাসার বেশর পরশ করিরা ঈবং মধুর হাসে।

কিবা রজনী শাওণ, ঘন দেরা গরজন,
রিমি ঝিমি শবদে বরিবে,
পালভশন্তন রঙ্গে,
আমি নি'গ বাই মনের হরিবে।
শিখরে শিখত্তী বোল, মন্ত দাত্ত্রী বোল,
কোকিলা ভাকিছে কুতৃহলে,
ঝি' ঝিমকি ঝাজে, ভাহকী দে গরজে,
আমি শ্বপন দেখিলাম দেন কালে।

আধরিয়া ক্রকের হাসিটির ব্যাধা। করিয়া বলিবে—সে হাসি ছুরির মত, হৃদয় কাটিয়া বায় ; মিষ্টত্বের এই তীক্ষ আঘাত যিনি বুঝিয়াছেন, তিনিই এই কথার অর্থ ব্ঝিবেন। কোন সময়ে হাসি যে ধারাল ছুরির মত হৃদয় কাটিয়া যায়, তাহ। কেহ কেহ হয়ত অফুভব করিয়া ধাকিবেন।

পরবর্ত্তী অংশে জ্ঞানদাস যে কয়েকটি ছত্র কিবা রজনী শাঞ্জ ...
আমি অপন দেখিলাম হেন কালে) যোগ করিয়াছেন, তাহাতে মনের
অবস্থার উপর রং ফ্লাইয়া তিনি বর্ধারাত্রের এই মিলনের রস প্রগাঢ়
করিয়াতেন।

যদিও কোন কোন সংগ্রহ-পুদ্ধকে সমন্ত পদটিই চঙীদাসের ভণিতার পাওয়া যায়, এই প্রকৃতি-বর্ণনার স্থরটি কখনই চঙীদাসের নহে; ইহা শব্দ-কুশলী পরবর্ত্তী কোন কবির রচনা। সে কবি কে, তাহা আবিভার করাও কট্টনাধ্য নহে। বহু শংগ্রহ-গ্রহে—বিশেষ ময়নাজলার মিদ্রচাকুরদের সংগৃহীত কোন কোন থাতায় এই গানটির ভণিতায় জ্ঞানদাদের নাম পাওয়া যায়। প্রধানতম পুঁথিগুলিতে এই প্রকৃতির
বর্ণনার অংশটুকু বাদে বাকী চণ্ডীদাদের ভণিতায় দেওয়া হইয়াছে।
স্তরাং স্বীকার করিতে হইবে, নিরাভরণা স্বন্ধরীর গলায় কেহ মতির
মালা পরাইয়া দিলে বেরপ হয়, ক্ষানদাস সেইভাবে চণ্ডীদাদের পদটির
অক্সোচন সাধন করিয়াছেন।

এই যোজনায় মেঘাগমে বিরহের চিত্র অতি স্পষ্ট হইয়াছে রাধিকার ঘুমস্ত অবস্থায় দৃশ্রপটে কোন রূপের বর্ণনা সঙ্গত বা শোভন হইত না। এজন্ত কবি কেবল শ্রুতির দিকে লক্ষ্য রাণিয়া এরূপ বর্ণনা দিয়াছেন-যাহাতে ঘুমের আবেশ-বৃদ্ধি হয়। কেবল স্থরই তাঁহার লক্ষা। কৰ্ণ যদিও কতকটা নিজিয়, তথাপি যেটুক স্জাগ, তাহাতে হুরের মোহ নিজিতের মনে পৌছিতে পারে। শিশুর ঘুমস্ত অবস্থায়ও কিছুকাল জননী ঘুমপাড়ানিয়া গান আবৃত্তি করিতে থাকেন, চকু যথন একেবারে মৃদিত, তথনও ঘূমের অবস্থায় খাতি কিছুকাল স্ক্রার প্রাকে। "রক্ষনী শাওণ ( ল্রাবণ ), খনখন ( বারংবার ) দেরা (মেখ) গরজন"---এখানে মেঘের সম্পদ বা আকৃতি সম্বন্ধ একটি অক্ষরও নাই,— মেঘের "রিমিঝিমি" শব্দে ঘুমের আবেশ বৃদ্ধি করে। বৃষ্টি-বিন্দুর রূপ হীরার মত কি মুক্তার মত, কবি তাহা বলেন নাই; কারণ শব্দই কবির লক্ষা। "বি" বি" বিমকি ব"বে—ভাহকী দে গরলে" প্রভৃতিও শব্দমন্ত্র ; ইহা দিয়া কবি আমাদিগকে এক ঘুমন্ত পুরীতে লইয়া গিয়াছেন। সেই মোহনিভাতুর রন্ধনীর আবেশ-বর্দ্ধক বিচিত্র স্থরের রান্ধ্যে কৃষ্ণের খপ্ন-শ্রুত মধুরাক্ষরা বাণী রাধাকে ঋপর কোন ঋগতের আকস্মিক প্রিয়-ভনের আহ্বানের মত আবিষ্ট করিয়া কেলিল। চণ্ডীদানের কবিভায়

## भवावनी-गाव्या

এই ফোজনা তাঁহার প্রিয় শিক্ত জ্ঞানদাস ভাবের সন্থতি রাখিয় করিয়াছেন, এজন্ম ইহাতে নিন্দার কিছু নাই।

আর একটি পদ, যাহা কোন কোন প্রাচীন পুঁথিতে চণ্ডীদাদের, কোন কোনটিতে জ্ঞানদাদের ভণিভায় পাওয়া যায়, তৎসহত্বেও আমার কিছু বক্তব্য আছে। দে পদটি বিখ্যাত—

> "হথের লাগিরা এখর করিস্থ, আগুণে পুড়িরা গেল, অমির-সাগরে সিনান করিতে সকলই গরল জেল। উচল ভাবিরা অচলে চড়িস্থ, পড়িস্থ অগার জলে, লছমী চাহিতে দারিত্র্য বাড়ল, মাণিক হারালাম হেলে। সাগর সেচিলাম, নগর বাঁধিলাম, বসতি করিবার আশে। সাগর শুকাল, নগর ভাগিল, অভাগীর করম দোবে।"

সকলেই অবগত আছেন। জ্ঞানদাস চণ্ডীদাসের অনেক পদই
নৃতন করিয়া ভালাই করিয়াছেন। এই গানে চণ্ডীদাসের স্থরটী পাওয়া
গেলেও ইহার মালিকানা সাবাত্ত করা সহজ হইবে না। এখনও অনেক
তব্ধণ কবি রবীক্ষনাথের ভাবের প্রতিধ্বনি তৃলিয়াই ক্ষান্ত হন না,
ভাঁহার হল্ডাক্ষরেরও অবিকল অন্তকরণ করিয়া—কোন্টি গুরুর পদ,
কোন্টি শিল্পের, এই প্রশ্ন সময়ে সময়ে জটিল করিয়া ভোলেন।
জ্ঞানদাসেরও মৌলিকতা ও কবিত্বশক্তি যথেই ছিল; স্ক্তরাং তিনি
যে উদ্ধৃত পদটির মত একটি স্ক্লের পদ নিজেই রচনালিরতে
পারিতেন না, তাহা বলা যায় না। তবে প্রাচীনতম্ব পূঁথির পাঠগুলি
ও ভণিভাই এক্ষেক্তে প্রামান্ত । অপেক্ষান্তত আধুনিক পূঁথিতে এবং
মূক্রিত পৃত্তকগুলিতে দেখা যায়, কোন কোনটিতে পদটি চণ্ডীদাসের
এবং কোন কোনটিতে জ্ঞানদাসের ভণিভায় পাওয়া যায়, একথা
প্রেইই বলা হইয়াছে। খ্ব প্রাচীন পূঁথিতে ইহা চণ্ডীদাসের ভণি-

ভারই পাওরা যায়। কিছ বে ভাবে পাওরা যায়, তাহা ঠিক উদ্বভ পাঠের মভ নহে; কাঠামোটা ঠিক রাখিয়া পরবর্ত্তী কবি চাল-চিজ্ঞটা অনুনৰ্থানি বদলাইয়াছেন।

স্থান বলা যাইতে পারে "আদি পরাণনাবের বপনে দেখিছা পদাটিতে জ্ঞানদাস যেরপ কতকটা যোগ করিয়া সৌষ্ঠব সাধন করিয়াছেন, এই পনেও তিনি তাহাই করিয়াছেন। পদগুলিতে তিনি নিজের তনিতা দিতে গেলেন কেন ?—এই প্রশ্ন হইতে পারে। সমালোচনার আদালতে মোকদমাটি উপস্থিত করিলে, জ্ঞানদাস দোবী কি না নির্ণীত হইবে; আমি গুধু এই বলিব, যে প্রাচীন ছাঁচে ঢালাই করিয়া নৃতন করির নামের ছাপ দেওয়া হয়ত সেকালের রীতি ছিল। একখাও বলা চলে যে, গায়েনেরাই এই ভাবের ভণিতা দিয়াছেন, তক্ষণ্ঠ করি দোবী নহেন। তাঁহারা তো ভণিতা লইয়া এরপ থামথেয়ালী অনেক সময়েই করিয়া থাকেন। সেদিনও কবিওয়ালা এল্টোনির গানে ইহারা "বিজ এল্টোনী বলে" এইরপ ভণিতা দিয়া ফিরিকী কবিকে ভাতে তুলিয়া লইয়াছেন।

এখনও কবিরা পূর্ববর্তী কবিদের রচনার উপর অধিকার স্থাপন না করেন, তাহা নহে। টেনিসনের রাউও-টেবিলের গ্রন্তালি মোবি-নিজিন গাধার অনেকটা পুনরার্ডি।

## অভিসার

চণ্ডীদাসের গানে অভিসারের পদ একরপ নাই বলিলেও অত্যুক্তি ইইবে না, অথচ বছপূর্ববর্তী জয়দেবের পদে তাহা আছে। অলছারশাস্ত্রে 'অভিসারিকা' সম্বন্ধে অনেক নিয়ম ও রীতির উল্লেখ দৃই হয়।
প্রোবিডভর্কুকা, খণ্ডিভা, কলহাস্করিতা সম্বন্ধে অনেক আইনকাস্থন

शिष्ट् । त्यांविष-ভर्क्का এकरवनीधवा हहेरवन, अভिमाविका चौधोरत भा ঢाका मिरात क्य नीमास्त्री পরিবেন, नृপুর ডাাগ क्रिया निः गर्म भर्थ हिन्दिन, हे छा पि। किन्न हु छोषाम निस्त्र यस চলিয়াছেন, তিনি অলহারশান্ত্রের প্রতি মোটেই লক্ষ্য করেন নাই। একটি স্থবিখ্যাত পদে তিনি ক্লফের অভিসার বর্ণন করিয়াছেন। প্রাচীন পল্লী-গীতিকায়ও আমরা "মহিষাল বঁধুর" অভিসার ও "ধোপার পাটে" রাঙ্গকুমারের অভিসারের স**ত্তে** পরিচিত হইয়াছি। এই শেষোক্ত প্রণমীর অভিদার যে-ভাবে বর্ণিত হইয়াছে, তাহা অনেকটা চন্ত্রীদাস-বর্ণিত "এ ঘোর যামিনী মেবের ঘটা, কেমনে আইলা বাটে" প্রভৃতি পদের অভিসারের মত। চণ্ডীদাসের এই পদটির সমালোচনা-কালে त्रवीक्तनाथ वर्ष्ट्रपूर्व्य इंटात शृष्ट्र वर्ष विश्वयन कतिया मिथाইयाहितन। তিনি কতকটা এই ভাবে কবির কবিত্ব ও রচনানৈপুণ্য বুঝাইয়া-ছিলেন, (সকল কথা আমার মনে নাই ও সেই সমালোচনাটিও এখন স্থলভ নহে )। কবি তাঁহার কথার ফাঁকে এমন সকল কথা বলিয়াছেন যে, ভদ্মারা বুঝা যায়—মাধার বলিবার উদ্দিষ্ট এক ব্যক্তি নহে। তিনি কথনও কৃষ্ণকে, কথনও স্থীকে, কথনও বা নিজেকেই নিজে সম্বোধন করিয়া বলিয়াছেন, অথচ কাহাকে ডিনি সম্বোন

আমরা তদ্রচিত "কাহারে কহিব দনের মরম, কেবা বাবে পরতীত" পদের আলোচনা-কালে বলিয়াছিলাম, কবির কথায় অনেক ছেদ থাকে, ডিনি সমস্ত কথা বলেন নাই; যাহা বলিয়াছেন, ভাহা ছাড়া অনেক ইন্ধিত করিয়াছেন—সমঝ্দার পাঠক সেই সকল ফাক পূর্ব করিবেন। এখনকার কাব্যক্ষেত্র অনেক সময়ে বাক্পরব ও আগাছায় পূর্ব, সেক্ষপীয়রের "Brevity is the soul of wit" নীতি-পালনের লোক

করিতেছেন, তাহা স্পষ্ট করিয়া বলেন নাই।

পুঁজিয়া পাওয়া কঠিন। কিন্তু চণ্ডীদাস যথন ভাবে আবিট হইয়া হাইতেন, তথন পূঢ় অমূভূতির দক্ষণ বাব্দে কথা, এমন কি বক্তব্য বিষয় বুঝাইবার পক্ষে যাহা কতক্টা দরকার, তাহাও ডাহার বলিবার একান্ত অবসর হইত না।

"এ ছোর রজনী মেঘের ঘটা, কেমনে আইলা বাটে" ?

এ কথাটা রাধা স্পষ্টই কৃষ্ণকে সংখাধন করিয়া বলিয়াছেন। তাহার পরে যেন মুখ ফিরাইয়া সধীকে বলিতেছেন—

"আদিনার মাঝে বঁধুয়া ভিজিছে, দেখে বে পরাণ কাটে।" ভারপর জনাস্থিকে বলিভেছেন—

"ঘরে গুরুজন, ননদী দারূপ, বিলম্বে বাহির হৈছু।" এবং আবার ক্রফকে সম্বোধন করিয়া বলিতেছেন— "আহা মরি মরি সঙ্কেত করিয়া কত না যাতনা দিছু।" তারপর পুনশ্চ সধীর প্রাতি—

> বঁধুর পীরিতি আরতি দেখিরা, মোর মনে হেন করে, কলঙ্কের ভালি মাধার করিয়া, অনল ভেজাই ঘরে। আপনার হুংধ, হুখ করি মানে, আমার হুংধের হুংধী, চঞ্চীদাস কহে কান্ত্রর পীরিতি, শুনিয়া জগৎ হুখী।"

এই পদটিতে একটা প্রচ্ছন্ন নাট্যকৌশল উপলব্ধ হইবে। রাধা ঘ্রিয়া ফিরিয়া বারংবার মুখ দিরাইয়া বাহা বলিতেছেন, কবি ধেন তাহা মানস-কর্পে শুনিতেছেন এবং মানস চক্ষে সে দৃশ্য দেখিতেছেন; তিনি বাহা শুনিতেছেন বা দেখিতেছেন, তাহাই বলিয়া বাইতেছেন। আত্মবিশ্বত কবি ভূলিয়া গিয়াছেন যে, তাঁহার কথা শুনিবার জন্ম বাহিরের লোক কাণ পাতিয়া আছে, তাহাদের জন্ম পরিচয়ের ভূমিকাটার দরকার ছিল। এই সম্পূর্ণ আত্মস্থভাব শুধু মহাকবিদের

মধ্যেই দেখা যায়। বালীকির রামায়ণে এইরূপ দৃষ্টান্ত সাবে মারে আছে। এমনও হইতে পারে যে, যাঁহারা সেকালে চঞ্জীদানের গান গাইতেন, তাঁহারা অঙ্গুলী-সক্ষেত ও অঙ্গুভঙ্গী যারা কবির অক্থিত কথাগুলি পুরণ করিয়া বুঝাইতেন।

ভিগনী নিবেদিতার সংক আমার অভিসারিকাদের সম্বন্ধ কথা হইয়াছিল। তিনি বলিয়াছিলেন, "আমাদের দেশে পুক্ষেরাই নায়িকার কাছে যায়। নায়িকারা কথনই এ-ভাবে মিলনের জন্ত অভিসারে যাত্রা করেন না। এই রীতি নারী-প্রকৃতির স্বাভাবিক লক্ষানীলভার বিরোধী।" উত্তরে আমি বলিয়াছিলাম—"যে-দেশে নারী ও পুক্ষ স্বাভাবিক ভাবে চলাকেরা করেন এবং একে অত্যের কাছে যথন-তথন যাওয়া-আসা করিতে পারেন, সেথানে পুক্ষের যাওয়া ঠিক ও সম্বত; কিন্ধু আমাদের অন্তঃপুরের অবরোধের মধ্যে পুক্ষের প্রবেশ অসম্বর । পুক্ষ কি করিয়া কোন নারীর সঙ্গে সাক্ষাৎ করিবে ? স্বতরাং নারীকেই সংগোপনে চুরি করিয়া বাহির হইতে হয়—অমরের সন্ধানে ফুল্কেই বাহির হইতে হয়।"

অভিসারের অধ্যায় বৈষ্ণব কবিতা-রত্বমালার মধ্যমণি-স্বরূপ। বিভাপতি অভিসারের অনেকগুলি পদ লিখিয়াছেন, তাহা অলক্ষার-শান্ত্রের অস্থবর্তী শব্দক্ষম ও ভাবের ঐশব্যে ঝলমল—

"জিনি করিবর রাজহাস-গতি গামিনী চললহি সক্ষেত গেহা।
আবল তড়িতদণ্ড হেমবঞ্জরী জিনি অতি স্ক্লের দেহা।
কনকমূক্র শশী-কমল জিনিহা মুখ বিশ্ব-অথর পবারে।
দশনমূক্তাপাতি কুলা করণ বীজ জিনি কশু কণ্ঠ-আকারে।"

এই ভাবে পদের পর পদ চলিয়াছে, অলম্বারে বোঝাই যেন একধানি পান্সী নৌকা চলিয়াছে। শক্তুলি শ্রুতির চমকপ্রাদ, বিস্কু সংক্ত শব্দের বাছল্য ও উপমা-উৎপ্রেক্ষা বেন অভিনারিকার গতি কডকটা রোধ করিয়া ফেলিয়াছে। চৈতগ্রপ্রেমের বস্থায় কিছু পরে অভি-সারিকার ডিদি আশ্চর্য্য গতিশীল্ডা লাভ করিয়াছিল।

প্রেমের জন্ম অভিসার কি, তাহা চৈতন্তাদেব ব্রাইয়া দিলেন। ঘরবাড়ী, আত্মীয়-খগণ—সমস্ত ত্যাগ করিয়া প্রেমধাত্রী কি ভাবে অভিসার
করেন, তাহার একথানি স্পাই পট কবিরা এবার চোঝের সামনে
দেখিতে পাইলেন। সে প্রেম-যাত্রীর রূপ কি কথনও ভোলা যায়?
সংকীর্তনের মধ্যে যে পরমানন্দের মূর্ত্ত-রূপ তাঁহারা দেখিলেন, তাহা
তাঁহাদের ক্লয়ে ভাবোচ্ছান বহাইয়া দিল। বৈষ্ণুব কবিরা এই অভিসারের রূপক দিয়া চৈতন্তাকে যতটা ব্রাইয়াছেন, তাঁহার চরিতকারেরা
তাহা পারেন নাই। এখানে রাইকিশোরীর মূর্ত্তি যেরূপ সূটিয়াছে,
বৈষ্ণুব কবিতায়ও অন্ত কোন স্থানে তাঁহার রূপ তক্ষপ ফোটে নাই।
এক্স বৈষ্ণুবেরা অভিসারের নাম রূপাভিসার দিয়াছেন। যিনি রূপের
কাঁদে পা দিয়া, সেই আনন্দ-স্বরূপের সন্ধানে যাইতেছেন, তিনি
প্রেমিকের চক্ষে অপূর্ব্ব রূপনী। রাধা এজন্ত বলিতেছেন:—

"তোমার গরবে, গরবিনী হাম, রূপদী তোমার রূপে।"
রমণী-মণি শ্রাম-অভিসারে যাইতেছেন, মুধধানি পূর্ণেদুর মত—
"একে সে তক্ষণ ইন্দু, মলব্রজ বিন্দু বিন্দু,
কল্পনী-তিলক ভাহে রাজে,
পিঠে লোলে কেম রাপা। বিদ্যা পাটের গোপা।

নাবার মুক্তারাজি নাজে।" \*
"ভাম-অভিনারে চলু বিনোদিনী রাধা,
নীলবসনে মুখ বঁ দিরাছে আথা।
ফ্কুজিত কেশে রাই বাঁধিরা ক্ররী,
কুল্পনে বক্লমালা গুলারে অধরী।

নাসার বেশর দোলে যাক্লত-হিজ্ঞোলে, নবীন কোকিলা বেন আধ-আধ বোলে। আবেশে সধীর অঙ্গে অল হেলাইরা কুমাবনে প্রবেশিল প্রায় কর দিয়া।

অভিসার বর্ণনা করিতে করিতে কবি অনম্র দাস চৈতক্তের ভাবে আবিষ্ট হইয়া পড়িয়াছেন। কারণ দে রাধা রূপক হইলেও, চৈতক্তেরই রপ। অনন্ত দাস চৈতক্তের সমসাময়িক কবি, সংকীর্ত্তন-কালে তাঁহারই মুখ দেখিয়া অভিসারিকাকে আঁকিগাছেন। অনস্ত দাস সংস্কৃতে স্তপত্তিত চিলেন: কিন্তু সেই রূপ দেখিয়া তিনি অলম্বারশাস্ত্র ভূলিয়া रंगालन । এই नारखंद निर्मारन मृथद नृभूत भा रहेर७ धृनिया क्लिया निः नत्म गाष्ट्रेरण हय ; ( प्रथतमधीतः जाक मक्षीतः" )-किन्न कवि "চৌদিকে রমণী দাকে, ডক্ম রবাব বাজে"--দুমন্ত আইন-কাম্পুন निचित्नन. উল্টেশাল্ট হইয়া গেল, প্রেম্যাত্রী এখানে রণ-যাত্রীর স্থায় নিভীক; कनाइत ७३ चात मारे-छन्छ, त्रवाव, तामनिका वाकारेया ठनियाछम। ভদ্দ অধ্যং জয়চাক, এত বড় এই মা যে, একজন পিঠে বহে আর व्यक्तक वाकाहरक वाकाहरक याग्र, काहात अवन भरम मभमिक প্রকশ্পিত হয়। এক কবি রাধার মূপে বলিতেছেন "ননদিনী তুই বন্দ নিছে নাগরে, ভূবেছে রাই রাজ-নশিনী কৃষ্ণগ্রেম-কলছ-সাগরে।" অলভারশার্ভ্রের कीनश्रामा जीक कजिमादिका এত कांत्र भाहेरद कांचा इहेरछ ? चिमातिकात चात्र এशान त्र-गुर्तत्र ज्य-निष्ठा मुर्वि नारे, এरे गुर्तत অভিগার অর্থ কৃষ্ণপ্রেমে আকণ্ঠ নিমজ্জিত, কৃষ্ণ-প্রেমেগ্রিত চৈতক্তের माकीर्सन, याहावा काबीय क्लोब्बर माधार जिन के जियाहिन।

মনে হইতে পারে—সাম্মনায়িক ধর্মের কথা এতটা স্পষ্ট করিয়া বলাতে কবিষের দিক হইতে কবি পথ-এই হইয়া পড়িয়াছেন; কিছ ভিনি ভাষা হন নাই। যিনি হৈডজ্ঞকে কীর্ত্তনের মধ্যে দেখিয়াছেন—
"কত স্বর্থনী বহু ও ছটি নহনে"—ধারাহত পদ্মের জ্ঞায় অশ্রপ্নাবিত শ্রীমুধের
সৌন্দর্য্য দেখিয়াছেন, তিনি কাব্য-রস বিচ্যুত হইবেন কেন ? কান্দ্রীর
বাড়ীর কাছে হৈডজ্ঞের মহাসংকীর্ত্তনের বর্ণনা-কালে রন্দাবন দাস
বিদ্যাছেন, সেই কীর্ত্তনে শত শত মশালে ও দেউটির আলোকে
নদীয়ার রাত্রি দিনের মত উজ্জ্ঞল হইয়াছিল। কিন্তু যাহার "চল চল কাঁচা
অক্ষের লাবলী" অবনী বহিয়া যায়, সেই গোবিন্দের অশ্রাসিক্ত মুখখানি
কীর্ত্তনে যে-যে জায়গায় জাগিয়া উঠিত, সেখানে সেই মুখ-শোভা
দেখিবার জন্ম শত শত দীপ জলিয়া উঠিত ও জনতার ভীড় ভথায়
উদ্দাম হইয়া উঠিত। ভাঁহার সেই 'সরসিভ্মছবিদ্ধং শৈবালেহ শিবমাং'
ভূমু কুঞ্জিত কেশদামশোভিত মুখখানি, এবং কৃষ্ণবিরহ খিলক
"গরিম্নিভইন মুণালী" তত্ব যে দেখিত, তাহার হলয়ে কি কবিন্দের উৎস
ক্ষান্ত প্রারে।

धनस्थाम निश्चियाह्म,-

"চলাইতে চরণের সঙ্গে চলে মধুকর, মকরন্দ পান কি লোভে ? সৌরভে উন্মত, ধরণী চুমুয়ে কত, বীহা বাঁহা পদ-চিহ্ন পোভে।" পৌবহাবি বালিভেডেন—

> 'ছুটিল পরের গন্ধ বিমোহিত করি, অজ্ঞান হইরা নাম করে গৌরহরি।'

এধানে রাধার আছে পদ্ম-গন্ধ, ভ্রমরগণ সেই স্থাণে আকৃষ্ট হইবা ভাহার কাছে উড়িয়া বেড়াইতেছে, এদিকে রাধার আলৃতা-রঞ্জিত চরণ-চিল্ল মাটার উপর পড়িতেছে, সেই রক্তিম চিল্লকে পদ্ম প্রম করিয়া প্রময়গুলি মৃত্তিকা চুখন করিতেছে। আনম্বদাসের করিয়া সাম্প্রদায়িক ক্রটিল রুপক্ষের মধ্যে পঞ্জিয়া হারাইয়া যায় নাই—তিনি লিধিয়াছেন— "রাজহানী জিনি, গনন হলাবনী"; এই পদে 'হুলাবনী' শব্দটির প্রতি লক্ষ্য করুন। এই শব্দ ব্যাকরণশুদ্ধ নহে, এমন কি চলিত কথাও নহে; স্বর্ণকারের মত সংস্কৃতের সোণা গড়িয়া পিটিয়া তিনি এই শব্দটি রচনা করিয়াছেন।

"किया कनकलठा किनि, किनि मोमांत्रिनी, विधित्र व्यवधि क्रश मास्त ।"

এধানে "বিধির অবধি রূপ—অর্ধাৎ বিধাতার যতটা শক্তি তাহা তিনি রাধার রূপ-স্কৃতিতে প্রয়োগ কবিয়াছেন, স্থতরাং পদগুলি কবিত্ব-হীন, এ কথা কেহ বলিতে পারিবেন না।

এই অভিসার লইয়। বৈষ্ণব কবিরা নৃতন নৃতন কত শ্রেণীই না বিভাগ করিয়াছেন! চৈতন্ত বর্ধা-বাদলে, অমানিশার ঘোর অন্ধকারে, রৌলোক্ষল দিবা-বিপ্রহরে, জ্যোৎসাময়ী নিশীথিনীতে হরিনাম কীর্ত্তন করিয়া বেড়াইয়াছেন, তাঁহার এই অভিসার নানা সময়ে নানা স্থানে নব নব রূপের সৃষ্টি করিয়াছে। ক্লফের রূপের সন্ধান যে পাইয়াছে, তাহার মুখে চোখে সেই রূপের প্রতিবিশ্ব পড়িয়াছে, তাহারও রূপের অন্ধ নাই। সেই রূপের যথায়থ চিত্র আঁকিতে যাইয়া কবিরা কি অলন্ধারশান্তের খাতিরে বাদসাদ দিতে সমত হইতে পারেন? এইজন্ত এই অভিসারের চিত্র বিচিত্র, শান্ত্র-বিমৃক্ত এবং অভিনব। কবিরা অলন্ধারশান্ত্রের নৃতন অধ্যায় সৃষ্টি করিয়াছেন। তাঁহাদের কাব্যে যেরূপ বর্ধা-রাত্রির অভিসার আছে, তেমনই জ্যোৎসার অভিসার আছে। অমানিশির অভিসার ভাছে, তেমনই জ্যোৎসার অভিসার আছে। অমানিশির অভিসার ভিদার আজিরার—উভয়ই তাঁহারা বর্ণনা করিয়াছেন এবং বাধ্য হইয়া বৈক্ষব আলন্ধারিকেরা তাঁহাদের শান্ত্রে অভিসারের এই সকল নব পর্যায় মানিয়া লইন্নাছেন।

অভিসার-বর্ণনাকারী কবিদের মধ্যে গোবিজ্ঞদাস শ্রেষ্ঠ ; তাঁহার পদাবলীতে কবিন্ধ, পদমাধুর্য এবং অধ্যাত্মসম্পদ্ এত বেশী যে, তাহা বেহ্মপ কাব্য রসান্ধাদির পক্ষে উপাদের, সাধকের পক্ষেও তাহা ক্য

## नमावनी-माध्रा

উপভোগ্য নহে। যে ত্ঃসহ বিপদের পথ অতিক্রম করিয়া রাধা ককের কাছে উপনীত হইয়াছেন, তাহার বর্ণনা আমাদিপকে একটা কাল্পনিক জগতে লইয়া যায়; কিন্তু গৃঢ় অন্তদৃষ্টিতে দেখিলে, সাধন-কেকে উহা ভক্তের দিদ্ধির ইকিত-স্করণ প্রতীয়মান হইবে।

"নলির তাজি যব পদচারি আইমু, নিশি দেখি কম্পিত অঙ্গ, তিনির হুরন্ত, পথ হেরই না পারই, পদমুগ বেড়ল ভুজল। একে কুলকামিনী, তাহে কুছ যামিনী, যোর গহন অতি দুর; আর তাহে জলধর বরখিয়ে বর বর, হাম যাওব কোন পুর। একে পদ-বুগ্ন পদ্ধে বিভূষিত, কন্টকে জর জর ভেল। ভুয়া দরশন-আশে কছু নাহি জানিমু চিরহুংথ অব দূরে গেল। তোহারি মুরলী যব এবেণ পশিল, ছোড়ল গৃহত্থ আশ। পথছ হুংথ ভ্গ করি মানিমু, কহতহি পোবিন্দদাস।"

"কুছ যামিনী" অর্থে অমানিশা। এই ঘনান্ধকার বাদকে অমানিশায় ঘোর গহন পথে রাধা কোন্ পুরে যাইতেছেন? ক্লফ্ম তাঁহাকে দেখা দেওয়ার আখাদ দিয়া কোন্ পথে লইয়া যাইতেছেন, সে পথ বৃদ্ধারপের আমাকুল্লে কিংবা যোগী-শ্ববির অধ্যুষিত কোন নিবিড় গিরিগুহায়, তাহা রাধা জানেন না। শুধু মুরলীর ধনি শুনিয়া, পথ-বিপথ গণ্য না করিয়া তিনি ছুটিয়া আদিয়াছেন। যেদিন তিনি তাঁহার দেই ভাক শুনিয়াছেন, সেই দিনই তাঁহার গৃহ-লোপের চিন্ধা লুগ্ধ হইয়াছে এবং সাধন-পথের এই সমন্ত ভীষণ কট্ট তৃণবং উপেকা করিয়াছেন। এই স্কলিভ ও স্থমিট শঙ্গে এথিত পদটি কি অধ্যাত্মপথের লাই ইদ্ধিত নহে ?

রুঞ্দর্শনের এই যে ত্র্মনীয় আবেগ ও গতিশীলতা, তাহা বিষ্ণু-পদচ্যতা ত্রধ্নীর স্রোতেরই মত। ইহা দাধারণ নায়ক-নায়িকা দক্তে প্রযুক্তা নহে। এইজন্তুই ইহা এমন নিছক কবি-কল্পনা ও গৃঢ়-রহজ্ঞ- জড়িত ভাষায় ব্যক্ত হইয়াছে, থে—জড়বাদীরা ইহার মর্ম তেম্ন ব্রিবেন না, থেরপ ভাবপ্রবণ প্রেমিক ব্রিবেন।

"মন্দির বাহিরে কটিন কপাট,
চলইতে শক্তি পদ্ধিল বাট,
তাহে অতি দূরতর বাদল-দোল,
বাকি কি বারই নীল নিচোল।
ফুলরি কৈছে করবি অভিসার।
হরি রহ মানস হংবধুনীপার।
ঘন ঘন ঝনু বন্ বজর-নিপাত,
ভনইতে শ্রবণে, মরমে মরি জাত।
দশ্দিশ দামিনী দহই বিপার,
ভনইতে উচকই লোচন-তার।
ইংধ যদি ফুলরি তেজবি গেহ,
প্রেমক লাগি উপেথবি দেহ।
কুগোবিন্দু দাস কহে ইংধ বিচার,

মুংশার টিটকারী দিতেছে—শত হস্ত বাড়াইয়া রাধাকে নিরস্ত করিতে চাহিতেছে। তুমি হরির সন্ধানে কোথায় যাইবে—ইহা তুরাশা; তিনি মানস-গন্ধার ও-পারে আছেন (মনোনবছারনিধিও-বৃত্তি আন্ধান্ধতি যোগী শুধু যাহাকে পান )—উাহাকে পাইব বলিলেই শি পাওয়া হয় ? এই ঘন ঘন বক্সপাত, বিহ্যুতের চকিত আলোকে চক্তের তারা ঝলসিয়া যাইতেছে। তুমি কি প্রেমের জন্ম দেহকে এমন করিয়া উপেকা করিবে ?

ছুটল বাণ কিন্তে যতনে নিযার।"

গোবিন্দ দাস বলিতেছেন, এখন কি আর এ বিষয়ে বিচারের অবকাশ আছে? বাণ হস্তচ্যত হইয়াছে, এখন আর শত চেষ্টায়ও ভাষার গতি ফিরান যাইবে না।

এই গীতে আবার সেই স্পাষ্ট ইন্থিত। গোবিন্দ দাসের চক্ষের পান্ধ্বেই কত কুবের-তুলা ধনাঢা বান্ডি, কত রাজপুত্র রুঞ্চপ্রেমে সর্বস্থ ত্যাগ করিয়া, তুর্গম পথের কট শিরোধার্য্য করিয়া, ঘর ছাড়িয়া চলিয়া গিলাছিলেন, সে ছিল বাঙালার ত্যাগ-ধর্মের স্থবর্ণ-যুগ। স্থতরাং গোবিন্দ দাসের কবিতা কল্পনালোকের কথা নহে, সেই অধ্যাত্ম-কল্পাকেরই কথা। রুঞ্চ যমুনাতীরে আছেন, কিম্বা রাধাকুণ্ডের তীরে আছেন, সে সকল মামূলী কথা তিনি বলেন নাই। তিনি ধ্যানলোকে বিদিয়া, সমন্ত লোকিক সংস্কার ও কবিপ্রসিদ্ধির এলাকা ছাড়িয়া দিয়া বলিয়াছেন—"হরি রছ মানস-স্বধ্নী-পার" এবং রাধাকে বলিতেছেন, "তুমি কেন অভিসার করিয়া মরিবে ?—তাহাকে পাইবে না ("হল্পরী কাছে করবি প্রতিমার")।" কেবলই অধ্যাত্ম-তথ্যের ইন্ধিত দিয়া তিনি কাব্যের মধ্যাল কুল্ল করেন নাই, কবিদের পথেই চলিয়াছেন—

"তাহে অতি দুরতর বাদল-দোল, বারি কি বারই নীল নিচোল।"

বর্ষার অবিরক্ত রৃষ্টিপাতে দ্র-প্রসারিত অরণোর রেগা পর্যাস্ত দোল পাইতেছে। তুমি কি এই ক্ষীণ নীল শাড়ীর আঁচল দিয়া সেই বাদলের বেগ নিবারণ করিতে পারিবে ?

ইহার পরে গোবিন্দ দাসের অভিসারের আর একটি পদ উদ্ধৃত করিব, তাহা একেবারেই মর্স্তালোকের কথা নহে। তদ্বোক্ত শব-সাধনা, যেথানে সাধক শবের উপর বিদিয়া তপস্থা করেন—পঞ্চাপ্তিকের চূল্চর প্রচেষ্টা, যেথানে তিনি গ্রীমকালে চারিদিকে প্রজ্ঞানিত অগ্নিকৃত্তের ভূঃসহ তাপ সন্থ করিয়া পঞ্চম অগ্নি-স্বরূপ মধ্যান্তের প্রথব মার্তত্তের দিকে বন্ধদৃষ্টি হুইয়া থাকেন—শত কল্লার্ক যোগীর নিশ্চন আসন, যেথানে তিনি অনাহারে অনিস্থায় তপশ্চরণ করেন—এই পদোক্ত প্রেমিকের

সাধনা তাদেরই এক পাঙ্তেয়; প্রভেদ এই যে, তপস্বীরা বছকটে সংযমী ছইয়। তপজা করেন, কিন্ধ প্রেমিকের তত্তুলা বা ততোধিক কট অক্সরাগের সহিত বলিয়া তপবং উপেক্ষিত হয়। কবি বলিতেছেন:—

"কণ্টক গাড়ি", কমল সম পদতল মঞ্জীর চীরহি বাঁপি"
গাগরি-বারি চারি, করি পিছল পথ, চলিছি অঙ্গুলী চাপি।
মাধব তুরা অভিসারক লাগি'।
দূরতর পথা গমন ধনী সাধরে,
মন্দিরে বামিনী জাগি:
কর-বুগে নরন মৃশি চল্ ভামিনী,
তিমির পচানক আন্দে।
মণি-কম্বণ পণ ফণি-মুখ-বন্ধন,
শিখই ভুজগগুলপালে।
গুলুম্পন্ন ব্যন ব্যমি সম মানই,
আন শুনই কহ আন।
পরিজন-বচনে মুগাধি সম হাসই,
গোবিশ্দ দাস পরমাণ।"

ইহাঁ সামান্ত নাষিকার অভিসার নহে—যে, একটু ইশারা পাইলেই ইডেন-সার্ডেন বা গোল-দীঘির বেঞে বসিয়া গল করিবার জন্ম প্রভীক্ষা করিবে কিছা লেক-রোডে একজ ঘুরিয়া বেড়াইবার লোকে ছুটিয়া যাইবে। এই অভিসারের জন্ম তৈরী হইতে হইলে, যুগ যুগের তপশ্চরণের দরকার। আজিনায় কাঁটা পুঁতিয়া, কলসী কলসী জল চালিয়া কটকাকীর্ণ পিছল পথে যাতায়াত শিধিতে হইবে, পায়ের নৃপুরের কলখন চীর-ধণ্ডে বন্ধ করিয়া সারা রাজি আছুল চালিয়া হাঁটা অভ্যাস করিতে হইবে এবং আধার পথে যাওয়া শিধিবার জন্ত চক্ বৃক্তিয়া পথে চলিতে হইবে—কারণ 'আষার বেতে বে হবে জো—রাই বলে

বাজিলে বাঁশী", তথন তো আমি এক মুহুর্তও ঘরে অপেক্ষা করিতে পারিব না। রাধিকা সর্পদঙ্কল পথে চলা-ফেরা শিখিবার জন্ম ভূজার গুরুর (ওঝার) নিকট নিজ মণিময় কয়ণ-মূল্য (পণ) দিয়া সাপের মৃথ কিয়পে বন্ধ করিতে হয়, তাহাই শিখিতেছেন; গুরু-জন যথন ভংগনা করেন, তথন তিনি বধির হইয়া থাকেন—থেন কিছুই শুনিতে পান না। বাহিরের লোক উপদেশ দিতে আসিলে, থেন তিনি তাহাদের কথা ব্ঝেন নাই—পাগলীর মত (মৃধী) অকারণে হাসেন। এই সকলই সংসার হইতে বাহির হইবার যোগ্যভার্জনের শিক্ষা এবং ইহা প্রেথমের পথে তাহাকে পাইবার তপক্তা। কবি নিজেই ইহাকে সাধনা বলিয়াছেন ('দুর তর পছা গমন ধনী সাধরে'')।

### মান

মাজুবের যতগুলি ভাব প্রণয়-ব্যাপারে বর্ণিত ইইয়াছে, তাহার সবশুলি কবিরা রাধা-কৃষ্ণ-লীলায় আরোপ করিয়াছেন। ধকন—মান। কোধায় দেই অব্যক্ত, অনন্ত, শত শত বিশের অধিপতি, সর্বব্যাপী, সর্বশক্তিমান্ ঈশর—আর ধূলি-কণার কোটী-কোটীর অংশের একটি নগন্ত রেণুর মত মানুষ। সেই রেণু ভগবানের সঙ্গে মান করিবে এবং তিনি সেই রেণুর পা ধরিয়া মান ভাশাইবেন ? সাধারণের নিকট এই তত্ত্ব সম্পূর্ণরূপে অন্ধিগমা; সিদ্ধুর সহিত বিন্দুর মান, ইহা শিশুর কল্পনা।

কিছ তিনি তে। অণু হইতেও অনীয়ান; অত বড় তিনি, কিছ ক্ষেত্রত্ব উপরও তাহার পূর্ব দৃষ্টি, পূর্ব ভালবাসা। পর্বতের ছায়া বিশাল জলধির বক্ষে যেরপ পড়ে, একটি ক্ষুত্র জলবিন্দ্র উপরেও তেমনই পূর্বভাবে পড়ে। ক্ষেত্রের নিকট তিনি ক্ষা। এই বিরাট্ বিশের কর্ম- শালায় কত সহস্র, কত কোটা বৃহৎ যন্ত্র কাজ করিতেছে; আবার একটি জীবাণুর শরীরেও ক্ম শিরা, উপশিরা তেমনই পূর্ণভাবে ক্রিয়াশীল-কৃষ্ম বলিয়া তাহার আভ্যস্তরীণ স্ক্র যন্ত্রগুলির কোনটিই অপূর্ণ বা व्यक्टीन नरह। त्मरे वहत्रशी विवादे शुक्रववत व्यामात कार्क व्यामात्रहे মত হইয়া আদেন। ভগবানের এই সর্কব্যাপক, সক্ষা ও স্থুল উভয়ের উপযোগী, বৈষমাহীন রূপভেদ স্বীকার করিলে মান-লীলা, দান-লীলা, मोका-विनाम वृक्षिए कहे इटेरव ना। এक माधु आमारक विन्नाहित्नन -- "রাধা-রুঞ্-লীলা দেখিবে? সৌর-কেন্দ্রে সূর্য্য তাঁহার জ্যোতিজ-মওলীকে লইয়া কতই খেলা করিতেছেন—তাহাদিগকে অহুরাগের ব্দনে বাঁধিয়া কথনও কাছে আনিয়া, কথনও দুরে রাখিয়া **अञ्**राज्या नीना कतिराज्यान-पामात कार्क हेराहे ताधाकरायत नीना। আবার একটি কুস ফুলকে লইয়া ভ্রমর কত কথাই না গুঞ্জন করিয়া ৰলিতেছে—কথনও ফুলটি নতমুখে তাহা ভুনিতেছে, কথনও ঘাড় নাড়িয়া ভ্রমরটকে 'যাও, যাও' বলিয়া সরাইয়া দিতেছে—আমার কাছে ইহাই রাধাক্তফের লীলা। প্রেমের অঞ্চন চক্ষে পরিয়া এস, দেখিবে জগৎ বাাপিয়া এক অফুরস্ত লীল। চলিতেছে; গাছে গাছে, পল্লবে পল্লবে, नमीटि ও निकृत्क, গ্রহ-উপগ্রহে—সকলেই ভালবাসায় ধরা দিয়াছে— ইহাই নিভারু<del>লাবনের নিভা উৎসব।</del>"

এই জগৎকে প্রেরণা দিতেছে বাসনা। থাতা, আপ্রায়, ধন, মান, বিদ্যা, প্রতিষ্ঠা, ঐপর্যা, ক্ষমতা ইত্যাদির লোভে মাহাব সারাজীবন প্রতিনিয়ত প্রবৃত্তির পথে ঘ্রিতেছে। কাম্যলাভের ব্যপদেশে প্রতিঘন্দিতা, ঝগড়া-বিবাদ ও লড়াই চলিতেছে। এই কাম্যের পাছে পাছে দিবারাত্ত প্রোধ্নি ব্যাপার—উহা এয়াবিসিনিয়া বা কুকক্তেরে বৃত্তই হউক, বা দামাক্ত জ্ঞাতিঘটিত মোকদ্মাই হউক। কিন্তু যে

ফিরিয়া বদে, যে বলে এই সকল কাম্যবন্তর কিছুই আমি চাই না, এনলি কণস্থায়ী ও অসার, বাহিরের ঘটা দেখিয়া সে ভোলে নাই; কিন্তু যে বিবের প্রাণস্বরূপ, জীবের প্রাণস্বরূপ, যিনি মনের মন, প্রাণের প্রাণাধিক, যাঁহার শ্রীমুপের অণু-পরমাণু শোভা শইয়া সরসীতে পদ্ম ও বনে-উপবনে গোলাপ-কৃন্দ-ঘূঁই-মল্লিকা ফুটিতেছে, ঘাঁহার অপরূপ লাবণ্যের এক তিল প্রিয়তমার মুখে ও শিশুর হাস্তে প্রকাশ পাইয়া আমাদিগকে মুগ্ধ করিতেছে, শত কুস্থম ও শত চন্দনতরূর হুলাণে যাঁহার অঞ্পদ্ধ ঘোষিত হইতেছে, শত মধুচক্র, থৰ্জুর-আম-পন্স-ইকু থাঁহার অমুতরদের সন্ধান দিতেছে, যিনি সমস্ত मिन्ध्-प्राध्ध ७ जानस्त्र उ९म-त्रक्र — छै। शास्त्र पाळ যদি কেই চাহিয়া, সমস্ত ইক্রিয়ের পতি-মুধ ফিরাইয়া তাঁহারই জন্ম প্রতীক্ষা করে—দেইরূপ অসামান্য ব্যক্তির মনন্তব্ব অক্সদেশ সহসা ব্যাতি পারিবে না। কিন্তু ভাহা ভারতে অবিদিত নহে। যে ব্যক্তি এইভাবে বৈষ্ণবী মায়া কাটাইয়াছে, সে তাঁহার সহিত সমান আসনের দাবী করিতেছে। দেবতার মধ্যে একমাত্র শিব ও वक्षा এই বৈষ্ণবী মায়ায় ধরা দেন নাই। এদিকে বিষ্ণুও নিশ্চেষ্ট ছিলেন না। কৈলাদের রত্ময় পুরী শিবকে দিয়া তিনি কুবেরকে তাঁহার ভাগুারী নিযুক্ত করিয়া দিলেন; কিন্তু শিব শ্মণানে-মণানে ফিরেন, বুড়ো বলদের উপর শওয়ার হন, উক্তি: শ্রবা ঘোড়া বা ঐরাবত হাতীর দিকে ফিরিয়াও তাকান না। চন্দন, অগুরু প্রভৃতি গম্বস্রব্যের উাহার কাছে কোন মৃল্যাই নাই; ডম্ম-চন্দন ও মাণানের নর-ক্ষাল উাহার অভের সৌর্হর সাধন করে।

শিব ও ব্রহ্মা—এই চুই দেবতামাত্র বিষ্ণুমায়ার অভিভৃত হন নাই। নিবৃত্তির অর্গে আর কোন দেবতার প্রবেশাধিকার নাই। গ্রামা কবি লিখিয়াছেন—

"বিকার নাকো অস্ক হতো, বিনে তাঁতি নন্দের হত সে হাটের প্রধান তাঁতি, প্রজাপতি, পত্তপতি, আর বত আছে তাঁতি, তাঁগের তথু বাতায়াত।"

স্বয়ং বিষ্ণুর ছাপ-মারা সভোই এই হাটের একমাত্র ক্রয়-বিক্রয়ের পণা। বিষ্ণু নিজে চৈতক্রপার্বদ পুগুরীক বিভানিধির মত ভোগের মুখোদ-পরা নির্ত্তির দেবতা। তাঁহার আবাস-ছান তিমি-নক্র-তিমিঞ্চিল-সঙ্গ উত্তাল তরত্ব ও আবর্তময় মধ্য-সমূত্র, তথায় তাঁহার শ্যা একটি বট-পত্ত, মন্তকোপরি শতশীর্ষ বিষধর ভীষণ অনস্ত নাগের লেলিহান **জিহ্না**; এই ভয়ত্বর ত্থান ও পরিবেটনীর মধ্যে তিনি যোগ-নিত্রায় নিজিত-এই অবস্থায় কি কাহারও চক্ষে ঘুম আদিতে পারে, কিন্তু পরম নির্বিদ্ধ যোগেশবের যোগ-সমাধির ইহাই উপযোগী স্থান। ঈদৃশ দেবতার নিকট যে ভক্ত যাইতে ইচ্ছা করিবে, শত কষ্টিপাথরে ক্ষিয়া সে মেকী কিনা ডিনি পব্লীকা করিয়া লইয়া থাকেন। যে ভোগৈখর্যা-বিমুধ হইয়া নিবুভির পথে যাইতে চাহিবে, বৈক্ষবী মায়া তাহাকে কিরাইবার জন্ম কত প্রলোভন ও কত বিভীয়িকা প্রদর্শন করে, তাহা যিভর সম্ভান কর্ত্তক প্রশুর হওয়ার কাহিনী, বুরুদেবের মারের সহিত সংঘর্ষ ও শিবকৃত মদনভয়ের পরিকল্পনায় কবিরা আঁকিয়া দেখাইয়াছেন। धारे निवृत्तिभन्नीत्क वेनारेवात क्या रेक्सप्त गर्ममा व्यन्पतीमिश्तत नेत्र লইয়াছেন, সে দকল পল্ল পুরাণকারেরা রচনা করিয়া এই সভ্য প্রমাণ করিয়াছেন যে, বাহারা.ভোগের শথ ছাড়িয়া যোগের পথে য়াইতে চাহেন, প্রকৃতি তাঁহাদিগকে দুব্ধ করিবার ক্ষম্ম সভত প্রয়াসী। ভিগারী বান্তায় বান্তায় দারাদিন চীৎকার করিয়া মৃষ্ট-ডিকা পাইতেছে না, কিন্ত एकानविश्वथ निवृत्तिकाभी जायुरक जुनाहैवात जल धनकूरवतनन छाहारमञ

ভাণ্ডার মৃক্ত করিয়া দিতেছেন; সন্ন্যাসী তাহার নেংটা ছাড়িতেছে না, দিগছর সন্মাসী সেই নেংটাটুকুও কেলিয়া দিয়াছেন। এ যুগের প্রধান আত্ত্র অর্থের মৃথ ভোতা হইয়া গেল, গান্ধিন্ধী তাঁহার আটহাতী থন্দর ছাড়িলেন না, এবং চার্চহিলের কটুক্তি তাঁহার কাছে পুশাবৃষ্টির মত বোধ হইল।

স্থতরাং এবখিধ খং-সমর্শিত প্রাণ—একাস্কভাবে জ্বলাত ও জ্বনবাস্থিত ব্যক্তির মান ভালিতে যে ভগবান সাধাসাধনা করিবেন, বৈষ্ণবদের এই কল্পনার ভিত্তি-মূলে কতকটা পারমার্থিক সত্য নিহিত আছে, তাহা খীকার করিতে হইবে। বৈষ্ণবেরা নির্ভির পথ মধুরাদপি মধুর করিয়াছেন—তাহা অফ্রাগের ঘারা পূপাকীর্ণ করিয়া। মান-অধ্যায়ের ভূমিকা-স্বরূপ এইটুকু বলিয়া আমরা পদাবলীর উভ্যানে পুনরায় প্রবেশ করিব। বিদ্যাপতি, চত্তীদাস ও গোবিন্দ দাসের পরে মান সম্বন্ধে কীর্তনীয়ার। বাহাদিগকে প্রধানতঃ অবল্ধন করিয়া থাকে, রাম্বেশ্বর ও শশিশেথর উট্যাদের অস্তৃত্য।

আমর। শশিশেখরের একটি পদ অবলম্বন করিয়া এই প্রাসদ আরম্ভ করিব।

প্রথমেই কীর্তনীয়া সকীগণপরিস্তা রাধাকে মানের অবস্থায় শ্রোছমণ্ডলীর কাছে উপস্থিত করিল। ক্রফ উাহার পদযুগল ধরিয়া আছেন।
শুক-লারী বিবাদ করিতেছে; একজন কৃষ্ণ-পক্ষে, অপরে রাধা-পক্ষে।
ক্রিবারাধিকাকে গঞ্জনা করিয়া বলিতেছে, "'শ্রামকে না দেখিলে নরবি, দেখিলেও
বান করবি" এই রকমের উক্তি; কিন্তু চিদ্রাপিতা মৃত্তির ক্রায় রাধা বসিয়া
আছেন, মুখে কোন কথা নাই। আপনারা বাজারে এই ভাবের অনেক
চিদ্র দেখিয়া থাকিবেন। এদিকে "চরণ-বধ রবনী-বঞ্জন হাল। ভ্রুকে স্টাফল
লোহুলচাল"—এই পদটি লইয়া অনেক টীকাকার ভূলের একটি দল্পন-মত

জাল তৈরী করিয়াছেন। বিভাপতির একজন প্রসিদ্ধ ভক্ত ও চীকাকার निर्विग्राष्ट्रम "চরণনথর মণিরঞ্জন" অর্থ নথ-রঞ্জিনী বা নক্ষণ। কৃষ্ণ ও নক্ষণ, উভয়ের বর্ণ ই কালো; স্তরাং পদটির অর্থ হইল যে, গোকুলচন্দ্র ক্লফ একটা নরুণের মত ভূতলে পড়িয়া আছেন। এই উপমার আর একটি সার্থকতা এই যে, নরুণ দিয়া পায়ের নথ কাটা হয়। গোকুলচক্রও রাধার পায়ের কাছেই পড়িয়া আছেন। বিভাপতির মত এত বড় কবির তাঁহার একজন ভক্তের ক্বত এরপ নরস্থলরী টীকার লাম্বনা আমি করনা করিতে পারিতাম না। প্রনটি কোন কোন সংস্করণে এইভাবে লিখিত চইয়াছে:-- 'চরণ-নধর-মণি-রঞ্জন ধান" এইভাবে লিখিত হইলে উহাকে টানিয়। বুনিয়া কতক্টা পূর্ব্বোক্ত ব্যাখ্যার পরিপোষক করা যাইতে পারে: তথাপি "নথরঞ্জিনী" না হয় নকণ হইল, কিন্তু "নধরমণিরঞ্জিনী" যে নরুণ হইবে, ইহাও নিতান্ত কট্ট-কল্লনা না করিলে निष इग्र ना। विश्विषक: माम्यस्यत भाषात नथरक नथत वरत ना. বাঙালায় নধর বলিতে পঞ্চ-পশীর নথ বুঝায়-মিথিলায় কি বুঝায় বলিতে পারি না। কিন্তু এই নকণের উপমা অক্রদিক দিয়া সমর্থিত হইলেও, ক্রিত্বের দিক দিয়া উহা একবারে মারাত্মক। পদটা এইভাবে লিখিত হওয়া উচিত "চরণ-নধ রমণীরঞ্জন ছাঁদ" এবং ইহার অর্থ এই-যাহার পদন্ধের দ্যুতি, রুমণীর মনোরঞ্জন করে, সেই শ্রামচন্দ্র রাধিকার भाषमूर्ण मुठारेया भिष्टलन । **এই উक्टि-बाता এक**प्रिटक श्रीकृत्कत রমণী-মন আকর্ষণ করিবার অসামান্ত শক্তির ইন্ধিত করা হইয়াছে. ( সেই ক্লফ হাঁহার পদ-নধ-ছাতিতেই রমণী মুদ্ধ হয় ), অপর দিকে তিনি রাধার পায়ের কাছে ভূতলে লুটাইয়া পড়িলেন-এই উক্তি-বারা জাঁহার গৌরবের সম্পূর্ণ ধ্বংস ও নতি-স্বীকারের পরাকাষ্ঠা তুলনায় প্রদর্শিত হইয়াছে।

ħ

মান শক্তির প্রতিশব্ধ আর কোন ভাষায় আছে কি না, জানি না। কোমল মনোভাব ব্রাইতে বাঙালীর। অনেকগুলি শব্দ স্প্রী করিয়াছে "মানটি ভাহাদের অন্ততম, ইংরাজীতে ইহার প্রতিশব্ধ থাকা তো দ্বের কথা, ইহার ভাবার্থ ব্যানও একরপ অসম্ভব। ইহার অর্থ রাগ, কোধ, গোমা বা থাপ্পা হওয়া নহে। এই সকল কাঠ-থোট্টা। শব্দে মানের মাধ্য্য ব্যান শক্ত। ইহা ক্রজম রাগও নহে; কারণ মূলে উপেক্ষার আঘাত আছে। ইহা প্রণয়ীর চিত্তের প্রেমের গভীরতা পরীক্ষা করিবার একটা কর্মিপথের; যিনি মান করেন, তিনি প্রেমিককে ছাড়িতে চাহেন না, বরং আরও কাছে আনিতে চাহেন—যদিও ইহা বাছে কঠোর, ইহার ভিতরটা একবারে কুস্মকোমল। মানিনী যাহা চাহেন না বলেন, তাহাই আরও বেশী করিয়া চাহেন, অওচ মুথ মুথ ফুটিয়া কিছুতেই বলিবেন না—ইহা গভীর প্রেমের ছল্পবেশ। এক বাঙালী করি নিম্নিশিত ক্রেকটি ছত্তে মানের স্করণ ব্যাইতে চেটা করিয়াছেন

"এক চন্দ্র বলে আমি কৃষ্ণারণ হেরব,
অসর চন্দ্রলে আমি মূদিত হয়ে রব।
এক পদ কৃষ্ণ-পাশে বাইবারে চার,
আর পদে বার বার বারণ করে তার।"

ধাহা হউক, এখন মানের মূল প্রসঙ্গে যাওয়। যা'ক। স্বীরা রাধাকে নানারপ মিষ্ট ভংগনা করিভেছে:

"তালে মিলল ইং সময় ৰসন্ত,
তালে মিলল ইং প্ৰাম বসবন্ত।
তালে মিলল ইং গ্ৰেম-সকটে।
তালে মিলল ইং প্ৰথম বাতি।
আজি বদি মানিনী তেজৰি কাৰ,
কাৰম সোভাঙিবী হোই একাছ।"

ভাগ্যে এমন বসস্তকাল, এমন রসিক প্রেমিক, এমন বন্ধু ও এমন স্থক্ষ রাত পাইয়াছ, আন্ধ যদি এমন দিনে মান করিয়া কান্ধকে ভ্যাগ কর, ভবে ভোমার কাদিয়াই জীবন কাটাইতে হইবে। এথানে "সভ্যতি" অর্থে বন্ধু (প্রেমিক)। পূর্ববঙ্গে এথনও সালাইত কথা প্রচলিত আছে। ইহার অর্থ প্রেমিক।

কৃষ্ণ পদ পশন্ করিয়া আছেন, সেই প্রপর্ণের গৌরবে রাধা আবিট হইয়া আছেন—তাঁহার বাহিরের জ্ঞান নাই। প্রশারিক তিনি আত্মহারা। হতাশ কৃষ্ণ এবার ফিরিয়া যাইতেছেন—রাধাকুণ্ডে প্রাণত্যাগ করিতে। কিছু একবার কতকটা যাইয়া ফিরিয়া চাহিতেছেন, রাধার মান ভালিল কি না দেখিতে। এইভাবে পুনং পুনং থামিয়া থামিয়া কৃষ্ণ চলিয়া গোলেন।

ক্তকের কোনল স্পর্লে আত্মহারা হইয়া রাধার মন বাত্তব জগতে জাগিয়া উঠিল, তথন মান আপনা হইতেই ভালিয়া গেল এবং ক্তফের জন্ত মন হাহাকার করিয়া উঠিল। তাঁহাকে ফিরাইয়া আনিবার জন্ত রাধা স্থীদের সাধিতে লাগিলেন। অনেক কথার কাটাকাটি হইল, স্থীরা সময় পাইয়া বেশ ত্'কথা শুনাইতে ছাড়িল না। রাধা বিলাপ কিবিলেন: "নারী জনমে হাম না করিলু ভালী। এখন মরণ পরণ ভেল মানকি লালারীজন্মে আমি কোন ভাগাই করি নাই, এখন মানের জন্ত নামার মৃত্যুর শরণ লইতে হইল। কৃষ্ণক্ষমল গেঁয়ো কথায় "আমি অভি পাবাণ-ব্লী, দে মুখে হ'লাম বিমুখী—দে বে কেনে কেনে সেধে গেল গো" বলিয়া হাল্মের তীর ব্যথা বৃশ্বাইয়াছেন; তাঁহার আর একটি পদ্ এইরপ ''আমি নহি প্রেমবোগ্য, ক্রেছিলাম প্রেমবজ্ব, বোগাবোগ্য বিচার না ক'রে'—এই যজের আমি যোগ্য নই, যজেশ্ব কেন আমার যজ্ঞ গ্রহণ করিবেন ?

রাধার এই মর্মান্তিক কটের এই দৃত্য কি স্বীরা সহিতে পারে ?

## भावनी-माध्या

ভাহারা তাঁহার আপনার, গালি দিয়াও ভাহাদের প্রাণ অভিন হইয়া উঠিল। বৃন্ধা চক্ষের জল মৃছিতে মুছিতে ক্লুকের সন্ধানে চলিল। বুদার সাঞ্চ আঁথি বুন্দারণ্যের সমস্ত স্থান খুঁজিতে লাগিল। কৃষ্ণ কোষাও নাই। ধীর মছর গতিতে বৃন্দা হাইতেছে, বংশীবট, বমুনাভট—বেশানে ক্ষু রাধার প্রতীকা করিয়া বাঁশীতে রাধাকে সঙ্কেড করেন, তিনি কোণাও নাই। নিশ্চয়ই রাধার নিষ্ঠুর ব্যবহারে প্রাণত্যাপ করিয়াছেন। বুন্দার চক্ষের জল গণ্ডে গড়াইয়া পড়িতেছে, সে তাহা আঁচলে মুছিয়া আবার চলিতেছে। ভামকুগু, মদনকুঞ্জ ও রাধাকুণ্ডের পার বুন্দা বারং-বার খুঁ জিয়াছে। গোবৰ্জন পাহাড়ের উপত্যকা-পথে তন্ন তন্ন করিয়া তথাকার বাদশ বনের প্রতিটি বন সন্ধান করিয়াছে। বড় আশা করিয়া বুনা গোচারণের মাঠে ছুটিয়া গেল। হয়ত সেখানে কৃষ্ণ আছে। কারণ "দেও তো ধেমুর রাখাল বটে !" ধেমুর রব ও স্থাদের কোলাহল শুনিয়া সে আশা করিয়াছিল, সেথানে হয়ত রুক্ষ আছেন, কিন্তু সেথানে শ্রীদাম, रुमाय ७ मधुमक्नांनि कृष्कमथानिशत्क त्मिशित्क भारेन, जात त्मिरिक পাইল বলরামকে, কিন্তু গোপীগণের নয়নাভিরাম কোথায়? বুলা মাথায় হাত দিয়া বসিয়া পড়িল। রাধা-কুণ্ডের পারে কুফের পদ**চিহ** দেখিয়া ব্ঝিল, রুফ্ট নিশ্চয়ই অভিমানে সেই কুণ্ডে পড়িয়া প্রাণজ্যাণ করিয়াছেন। তথন সে সেই পদচিছের উপর লুটাইয়া পড়িল।

"জিতি ক্ঞার, পতি সহর, চলল বর নারী,
বংশীবট বমুনাতট-বন সদনে নেহারি।
ভামকুণ্ড, মদনকুঞ্জ রাধা-কুণ্ড-তীরে,
দ্বাদল বন-হেরত সদন শৈলাহি কিনারে।
বাঁহা ধেমু সব করতহি রব,
ভাঁহা চলতি জোরে,
(দেখে) শ্রীদাম, তুলাম, মধুমক্ষল হেরত বল বীরে।

এই নৈরাশ্রের অবস্থা অতিক্রম করিয়া বৃন্দা আবার ছুটিল, বে-পর্যান্ত আশার লেশ আছে — সে-পর্যান্ত সে চেটা ছাড়িবে না। রাধার কাছে সে মুধ দেখাইবে কিরপে ? তাহাকে কি বলিয়া ব্রাইবে ? আজ যে মানের দায়ে তাহার প্রাণ যাইতে বদিয়াছে।

হঠাৎ যম্নাক্লে কদম্বৃক্ষম্লে তাহার দৃষ্টি পড়িল, সেধানে সে হারাণো রতন কুড়াইয়া পাইল। ক্ষের অবস্থা দেধিয়া এই হৃংধের মধ্যেও বৃন্দার হাসি পাইল। একদিকে বাঁলীটি পড়িয়া আছে—এত সাধের বাঁলী— হৃংও-হৃংথের সন্ধী বাঁলী কৃষ্ণের হস্ত-চৃত্যুত; রুষ্ণ ধূলায় ধূসর, অপর দিকে, ময়ৢরপুচ্ছের কত গৌরবের চূড়াটি—তাহাও শির-চৃত্যুত, ধূলায় লুটাইতেছে। কৃষ্ণের কল্পিত ওঠ এই অবস্থায়ও "হা রাধে, হা রাধে" বলিতেছে, এত হৃংথেও কৃষ্ণ নাম ছাড়েন নাই, এ য়ুগে নাম সত্যু,—সেই নাম ছাড়েন নাই। এদিকে তাঁহার হাতছাড়া বাঁলীর রুদ্ধে বন্ধে পবন হিল্লোলিত হইতেছে, 'রাধানামে সাধা বাঁলী' তথন আপনা হইতেই "জয় রাধে শ্রীরাধে" বলিয়া বাজিয়া উঠিতেছে। কারণ বাঁলী, আর কিছু জানে না। ওঠাধরের সেই অর্ক্ষ্কুট রাধানাম ও বাঁলীর আকুল 'রাধা রাধা' ধ্বনি সেই নীপমূলে অদৃশ্য চিত্তহারী কল্পনাকের স্পৃষ্টি করিয়াছে। সেই কল্পলোকে উন্মত্তের লায় পরিবেশনাক্ষিয়া, আর্ত্তর, ধূলিধূসর কৃষ্ণ পড়িয়া আছেন।

"যমসুকৃলে, নীপাহি মূলে, লুটত বনওয়ারী, শশিচশখির ধুলিধুসর, কহত প্যারী পাারী।"

উপরে আমি এই পদটির যে বির্ত্তি দিয়াছি, তাহার একটি কথাও আমার নিজের নহে, কীর্তনীয়াদের আধর হইতে পাওয়া।

# পদাবলী-মাধুর্য্য পরিহাস রস

গোপারা কৃষ্ণকে লইয়া বে-সকল লীলা করিয়াছে, তাহা মাধুয়্য-পূর্ব হুইলেও এক্ষেঁয়ে হয় নাই, মাঝে মাঝে পরিহাসের চাট্নি দিয়া ভা**হার** আখাদ ম্থরোচক করা হইয়াছে। সত্য বটে ক্লফ রাধার পায়ে ধরিয়া সাধিয়াছেন। এতটা করার পর রাধার তাঁহাকে ক্ষমা করা উচিত ছিল, রাধা তাহা করেন নাই। এখন কফ-বিরহে রাধার প্রাণাস্ত হুইবার উপক্রম হুইয়াছে, বুন্দা নিজেও অনেক ঘোরা-ফেরা করিয়া মনঃ-ক্লেশ পাইয়াছেন। গোপীরা স্বভাবত:ই মুখরা ও পরিহাস-প্রিয়া; বুলা এখানে একটা চাতুরী খেলিয়া ক্লফ-ক্লত তাঁহাদের এই কটের প্রতিশোধ লইতে ইচ্ছুক হইলেন। রাজকুমারী রাধার একটা মান-সম্বম আছে, স্থীদের কাছে তাঁহার মান বজায় রাখিতে হইবে। এখন যদি দে হঠাৎ দেখা দেয়, তবে তিনি নিশ্চয়ই ভাবিবেন, রাধা তাঁহার বির্হে একান্ত অধীরা হইয়া তাঁহাকে খুজিবার জন্ম বুন্দাকে পাঠাইয়াছেন; ক্ষের কাছে রাধাকে এতটা থেলো করিতে বুন্দা রাজী নহেন। ক্বফকে পাইলা বুন্দার দেহে প্রাণ আসিয়াছে, কিন্তু সে তাহার সামনে আনন্দ গোপন করিয়া ফেলিল। সে যেন কৃষ্ণকে দেখিতেই পায় নাই-এই ভাবে তাঁহার পাশ কাটিয়া হন হন করিয়া চলিয়া গেল! এদিকে ক্লফ দ্র হইতে বুলাকে দেখিতে পাইয়া মনে করিলেন, নিশ্চয়ই মানভঞ্কের পর অমুতপ্তা হইয়া রাধা তাঁহার সন্ধানে দৃতীকে পাঠাইয়াছেন, তথন হর্ষের উচ্ছানে ভাড়াভাড়ি উঠিয়া বসিয়া রুঞ্ গায়ের ধূলা ঝাড়িতে লাগিয়া গেলেন; অতিশয় কিপ্রতার দহিত মধ্রপুচ্ছের চূড়াটা মাথায় আঁটিয়া বাঁধিয়া, বাঁশী হাতে সাজগোজ করিয়া কুলার আগ্মনের প্রতীক্ষা করিতে লাগিলেন :--

কিন্তু একি ? বৃন্দা তো তাহার কাছে আসিত্রা থামিল না, রবঞ্চ যেন ভাঁহাকে

দেখিতেই পার নাই, এইভাবে অভিবেগে ওাঁহার পাশ কাটিয়া চলিরা গেল! তথন হতবৃদ্ধি হইয়া কৃষ্ণ পেছনে পেছনে 'দৃতি দৃতি' বলিয়া ডাকিতে লাগিলেন।

> "দরে হেরি নাগর, চতুরা সহচরী

र्रमिक रमिक हिन गाउ।

জমু আন কাজে: চলত বররঙ্গিনী

ডাহিনে-বামে নাহি চায়।

''হরি হরি বুটায়ত কাল, সহচরী গমন হেরইতে তৈখন,

হৃদরে করত অমুমান।

"কি এ অতি সদর, হুদর ইহ মঝুপর,

সহচরী ভেজাল কি রাই।

কি এ আন কাজে, চলত বর-রঙ্গিনী,

কারণ পুছই বোলাই।

"সহচরি, সহচরি, সহচরি, করি হরি বেরিবেরি,

বহু বেরি করত কুকার।

"চতুরিণী সহচরী কু'কি কহত মকু, ৰাম লেই কোন গোঙার।"

দাম মনোহর

''চমকি কহত হরি হাম রাইকিছর

করুশা করিয়া অব আছ।

এক নিবেছন

গুনি তবে আন কাজে যাহ।"

ক্ষেত্র ধূলিঝাড়া, মযুরপুচ্ছ-পর। প্রভৃতি সম্বন্ধে পদটি তালে গীত হইয়া থাকে। এই তাল অতি এন্ত, কুফের মনের ব্যস্তভার সঙ্গে উহার বেশ ঐকা হয়।

वह बास्तात तुन्ता एव छेडत कित. छाडा स्माउँडे छे॰माइ-वाइक নছে। আমি কুলনারী, আমার পেছন-পেছন এমন করিয়া ডাকিতেছে কোন্ ত্র্বান্ত? "ত্র্বান্ত" কথাটি আমার। পদে "গোঙার" শক্টি দেখিতেছেন। "গোঙার" শব্দটির আদি অর্থ "গোয়াল"। প্রাকৃত পিছনে "গোঙার" শব্দ এই অর্থে ব্যবহৃত হইয়াছে। কালে এই শব্দ অর্থত্ব হইয়াছে, 'গোঁয়াড়' বলিতে এখন আমরা ত্র্ব ও বুঝি।

এই উত্তরে कृष्ण একবারে মুদড়াইয়া পড়িলেন, তিনি বলিলেন-"আমি রাধার দাস, একবার করুণা করিয়া আমার একটি কথা লোন। তথন বুন্দা বলিতেছেন,

"কি কহবি রে মাধব

তুরতহি কহ কছ

शंभ गांख्य जान काटन।

তো সঞে বাত

নহে ম্যু সম্চিত,

দোৰ পাওৰ সধী মাৰে।"

বাহিরের লোকে নিন্দা করিবে, রুন্দা একথা বলে নাই। গোপীরা বাহিরের লোকের নিন্দা-প্রশংসা এডাইয়া গিয়াছে। বুন্দা বলিতেছে. যে রাধার মনে কট দিয়াছে—ভাহার দঙ্গে কথা বলিলে স্থীরা আমাকে ক্ষমা করিবে না। কুঞ্ বলিতেছেন—

> ''কি কহব সজনি, কহিতে বা কিবা জানি, রাই তেজল অভিমানী।

রাই তেজল বলি,

তুহ' সব তেজবি, তবে বিব ভ্লৱৰ আমি।"

বুন্দার উত্তরে যেমনি শ্লেষ ফুটিয়াছে, তেমনই ক্লফ চিরজীবী হইয়া वाँ निया थाकून, এই প্রার্থনা আছে। বলা বাছলা, এই প্রার্থনা গোপীর প্রাণের প্রার্থনা-আন্তরিকতাপূর্ব।

> "আহিরিণী কুরুপিনী, গুণহীনী, ভারিহীনী— তাহে লাগি কাহে বিশ্ব পিঅবি ? <u>इन्हार</u>नी मक्क्य क्यांत्रम. পিৰি পিৰি বুলে বুলে জীয়ৰি।"

এই গানগুলিতে ব্যক্ষের আপাততঃ উপভোগ্য রস হইতে আর একটা রসের দিক্ আছে, তাহাতে শ্লেষের উপর খুব রং-চড়ান হইয়াছে। ক্ষেক্ষর অন্ততার সহিত যোগ রাখিয়। প্রথম গানটির তাল দেওয়া ইইয়াছে। কিছ বৃন্দার "কি কহবি রে মাধব" গানটির তাল, খুব বিলখিত, বৃন্দার ছলকরা ব্যস্ততার সহিত এই বিলখিত তালের একবারেই ঐক্য হয় না। তাহার কথাগুলি এত ধীর ছন্দে গীত হয়—য়ে, তাহাতে অন্ততার চিহ্নমাত্র নাই; "কি কহব—রে মাধব অ অ, তুরতহি কহ কহ—অ অ, হাম হাম বাওব আন কাজে—এ এ, এই একটি ছত্র গাহিতেই প্রো এক মিনিট সময় লাগিবে। এই বিলখিত ছন্দ ধারা কবি রহজ্যের মাত্রা খুব বাড়াইয়াছেন; বৃন্দা বছ কটে হারাণো ধন পাইয়াছেন, তাহাকে কি সহজে ছাড়িয়া দিতে পারে। সে মুধে অন্থতার ভাণ করিতেছে, কিছ কঠের ছন্দে প্রতিবাদ করিতেছে।

বৃন্দা শেষে কৃষ্ণের অপরাধের কথা বলিল। কৃষ্ণ বহু সাধাসাধি করিয়াছেন—কিন্তু রাধা তাঁহাকে উপেকা করিয়াছেন, এই কথার উত্তরে সে বলিল।

''দূতি কহত তুমা, কৈচন পীরিতি রীতি বুখই নাহি পারি। গো বদি মান ভরমে ভোহে রোধল, তুহ' কাহে আওল ছোড়ি''—

ভোমার প্রেমের রীভি, আমি ব্ঝি না, সে যদি এমেই মান করিয়া রাগ করিয়াছিল, তুমি ভাকে ছাড়িয়া আদিলে কোন্ প্রাণে? বুলা আরও বলিল, রাই প্রায়ন্তিত্ত করিবেন, ভোমার জন্ম যে অপবাদ হইয়াছে—ইহা ভাহারই প্রায়ন্তিত্ত, আমি ব্যবস্থার জন্ম যাইডেছি, দেরি করিতে পারিব না। এ-কথা ভনিয়া কৃক্ষের মুখখানি ভকাইয়া গেল। সহ করিবার সীমা আছে—রুক্তের কট বৃন্দা আর সহিতে পারিল না, এবার ভরদা দিয়া তাঁহাকে সঙ্গে লইয়া চলিল।

এই মান-লীলায়, তরল আমোদ-প্রমোদ, হাসি-ঠাটা ও'বিজ্ঞাপের মধ্যে হংগভীর সরমী-নীরোম্ভব প্রেমের ফুল্ল কমল ফুটিয়াছে, মাহংবের মনে তিনি যে রস দিয়াছেন, তাহার মধ্যে তিনি আছেন। প্রেম-সরোবরে যে শতদল ফোটে, তাহার শোভার মধ্যে তিনি আছেন, ভক্তির মধ্যে মৃক্যা খুঁজিবার জন্ম এখানে ড্বাক্তে হাতড়াইতে হয় না, পদাবলীর ভাগুারে তাহা আপনিই হাতে আসিয়া পড়িবে।

স্থীরা রুষ্ণ-রাধার লীলায় স্কাল ইন্ধন জোগাইয়াছে, তাঁহাদের সাহচর্য্য ছাড়া হলাদিনী-শক্তির বিকাশ তেমন করিয়া দেখান যাইত না। গোবিন্দ দাস স্থীদের কথা বলিয়াছেন—

"প্রেম কারিগর মোরা যত স্বীগণ।
নিতি নিতি ভাঙ্গি-গড়ি পীরিতি-রতন।
অপ্তরে হাকরে মান অস্থারের থনি,
বিরহ-অনলে তাহে তেজাই আঞ্চন।
মোণাতে সোহাগা নিয়া সোণাতে ভেজাই,
রসের পাইন দিয়া ভাঙ্গিলে জোডাই।"

## মান-মিলন

মান ও অভিসাবের পর মিলন। শুধু ছংগের কথা বলিয়া বৈশ্বব কবিরা কোন কিছু পরিসমাপ্ত করেন না। শুভ-অশুভ ছুইই সংসারে আছে, কিছু আমাদের বিশাস করিতে ইইবে বে, আপাত সমগ্ত অশুভের পরিণতি শুভে। শুধু মনে আঘাত দেওয়ার উৎকট আনন্দ নানব-প্রকৃতির উপবোধী। আমরা বিশ্ব-প্রকৃতির অভিপ্রায় বৃঝি আর না-বৃঝি, এটুকু বিশাস করিতে হইবে যে, সকলই সেই মঞ্চলময়ের বিধান — স্থতরাং শুভান্ত। মানের পর মিলন না হইলে মান অসম্পূর্ণ, মাধুরের পর ভাব-সম্মেলন না হইলে মাধুর অসম্পূর্ণ। আমরা সমস্থ পথটা দেখিতে পাই না, কিছু পৌছাইবার যে একটা স্থান আছে— তাহা অস্তরে বৃঝি। বিয়োগান্ত কথায় লোক রান্তার এমন একটা জায়গায় পড়িয়া থাকে, যাহাতে মনে হয় পথ ফুরাইয়া গিয়াছে, কিছু পথ ফুরাইলে হন্দয়ের হাহাকার থাকিয়া যায় কেন, গমাস্থানে গেলে কি আর ক্লোভের কারণ থাকিতে পারে? বিয়োগান্ত রীতিটা প্রীকগণ পছন্দ করিয়াছেন, তাঁহারা অঞ্চ ও দীর্ঘ-নিঃশাস ফেলিয়া—ফাসীতে প্রিয়জনকে ঝুলাইয়া আসর ছাড়িয়া উঠিবেন। হিন্দুর প্রাণ এই অবিশাস ও অসোয়ান্তির রাজ্যের কথা দিয়া যবনিকা-পতন ইচ্ছাক্রেন না।

তাহারা যদি হংথ বর্ণনা করিবেন, তবে তাহা কোন উন্নত আদর্শ লক্ষ্য করিয়া করেন। পিতৃসতা রক্ষা করিবার জন্ম রামের বনবাস, স্বামীপ্রেম দেখাইবার জন্ম সাবিত্রী ও দময়ন্তীর কট বণিত হইয়া পাকে। কিন্তু রাজকুমার শিশু-আর্থারের চক্ষ্ উৎপাটন বা শেষাকে হামলেট-কর্তৃক অকারণ কতকগুলি মাহুষ হত্যা— এই সকল র্থা কটের অবতারণা করিয়া প্রোতার হদযে অহেতৃক ব্যথা গ্রেপ্তয়া সংস্কৃতের আল্কারিকগণ নিষেধ করিয়াছেন।

অভিসার ও মানের পর ক্রফ রাধার সঙ্গে মিলিত হইরাছেন।
অভিসারে রাধা "ছই.সবীর কাঁথে ছই ভুজ জারোপিরা, বৃন্ধাবনে প্রবেশিল জাম-জর
দিরা"—"কৃন্ধাবনে প্রবেশিরা বনী ইন্ডিউতি চার, মাধবী তরুর মৃতে দেখে জাম রার,"—
স্গায়েন বলিতেছে, জাম ধ্যান-ধ্রা বোগীর মত দীড়িয়ে আছে।

তপ-সিদ্ধির প্রাক্ষালে যোগী যেরপ ধ্যানস্থ হইয়া স্থানন্দময়ের উপলব্ধির পরীক্ষায় দাঁড়ায়—ইহা সেইরপ ধ্যানের প্রতীক্ষা।

> প্রেরে গিরে শ্রামটাদ রাইকে ধরে কারে, ললিতা দাঁড়িয়ে হাসে কুপ্ললতার খাঁড়ে।"

কৃষ্ণলতার ঘন অথচ তরল পত্রাস্তরাল হইতে ললিতার ছটি সকৌতৃক চক্ষু যুগল-মিলনের এই দৃষ্ণ দেখিডেছিল।

> "(তথন) শির হইতে শুঞ্জা কল তুলি ভাম রার, নমো প্রেমময়ী বলিরা দিলা রাধার পার।" এবং "পুলিরা চাপার মালা এলারে কবরী, বঁধর বুগল পদ বাঁধেন কিলোরী।"

এই যুগল-মিলনে দেব-দেবী উভয়ে উভয়ের পূজা করিতেছেন।
দেহের চাঞ্চল্যের উংগ্ধ—ভোগলালসার গুনীত হাওয়া হেখানে পৌছিতে
পারে না, সেই অমান অধ্যাত্ম কুঞ্চবনে—ইহাদের লীলা, এবং ইহাই
উচ্চালের ভক্তের নিত্য বৃন্ধাবন। ইন্দ্রিয় প্রশমিত না হইলে, দৈহিক
কামনা একেবারে পুড়িয়া ছাই না হইয়া গেলে কেহ বৃন্ধাবনের কিশোরকিশোরীর প্রেম বৃঝিতে পারিবেন না, কবিরাজ ঠাকুর এই প্রেমকে
"নির্ম্বল ভায়র" এবং লালসাকে "অন্ধ তম" বলিয়া অভিহিত
কবিয়াছেন (কাম অন্ধ তম প্রেম নির্ম্বল ভায়র")।

এই মিলনের চিত্র নানা কবি নানা ভাবে আঁফিয়াছেন; একজন লিখিয়াছেন:—

মোহন বিজন বনে, দূর গেল স্থীগণে—
একেলি রহল ধনি রাই।
ছুট্ট আঁথি হল হল, চরণ কমলতল
কাকু আসি পড়ল লুটাই।
কমলিনী জীবন সকল তেল মোর,
তোমা হেন গুণনিধি, পথে আনি দিল বিধি,
আজিকে প্রথম বাহি গুর।"

र पार्न नीए कन कमिशा वतक श्रेशा यात्र, रमशानकात शक्श বাঙালা দেশে আদিয়া লাগাতে অঞ তকাইয়া গিয়াছে। শিক্ষিত मच्छामारात्र मर्पा च्यानरक वर्षन करकत करनत मृता चौकांत करतन ना। প্রেম-ব্লেহ প্রভৃতি কোমল ভাবের সর্বপ্রধান নিদর্শন এই অঞ্চর মূল্য শীকার করিতে হইলে নিগৃহীত পিতামাতার ও উপেক্ষিতা স্ত্রীর ঋণ শীকার করিতে হয়, শিক্ষিত সংজ্ঞায় অভিহিত তুর্নীত পুত্র ও স্বামীর তাহা হইলে থামথেয়ালী করায় ব'া জরে। অন্ত দেশের কি তাহা सानि ना, किस এই अध्येह वक्षाप्तान ध्यष्ठ मण्यम्। हेठ्छ वक्ष्ण्ठा করেন নাই-উপদেশ দেন নাই-ধর্মপ্রচার করেন নাই। তিনি চোধের জল দিয়া সমন্ত দেশটা বিজয় করিয়াছিলেন। তাঁহার এক-বিন্দু অঞ্চতে যে প্লাবন আনাইয়াছিল, তাহা এখনও সমস্ত নগর ও পল্লী ভাসাইয়া লইয়া যাইতেছে। বড় বাথ।—বড় আনন্দের ক্ষেত্রে এই অক্র জন্ম, ইহা এখন Sentimentalism-এর লক্ষণ বলিয়া যাহারা ষ্মগ্রাহ্ম করিতে চান, তাঁহাদের মত কাটথোট্যা পণ্ডিত ইভিপুর্বেও এদেশে অনেক ছিল। পাঁচ শত বংসর পূর্বে একদা শ্রীবাস গীতার আলোচনা-সভায় কাঁদিতেছিলেন, এইজন্ম সে-সভার পণ্ডিভেরা তাঁহাকে প্লাধাকা দিয়া ভাড়াইয়া দিয়াছিল এবং স্বয়ং চৈতক্তদেবও বাস্তদেব সার্বভৌমের নিকট "ভাবুক" বলিয়া ভং সিত হইয়াছিলেন ও কাশীর প্রকাশানন স্বামীও চৈত্তরকে ইতার জন্ম নিন্দা করিয়াছিলেন । কিন্ত সম্ভ পণ্ডিতকে মৃঢ় প্রতিপন্ন করিয়া চৈত্যের ঘুইটি চক্ষুর মৃক্তাসম অঞ্র কোটা কোটা লোকের মহাশাস্ত হইয়া আছে। এই প্রমানন্দজ অশ্র কথাই কবি এখানে বলিতেচেন---

> "ছটি আঁথি ছল ছল, চরণ-কমলতল, কাছু আদি গড়ল পুটাই।"

আর এক কবি এই মিলনকালে বলিতেছেন, "আদরেতে আঙ্কারি, রাইকে হলরে ধরি"—ক্রফ জাহ্বর উপরে রাধার পাতৃ'থানি রাধিয়া মুখনেতে চাহিয়া আছেন, "নিজ কর-কমলে চরণবুগ মুছই, হেরই চির ধির আঁধি।" রাধার পা চু'থানি দেখিয়া কৃষ্ণের চোথের তৃষ্ণ মিটিতেছে না, "এ ভর হুপুর বেলা, তাজিল পথের ধূলা, কমল তিহনিয়া পদ তোর;" পথে কোখায় কাঁটা পারে ফুটিয়াছে, দেখিতে ঘাইয়া ক্রফ অশ্রুশংবরণ করিতে পারিতেছেন না এবং 'পৃছই পহ কি হুখ"—পথে কি কি কপ্ত পাইয়াছেন, অতি আদরে জিজ্ঞাসা করিতেছেন।

রাধা ও রুফ উভয়েরই পরস্পারের পদের দিকে দৃষ্টি—ইহাতে প্রমাণ হয়, এ প্রেমের জন্ম পূজার ঘরে। কবি রুফকমল বলিয়াছেন—

> অতুল রাতুল কিবা চরণ হুখানি, আলতা পরাত বঁধু কতই বাখানি।"

এই চরণ-পদ্মের শোভা এখনকার উচ্চ-গোড়ালী, খুরওয়ালা জুতার দিনে আমরা এ-যুগের তরুণদের কি করিয়া ব্রাইব ? রবীক্স বাব্র পরে আর কেহ রমণী-চরণের সৌন্দর্য্য বর্ণন করেন নাই।

এই মিলন-দৃশ্রে রাধা-কৃষ্ণের গীতিক। অপূর্ব্ব আনন্দের ছবি আছিত করিয়াছে। পদ-দাহিত্যের কৌজভ্মণি "লন্ম অবধি" এই পদটী মিলনের গীতি।

> "জনম অবধি হাম রূপ নেহারিগুঁ— নরন না তিরপিত ভেল। সোহি মধুর বোল শ্রবণে হি জনিগুঁ, ক্রতিপথে প্রবেশ না গেল। কত মধু বামিনী—রক্তসে গোরাইলুঁ, না বুঝিগুঁ কৈছন কেনি, নাঝ নাথ বুগা হিরে হিয়া বাধিগুঁ তবু হিয়া জুড়ন না গেলি।"

এই পানটি সর্ব্বেই কবি-বল্পডের ভণিতার পাওয়। যার। কোন কোন ছানে নাকি জন্ত পানে বিভাগতির কবি-বল্পভ উপাধি পাওয়া পিয়ছে—যাহা হউক ভাহাতে সন্দেহের কারণ আছে। বিচারণতি সারদাচরণ যথন বিদ্যাপতির সংস্করণ প্রকাশ করেন, তথন তিনি এই স্ব্রে "কবিবল্পভ" অর্থে বিদ্যাপতি বৃদ্ধিমাছিলেন; অক্ষয় সরকার মহাশয় নির্কিচারে সারদাচরণকেই অবলম্বন করিয়া পদটি বিদ্যাপতির থাতায় নিধিয়াছিলেন। কিন্তু বিদ্যাপতির যদিই বা "কবিবল্পভ" উপাধি থাকিয়া থাকে, ভবে, যাহার উপাধি "কবিবল্পভ" তিনিই যে বিদ্যাপতি হইবেন—ভাহা নহে। ভারপর "বিদ্যাসাগর" বলিতে যেরপ ক্ষরচন্দ্রকেই বৃঝায়, "কবিবল্পভ" উপাধি সম্বন্ধ বিদ্যাপতির সেরপ কোন ঘোসক্রচ্য হয় নাই। যদিই বা স্বীকার করা যায় যে, বিদ্যাপতির "কবিবল্পভ" উপাধি ছিল, ভাহার এই উপাধি জনসমাজে কভকটা অবিদিত ছিল। বরঞ্জ"নব জ্মদেব", "কবিবল্পন"—এই ভূটিই ছিল ভাহার উল্লেখযোগ্য উপাধি।

'বিদ্যাদাগর' উপাধিতে ঈশ্বচক্র ব্যাইলেও, উহাতে তাঁহার একচেটিয়া দত্ত জায়াহাছে, একথা স্বীকার করা যায় না। বন্ধের কয়েক জন বিশিষ্ট লোক ঈশ্বচক্রের দময়েই "বিদ্যাদাগর" উপাধি গ্রহণ করিয়াছিলেন এবং তাঁহাদের কৃত্র পরিবেটনীর মধ্যে 'বিদ্যাদাগর' বলিলে তাঁহাদিগকে ব্রাইড, যথা ঢাকার কালীপ্রদর ঘোষ এবং বিবিধ সংস্কৃত গ্রহের টীকাকার ও সম্পাদক জীবানন্দ। এদেশে পলী খুঁলিলে আরও বিদ্যাদাগর মিলিতে পারে, ক্তারাং "কবিবল্পত" বলিতে বে তথু বিদ্যাপতিকেই ব্রাইবে, এ-কথা একেবারেই বলা চলে না। 'কবিবল্পড' উপাধি বিদ্যাপতির আদৌ ছিল কিনা—তাহারই নিশ্মতা নাই। এই উপাধি বিদ্যাপতির আদৌ ছিল কিনা—তাহারই নিশ্মতা নাই। এই উপাধিটি বাঙালা দেশেরই উপাধি বিদ্যাপনে হর, মিথিলায়

ইহার তাদৃশ প্রচলন ছিল কিনা সম্পেহ। 'কবিবল্পড' বলিডে এলেব किरता मिथिनाम शूर्व कथन विमानि छिक वृबाहे न। আয়াদের দেশে যাঁহারা কোন প্রাচীন কাব্য সম্পাদন করেন, তাঁহারা বিচারবৃদ্ধির তাদৃশ ব্যবহার করেন না-ষতটা গ্রন্থের কলেবর বৃদ্ধি করিতে ব্যগ্র হন। স্বতরাং যদি পূর্বের কোনো সংস্করণে ভূলক্রেই কোন সম্পাদক কোন পদ কবি-বিশেষের খাতায় লিথিয়া ফেলেন, পরবর্ত্তী কবিরা কিছুতেই তাহা বাদ দিতে স্বীকৃত হন না, পাছে পূর্ব সংস্করণ ছোট হইয়া যায়। এই ভাবে গতাফুগতিকদের প্রসাদে কবি-বল্লভ উপাধিক বাঙালী-কবির পদটি মিথিলার বিদ্যাপতির খাভার উঠিয়াছে। বিদ্যাপতির মত শ্রেষ্ঠ কবির মর্যাদা এই একটি পদে বাডে नारे, किन्न कविवल्लक नामक वालानी-कवि धारे भएति हातारेगा कुछ-দর্বস্ব হইয়াছেন। শুধু কবিবল্পভ নহে, রায়শেথর এবং অক্যাক্স কয়েক জন বাঙালী কবিকে নগেব্ৰুনাথ গুপু মহাশয় বিদ্যাপত্তির নামে চালাইয়া-ছেন। যথন তিনি মিথিলায় বিদ্যাপতির পদ-সংগ্রহ করেন, ত**খন** একদিন আমাকে বলিয়াছিলেন, মিথিলার কোন পুঁথিতেই তিনি "জনম অবধি হাম রূপ নেহারলুঁ" পদটি পান নাই, অথচ বিদ্যাপতির ভক্ত টীকাকার তাঁহার সংস্করণে পর্ব্ববন্তী সম্পাদকদের অনুসরণ করিয়া বিদ্যাপতির পদ বলিয়াই উহা চালাইয়াছেন। যিনি বঙ্গের বৈষ্ণব-কবিকুলচ্ডামণি গোবিন্দ দাসকে অজ্ঞাতনামা মৈথিল কবি গোবিন্দ দাস ভ্রম করিয়া তাঁহার সমক্তঞ্জলি উৎকৃষ্ট পদ মিধিলায় সংগ্রহ-পুত্তকে সম্বলিত করিবার প্রেরণা দিয়াছেন, তাঁহার পক্ষে কবিবল্লভ ও রায়-শেধরকে এইভাবে বিদ্যাপতির পদাবলীতে স্থান দেওয়ায় আমরা इ: थिक इरेग्राहि, किन्त चान्तर्ग इरे नारे। वर्त्तमान चात्रवणाधिन त्नरे অঞ্চাতনাম মৈথিল-কবি লোবিন্দ দাসের বংশধর, স্নতরাং এই সকল

कार्या त्राक-मनस्रष्टि ও मिलिनावानीरमत श्रीि नाधि श्रेयाहः স্থ্রপদ্ধ বৈষ্ণবশান্ত্রবিৎ পণ্ডিত এবং সাহিত্য পরিবং হইতে প্রকাশিত পদক্ষতক্ষর সম্পাদক সতীশচন্দ্র রায় এম্-এ, নগেল্রবাবুর এই কার্য্যের বিস্তারিত স্মালোচনা করিয়াছেন; আমি এইটুকু মাত্র বলিতে পারি যে. যথন তিনি বিদ্যাপতির পদ সংগ্রহ করেন, তথন সম্ভবতঃ তিনি জানিতেন না, বাঙালী বছ বৈষ্ণব কবি মৈথিলভাষার ছন্দে ব্রঙ্গবুলিতে পদ দিথিয়া গিয়াছেন। স্থতরাং এজবুলি পাইলেই তাহা মৈথিল-পদ মনে করিয়া যাহা কিছু হাতের কাছে পাইয়াছেন—তাহাই বিদ্যাপতির রচনা মনে করিয়াছিলেন। তাহার পর যথন জানিতে পারিলেন যে, বাঙালী কবিদের এক বিরাট্ ব্রন্থ্রি-সাহিত্য আছে, তখন পূর্বকৃত কার্য্যের সমর্থনের জন্ম ভাষাতত্ত্বে বিশ্লেষণ করিয়া তৎসঙ্কলিত পদগুলি যে মৈথিলী-ব্রন্থবুলি নহে—তাহাই প্রমাণ করিতে প্রবৃত্ত হইলেন। কিন্তু একথা নিশ্চিত নহে যে, ব্রহ্নবুলী ও মৈথিলীর স্ক্রতার তারতম্য করিতে পারেন, এরপ বিশেষক্ষ পণ্ডিত অল্পই আছেন। নগেন্দ্রবাব আদৌ ভাষাবিং নহেন, যেক্ষেত্রে তাঁহার বর্ণপরিচয় পর্যান্ত হয় নাই, সেখানে তাঁহার বিচার কেহ মানিয়া লইবে না। প্রভারতীয় ভাষাগত নানা স্থা বিভিন্নতা বুঝিতে স্বয়ং গ্রিয়ারদন সাহেব ক্লান্ত হইয়া পড়িয়াছেন; অপরের কি কথা।

তথু এই পদটি ও রায়শেশরের পদগুলি নহে, কত বাঞালা পদ যে বিদ্যাপতির উপর আরোপ করা হইয়াছে, তাহা নির্ণয় করা সহজ নহে। - "মরিব মরিব গদী নিশ্ব মরিব, কামু হেন গুণানিধি কারে দিয়া যাব"— গানটি, যাহার অন্ধি, পঞ্চর, ত্বক, মাংস সমন্তই বাঞালার মাটী ও বাতাসের উপাদানে গড়া—তাহা কেন যে বিদ্যাপতির ঘাড়ে চাপানো হইয়াছে, তাহা একটা সমস্তা। এই গানটির ভাব স্প্রাচীন কাল

হুইতে বাঙালার হাওয়ায় ঘূরিতেছে। মিথিলার সলে ইহার কোনই সম্পর্ক নাই। আমি ত্রিপুরার জকলে গ্রাম্য ক্বকের মূথে ভাটিয়াল স্থারে এই গানের মর্ম শুনিয়াছি—''আমি মৈলে এই করিও, লা পেড়োলো না ভাসালো", অক্তার বছ বছীয় বৈঞ্ব কবির কঠে ভিন্ন ভিন্ন ছন্দে মনোহরসাই রাগিণীতে এই গীতি শোনা গিয়াছে। "আমার নীরে নাহি ডারবি, অনলে নাহি পোড়াবিং কিন্তা "দেহ দাহন ক'র না দহন দাহে, ভাসায়ো না তাহা যমূনা প্রবাহে" এবং "প্রাণ যদি দেহ ছাড়া, না দ'হ বহিতে মোরে না ভাসায়ো যমুনা সলিলে" প্রভৃতি বত পদে, বাঙালার প্রতি কোণে কোণে শত শত নরনারী-কঠে যে-কথা বছকাল হইতে প্রতিনিয়ত ধ্বনিত হইয়া আসিয়াছে. বাঙালা দেশের সেই মর্মোক্তি, বাঙালা ভাষায় রচিত। বাঙালা ছন্দে গ্রথিত সেই গানটি কেন যে বিদ্যাপতির পদাবলীর মধ্যে আসন পাইল এবং স্থবিজ্ঞ সম্পাদকেরাই বা কেন এই অন্দিকার-প্রবেশ সম্বন্ধে চুপ করিয়া রহিলেন, ভাহা তাঁহারাই জানেন ৷ এইরূপ আরও অনেক বাহিরের পদ বিদ্যাপতির পদ-সংগ্রহে ঢুকিয়া বইথানি ধাউদের মত বুহদাক্ততি করিয়া তুলিয়াছে। দৃষ্টাস্ত স্থলে আরও কয়েকটি পদের প্রথম তুই এক ছত্র উল্লেখ করিতেছি—দেগুলি নিছক বালালা পদ— "আজি কেন তোমায় এমন দেখি, দখনে ঘুরিছে অরুণ আঁথি"—"গুনলো রাজার ঝি তোরে কহিতে আসিয়াছি, কামু হেন ধন, পরাণে বধিলি, এ কাঞ্চ कदिनि कि ?"

মিলনের দৃশ্য আরও অনেক কবি দেখাইয়াছেন, তাহাদের কোন-কোনটিতে অধ্যাত্মরাভার ছায়া পড়িয়াছে। "আলি নিগ্বনে ছাম-বিনোদিনী ভোর, দোহার রূপের নাহিক উপমা, হথের নাহিক ওর" পদটি দৃষ্টাস্ত-ত্বরূপ সৃহীত হইতে পারে। এই জগতে একদিকে ঘননীল বনাস্ত ও স্থনীল নভন্তল, অপরদিকে সোনালী রোজ ঝক্ ঝক্ করিতেছে। এই বিশ্বপ্রকৃতির রূপ লইরা বুগলমূর্ত্তি স্থিদিগের মন
মুখ্য করিতেছে—

"আজি হিরণ-কিরণ, আখ-বরণ আখ-নীলমণি জ্যোতি, আখ-গলে বনমালা বিরাজিত, আখ-গলে গজমতি, আখ-লিরে লোভে মুর্-লিখণ্ড আখ-লিরে দোলে বেক্ট, কনক-কমল করে বলমল ক্ষী উগাররে মণি, আখই প্রবণে মকর-কুণ্ডল, আখ রতন ছবি, আখ-কপালে চাদের উদয়, আখ-কপালে রবি। মন্দ প্রন মলর শীতল তাহে শ্রীঅক্সের বাস। রসের সাররে না জানি সাঁতার ভূবিল অনস্ক লাস।"

হেম-কান্তি ও নীলকান্তিতে, মন্থ্রপুছে ও বেণীর লহতে আধ দিশ্র বিন্দুর সন্ধে আধ-কপালের চন্দনবিন্দুতে, গলমতি হার ক্রিন্মালায়—
টিরণিপাসিত বহু কছে উত্তীপ প্রকৃতি-পুরুষের আনন্দমম মিলন—
এই চিত্র দেখিয়া কবি ভূলিয়া গিয়াছেন, তিনি লিখিয়াছেন, এ রসসৌন্দর্য্য-সম্প্র পার হইবার সাধ্য তাঁহার নাই—কারণ তিনি সাঁতার জানেন না, এই জ্ঞ ভূবিয়া গেলেন। এই চিত্র কি ? মন্দিরে মন্দিরে আরতিকালে ধৃপধ্মছায়ায় মন্দীভূত পঞ্চর্যাপের আলোকে রাধারুফের ম্বলম্বি লক্ষ্য কন্দন, তারপর বাহিরে চাহিয়া রৌক্রকরোক্ষল গগনে বনান্ত্রীথিকার শিলিরবিন্দুতে ও নীলিম পল্লবে সেই মৃর্জির প্রভা দেখিতে পাইবেন। এই জগৎ সেই আনন্দময় প্রকৃতি-পুরুষরে মিলনদৃশ্য উন্থাটিত করিয়া দেখাইতেছে। ইহা এ-পার ও পরপারের কথা একসন্ধে মনে জাগাইবে।

আমি পূর্বেই বলিয়াছি, বৈশ্বব কবিরা সাধারণের নিকট তাঁহাদের কাব্য এক হইতে দেন নাই; কেবলই মিট্রসে রসনায় জড়তা আসে— কেবলই সন্দেশ থাওয়া যায় না, মাঝে মাঝে মুধরোচক কিছু দিয়া স্থাদ বলনাইতে হয়। পরিহাস-রসের দৃষ্টাক্ত আমরা মান-মিলন উপনক্ষে
নেথাইয়াছি। ইহা ছাড়া আরও কোন কোন ছানে ইহা প্রচ্বে পরিমানে
পাওয় বায়। সেই সেই অংশে আমরা বেন হঠাৎ স্বারীলা হইডে
পাওয় বায়। সেই সেই অংশে আমরা বেন হঠাৎ স্বারীলা হইডে
বাস্তবরাজাে পড়িয়া যাই। যাত্রা ও কীর্জনে এই পরিহাস-রসিক্তা
আভি লাই হইয়া উঠিয়া শ্রোভার মনোরঞ্জন করে। কিছু পাঠকেরা
মনে করিবেন না, এই রসের বাহ্নিক ভারলা বৈষ্ণব আন্দর্শকে কোন
ছানে ক্ষা করিয়াছে, এই রস ইতর লোকের ভাড়ি নহে, শিক্তি
সম্পান্তরে টেবিলের বাহ্নিক কচিসক্ত 'বিয়ার' নহে—ইহা অন বাহ্রিক
রস। ইহার জয় মাভালের বাহবা-দেওয়া ঘন করতালির মধ্যে নহে—
ইহার জয় অসাধারণ তপত্যা ও কচ্ছের মধ্যে—বিদীর্ণ ও কভিত
রসম্বের মধ্য হইতে বাহির হয়, এই হাস্ত-রস উপভোরের সময় মারে
মাঝে চোবে অল আনে, কারণ হাসি হইলেও ইহা বড় কটের হাসি।

মান-মিলনের পূর্বের হাস্তরসের বিতীয় অবকাশ থতিতা। রাধিকাঁ ব্রিয়াছেন, ক্লফ সমন্ত জগতের—তাঁহার একার নহেন। তিনি তাঁহাকে ওধু রাধা নামের ছাপ দিয়া ধরিয়া রাথিবেন কিরুপে? এই সন্দেহে সারারাত্রি প্রতীক্ষায় কাটাইয়াছেন, তাঁহার বকুলমালার কুলগুলি বাসি হইয়া গিয়াছে। বেণী শিথিল হইয়াছে, ত্রস্ত সুর্য্যের আলো ধেরপ পশ্চিম গগনে মিশিয়া যায়, তাঁহার অধরপ্রান্তে বিলীন হইয়া গিয়াছে। প্রভাতে ক্লফ আসিয়াছেন, বড় কটের মধ্যে স্থীরা তাঁহাকে পরিহাস করিতেছে:—

"ভাল হৈল ওরে বঁধু আইলে সকালো, প্রভাতে দেখিলাম মুখ দিন বাবে ভালো।"

বছ বংসর পূর্বে একদা শিবু কীর্ত্তনীয়া শ্রীযুক্ত গগনেজনাথ ঠাকুর মহাশয়ের বাড়ীতে কীর্ত্তন গাহিয়া শ্রোভৃত্তনকে মুখ্য করিয়াছিল।

পুর্বরাগ, মাধুর, গোষ্ঠ প্রভৃতি নানা পালা গাহিবার পরে, একটি নতন পালা গাওয়া হইবে। ছিজেজনাথ, সভোক্তনাথ, জ্যোতিরিজনাথ ও ঠা কুর-পরিবারের অপরাপর প্রায় সমস্ত ব্যক্তিই প্রস্তাহ আসরে উপস্থিত থাকিতেন। অপর্যাদকে সেই পরিবারের মহিলারাও গান ভনিতে আসিতেন। রবীক্রনাথই শিবুকে আনাইয়াছিলেন। মাথুর গাইয়া শিবু শ্রোতৃবর্গকে অশ্রুর বক্তায় ভাসাইয়া লইয়া পিয়াছিল। বৃদ্ধ দ্বিজেন্দ্রনাথই শ্রোভাদের মধ্যে বেশী কাঁদিতেন। ছেলেদের গৃহ-শিক্ষক জার্মান্ Lawrence সাহেব কথাগুলি না ব্রিয়াও শিবুক্বত এই অপুর্ব উন্মাদনার প্রভাব দেখিয়া বিস্মিত হইতেন, তিনি চপ করিয়া আসরের একটি কোণে বদিয়া থাকিতেন। একদিন রবীন্দ্রনাথ প্রাতে শিবুকে বলিলেন, "কীর্ত্তন তো বেশ গাহিতেছ, আজ সন্ধ্যায় কি গাহিবে?" শিব বলিল, "পণ্ডিতা"। রবীন্দ্রনাথ চক্ষ বিক্ষারিত করিয়া বলিলেন, "শিবু, এইবার দেথ ছি মজালে! আমাদের বাড়ীর মহিলাদের সমুখে ত্মি "থভিত।" গাইবে ? এইবার তোমার অজ্জিত যশ পণ্ড হবে। ব্রাহ্ম মেয়েদের ফচি তুমি জ্ঞান না-ইহাদের কাছে তুমি থণ্ডিভার পালা গাইবে কোন সাহদে ?" শিবু জোড়হাত করিয়া বলিল, "ছজুর, আমরা ছে-জিনিষ্টা যে-ভাবে দেখি, আপনারা দে-ভাবে দেখেন না। আমাদের কাছে রাধারুঞ্জের লীলা পবিত্র, ইহাতে পাপ আসবে কিরপে? আপনি আসরে এসে দেখবেন, কোন অসমত ভাব ৰা ভাষা আমার মুখ হতে বাহির হবে না।"

সন্ধায় আমরা আগরে আসিয়া বিদিলাম। গৌরচন্দ্রিকা গাওয়ার পরে শিবু ট্নে গানটি প্রথম গাহিল, তাহা আমার মনে নাই, কিন্তু তাহার মর্ম এই—"ভগবান পাণী-তাণী কাহাকেও ছাড়িতে পারেন না, তিনি সকল হ্যারেই প্রেমভিকা করিয়া বেড়ান, পাণী তাঁহাকে কই দেয়, তাহাকে কত-বিক্ষত করে। প্রেমিক তাঁহার এই আচরণে ব্যথিত হন।" এই গানটি অতি করণ ও গদ্গদ কঠে সে গাহিয়া আসরে এনন একটি নির্মান হাওয়ার স্বষ্টি করিল, যাহার পরে চক্রাবতীকত অত্যাচারের কথা শ্রোতারা ভাবের সেই উচ্চগ্রাম হইতে ওনিল, কোন অশিষ্টভাব মনে হওয়া তো দ্রের কথা—ভক্তির ব্যায় আসর ভাদিয়া গেল। শ্রোতারা নির্মিকারছিতে ভনিতে লাগিল—"আহা বৃধু ভকারেছে মুখ। কে সাজাল হেন সাজে হেরি বাসি মুখ।"

বস্ততঃ বাঙালার নিম্নশ্রেণীর মধ্যে কত যে জ্ঞান-বিজ্ঞানের শিক্ষা—
ভক্তি ও প্রেমের গভীর জ্ঞান লুকায়িত আছে, তাহা কেমন করিয়া
বুঝাইব ? তাহাদের অসাধারণ ভক্তি-গলা-স্রোতে দ্লীল-অদ্লীল, বহুম্ল্য
পণা-বোঝাই ভিক্তি ও গলিত শব একটানে ভাদিয়া যায়—প্রেমের
সাগর-সদ্মে। সেই সন্ধার পাবনী স্পর্শে পবিত্র ও অপবিত্রের মধ্যে
বাবচ্ছেল-বেথা মুছিয়া যায়—সকলই দেবভার আশীর্কাদ বহন করে।

গোপীদের এই উপলক্ষে পরিহাস-ফ্চক অনেক পর চণ্ডীদাস লিথিয়াছেন:—

"নয়নের কাজর, বয়ানে লেগেছে, কালোর উপরে কালো।

প্রভাতে উঠিয়া, ও মূথ দেখি**লুঁ**, দিন ধাবে আঞ্চি ভালো।

অধরের তামুল, নয়নে গেগেছে,

ঘূমে চুকু ছুকু আঁথি: আমাপানে চাও, কিরিয়া দাড়াও,

নয়ন ভরিয়া দেখি। ঠাচর কেশের চিকুর বেণী

দে কেন ব্কের ফারে। দিন্দুরের দাগ, আছে সর্ব্ব গায় মোহা হৈলে মরি লাজে।" ইত্যাদি— মান কীর্ণ্ডনীয়ারা আসরে গায় না—কারণ ইহার প্রতিটি ছত্ত্রে প্রজ্ঞ ইন্থিত আছে, তাহা শীলভার হানিকর। কিন্তু থাহারা ভগবানের চরণে সমর্পিতপ্রাণ রসিক ভক্ত, তাঁহারা গোপীদের মনোবেদনাপূর্ণ প্লেষের ভাষার মধ্যে করুণাময়ের প্রতি ব্যথিত চিত্তের অঞ্জভারাক্রান্ত নিবেদনের ভাব উপলব্ধি করিয়া থাকেন।

সেকালের রুচি আর একালের রুচির লক্ষ্য পৃথক। এখনকার লোকেরা জগতের অধৈতরূপ দেখিতে পান না। ভাল-মন্দ, পবিত্র-অপবিত্র, ভন্ম-চন্দন প্রভৃতি সমস্ত ব্যাপিয়া বাঁহার সত্বা, তাঁহাকে তাঁহারা শোষাকী করিয়া মন্দির মধ্যে—জগৎ হইতে স্বতন্ত্র স্থানে তুলিয়া রাখিতে চান; প্রাচীনেরা তাহাদের সমন্ত ক্রিয়া-কর্ম, লীলা-খেলারও মধ্যে তাঁহাকে না পাইলে তৃপ্ত হইতেন না। যাঁহাকে তাঁহারা পূজার ঘরে প্রতিষ্ঠিত করিয়াছেন, তাঁহাকৈ তাঁহারা খেলার ঘরে আনিতেও দ্বিধ। বোধ করিতেন না। সমস্ত দেহ ও সর্কেন্দ্রিয় এবং মন দারা তাঁহাকে সেবা করা—এই ছিল তাঁহাদের ভাবধারা। ভক্তি-ভন্ম গায় মাথিয়া তাঁহারা প্রেম-মধুচক্রে প্রৱেশ করিতেন, তখন তাঁহারা ইক্রিয়-মক্ষিকার দংশনের অতীত হইয়া থাকিতেন। কোন একটি ভাল কীর্ন্তনের আসরে জ্রকের কঠে কীর্ত্তন শুনিলে, আমি যাহা বুঝাইতে এত কথা বলিলাম, তাহা পাঠক অনায়াদে ব্ঝিতে পারিবেন। আমি সেই ভক্তির কণা কোথায় পাইব, যাহার বস্থাস্তোতে মহাপ্রভু একেন্ত্রের নিম্নশ্রেণীকে মাতাইয়াছিলেন ! পণ্ডিতেরা দেই ভক্তির অমুভভাত ফেলিয়া দিয়াছেন, নিম্নপ্রেণীর লোকের। এখনও সেই প্রসাদ কুড়াইয়া त्राथिया नियाटकः।

এদেশের কীর্তনের একটা বিশেষ মূল্য আছে। পণিকারাও কীর্ত্তন গাহিমা থাকে। তাহাদিগকে বন্ধনংগীত, রামপ্রদান বা দাশর্থীর গান,- বাউল সংগীত, টপ্পা, ধেরাল, পোপাল উড়ের পান, নিধুবাবুর পান প্রভৃতি ঘাহা কিছু গাহিতে বলা যায়, তাহাই পাহিবে। কীর্ত্তন পাহিতে হইলে বলিবে, "আন করিয়া কাপড় ছাড়িয়া আসি"; ভদ্ধা, আতা না হইয়া তাহারা কীর্ত্তন পায় না। কীর্ত্তন সম্বন্ধে এদেশের জন-সাধারণের কিরুপ উচ্চ ধারণা, তাহা ইহা হইতে ব্রধা যায়।

রুষ্ণ গোপীদের শ্লেষের উত্তরে অনেক উপদেশ দিয়াছেন, গোপীর। বলিতেচে—

> ভাল ভাল ভাল, কালিয়া নাগর, শুনালে ধরম কথা, সরলা-বালিকা ছলিলে বখন, ধরম জাছিল কোখা? চলিবার তবে কর উপদেশ পাখর চাপিয়া পিঠে, বকেতে মারিয়া ছরিয় খা, তাহাতে ননের ছিটে।"

—সেই ভবদুরে ক্লফের জগতে কোথায় গতিবিধি নাই ? ধর্মধাজকের ভজন-মন্দির ও মাতালের আড্ডা—সর্কত্তে তাঁহার অবাধ গতি। এজন্ত গোপী বলিতেচে—

> "সোণা, ৰূপা, কাঁসা চোর কি বাছে, চোরের কখন কি নিবৃত্তি আছে ?"

আধুনিক শিক্ষিত সম্প্রদায় এই সকল সানের মৃল্য ধর্মের দিক্ দিয়া বীকার করিবেন কিনা সন্দেহ। কিন্তু বন্ধদেশে প্রেমের পথে সাধকের মতাব নাই। পল্লীর কুটিরে এখনও বৃদ্ধ বৈক্ষব একতার। লইয়া এই ধরণের গান গাহিয়া কাদিয়া বিভোর হন। সোণার পুতুল রাই-এর কটে জাহার প্রাণ বিপলিত হয়। গৌরাক্ষকে ক্ষক্ষ একবার দেখা দিয়া পুনরায় অদৃশ্র হইয়া যত কাদাইয়াছেন—সেই কথা তাহার মনে পড়ে। সেই ক্রিয়াতীত রাজ্যের বিশুদ্ধ লীলার স্থাদ আমরা কোখায় পাইব ?—বাহা থড়-কুটোকে সিঁডিরূপে ব্যবহার করিয়া ভক্তির রাজ্যে পৌছাইয়া দেয়।

আর একবার গোণী রুঞ্চকে পরিহাস করিয়াছিল, তাহা বড় কটে।
ভাক্তার আসিরা মূম্ব রোপীকে দেখিয়া যেরপ মনের অবিখাস ঢাকিয়া
একটু হাসে, এই পরিহাস-রস সেই হাসির পর্যায়ে। চক্রা রুঞ্চকে আনিতে
মথুরায় নিয়াছে। রুঞ্চ রুন্দাবনের কথা জিল্লাসা করিতেছেন। দৃতী তখন
যে-সকল বালোজি করিয়াছিল, তাহা মর্থা-বেদনায় তরপুর, হাসির ছয়্মবেশে
মর্থাছ ত্বংধের অঞ্চ। রাধার কথা বলিতে যাইয়া গোণী বলিতেছে—

"ৰে সেছে—তার সবই গেছে, কুল গেছে—মান সেছে,
লগ গেছে, লাবণ্য গেছে, আণ বেতে বসেছে।
ভান্ন তোমার কি ব'বে সেছে, আরও বিবর বেড়েছে।
গাঁচ পদে বে বা)পার করে, এক পদে যদি সে হারে,
হানি কি সে জানতে পারে ?"
"দেখে আমার ব্রক্তের কথা মনে পড়েছে আজ,
সে কথা শুনাই তোমা বল রস-রাল!"
"ছিল বেস্থু গোপের পাড়া—

"ছিল ধেন্দু গোপের পাড়া—
এধা কত হাতী-ঘোড়া;

"সেধানে পরিতে ধড়া,
এধা কত জামা জোড়া,
রাই-পনে লুটান-মাধার পাসড়ী গড়েছ তেড়া।
ছিলে নজের ধেন্দুর রাধান,
তার পরে রাই রাজার কোটাল,
এধা এনে হরেছ ভূপান।"

এই সকল তীত্র-মর্মবেদনার প্লেষ। কিন্তু চক্রা শেবে কৃষ্ণ-পরিত্যক্ত বুন্দাবনের যে চিত্র উদ্ঘাটিত করিল, তাহা মর্মান্তিক—

> "ভূরা দে রহনি বদুপুর, এনকুল আকুল—কলরৰ কুকুল— কান্থ কয়ি করি বৃত্ত

বলোমতী নন্দ, অন্ধ সম বৈশ্বস্ক,
সমাগণ, বেমুগান, সহসা উঠাই না পার।
বেমুগ্রব বিসরণ—বিসরল নগর বাজার।
কুমুন তেজিরা আনি, ক্লিভিতলে কুঠাই,
তক্লগণ মনিন সমান।
সারী-শুক-পিক, ময়ুরী না নাচত,
কোকিলা না করতহি গান।
বিরহিনী-বিরহ কি কহব মাধব,
দশদিশ বিরহ হতাশ!
শীতল বমুনা জল, অনল সমান ভেল,
কহতহি গোবিশ্ব নাম।"

রাধা-কৃষ্ণ লীলার অব্ধে অব্ধে চৈতক্ত জীবনের ঘটনা। বৈষ্ণবদের কাবা-কথা বৃঝিতে হইবে, চৈতক্তের জীবন-চরিত দিয়া বৃঝিতে হইবে—
তাহা ছাড়া উপায়াস্তর নাই। কৃষ্ণ-পরিত্যক্ত কুলাবন-চিত্রের সঙ্গে আর একটি চিত্র মিলাইয়া দেখুন—তাহা চৈতক্ত-পরিত্যক্ত নবনীপ। চৈতক্ত তাহার প্রিয় পরিকর জগদানন্দকে পুরী হইতে শচী দেবীকে দেখিতে নদীয়ায় পাঠাইয়াছেন—

"নীলাচল হৈতে, শচীরে দেখিতে,
আইনে জগদানবা।
রহি কত দূরে, দেখে নদীয়ারে,
গোকুল পূরের হাঁবা।
লতা-তক্ত কত, দেখে শত শত,
অকালে খনিছে পাডা।
হবির কিরণ না হর ক্ত্রণ,
বেখপণ দেখে রাতা।

শাৰে যদি গাখা

मृति कृति जीवि. ज बन एडवाशिया।

त्वचू गूर्ण बूरव, नीएविज्ञा गरव

कांत्र मूख माहि ता'।

नशदत नाशती. कैलिएक श्रमित

বাৰুরে বিরলে বলি।

না সেলে পসার শা করে আহার

কারো মথে নারি হাসি।"

"শুনি শচী আই, সচৰিতে চাই

কহিলেন পঞ্জিভেরে।

কহে ভার ঠাই,

আমার নিমাই

আসিয়াছে কভ দরে।"

চজার কথার উত্তরে কৃষ্ণের প্রত্যুত্তর একবার যাত্রায় শুনিয়াছিলাম। সে পানটি মনে নাই, কিছ তাহার ভাব এখনও ভূলিতে পারি নাই। ভাষা বলের পরিত্যক্ত পল্লীর কথা পুন: পুন: মনে করাইয়া দিয়াছিল। শ্রথম ছত্রটি মনে আছে ; ক্লফ বলিতেছেন—তুমি আমাকে যেতে বল্ছ, কিছ আমি— "আর কি ব্রহু তেমন পাব ?"— আর কি রাখালেরা আমায় তেমনই করিয়া ভাহাদের একজন ভাবিতে পারিবে? মথুরা-মধো শাসিয়া একটা ব্যবধানের সৃষ্টি করিয়াছে—তাহা উত্তীর্ণ হইয়া আর কি বন্ধবাসীরা আমার সবে তেমনই ভাবে মেলা-মেশা করিতে পারিবে ? আর কি গোচারণের মাঠগুলি তেমনই আছে ? সখারা কি উচ্ছিষ্ট ফল হাতে লইয়া ছুটিয়া আসিয়া তেমনই করিয়া আমার মুখে দিতে পারিবে ? चात कि या घटनाना शटक नमी नहेश व्यायात व्यक्त एकपनई भाननिनीत মত পৰে দাঁড়াইয়া লোঠের দিকে চাহিয়া থাকিবেন ? যে-ব্ৰক্ষের রাখালকে দিয়া তোমরা দাসখৎ লিখাইয়া লইয়াছিলে, তাকে কি

## शनावनी-मार्ग

ভোষরা ভেমনই প্রেমের ভিথারী মনে করিয়া কটকি করিছে পরিবে?

'আমি আর কি ব্রন্ধ তেমন পাব 🏲

এই গানে বজের হুরটি নাই। নিত্য-রুক্ষাবনের দীলা অকুরজ ।

মধ্রা তাহা নই করিতে পারে নাই, বরং ঐপর্য-শাধা ঘুচাইয়া কক্ষের
গভীর প্রেমকে আরও বড় করিয়া দেখাইয়াছে। নিত্য কুক্ষাবনের সখ্য,
বাংসল্য ও মধ্র রসের উৎস কি কখনও কুরাইবার বা ভকাইবার ?
প্রেমিজ গানটি একান্ত আধুনিক—উহা আমাদের বর্জমান কালের
গৃহছাড়া হতভাগ্যদের জয়-পল্লীর কথা মনে জাগাইয়া দিয়া মর্ম ক্ষ্মিন
করে।

রাধার্ক্ষ-লীলার অধ্যায়ে অধ্যায়ে এইভাবে হাস্ত-রনের চাটনির
পর্যন্ত অধিবেশন হইয়াছে। লানলীলা, নৌ-বিলাস ও মানভশ্বনের
পালার এই রস একান্ত বান্তব জগতের সামগ্রী হইয়া দাঁড়াইয়াছে।
কিন্তু মনে রাখিতে হইবে, অভ্যন্ত প্রগাড় ভাবের ক্ষেত্রে ইহাদের জন্ম,
হতরাং তরল হাস্ত ও চাপল্যের মধ্যে সময়ে উচ্চাদ্দের ভাবধারার
স্থান ইহাতে ছ্রুল্ ভ হয় না—হেরুপ রূপার থনিতে ক্থনও কথনও
সোণা পাওয়া অসভ্যব নহে। রাধার মান ভালাইবার জন্ত কৃষ্ণ কথনও
নাপিত-বধ্, কথনও লোয়াসিনী (যোগিনী), কথনও বনিকিনী, কথনও
বা পায়িকার ছয়্রবেশে আসিয়াছেন, সেই সেই দৃষ্টে পাঠক অনেক
আমোন-প্রমোদের কথা পাইবেন। গোবিন্দ দাসের একটি পদ্ব এথানে
উছ্ত করিতেছি:—

"গোরধ জাগাই শিগু ধ্বনি গুনইতে জটিলা ভিক্ আনি দেল। মৌনী বোগেষর মাধা হিলাইত, বুবল ভিক্ মাহি নেল। জটিলা কহত তৰ কাহা উত্হ ৰাগত,

वानी कर छ बुकरे।

তেরি বধু হাত ভিক্ হাম লওব,

তুরিতহি দেহ পঠাই।

পতিবরতা ভিক্ লেই বৰ বোগী বরত

না হোয় নাশ,

তাকর বচন গুনইতে তত্ম পুলকিত

धारे करह वधु शाम।

খারে বোগীবর পরম মনোহর,

कानी ब्रिय अयुवात ।

বছত যতন করি, রতন পারি ভরি,

ভিক দিহ তছু ঠামে।

छनि धनी बाहें. 'बाहे' कबि छेंग

रवानी निष्ठ नाहि वाव।

ৰাটলা কহত বোগী নহি আনমত,

দরশনে হয়ব লাভ।

গোধুম চুৰ্গ পূৰ্ব পারি পর কনক

কোটরি ভরি বিউ।

क्त्राखाएं बारे, लब् कति क्कारे

হেরি ঘর ঘর জীউ।

যোগী কহত হাম, ভিকু নাহি লওব,

তুষা বচন এক চাই।

নন্দ-নন্দন 'পর বো অভিযানসি,

মাপ করহ ঘরে ঘাই। শুনি ধনী রাই চীরে মুখ কাঁপল,

ভেক্থারী নটরাজ।

খোৰিক বাস কহ নটবর শেখর

गांधि हनन निक कांक ।"

এখন বেমন "জয় চৈতন্ত নিত্যানন্দ" বলিয়া ভিক্ষা চাওয়া হয়, পূৰ্বে "নোরক ভাগ" শিকার বাজাইয়া নাথ-যোগীরা তেখনই ভিকা চাহিতেন। প্রাতে এই 'জাগ' শব্দ উচ্চারণ করিয়া নিজ্ঞাভঙ্গ করিবার একট। রীভি প্রচলিত ছিল, পকীগুলিকেও এই বুলি আবৃত্তি করিবার জন্ত শিকা (मध्या इटेरफ ( "दाटे कांत्र दाटे कांत्र कर-नादी व्यादन"- हकीमान )। ছটিল। ভিক্ষা দিতে গেলে মৌনী যোগীবর মাথা নাড়িয়া বলিলেন. ভিনি ভিকা নইবেন না; তাহার কারণ এই, তিনি পতিত্রতার (এখানে অর্থ সধবার) হাতে ভিক্ষা লইবেন, বিধবার হাতে ভিক্ষা লইলে ভাঁছার যোগীর ত্রত নাশ হইবে, তোমার বধুকে পাঠাইয়া দেও। এই কথার ৰটিল। কটা হইল (সাধুকে খুব সদাচারী মনে করিয়া)। পরপুরুষের কাছে ভিকালইয়া যাইতে হইবে শুনিয়া রাধিকা "আই" করিয়া বলিলেন. 'ছিং, আমি ওর কাছে যাব না।' জটিলা বলিল—আমি বুঝিয়াছি, যোগী জ্ঞানী ব্যক্তি; তুমি অক্ত মত করিও না ( বিধাযুক্ত হইও না ); 'ঘব্ ঘব্ জীউ' অর্থে ভিক্ষা দিতে যাইয়া তাঁহার জীউ ( প্রাণ ) স্পন্দিত हरेट नानिन। "अनि धनि दारे——नहेदाख",—दाधिका u-कथा ভনিয়া চোথ মিলিয়া চাহিতেই বুঝিলেন, ইনি ভেকধারী (ছন্মবেশী) ক্লফ, তখন স্বীয় আঁচলে মুখের হাসি ঢাকিলেন। "সাধি চলল নিজ কাজ"—নিজের কাজ সিদ্ধি হইয়াছে অর্থাৎ মানভঞ্জন হইয়াছে বুঝিয়া চলিয়া গেলেন।

মাবে মাবে এই সকল আমোদ-প্রমোদের কথা আমদানী করিয়া লেখকেরা কৃষ্ণ-প্রমের মধ্যে গুড় নাট্যরদের অবভারণা করিয়াছেন।

ইহা ছাড়া নানা কাব্য-কথায় অলম্বত হইয়া এই সাহিত্য চিন্তাকৰ্বক হইয়াছে। বিভাপতির "নয়ন বে লম্ম খিয় কুল আকার, মধু মাতল কিরে উড়ই ন পার" ( রাধার চকু দ্বির অমরের জায়, বেন মধুভাগ্তে পড়িয়া অমরটি আটকাইয়া সিয়াছে—উড়িতে পারিতেছে না)—ভাবাবিষ্ট চকুর কি কুক্তর বর্ণনা ! এই কবির "চকল লোচনে বছ বেহারনী, অপ্প্রন শোকন ভার ; বছু ইনীবরে পবন ঠেলল অলি-ভরে উলটার" (কজ্জনার্ক চকুর অপান্দ দৃষ্টি—চক্রের ভারা এক কোনে সরিয়া পড়েছে । যেমন শ্রমর-পদ-শীড়িভ নীলোৎপলকে পবনে ঠেলিয়া কেলিভেছে )। চঙীদালের—"চলে নীল শাড়ী, নিভাড়ি নিভাড়ি —"বান নহিত নোর", রায় শেখরের—"ভুলমণি-মন্দিরে বিজ্ঞলী বন নকরে, মেঘরনি বন্দ পরিধানা" প্রভৃতি শভ শভ পদে অপূর্ব্ধ কবিত্ব স্কৃতিয়াছে । আবার কোন কোন পদে কবিজ্বের সঙ্গে অধ্যান্দ্র-মহিমা প্রকাশ পাইয়াছে, যেন বনের ফুল দেবভার নৈবেছে স্থান পাইয়াছে। জ্ঞানদানের—

"শ্লশ লাগি আধি স্থ্রে, গুণে মন ভোর, প্রতি অঙ্গ লাগি কাদে প্রতি অঙ্গ মোর, হিয়ার পরশ লাগি হিরা মোর কাঁদে, পরাণ শীরিতি লাগি হির নাহি বাঁধে।"

কে যেন জ্বোড় ভাশিয়া বেজোড় করিয়া দিয়াছে, গল্পপতি গ্রীক দেবতার স্থায় কে যেন অবগুকে দ্বিপতিত করিয়া কেলিয়াছে, দেই ছই খণ্ড পরস্পারের সঙ্গে জ্বোড়া লাগিবার জন্ম বিরহে হাহাকার করিতেছে। জীব বাহার অংশ—ওাঁহার বিরহে মন বাাথাতুর হইয়া আছে। যেরূপ সারাদিন সুর্য্যের শত রশ্মী পৃথিবীতে আসিয়া ছুটাছুটি করে, কিন্তু সন্ধ্যায় সুর্যের সতুক্ব মিলিত না হইয়া পৃথিবীর মাটিতে পড়িয়া থাকে না—দেইরূপ জীব তাঁহাকে ছাড়া যতক্রণ থাকে, ততক্রণ দশ ইন্সিয় দিয়া হাতড়াইয়া তাহাকে বুজিয়া বেড়ায়। শেবে "পরাণ-দীরিতি লাগি ছির নাহি বাকে ভাহার প্রেম ছাড়া প্রাণ অন্থির হইয়া উঠে। এইরূপ আর একটি গান আছে, তাহা লোচন লাসের। বিষম্যন্ত ক্ষনাকান্তের ম্বর্থেরে তাহার একটা ব্যাখ্যা দিয়াছেন, উহা তাহার মত মনশী ও সাহিত্য-রস-বোদ্ধার যোগ্য, কিন্তু তাহা ক্রিক বৈক্ষবের মত নছে—

"এস এস বঁধু এস, আৰু আঁচিরে ব'স, আমি নরন ভরিয়া ভোষা দেখি।

307

আমার অনেক বিবনে,
তোমা ধনে বিলাইল বিখি।
মণি নও মাণিক নও যে হার করি গলায় গাঁরি,
কুল নও যে কেলের করি বেশ।
আমার নারী না করিত বিধি তোমা হেন গুণনিধি
লইয়া ফিরিতাম দেশ দেশ।
তোমার বখন পড়ে মনে, আমি চাই বৃন্দাবন পানে,
এলাইলে কেশ নাহি বাঁধি।
রন্ধন-শালাতে বাই, তুরা বঁধু গুণ গাই,
ধোঁ যার ছলনা করি কাঁদি।"

রামানন্দ রায়ের স্থিথাতি পদ "দোনহ রমণ, হাম নহ রমণী"টির যে
লক্ষা—এই গানটি তাঁহারই বিবৃতি। নারী ও পুরুষের যৌন-সম্পর্ক
ছাপাইয়া উঠিয়াছে এই গীতিটি তাহার কামগন্ধাইীন প্রেম-গোরবে।
এই যৌন-ভাবই আমার সঙ্গে তোমার মিলনের বাধা। তুমি পুরুষ,
আমি নারী,—থুব কাছাকাছি-রূপে মিশিতে পারি না। যদি তাহা
না হইয়া তুমি ফুল হইতে, তবে তোমায় মাধায় পরিতাম, মণি-মাণিক্য
হইলে গলায় হার করিয়া পরিতাম—লোকনিন্দা আমাদিগকে ছুইডে
পারিত না। অস্ততঃ আমি রমণী না হইয়া যদি পুরুষ হইতাম, তবে
একদপ্তও তোমাকে সন্ধৃছাড়া করিতাম না, "লইয়া দিরিতাম বেশ দেশ"
কেই নিন্দা করিতে পারিত না।

এই প্রেমে বৌনভাব আদৌ নাই—কেবল সন্ধ-হবের কামনা, বরং বাহিরের খ্রী-পুরুষ-রূপতেল মিলনের বিশ্ব ঘটাইডেছে! ইহারা সেই দেশের লোক—বেখানে খ্রী নাই, পুরুষ নাই, আছে তথু বিভদ্ধ, লালসা-লেশহীন প্রেম এবং চিরমিলনের আকাঞ্জা; দেহটা একটা বাধা মান্ত ।

ইহাই চৈডভের অচিত্য ভেলাভের। কতকদিন পর্যন্ত ভিনি
পুক্ষ আমি নারী—ভাঁহার সকে ভেল জ্ঞান; কিছ পরে সম্পূর্ণ মিলনেছু
প্রাণ নিজের সন্থা লোপ করিয়া ভাঁহার সকে মিশিয়া যাইডে চায়,—তথন
'অম্পন মাধ্য মাধ্য মোর্ডরিতে হলরী ভেল মাধাই' (বি-প) কিছা "মধুরিপ্রক:
ইতি ভবেন—শীলা" (জ)। এই গানটিতে সেই অভেন অবস্থার প্রাক্
প্রচনা। "আমাদ্ব নারী না করিত রিধি" কথায় বুরা। যাইডেছে, নারী
ভাহার নারীখের সমন্ত লাবী ছাড়িয়া দিয়া পুক্ষকে চাহিতেছেন। এই
কবিতা ভোগের কবিতা নহে, তবে যদি ইহাকে ভোগই বলিতে হয়—
ভবে বলিব "দেব-ভোগ।"

বৈক্ষবেরা প্রেমের জগতে মৃত্যু খুীকার করেন না। অনেক পদেই দেখা যায়, দশম দশায় রাধা কুক্ষের সক্ষর্থ কামনা করিতেছেন। আসয় মৃত্যু, তথনও সবীদিগকে বলিতেছেন, মরিলে আমাকে মাল-ভালে বাঁধিয়া রাখিও (তমালের বর্ণ কুক্ষের বর্ণের মত্যু, ভামলা দিয়া বাঁধিও (নামের মিল-হেতু), "আদি হরি-লালনে পরাণ তেলব বা পাওব আন জনমে"—এইরূপ নানা পদেই দেঁথা যায়, মৃত্যুর পরও হার প্রাণ কৃষ্ণসলের ইচ্ছা ত্যাগ করিতেছে না; মৃত্যুর পর "আমার এ মুর্তুদেই তার চরণেতে দিও ভালি"—এই প্রেম পরমানন্দময়, রাধার মৃত্যুও তাঁহাকে আনন্দপথের যাত্রীশ্বরূপ চিত্রিত করিতেছে। আর ক্ষেটি মাথুরের পদে রাধা বলিতেছেন, "আমার গলায় হার নিক্ষে রহিল, তিনি ফিরিয়া আসিলে যেন একবার ইছা নিজের গলায় পরেন শব্দু সাধ করিয়া নিজের হাতে মালতী ফুলের চারা পুঁ তিয়াছিলাম, কিন্তু বর্ণন কুল ফুটিবার সময় হইবে—তথন আর আমি থাকিব না; তোমরা আমার হইয়া মালতী ফুলের মালা গাঁথিয়া ভাহার গলায় পরাইয়া দিও।" কৃষ্ণকেও আনক্ষের করিবার ইচ্ছা ও সঞ্চলিকা মৃত্য-পথবাত্রীর অন্তিম-দশাকেও আনক্ষের

## পদাবলী-মাধুৰ্য্য

পূলে পূলাকীৰ্থ করিডেকে। এই সকল পাৰে বাধা কৰা বা ব্যক্তারী নহেন,—অমৃতের অধিকারিণী।

भ्र्त्तांक भगि निष्य **(मध्या वाहे एकह**—

"কহিও কাপুরে নই, কহিও কাপুরে

शिशा रान धकवात कहिएन तक्ष्यूर्त ।

निकृत्स त्रहिल धरें हिमाब स्म-स्त्र,

পিয়া যেন গলার পরত্রে একবার।

রোপিত্র মরিকা, নিজ করে,

গাঁখিরা কুলের মালা পরাইও ভারে।

তর-ভালে রইল মোর সাধের পারী-ওকে,

মোর কথা শিরা যেন শোনে তালের বুবে।

এই বনে রহিনি \* ভৌরা বতেক সক্ষৰী,

व्यामात द्वरश्रत कृशी क्षीतम-मिक्नी।

শ্ৰীদাম, স্থদাম আদি বত ভার স্থা,

তা সবার সাথে তার হবে পুনঃ দেখা।

ছবিনী আছরে তার নাতা বলোমজী

উঠিতে বসিতে তার নাহিক শক্তি।

পিয়া বেন তারে আদি দের দরশন,

কৃতিও কামুর পার এই নিবেদন। তনিয়া বাাকুল দত্তী

क्ल मूजा करन समृश्द्र

কি কহিবে শেখর বচন নাহি কুরে।" আর একটি প্রাদে আচে—

"বাঁহা পহ' অৰূপ চৰণে চৰি বাত। তাঁহা তাঁহা ধৰণী হইলে মৰু নাত। বো সৰোবৰে পহ' নিতি নিতি নাহ

राम ভति मनिन इट्रेंड छक् मार ।

বো নরণণে পহঁ নিজ মুখ চাহ,
হাম অক জ্যোতি হইএ তছু মাহ।
বে বীজনে পহঁ বীজই গাত,
মৰু অক ভাহে হইএ মুদ্ধ বাত।
বাহা পহঁ ভরমহি জলধর প্রাম।
মৰু অক গগন হইএ তছু চাম।" (গো)

কাছর সদ্ধে মিলিত হইবার আশা মরণাস্থেও তিনি ছাড়েন নাই।
মরণের পরেও এই দেহ দিয়াই তাঁহার দেবা করিবেন—ইহাই তাঁহার
কামনা। তাঁহার অরুণ পদ যে-পথে হাটিয়া যাইবে, আমার অঞ্চ যেন সেই পথের মাটী হইয়া থাকে। যে-সরোবরে তিনি নিতি নিতি
আন করেন, আমি যেন তাহার সলিল হইয়া তদক স্পর্শ লাভ করি।
যে ব্যক্তনী তাঁহার অঞ্চ বাতাস দেয়, আমি যেন সেই ব্যক্তনী-সঞ্চালিত
মুহ্ বাছু ইইয়া তাহার সেবা করি। যে-মুক্রে তিনি তাঁহার মুথ
দেখেন, আমি যেন সেই মুক্রের দীপ্তি হইয়া থাকি। যেথানে হেখানে
তাঁহার মুর্বি শ্রামল মেথের মত উদিত হইবে, আমার অঞ্চ যেন সেখানে
সেখানে সেই মেঘাবলমী আকাশে পরিণত হয়।

অর্থাৎ আমার দেহের পঞ্চ উপাদান—ক্ষিত্যপতেজ্বমকন্থ্যোমে—
থেন মৃত্যুর পরেও সেবকের মত তাঁহাকে ভজনা করে!

এই বৈষ্ণব গানটির অন্থকরণে পরবর্তী কালে শাক্ত কবি লাশ্চুজি একটি গান রচনা করিয়াছিলেন, ডুই-এর কডকটা এক ভাব, এক স্থর।

"ছুর্সে কর এ দীনের উপায়, বেল পারে স্থান পার।

আমার এ দেহ গঞ্চৰ কালে, তব প্রিয় গঞ্চ ছলে আমার গঞ্জত বেন বিলার।

জীয়নিত্তে অন্তর-আকাশ বেন বিশার, এ যুক্তিকা বার বেন তব মৃত্তিকার,

মা মোর পবন তব চামর ব্যক্তরে বেন বাছ;
হোমায়িতে যম অগ্নি বেন মিশায়।
আমার জল বেন বার পদ্মকলে, বেন ভবে বায় বিমলে,
লাশরধীর জীবন-মরণ দায়।"

এই গানটিতে বৈষ্ণৰ আত্ম-সমর্পপের ভাব থাকিলেও, অত্যন্ত হু:ধ.
নিবৃত্তি বা মৃক্তির ভাব কিছু আছে। বৈষ্ণবেরা আনন্দমন্ত্রের ধেলার থেলু হইয়া থাকিতে চান, তাঁহারা সম্পূর্ণ বিলুগু হইতে চান না। কিছু দাশরথী জীবন-মরণ—এই হুই হইতেই মৃক্তি চাহিতেছেন। বৈষ্ণব ষে আনন্দমন্ত্র পুরুষবরের আনন্দের স্থাদ পাইয়াছেন, সেই পুরুষের সম্প তিনি চিরন্তন কালের অত্য কামনা করেন। শাক্ত কিছ্ক—'যথা জলের বিছ জলে বিলয়' সেই ভাবে আপনাকে কুরাইয়া ফেলিয়া নিছৃতি প্রার্থনা করেন—এই প্রভেদ।

গোবিন্দ দাসের আর একটি পদে সেই ফুন্দর পুরুষবরের যে রূপবর্ণনা আছে, উহার প্রত্যেকটি অকর হইতে কবিত্বের জ্যোতিঃ .
ফুটিতেছে। যে-পথ দিয়া তিনি যান, তাহার চরণম্পর্লে সেইছলে
ফুলপল্ল ফুটিলা উঠে। (বাঁহা বাঁহা অরুপ চরণ চলই, তাহা তাঁহা থল-করল বলই)।
যেখানে তাঁহার ভ্রুডকিতে চঞ্চল কটাক্ষ খেলিয়া যায়,—'তাহা তাঁহা
উছলই কানিন্দহিলোল'। যেখানে তিনি প্রসন্ন দৃষ্টিতে চান—সেধানে
যেন নীলোৎপল ফুটিয়া ওঠে। যেখানে তাঁহার মধুর হাস্য বিকশিকত
হয়—'তাহা তাহা কুলকুমুলসরকাশ'।

বৈষ্ণৰ কৰির মত ভগবানের অপূর্ব্ধ রূপ আর কাহার চক্ষে এরূপ-ভাবে ধরা পড়িয়াছে ! আমরা রাধার পাদ-পল্লের কথা একবার উল্লেখ করিয়াছি, এই বিষয়ের কবিতাগুলি ভক্তি ও প্রেমে ভরপুর।

## वमावशी-सार्था

বংকিবন লিখিয়াছেন—"না বাইও না বাইও বাই বৈদ তদৰ্লে, মনিতে পেরেছ বাবা চরণ-কমলে" দেই চরণ-কমলে একটা কুশাস্ব ফুটিলে তাহা কুক্ষের প্রাণে শেলের মন্ত বি'বে।

> "সিনান ছুপুর সমরে জানি ভগত পবেতে চালে সে গানি"

দ্ধিপ্রহারে ষমুনার সিক্তামর পুলিন রোগে তাতিয়া উঠে, রাধা কি করিরা সেই উত্তপ্ত বালুকার পথে হাটিয়া সান করিতে আসিবেন! একন্ত কৃষ্ণ পূর্ব্য হইতেই কলসী কলসী জল ঢালিয়া সেই পথ শীতল করিয়া রাখেন। রাধার প্রসাদী তাত্বল পাইবার আশার তিনি পথে হাত পাতিরা থাকেন.

> 'লাজে হাম বদি মন্দিরে বাই, পদচিহ্ন তলে সুটে কানাই। প্রতি পদচিহ্ন চুম্বরে কান, তা দেখি আকুল ব্যাকুল পরাণ"

এই পথে কৃষ্ণের অলিউতা দেখিয়া যদি রাধা লক্ষা পাইয়া গৃহে প্রবেশ করেন, তবে কৃষ্ণ সেই পদ-চিছের উপর দুটাইয়া পড়েন এবং প্রতিটি পদ-চিছ চুখন করেন। ইহা দেখিয়া আমার প্রাণ আকৃলি-ব্যাক্তিল করিতে থাকে।

"সো বনি সিনাই আসিলা যাটে, পিছলি যাটে সে নার। বোর অন্তের জল পরণ লাসিরা বাছ পদারিরা রহ, বসনে বসন লাসিবে লাসিরা, একই রজক দের, আমার নামের একট আখর পাইলে হরিবে পের। ছারার হারার লাসিবে লাসিরা কিরই কতই পাকে, আনার অন্তের বাতাস বে-বিকে সে-বিন সে-মুখে থাকে। বনের কাকুতি বেকত করিতে কত না সন্ধান কানে, পারের সেকক বার-পেখর কিছু কহে অসুবানে।"

সম্পের ঘাটে রাধা মান করিলে, অগর দিকের ঘাটে ককের আন করিয়া ছই হাত বাড়াইয়া রাধার স্পর্শ-করা জনের অভ প্রাতীকা করা, তাঁহার ছায়ার সদে নিজের ছায়া মিলাইবার অভ ঘোরা-কেরা, তাঁহার আদের স্পর্শে হে-কাণড়থানি পরিত্র হইয়া আছে, সেই বজের সম্পেনরের একট্ট ছোঁয়াছুয়ি হওয়ার অপূর্ব হবের অভ এক-রজকের নিকট কাণড় দেওয়া, কোন খানে রাধার নামের একটি অকল পাইলে ছল্লভ সামগ্রীর ভায় সেটিকে গ্রহণ করা, যে-দিন রাধার অকস্পৃষ্ট হাওয়া যে-দিকে বহিয়া যায়, সে-দিন সেই বাডাসের স্পর্শ-হথের অভ সারাদিন সেই-দিকে থাকা, ইত্যাদি প্রচেটা পূর্বরাগের প্রমত্ত অবস্থা-স্চক, রায়শেধর বলিতেছেন—দেখা সাক্ষাৎ নাই, কথা-বার্ভার স্থ্যোপ্রনাই, তথাপি কত প্রকারে যে রক্ষ তাঁহার মনের আগ্রহ ব্যক্ত করেন, কবি তাহার ক্রেকটি মাত্র অবস্থার কথা বলিলেন।

প্রেম এখানে ভুধু কবিছের উৎস নহে, উহা দিনরাজের তপভা।

ক্ষের মধ্রা যাওয়ার কলে রাধা ও স্বিশৃণ মৃচ্ছণির। রাধার জীবন-সংশ্য—এই কথা তনিয়া চন্দ্রাবলী রাধার কুলে আসিলেন, আজ আর হিংসা নাই, ঈর্ষা নাই, 'সম ছুপ্তের ছুথিনী' সকলে। আজ প্রেডি-ছবিতার দিন কুরাইয়াছে। চন্দ্রা এতদিন জর্বায় রাধার মূথ দেখেন নাই, আজ রাধার রূপ দেখিয়া আশ্চর্ব্যাবিত হইয়া গেলেন, কিন্তু রাধার এই রূপ বাহিরের রূপ নহে—যে-রূপে তিনি কুফ্লকে এতটা মৃদ্ধ করিয়াছিলেন বে চন্দ্রাবলীর পার্বে থাকিয়াও তিনি 'রাধা!' বিলিয়া জীরিতেন—ইহা সেই রূপ। যেখানে যেখানে রাধা তাহার রূপ আবিকার করিয়াছেন, অক্সন্ত নহে—

"দে ধনী আছিল গুলেব হিন্নার হার— বঁধুর হিন্নার হার আছ ধূলার পড়ি গো— মনি মনি হরি-বিবহে আজ কি দশা তাঁহার"

এখানে রুক্ষ তাঁহাকে নিজের গলার হারের স্থায় মূল্যবান মনে করিতেন, এইজন্মই চন্দ্রাবলীর কাছে রাধার রূপের মূল্য ও তাঁহার জন্ম এত আক্ষেপ।

> "হার গো অতুল রাতুল কিবা চরণ ছুখানি, আলতা পরাত বঁধু, কতই বাখানি। এ কোমল চরণে বখন চলিত হাটিরা গো— বঁধুর অন্ধরাগে গো, নেন বাঞ্ছা হ'ত যে পাতিরে দেই হিরে।"

আলতা পরাইবার সময় রুঞ্চ সেই পদমুগ্মের রূপের কতই না ব্যাখ্যা করিতেন, এইজন্ম সেই "অতুল রাতুল চরণ ছখানি" চন্দ্রার কাছে এত স্থলর এবং যথন এই তুইটি চন্দ্রণ-কমলে পথে হাটিয়া স্থাম-দর্শনের জন্ম রাধা যাইতেন, তথন চন্দ্রা সেই পথে বুক পাতিয়া রাথিবার ইত্তা প্রকাশ করিতেন—থেন রাধার পায়ে পথের কাঁকর বা কাঁটা না বাজে ।

চন্দ্রাবলী এই যে রাধার নিরুপম রূপ আবিকার করিয়াছিলেন, তাহা বাহিরের রূপ নহে, দে-রূপ কৃষ্ণ-প্রেমের মধ্যে। এই রূপের পে<sup>ন</sup>্ত করিয়াই রাধা বলিয়াছিলেন—"আমি রূপনী ভোষার রূপে" এবং চন্দ্রা ভিলেন—"মরি, দে-রাধার রূপ বাছে জ্ঞীনার্কানী, বাহার সৌভাগাঞ্জী বাছে জ্ঞান্দ্রভী"! চন্দ্রা রাধার রূপ দেখিতেছিলেন না, তিনি রুষ্ণের প্রেমই দেখিতেছিলেন।

#### গৌর-চক্রিকা

এই পদাবলী পড়িয়া পাছে কেহ ইহাতে সাধারণ নায়ক-নায়িকার ভাব আরোপ করিয়া বৈষ্ণবের স্বর্গকে বান্ধবের মাটীতে পরিণত করেন, এই আশ্রায় কীর্ন্তনের আসবে গৌর-চন্দ্রিকার স্থান্ত । গৌরচন্দ্রিকা দিক্দর্শনী স্বরূপ, বিশাল পদ-সমূদ্রে নাবিককে ঠিক্-পথ দেখাইয়া লইয়া যায়—দিক্সান্ত হইতে দেয় না। একঘণ্টা বাল মূলগায়েন ও দোহারগণ থোল পিটিয়া ও মন্দিরা-করতাল বাজাইয়া—শ্রোতারা আসবে কি প্রত্যাশা করেন—তাহারই একটা মূপবন্ধ প্রস্তুত করেন।

পূর্বরাণের পালা আরম্ভ করিবার আগে গৌরবিষয়ক এরপ কোন গান উচ্চকণ্ঠে গাহিতে থাকেন—

> "আজ হাম কি পেশিলু নবদীপচল, করতলে করই বদন অবলম্ব। প্ন: পুন: গতায়ত কল ঘরপান্থ, কপে কণে ফুলবনে চলই একান্ত। ছল ছল নয়নে কমল স্থবিলাস, নব নব ভাব করত বিকাশ। পুলক মুকুল বর ভক্ল সব দেহ, এ রাধানোহন কছু ন পায়ল ধেহ।

চিত্রকর যেরপ তুলির রং ঘবিয়া ঘবিয়া রূপরেথায় একটা স্থায়ী বর্ণ হৈয়ারী করেন, সেইরূপ পুন: পুন: এই গানটি গাহিতে গাহিতে শ্রোভার মনে ভাবমুগ্ধ গৌরাদের মৃত্তি স্থায়ীরূপে পরিকল্পিত হয়। গোরা আজ্ব বড়চঞ্চল চিত্ত, একবার ঘরে একবার বাহিরে যাতায়াত করিতেছেন, ভারপরে কি ভাবিয়া পুনরায় স্থুলবনের দিকে একান্তে চলিয়া ঘাইতেছেন। তাহার সজল চকুত্টিতে পদ্মের মত দৃষ্টি নৃতন নৃতন ভাবে খেলিয়া বাইতেছে। ক্ষণে ক্ষণে মনে আনন্দ উছলিয়া উঠিতেছে এবং সর্বাশরীর রোমাঞ্চিত হইতেছে। এই ভাব কি — তাহা পদক্রতা রাধামোহন ঠিকু করিতে পারিতেছেন না।

এই চিত্র নব-অস্থরাগের; ইহার ভাবে শ্রোতাদিসকে মৃগ্ধ করিয়া গায়েন মূলপালা অবতারণা করিবেন।

## অধ জীরাধার পূর্বরাগ (চণ্ডীদান্সের পদ)

"বরের বাহিরে নঙে শতবার, তিল তিল জাসে-বার,
মন উচাটন নিশাস-স্বন কল্বকাননে চার।
রাই এমন কেন বা হ'ল । স্বাই চঞ্চল বসন-অঞ্চল স্বরণ নাহি করে।
বসি থাকি থাকি উঠই চমকি ভূবণ থসিরা পড়ে।"

স্থাত বাং দেখা যাইতেছে চণ্ডীদানের কবিভায় রাধিকার যে অবস্থা বর্ণিত হইয়াছে, গৌর-চন্দ্রিকায় গৌরাদের সেই ভাবই স্থাচিত হইয়াছে। গৌরাদ করতলে বদন স্থাপনপূর্ব্বক মৌনাবলম্বন করিয়াছেন, াধিকাও চণ্ডীদানের পদে 'বিদিয়া বিয়লে বাক্ষে একলে না শোনে কাহারো কথা পারাদ্র পুন: বাভারাত করু ঘরপয়' রাধিকাও ঘরের বাহিত্যে ও শত্রার 'তিল তিল আনে বার'। গৌরাদ্র কণে ক্লণে 'চলই মুলক লাভ এবং রাধিকাও 'নন উচাটন নিনাদ-সঘন কদম্বনানে চার।' ইহা একই চিত্রের এপিঠ-ওপিঠ। গৌর-চন্দ্রিকার হারা আসরের আব্হাওয়া একেবারে নির্মাল হইয়া বায়, তারপর রাধক্ষ্য-লীলার আধ্যাত্মিক অর্থ ও ভাব পরিগ্রহ করিতে শ্রোতার কোনক্রপই অস্থবিধা হয় না। এইজয়য়ই গৌরচন্দ্রিকা না গাহিয়া গায়েন কথনই রাধাক্ষ্য-লীলা আরম্ভ করেন না—পারছে লোকে লালদার কথা দিয়া এই লীলার ভাষ্য প্রস্তুত করে!

মান, মাধুর, খণ্ডিতা, গোষ্ঠ প্রভৃতি প্রত্যেক পালা গাহিবার পূর্কে গৌর-চন্দ্রিকাটি এইরপ—

> "আজি না গোঁরাস্চাদের কি ভাব হইল, ধবলী ভামলী বলি ডাকিডে লাগিল। বেপু বিনা বালী করিয়া সিম্বাধ্বনি, হৈ হৈ রবেডে গোরা খোরার পাঁচনি।"

## अमायली-माध्या

এইখানে অভূত ব্যাপার এই, গোরা কেন ধবলী, ভাষনী প্রভৃতি নাম ধরিয়া গাভীগুলিকে ভাকিতে যাইবেন ? ভিনিক ব্ৰেৰ রাধাল নহেন। তিনি কেন পাচন-বাড়ি ছুরাইতে যাইবেন 🐔 নন্দের ধেছপাল চরাইবার জন্ম তিনি ভ নিযুক্ত নহেন গায়েন ছোট ছোট গানের মধ্য দিয়া এই প্রশ্নের সমাধান করেন। কলির জীব বহিন্দুখ, তাহারা ইন্সিয়াধীন পশু। তিনি আসিয়াছিলেন হরিনাম দিয়া মামুষের পশুপ্রকৃতি ফিরাইতে। তাঁহার মুখের অবিরল হরি হরি ধ্বনি, বেণুরব, এবং তিনি যে হাতখানি উচ্চদিকে হেলাইয়া মাহুবের প্রকৃত গমাস্থান নির্দেশ করিতেন তাহাই পাচন-বাড়ির সঙ্কেত। একটু কট্ট-কল্পনা করিয়া নদীয়ার তহণ বান্ধণটিকে বজের রাখালে পরিণত করিতে হয় বটে, তথাপি খবিরত হরি হরি রবে – গায়েনের ভক্তিগদগদ কঠের ধ্বনিভে করতাল, মন্দিরা ও মুদক্ষের শব্দে এবং গৌরহরির নাম পুনঃ পুন: কীর্ত্তন-মারা আসরের বিশুদ্ধি সাধিত হয় এবং ক্লফের গোচারণ-পর্মের আধ্যাত্মিকতা উপলব্ধি করিবার জন্ত শ্রোতৃবর্গের মনে তংকালোচিত একটা কেত্র প্রস্তুত হয়। কিন্তু মাধুর সম্ভোগমিলন ও রুণাভিদার প্রভৃতি পালায় চৈতম্য-ভাবের সঙ্গে রাধা-ভাবের এভটা খাভাবিক ঐক্য আছে যে, সেই সেই পালা গৌরচন্দ্রিকার সহিত একবারে মিলাইয়া যায়। গৌর-চক্রিকায় "গৌর কেন এমন হৈল ? सक्रण स्टब्स বাৰে—সৌর বৃদ্ধি প্রাণে মৈল !" এবং মাথুরের "রাই কেন এমন হৈল ? ও বিশাখা, ভোৱা দেখে বা, বাই বুৰি প্ৰাণে দৈল" উভয়ের একবারে পার্ধকাহীন মিলনের ছল রেখায় রেখায় মিল পড়িয়া যায়। সেখানে আর ওক্তাদ গায়নের উভয়কে মিলাইবার জক্ত কোন রিপুকর্ম করিতে र्य ना।

## বিভাপতি এবং চঞ্জীদাস

বিদ্যাপতির প্রথম জীবনের প্রেরণা আসিয়াছিল জয়দেবের গীত-গোবিন্দ হইতে। বাক্যের পারিপাটো, ছন্দের ঝন্ধারে এবং অলন্ধার শান্তামুগত নায়ক-নায়িকার চিত্রাহণে রাজকবি বিদ্যাপতি দরবারী সাজেই (तथा निशाहित √ निविनिःश, निष्यामिवी ও মिथिनात वे वे पिछिल्लं। ভাঁহার শ্রোতা কোন স্থানে শব্দের অপপ্রয়োগ, ছন্দ ও কাব্যশীর চাতি-বিচাতি হইলে তিনি রেহাই পাইতেন না। বিভাপতি স্বয়ং হুপণ্ডিত ছিলেন এবং সংস্কৃতে অনেক কাব্য প্রণয়ন করিয়াছিলেন; রাজসভা-পৃঞ্জিত পণ্ডিত বংশে তাঁহার জন্ম।(তিনি স্থান, কাল ও পাত্তের উপযোগীভাবে রাধাক্তফের লীলা গাহিয়া 'নবল্লয়দেব' উপাধি লাভ করিয়াছিলেন। কিন্তু চন্তীদাস নিজকে একজন পূজারী ব্রাহ্মণ ( বাভনী-পুৰুক) বলিয়া পরিচয় দিয়াছেন। কেহ তাঁহাকে কোনও উপাধি দেন মাই। বছু, বিজ প্রভৃতি শব্দ ব্যবহার করিয়া তিনি যে ত্রাহ্মণ বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন-এইটুকু মাত্র জানাইয়াছেন : তাঁহার শ্রাতা নকুলের কথা অনুসারে তাঁহাকে মহাপত্তিত বলিয়া মনিয়া লইলেও, তিনি যে একেবারেই পাপ্তিত্যাতিমানী ছিলেন না-ইহা নিক্ষ বলা যাইতে পারে। প্রথম বয়সের করিতায় কিছুকাল জয়দেবের লেখা মকদ क्रिलिश, अने जि भारते हैं एक अक्रकतानत श्रवित हा जिया नियाहित । উাহার হৃদত্তে স্বয়ং ভারতী দেবী পদ্মাদন পাতিয়া বদিয়াছিলেন এবং মুখে কবিভার ভাষা জোপাইয়াছিলেন। কাব্য-জগতে এই সিদ্ধি লাভ ৰবিবাৰ পৰ, সমস্ত কাৰ্যসংস্থাৰ এবং কবিপ্ৰসিদিৰ এলাকা অতিক্ৰম করিয়া গিয়াছিলেন।

(বিভাপতি-রচিত পূর্বরাগের বর্ণিত রাধা অলঙ্কার-শান্তের নায়িকা, বাহ্যরূপে চলমল। রাধা-নাম ও রাধা-ভাবের সঙ্গে আমাদের মনে বে পৰিত্ৰ দীলা মনে পড়ে এবং মাননী-প্ৰায় অন্ত যে নৈবেভ দাজাইখা থাৰি, বিভাপতির পূর্ব-চিত্রণে ডাহার বেশমাত্র নাই। সহচরীরাও তাহার কণান্ত-অবলম্বি কেশপাশ আচড়াইয়া বেণী বাঁধিয়া দিতেছেন, রাধিকা অতি পোপনে তাঁহাদের কাণে কাণে প্রেমলীলা সম্বন্ধে শিষ্ট-খণিষ্ট নানাত্রপ প্রান্ন করিতেছেন ; কখনও নবযৌবনাগমে তাঁহার দেহ-সৌন্দর্য-ক্রণের আভাস মুক্রে প্রতিবিধিত দেখিয়া মুকু মুক্ হাসিতেছেন। যেখানে কোনও প্রণয়ঘটিত কথাবার্তা হয়, সেইখানে ভিনি আনতম্বী হইয়া বাহে উদাসীনতা দেখাইলেও, চৌহার্ভিপূর্বক **অতি আগ্রহে সে-দকল কথা শুনিতে থাকেন ('আনতমুখে ততহি দেহি কালে')**; এইভাব যদি ধরা পড়ে এবং কোন স্থী তাহা প্রচার করিয়া দের, ভবে একবারে রৌদ্রবৃষ্টি, ('কালন মাথি হাদি দের গারি') রাধা তথন মূখে হাদি এবং চোথে কাৰা লইয়া স্থীকে গালি দিতে থাকেন ) কবি বলিতেছেন— —মন্মত পাঠ পহিল অমুবন্ধ'—কামদেবের শাল্পে নৃতন পাঠ লইতেছেন। মোটকথা ব্রাধিকার পূর্ববাগের ছবিগুলি সংস্কৃত অলমার-শাল্লের এক-একখানি পটবিশেষ। অভিদার ও স্নানের পর রাখিকার যে-সকল চিত্র বিদ্যাপতি দেখাইয়াছেন, তাহা দেহস্থলোলুপ তরুণ-মনের উপাদের খোরাক। সেগুলি খুব স্থনিপুণ কবির হাতের যোগা—কাব্যক্তরত কিছ তাহার উপমা ও উৎপ্রেকা চোথে ধার্ধা তাহা নিরূপম। লাগাইলেও, দে চিত্র মেঘদৃতের ফকীও নতে, কালিদাসের শকুন্তলাও নহে। ঐ ঘৃই কবি কাব্যের উত্তরার্দ্ধে ভোগনিবৃত্তিজনিত প্রেমের নির্দোষ পরিসমাপ্তি দেখাইয়াছেন। বিদ্যাপতির ভোগের চিত্র চিরকানই ভোগীকে দুব্ধ করিবে, কিন্তু চণ্ডীদাস হইতে রুফকমন পর্যন্ত বৈষ্ণব কবিদের যে-দকল চিত্র আমরা দেখিয়াছি, তাহার অনেক পদই শংকীর্ত্তন-ভূমির রজঃ মাখা, তাহা মানব-জদয়ের চিরস্তন কারুণা ও

দধাসভচ্যত ব্যাথার ভরপুর, তাহাতে সময়ে সময়ে ভোগের একটা বাহ্ রূপ আছে, কিন্তু তাহার মূল হুর—ভগবং প্রেম 🕽 কবিরা নারদ ও তুমুবরুর মত আমাদিগকে রুক্ত-কথাই শুনাইয়াছেন, এই প্রেমে দেহের তাপ বা উষ্ণত্ব নাই-ক্রব-বিকারগ্রন্থ আত্মার অতপ্ত পিপাসা নাই। উহা উর্বাশীর নৃত্য নহে—বেহুলার নৃত্য; উগ্র চাঁপা ফুলের গন্ধ নহে. वाक अञ्चला किमानी विवास श्वात भूमा नरह,—खेहा निष प्रतिकिश्न मुक्त निनीमन । (हे छी नारमत भूक्त तारभत हिटक ताथा अथम इहेर छहे नाम-জপের অধিকারিণী, ডিনি মন্দিরের পূজারিণী—কুগুলধারিণী, গেক্যা-পরিহিতা তুশ্র্যা তপস্থাশীলা আত্মহারা যোগিনী। তাঁহাকে বিষের **हर्जुष्टिक इटेरज कृक्ष्वर्शित चारवहेंनी जगवरक्रा**भत्र भाषा प्रशाहरिक । এই কৃষ্ণ-বর্ণের খেলা তিনি যেখানে দেখিতেছেন, সেইখানেই ভগবং-সন্ধা উপলব্ধি করিয়া প্রণাম করিতেছেন। এই ধ্যানশীলা, কেশ-পাশ বেশ-ভূষার প্রতি উদাসীনা, ক্ষণে ক্ষণে প্রিয়ের আগমনের ভাস্তিতে চমৎকৃতা রাধিকাকে দেখিয়া দখীরা বলিতেছেন, ইহাঁকে কোণায় কোন দেবতা আশ্রয় করিয়াছে ? ("কোখা বা কোন দেব পাইল")। সত্যই তাঁহাকে কোনো দেবতা পাইয়াছেন, মাছুষ আর তাঁহার নাগাল পাইবে না। তিনি দখিগণের দলে ক্ষণকাল দাঁড়াইয়া কথা বলিতে পারেন না-

> "দাঁড়াই বদি সবিগণ সঙ্গে, পুলকে ভরর তন্থু শাষ-পরসঙ্গে। ( প্রদঙ্গে) পুলক ঢাকিতে নানা করি পরকার ( প্রকার), নুরনের ধারা যোর বহে অনিবার।"

এই রাধার হব-ছার মর্জ্যের হব-ছার নহে, তাহা অমর-ধামের হব-ছার)

কিছ বিদ্যাপতির সব খানিই শুধু কবিছ বা অলহার-শাল্পের

পুনরাবৃত্তি নহে। চণ্ডীদাদের সবে তাঁহার দেখা হইরাছিল, পদ-কল্পতকর অনেক পদে তাঁহাদের কথোপকথনের সারাংশ সন্ধলিত হইয়াছে। এই গাকাংকারের ফলে প্রেম যে অথও জিনিষ, দর্কবর্ণের সংমিত্রনের পরিণতি যেরূপ খেত বর্ণ,—বাংসল্য, স্থ্য, ভগবস্তুক্তি প্রভৃতি সমস্ত বস্ট একস্থানে ঘাইয়া মিশিয়া যায়—তথন ইহাদের মধ্যে কোন ভেদ থাকে না. এই সকল কথা চণ্ডীদাস বিদ্যাপতিকে সম্ভবত: বলিয়াছিলেন। পদ-কল্লতকতে বর্ণিত আছে, চণ্ডীদাস মৈথিল কবিকে জিজ্ঞাসা করিয়া-ছিলেন, যৌন-লালসা হইতেই শুদ্ধ প্রেম হয়, কিম্বা প্রেমেরই স্বাভাবিক ক্রমে যৌনভাব শেষে আসিয়া পড়ে। বিদ্যাপতির প্রথম অধ্যায়গুলি সমন্তই অলম্বার-শাল্পের অহ্নযায়ী, কিন্তু মাথুর ও ভাব-সম্মেলনে তিনি ভাবরাজ্যে বাঙালী বৈষ্ণব কবিদের মূল স্থর ধরিয়াছেন, ইহাতে বোধ হয়, এই পরিবর্তন চণ্ডীদাসের সঙ্গে তাঁহার দেখাশুনার ফলে ঘটিয়াছিল। বিদ্যাপতি 'মাথ্র' বর্ণনায় দেই রদের পরিপূর্ণ আমাদ আমাদিগকে দিয়াছেন। আমরা দেথাইয়াছি—"দোহি কোকিল অব লাধ ডাক্ট"—পদটি তিনি চণ্ডীদাস হইতে গ্রহণ করিয়া পল্লবিত করিয়াছেন। তাঁহার ছিল অপ্রতিছন্দী কবির ভাষা, সেই ভাষায় যথন তিনি মাথুর বর্ণনা ক্রিলেন, তথন তাঁহার পদাবলীতে সমস্ত ভোগের চিহ্ন মুছিয়া গিয়াছে; তথন তিনি পবিত্র তিলক-কণ্ঠী-ধারী বৈষ্ণবগুরু—'গ্রবণে হি খ্রাম করু গান, গুনইতে নিকলাট কঠিন পরাণ", তথন "শহু-কর্ছ দূর, ভূষণ কর্ছ চূড়, ভোঁড়হি গল্প-মতি হার রে : শিখাক সিন্দুর, মুছিয়া করহ দূর, পিয়া বিনা সকলই আঁধার রে"—ইহাই তাঁহার ভাষা। তথন তাঁহার ভাব-সম্মেলনের "দৰি আঞ্জি স্থের নাহিক ওর, চির্বাদন মাধ্ব মন্দিরে মোর" প্রভৃতি গান বৈষ্ণবদের জ্ঞপমন্ত্র হুইল, চৈতক্ত দেব সারারাত্রি গান্তীরায় শুরূপের সঙ্গে এই সকল গান গাইয়া প্রেমের অপূর্ব আত্বাদ পাইতেন।

চত্তীদাস একটি পদে বলিবাছেন, কুক্তরপের ধাঁধায় পড়িয়া আমার **एक्ट-मन अरक्वा**रत आज-विचुछ इस, छथन हकूत मृष्टि दर्ग-देवयमा जुलिस যায়, তিনি কুফবর্ণ অথবা গৌর-বর্ণ, তাহা আমি বুঝিতে পারি না। ("দেখিতে দেখিতে না চিনিয়ে কাল কিবা গোরা")। কেহ কেহ এই পদটিতে গৌর আগমনের স্চনা ব্রিয়াছেন, এবং কেহ কেহ আবার ভালা উহা প্রক্রিপ্ত মনে করিয়াছেন, কিছ কথাটা এরপভাবে বিক্রিভ হইয়াছে বে. তাহাতে স্ট ইপিত কিছুই নাই। কথাগুলি প্রকিপ্ত ইইলে, প্রকেপ-কারী এরপ শশাষ্ট ইকিত দিতেন না, স্পষ্ট করিয়া বলিয়া ফেলিতেন। বছ পুরাণে বৈষ্ণবেরা চৈতক্ত-আগমনের ভবিবাৎবাণীস্থচক লোক প্রাক্ষেপ করিয়াছেন, ভাহার সকলগুলিই স্পষ্ট সরল কথা, ভাহাতে বার্থ কিছু নাই। কিছু চঞ্জীদাদের আর একটি পদে ইকিতটা **স্পষ্টতর—'আজু কে গো মুরলী** বাজার—এতো কভু নহে প্রাম-রার—ইহার গৌর बबल कर बाला"- এখানে भीतात्कत कथा किছुই नार ; ताथा मृतनी-শিকা উপলকে কুফের বেশ-ভ্যা চাহিয়া নিজে পরিয়াছেন "তুমি লং स्थात नीन नाड़ी, उर नीड पढ़ी जर नित" ( वुन्ना ), छ्डीमान এই ऋत्नत कथाई वनियाहिन, अलताः कथाता नहस्वहे व्याया निन कि के अरे स्मीर्घ পদটির শেষ-তৃই পংক্তি গৃঢ় অর্থ-ব্যঞ্জক--- 'চণ্ডীদাস মনে মনে হাসে, এরপ হইবে কোন দেশে ?" এই গৌর মৃত্তির আবির্ভাব কোন দেশে হইবে, তাহা ভিজ্ঞানা করিয়া কবি মুখ টিশিয়া হাসিতেছেন, অর্থাৎ গৌরাল বে আসিতেছেন, তাহার আভাস তিনি মনে মনে পাইয়া স্বষ্ট হইয়াছেন। এবার সমালোচকদের কেহ কেহ জোর গলায় বলিতেছেন, এই পদ প্রক্রিপ্ত ना इहेगा यात्र ना। किन्न हेश्त्राकीएछ এकটा कथा चाहर, "Coming events cast their shadows before", ভান্টেয়ার ও রসো যে-সকল कथा विनेशाहितन, किছू भरत निर्णानिश्चन त्राष्ट्रेमकन कथात मुर्खकर्ण আবিভূত হইয়াছিলেন। কৰি ও জ্ঞাদের মনে ভবিষাৎ ঘটনার এইকপ প্রভিবিষ পড়িয়া থাকে, তাহা ছাড়া সেই ছুইটি পংক্তি বে নিশ্চিতস্পশে পৌরাল-আবির্ভাবের স্ট্রুক—তাহাই বা কিরপে বলা যায় ? রাধিকার বেশভ্যা দেখিয়া কবি বলিতেছেন, এ আবার কেমন বেশ, এ রূপ কোন্দ্র দেশে পাইলে ? তিনি হাসিয়া এই কথা জিজ্ঞাসা করিতেছেন। এই ভাবের ইন্ধিত পদটির পূর্ব একটি ছত্ত্রেও পাওয়া যাইতেছে—এ না কেশ কোন্দ্র দেশে ছিল ? অতিরিক্ত মাত্রায় বিজ্ঞানবিৎ পণ্ডিতগণের অন্ত্যান-শুলিকে আমরা অন্থ্যান বলিয়াই গ্রহণ করিব, সেগুলি সিন্ধান্ত নহে। রাধারুক্ত-লীলাপ্রসদে চঙীদাস এত কথা লিখিয়াছেন যে, ওপু এই ছুটি পদে নহে, অনেক স্থলে টানিয়া-বৃনিয়া অর্থ করিলে তাহা চৈতক্ত-আবির্ভাবের আভাস বলিয়া ধরা যাইতে পারে—ভাঁহার সেই সেই পদে চৈতক্তের পাদক্ষেপের নৃপুরধনি শোনা যায়, কেবল অন্থ্যান ও থামধেয়ালীর বলে এইসমন্ত পদ প্রক্রিপ্ত বলিয়া আমরা শীকার করিতে প্রস্তুত নহি।

> "অকখন বেয়াধি এ কহা নাছি বার, বে করে কান্দুর নাম তার ধরে পার । পারে ধরি কাঁদে সে চিকুর গড়ি বার, সোণার পুতলী বেন ধুলার দুটার।"

চৈতত্ত দেব বাহার মুখে ক্ল-নাম শুনিয়াছেন, শুঁহারই পাষে
বুটাইয়া পড়িয়াছেন; তাই বলিয়া এই শ্রুব-প্রকাদ-নার্দ-মাধ্বেক্স পুরীর
দেশে যে ক্ল্য-নামের এই মাহাত্ম্য সমন্তই চৈতত্তে আরোপ করিয়া কবির উক্তি প্রক্রিপ্ত বলিতে হইবে — বৈক্লানিকের এই বাড়াবাড়ি তো অসম্ভা

আই সাধিক বিকার সম্বন্ধে চৈতত্তের বহু পূর্বা হইতে এইদেশীর লোকের। অবাহত ছিলেন। কাহারও যদি কৃষ্ণ-নাম বলিতে রোমাঞ হয়, কিখা কেহ যদি নির্জ্জনে তমাল-ডরুকে আলিগন করে ("বিজনে আলিলই তরুপ তমাল") তবে দে-সকলই চৈতন্ত্র-প্রভাবাশ্বিত, স্বতরাং পূর্ববর্তী কবির পদে ঐক্নপ কিছু পাওয়া গেলে তাহা প্রক্ষিপ্ত—ইহা বলা সন্ধত হইবে না।

চণ্ডীদাস প্রেম সম্বন্ধে কয়েকটি সার কথা বলিয়াছেন ্তাহা অন্তর্জ স্থলভ নয়;

### 'দীরিভি করিয়ে ভাঙ্গরে যে সাধন সঙ্গ পার্না সে ।

পরস্পরের প্রতি গভীর অক্সায় প্রমাণিত হইলে দাস্পত্য বর্জননীতি সমর্থিত হয়। হিন্দুদিগের মধ্যে যদিও স্বামী স্ত্রীকে বর্জন করিতে পারেন কিছ স্ত্রী স্বামীকে বৰ্জন করিতে পারেন না। এই তালাকের ব্যবস্থা যে অক্সায় তাহা চণ্ডীদান বলেন নাই। একজনকে বৰ্জন করিয়া নৃতন একজনকে গ্রহণ করিয়া অনেক স্থলে লোকে স্থী হইয়া থাকে। চণ্ডীদাস তাহাও অস্বীকার করেন নাই। কিছু তিনি ৰলিয়াছেন, প্ৰেম-সাধনার পথে বৰ্জননীতি একবারেই অচল। বৰ্জন করিয়া অল্পত্ন গ্রহণপুর্বক কেহ স্থাী হইতে পারেন, কিন্তু তিনি যদি প্রেমের সাধনা করিতে চান—ভবে তাঁহার সম্ম বিফল হইবে। বর্জনের আইন সাংসারিকের পক্ষে, কিছু প্রেমের ক্ষেত্রে সিছিলাভ করিতে रहेरन ममल फू:थ-कहे माथाम नहेमा त्महे भाथ मृत थाकिए इहेरत। চল্লের জ্যোৎস্থা কটকের পথ দেখিয়া ফিরিয়া যায় না, সেই কউকের 'পরেই লুটাইয়া পড়ে; ফুলের গন্ধ বিষাক্ত স্থান দেখিয়া ফিরিয়া যায় না, তাহার প্রবাহ অব্যাহত থাকে। দানেই প্রেমের তুপ্তি: সে দান একেবারে নির্বিচার! দেখানে প্রেম পণ্যস্তব্য নহে, দেওয়ার মধ্যে ফিরিয়া পাইবার কোন সন্ধ নাই, সে কেবলই দেওয়া। যাহাকে

একবার ভালবাসিয়াছ—দে বেমনই হউক, তাহাকে চিরকাল ভালবাদিতে হইবে। হয়ত সংসারে এ-রকম নিন্ধাম প্রেমে অনেক সময়ে ঘৃঃথ পাইতে হয়, কিন্তু যিনি প্রেমের সাধন-অক থোঁজেন, প্রেম তো তাঁহার কাছে তপস্থা। সে তপস্থা ভাজিলে তাঁহার আর সাধনার প্রে বাধ্যা চলে না।

> 'চণ্ডিদাস কহে পীরিতি না কহে কথা পীরিতি লাগিয়া পরাণ তান্ধিলে পীরিতি মেলয়ে তথা'। (চ)

প্রেম ঘোষণা বা বক্তৃতা নহে। জগতের সমস্ত কষ্ট নীরবে সহ্ করিয়া প্রেমের জন্ম যে প্রাণত্যাগ করিতে পারে— সে-ই প্রকৃত প্রেমিক।

> 'ব্ৰহ্মাপ্ৰয়াপিয়া আছমে যে-জন কেহ না জানরে তারে, প্ৰেমের আরতি জেনেছে যে-জন সেই সে চিনিতে পারে।' (চ)

চঙীদাদের মতে ত্থ-ছৃ:থ, আশা-নিরাশার মধা দিয়া বে পার্থিব প্রেমের মর্ম ব্রিয়াছে, সেই মাত্র ভগবৎ প্রেম ব্রিয়ার অধিকারী—অক্ত পথে তাঁহাকে পাওয়া যায় না।

#### 'শুক কাষ্ঠসম দেহকে করিতে হর।' (চ)

দৈহিক ইন্দ্রিয়ের বিকার যতদিন থাকিবে, ততদিন প্রেমের আবাদ হর্লত। বহিরিন্দ্রিয়ের তথাকথিত রস ভকাইয়া গেলে, যথন দেহে সুখ-হংগ বোধ থাকিবে না, তথন প্রকৃত প্রেমের সন্ধান মিলিবে; তথন । নিছের দেহের হুথ-ছুংখ বোধ থাকিবে না,—প্রিয়জনের স্থাধেই সুখ, তাহার হুংথেই হুংখ। কবি অন্তত্ত্ব বলিয়াছেন—

'আমি নিজ সুথ ছুথ কিছু না জানি

সাধারণ প্রেমে করাক্লি গুণিয়া গুণিয়া যদি বা কিছু দেওয়া হয়—
তাহার বিনিময়ে প্রণয়ী কডটা পাইলেন সেই দিকে তাঁহার সতর্ক দৃষ্টি
থাকে, এক পাই কম হইলে অমনি প্রেমের পালা শেষ করিয়া ফেলেন।
এবছিধ প্রণয়ীর পক্ষে ছংখ-স্থ-বোধবিবর্জিত 'শুক্ষ কাষ্ট্রসূত্র দেহ'
সাধকের—প্রেমতন্ত্র বোঝা একেবারে অসম্ভব।

'গুনহ মাত্মৰ ভাই স্বার উপরে মাত্ম্ব সত্য তাহার উপরে নাই।' (চ)

এই পদটি সাধারণ পাঠকের। অনেক সময়েই উদ্ধৃত করেন, কিছ
আমার মনে হয়, তাঁহারা অনেক সময়েই সহজিয়া বৈঞ্চবেরা ইহার ষে
আর্থ ব্যেন তৎসহছে অজ্ঞ। 'মাহুফ' অর্থ এইথানে যে-দে নয়।
সহজিয়ারা মাহুষ অর্থে এইথানে গুরুকে বোঝেন। তাঁহারা কোন
দেবদেবী মানেন না। গুরুক বাকাই তাঁহাদের কাছে বেদ। ইহা
বৌদ্ধ ধর্ম্মের সহজ্ব-বাদের একটি স্থ্রে। নেপালে হিন্দুদিগকে 'দেভাজ্'
ও বৌদ্ধদিগকে 'গুভাজ্' বলে। 'দেভাজ্' অর্থ দেবতার ভল্পনারী
এবং 'গুভাজ্'র অর্থ গুরুর ভল্পনকারী।

'চণ্ডিদাস কছে হ'থ ছুথ ছুটি ভাই, হুখের লাগিরা বে করিবে আশ ছু:থ বাবে তার ঠাই।' (চ)

থাটি প্রেম হৃথ-ছংথের উদ্ধের আনন্দলোক। সাংসারিক হৃথ-ছংথ চুটি যমজ প্রাডা। যেখানে হৃথ আছে সেইথানেই ছংখ। এই দাবলীর মধ্যে উচ্চাব্দের সাধনা আছে, তাহা আমি বলিবার অধিকারী বহি; ডাহা শুনিবার অধিকারও সাধারণ প্রোভার নাই। সহজিয়া বৈক্ষৰসমাজে অনেক ব্যক্তিচার হইয়া থাকে, কিছ
ছ্'-একজন এরুপ ত্বন্ডর তপক্তাশীল সাধক আছেন—বাঁহার সংবাদ একেদ
ছাড়া অক্সত্র কোথাও পৌছায় নাই। যিনি মন্দ জিনিবটাই দেখিবেন
তাঁহার কোনও লাভই হইবে না; ভগবানের শ্রেষ্ঠদান এই ছটি চন্দ্
তাহা যেন খনির মধ্যে মণির সন্ধান করে; তথু লোহা খুঁজিয়া কোনও
লাভ নাই।

এই প্লাবলী—সাহিত্যের ক্ষুরণ হইয়াছে মহাপ্রকুর লীলায়। পৃথিবী এই বুলে রণছুপুভিনিনাদে বধির হইয়া আছে। কোন্ বুলে এই দিবাসদীত জগতের প্রতি কোণে ধ্বনিত হইয়া বর্গাজ্যের প্রতিষ্ঠ করিবে—তাহা জানি না। পৃথিবীর অক্স কোধাও শুধু এক মানব দেবতার রূপ ও গুণের আখাদ করিবার জক্ত এরুপ বিশাল রসসাহিত্ত —এরুপ অক্ষ মধুচক্র রচিত হয় নাই। বৈষ্ণবৃত্তবিগণের প্রত্যোক্তা মধ্যেই নানাধিক পরিমাণে চৈতজ্ঞের নামের ছাপ আছে। জন্মধে প্রথিওবাসী নরহরি সরকারের প্রতিটি পদেই গৌরাদের শীলমোহরাভিত বাহুদেব ঘোষও চৈতক্তকথা ছাড়া কোনও কবিতা লেখেন নাই এবা কৃষ্ণক্রন গোখামীর দিব্যোয়াদ (রাই উন্মাদিনী) চৈতক্তচরিভামুত্তে অভিত গৌরের ভাবাবিই মুর্জি একেবারে জীবস্ত করিয়া তুলিয়াছে সহস্র গলার সেইসব গান শুনিয়া অঞ্জলে ভাসিয়া গিয়াছে।

হে মহাভাগ, তুমি কে, কেন আদিয়াছিলে—জানি না। বোগীর যাহাকে কণমাত্র ধানে পাইয়া পুনরায় পাইবার জন্ত যুগ যুগ তপক্ত করেন, তুমি কি সেই তপক্তার ধন? সংসারে ত কেবল খ্রী-পুত্রের ভালবাসার জন্ত দিবারাত্র কাঁদিয়া থাকে, সন্ধ্যাসীরা তোমাকে পুঁজিয় বেড়ায়, সিঙ্গুক্রবেরা কতকগুলি আলোকিক শক্তি আজ্ঞান করে—কিছ তোমার মত কোন্ যুগে কোন্ দেশে ভগবানের জন্ত এমন করিয়

# शनावनी-माध्या

কাদিয়াছে ? নিজের মৃত্তিতে ভগবংমৃত্তি কে এমনভাবে অন্ধিত করিয়া দেখাইয়াছে এবং তোমার মত এরপ প্রভাক্ষ দর্শন পাইয়া কে উন্মত্ত হইয়াছে ? তোমার অঞ্চলাবিত চক্ষে বাঁহার প্রতিবিদ্ধ পদিয়াছিল— ভাঁহাকে তোমারই মধ্যে বাংলাদেশ একবারমাত্র দেখি ছিল— দেই রূপের ছায়া এখনও পদাবলীর অর্ণপটে লিখেত রহিয়া

मयाश





